বর্ষ [ভাদ্র, ১৩৩৬] পঞ্চম উপন্যাস

শ্রীদীনেন্দ্রকুমার রায়-সম্পাদিত

রহস্য-লহরী

উপন্যাস-মালার

১৪০ নং উপন্যাস

পেশাদারী প্রতিহিংসা

[প্রথম সংস্করণ]

২৮ নং শঙ্কর ঘোষ লেন, কলিকাতা
'রহস্য-লহরী' বৈদ্যুতিক মেসিন-প্রেসে
শ্রীদিব্যেন্দ্রকুমার রায় কর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত।

'রহস্য-লহরী' কার্য্যালয়—
মেহেরপুর, জেলা নদীয়া।

রাজ সংস্করণ পাঁচ সিকা,—সুলভ সাধারণ, বার আনা মাত্র

পেশাদারী প্রতিহিংসা

প্রথম ধাক্কা

ওয়াল্‌ডোর পথভ্রান্তি

কালের ভীম ওয়াল্‌ডো অনেক চিন্তার পর এক দিন অপরাহ্নে তাহার সুদৃঢ় ও বেগবান মোটর-সাইকেল চাপিয়া বায়ু সেবন করিতে চলিল। লণ্ডনের হাইড-পার্ক নামক উদ্যানের দক্ষিণাংশে নাইটস-ব্রীজ নামক পল্লী; সেই পল্লীর অভিমুখে সে সবেগে মোটর-সাইকেল চালাইতে লাগিল।

সে নাইটস-ব্রীজ পল্লীর সুবিখ্যাত বণিক, প্রাচীন যুগের দুর্লভ মনোহারী দ্রব্য-বিক্রেতা মিঃ অস্‌কার মেটল্যাণ্ডের সুবৃহৎ দোকানের কিছু দূরে থাকিতেই দেখিতে পাইল—সেই পথে অধিক জন-সমাগম নাই, পথ অপেক্ষাকৃত নির্জ্জন। সেই পথে তখন শকটাদিরও অভাব লক্ষিত হইল।

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "পথে তেমন জনতা নাই, গাড়ী চাপা দিয়া মানুষ মারিবার সম্ভাবনা অল্প; তথাপি একটু সতর্ক ভাবেই চলিতে হইবে। এই পথটুকু এরূপ বেগে সাইকেল চালাইব যে, কোনও সিনেমার ফিল্‌ম্‌ওয়ালা তাহা দেখিলে আমার ছবি তুলিয়া লইত; কিন্তু কোন দিকে কোন ফিল্‌ম্‌ওয়ালা নাই। —র পূর্ণ বেগে গাড়ী ছাড়ি। ঘণ্টায় সাঠ মাইল বেগ মন্দ হইবে না।"

ওয়াল্‌ডো বায়ুবেগে সেই পথে গাড়ী চালাইয়া দিল। যে দুই চারিজন পথিক সেই পথে চলিতেছিল—তাহারা সভয়ে তাড়াতাড়ি ফুটপাথে উঠিয়া বিস্ময়-বিস্ফারিত নেত্রে ওয়াল্‌ডোর দিকে চাহিয়া রহিল। কেহ কেহ অস্ফুট স্বরে বলিল, "লোকটা পাগল না কি; না, গাড়ীর বেগ থামাইতে পারিতেছে না? এখনই কোথাও ধাক্কা লাগিয়া মারা পড়িবে!"

একজন বলিল, "লোকটা ক্ষ্যাপাই বটে!" (He's mad!)

ওয়াল্‌ডো গাড়ীর সম্মুখে ঝুঁকিয়া-পড়িয়া, দাঁতের উপর দাঁত চাপিয়া ছুটিয়া চলিল; ইঞ্জিনের গর্জ্জন-ধ্বনিতে চতুর্দ্দিক প্রতিধ্বনিত হইতে লাগিল।

এই পথের ধারে মিঃ মেট্‌ল্যাণ্ডের দোকান। ওয়াল্‌ডো পূর্ব্বে দুই দিন সবেগে গাড়ী চালাইয়া মেট্‌ল্যাণ্ডের দোকান পর্য্যন্ত আসিয়াছিল; কিন্তু সেই দুই দিনই দোকানের সম্মুখস্থ কাচের বাতায়নের সম্মুখে দুই চারি জন লোক ছিল। জানালার অন্য ধারে যে সকল দুষ্প্রাপ্য মনোহারী পণ্যরাশি থরে থরে সজ্জিত ছিল, পথিকেরা পথের ধারে দাঁড়াইয়া একাগ্র চিত্তে তাহাই দেখিতেছিল; এই জন্যই ওয়াল্‌ডো দোকানের নিকট হইতে ফিরিয়া গিয়াছিল। কিন্তু সেদিন সে মেট্‌ল্যাণ্ডের দোকানের কাচের বাতায়নের সম্মুখে জনপ্রাণীকেও দেখিতে পাইল না। সম্মুখে কোন বাধা না দেখিয়া ওয়াল্‌ডো মোটর-সাইক্লসহ পূর্ণ-বেগে সেই জানালার উপর আসিয়া পড়িল। ঝন্‌-ঝন্‌-ঝনাৎ!—

প্রচণ্ড বেগে ধাবমান গাড়ীর মাথার ধাক্কা লাগিবামাত্র জানালার কাচ শত-খণ্ডে ভাঙ্গিয়া পড়িল। ওয়াল্‌ডো সেই ভাঙ্গা জানালার ভিতর দিয়া তাহার মোটর-বাইক সহ প্রচণ্ড বেগে দোকানে প্রবেশ করিল।

দোকানের ভিতর নানা প্রকার বহুমূল্য, প্রাচীন যুগের দুর্লভ মনোহারী দ্রব্য থরে থরে সজ্জিত ছিল। ওয়াল্‌ডোর গাড়ীর ধাক্কায় সেগুলির কতক ভাঙ্গিল, কতক বা চারি দিকে ছড়াইয়া পড়িল। ওয়াল্‌ডো যেন ঝোঁক সাম্‌লাইতে পারে নাই এই ভাবে কতকগুলি জিনিসের উপর ছিট্‌কাইয়া পড়িল, তাহার মোটর-সাইক্ল ঘুরিতে ঘুরিতে আর এক দিকের কতকগুলি মূল্যবান পণ্য দ্রব্যের উপর কাত হইয়া পড়িল।

ভাঙ্গা জানালা দিয়া দুই চারিজন কৌতূহলী পথিক দোকানে প্রবেশ করিল; চারি দিকে উত্তেজনার সাড়া পড়িয়া গেল। সকলে সভয়ে চাহিয়া দেখিল—ওয়াল্‌ডো মৃতবৎ স্তব্ধভাবে পড়িয়া আছে! তাহারা ভাবিল—পাগলটা গাড়ী হইতে ছিট্‌কাইয়া পড়িয়া মরিল না কি?

কিন্তু ওয়াল্‌ডো মরিল না, এমন কি, তাহার চেতনাও বিলুপ্ত হইল না!

সে চোখ বুঁজিয়া পড়িয়া-থাকিয়া বুঝিতে পারিল—কাচের আঘাতে তাহার কপাল ও হাতের দুই এক স্থান কাটিয়া গিয়াছে, এবং বাঁ-হাঁটু ছড়িয়া গিয়াছে; কিন্তু সে মূর্চ্ছিত হইয়াছে—দর্শকগণের মনে এই ধারণা উৎপাদনের জন্য হাত পা নাড়িল না। দেহের কোন অংশে আঘাত লাগিলে ওয়াল্‌ডো যাতনা বোধ করিত না; দেহ হইতে রক্তের স্রোত বহিলেও সে কাতর হইত না। কেহ তাহার দেহে ছুরি বিঁধাইয়া দিলে সে মুখ বিকৃত করিত না, একটু হাসিত মাত্র! জানি না এরূপ সহিষ্ণুতা রক্ত মাংসের দেহের পক্ষে স্বাভাবিক কি না; কিন্তু মিঃ ব্লেক স্বয়ং স্বীকার করিয়াছেন—তাহার দেহের পক্ষে ইহা স্বাভাবিক।

তথাপি ওয়াল্‌ডো কি উদ্দেশ্যে এইরূপ দুঃসাহসের কার্য্যে প্রবৃত্ত হইল? মিঃ মেট্‌ল্যাণ্ডকে এই ভাবে ক্ষতিগ্রস্ত করিবার কারণ কি? বাহ্য দৃষ্টিতে তাহার এই কার্য্য উন্মাদের কার্য্য বলিয়াই ধারণা হয়; কিন্তু সে আকস্মিক উন্মাদনায় উত্তেজনার বশীভূত হইয়া এই কার্য্য করে নাই। দুই দিন পূর্ব্বেই সে এজন্য প্রস্তুত হইয়াছিল; কিন্তু তাহার মোটর-সাইক্লের সম্মুখে পড়িয়া কেহ আহত হইতে পারে—এই আশঙ্কায় সে ইহাতে নিরস্ত ছিল। তাহার ভাগ্যে কি ঘটিবে তাহা সে পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিল। সে জানিত, যদি সে সেই পুরু কাচের চাদরের জানালায় সমান ভাবে আঘাত করিতে পারে তাহা হইলে জানালার কাচ সমানভাবে ভাঙ্গিয়া, সাইক্ল সহ দোকানের ভিতর প্রবেশ করিতে পারিবে। ইহাতে সে সামান্য আহত হইতে পারে—ইহা বুঝিলেও সেই আশঙ্কায় সে চঞ্চল বা নিরুৎসাহ হয় নাই।

ওয়াল্‌ডো একথাও জানিত যে, যে সকল শিল্পী চলচ্চিত্রের ফিল্‌ম্ প্রস্তুতে সাহায্য করে, তাহারা এই ভাবে প্রকাণ্ড প্রকাণ্ড কাচের চাদর ভেদ করিয়া (through great sheets of plate-glass) মোটর-সাইক্ল পরিচালিত করে; বাহাদুরী দেখাইবার উদ্দেশ্যেই তাহারা এই কার্য্য করিয়া থাকে। ওয়াল্‌ডোর সেরূপ বাহাদুরী প্রদর্শনের উদ্দেশ্য ছিল না; সে সম্পূর্ণ বিভিন্ন উদ্দেশ্যে এই কার্য্য করিয়াছিল। তাহার চেষ্টা সফল হইল দেখিয়া সে আনন্দিত হইল।

সে অধিক আহত না হইলেও তাহার ললাট বিদীর্ণ হইয়া শোণিতের স্রোত

রহিল। সে সেই দোকানের ভিতর তাহার মোটর-সাইক্ল হইতে নিক্ষিপ্ত হইয়া এক পাশে জড়ের মত পড়িয়া রহিল বটে, কিন্তু প্রকৃত পক্ষে তাহার অবস্থা সেইরূপ শোচনীয় হয় নাই; লোক দেখাইবার জন্যই সে ঐ ভাবে পড়িয়া রহিল। (a condition that was more assumed than real.)

সেই দোকানের একটি কেরাণী কিছু দূরে দাঁড়াইয়া ছিল; এই অদ্ভুত ব্যাপার দেখিয়া সে বিবর্ণ মুখে সভয়ে বলিল, "মিঃ মেট্‌ল্যাণ্ড, কি সর্ব্বনাশ হইয়াছে দেখুন।"

কিন্তু দোকানের মালিক অস্কার মেট্‌ল্যাণ্ডকে আহ্বান করিয়া এই অদ্ভুত কাণ্ড দেখাইবার প্রয়োজন ছিল না; কারণ মেট্‌ল্যাণ্ড তখন দোতালার সিঁড়ি দিয়া নামিতে নামিতে সিঁড়ির রেলিং ধরিয়া এই ব্যাপার দেখিতেছিল। লোকটি ঢাতলা, তাহার ঘাড় ঈষৎ বাঁকা, মুখ দাড়ি গোঁফ-বর্জ্জিত; তাহার নাসিকা দীর্ঘ, এবং নাসাগ্র বাজের চঞ্চুর মত ঈষৎ বক্র, যেন শিকার করা—অর্থাৎ মনুষ্য-শিকারই তাহার স্বাভাবিক কার্য্য! তাহার চক্ষু দুটি কোটরপ্রবিষ্ট, নিবিড় ভ্রূ দ্বারা তাহা আবৃতপ্রায়।

ওয়াল্‌ডো যে সময় মেট্‌ল্যাণ্ডের কাচের জানালা সশব্দে চূর্ণ করিয়া দোকানের ভিতর প্রবেশ করিয়াছিল, মেট্‌ল্যাণ্ড সেই সময় দোতালার গ্যালারী হইতে সিঁড়ি দিয়া নীচে নামিতেছিল। সে সেই ভীষণ দৃশ্য দেখিয়া স্তম্ভিত ভাবে দাঁড়াইয়া রহিল; তাহার বাহ্যজ্ঞান বিলুপ্ত হইল।

তাহার কেরাণী বিহ্বল স্বরে বলিল, "মিঃ মেট্‌ল্যাণ্ড, দোকানের ভিতর একটা ভীষণ দুর্ঘটনা ঘটিয়া গেল! একটা লোক মোটর বাইকের গুঁতায় আমাদের দোকানের জানালা ভাঙ্গিয়া গাড়ীসহ দোকানে ঢুকিয়াছে। বোধ হয় লোকটা মারা গেল!"

মিঃ মেট্‌ল্যাণ্ড বলিল, "আমার চোখ আছে হে বাপু! তোমার কি ধারণা—আমি কিছুই দেখিতে পাই না?"

মেট্‌ল্যাণ্ড অতি কষ্টে আত্মসংবরণ করিয়া সিঁড়ি হইতে ধীরে ধীরে নামিয়া আসিল। সেই সময় দুইজন পুলিশ কনষ্টেবল সেই ভাঙ্গা জানালার ভিতর দিয়া

দোকানে প্রবেশ করিল; একদল পথিকও সেই পথে দোকানে প্রবেশ করিতে উদ্যত হইয়াছে দেখিয়া তাহারা তাহাদিগকে দোকানে প্রবেশ করিতে নিষেধ করিল।

মেট্ল্যাণ্ড একজন কনষ্টেবলকে লক্ষ্য করিয়া বলিল, "কি ভয়ানক কাণ্ড! লোমহর্ষণ ব্যাপার! কিন্তু এই সর্ব্বনাশ কিরূপে ঘটিল? লোকটার কি অবস্থা হইয়াছে দেখিতেছ? নির্ব্বোধ গাধা, না পাগল? পাগল না হইলে কেহ এরকম কায করে? কাণ্ডজ্ঞানবর্জ্জিত উন্মাদ, উহার মরাই উচিত। হতভাগা আমার সর্ব্বনাশ করিয়া মরিয়া গেল!"—মেট্ল্যাণ্ড ক্রোধে কাঁপিতে লাগিল, নিদারুণ উত্তেজনায় তাহার কণ্ঠরোধ হইল; কিন্তু ওয়াল্ডোর অবস্থা দেখিয়া তাহার একটু ভয়ও হইল।

কনষ্টেবল মেট্ল্যাণ্ডের কথা শুনিয়া একটি কথাও বলিল না; কেবল তীব্র দৃষ্টিতে তাহার মুখের দিকে চাহিল। তাহার পর বিক্ষিপ্ত পণ্যদ্রব্যগুলি সরাইয়া-ফেলিয়া ধীরে ধীরে ওয়াল্ডোর প্রসারিত দেহের নিকট উপস্থিত হইল।

কনষ্টেবলকে মূল্যবান ও দুর্ল্লভ পণ্যদ্রব্যগুলির ভিতর দিয়া ওয়াল্ডোর নিকট অগ্রসর হইতে দেখিয়া মেট্ল্যাণ্ড সরোষে বলিল, "তুমি ও করিতেছ কি? বোকার ধাড়ী! আমার জিনিসপত্রগুলা কি পায়ের ধাক্কায় ভাঙ্গিয়া ফেলিবে? তুমি কি সতর্ক ভাবে—"

কনষ্টেবল মেট্ল্যাণ্ডের কথায় বাধা দিয়া বলিল, "থামুন মশায়!—এই বেচারার সাংঘাতিক অবস্থা; এ সময় সতর্কভাবে আমার পা চালাইবার ফুরসৎ কোথায়? আপনার দোকানের এই সকল জিনিস অপেক্ষা উহার জীবন অধিক মূল্যবান মনে করি।"

কনষ্টেবল দ্বিতীয় পুলিশম্যানকে আহ্বান করিয়া বলিল, "এদিকে এস ভাই, আমাকে একটু সাহায্য কর।"

দ্বিতীয় পুলিশম্যান বলিল, "তোমাকে সাহায্য করিতে আমার আপত্তি নাই; কিন্তু এ কাণ্ড কিরূপে ঘটিল?"

প্রথম কনষ্টেবল, বলিল, "কিরূপে ঘটিল—তাহা শুনিয়া কি লাভ? লোকটাকে

অবিলম্বে হাসপাতালে পাঠাইতে হইবে; এজন্য পাঁচ মিনিটের মধ্যে হাসপাতালের গাড়ী আনাইবার ব্যবস্থা করা চাই। তবে আমার বিশ্বাস, উহাকে এখন হাসপাতালে পাঠাইয়া বিশেষ কোন লাভ হইবে না; বেচারা মরিয়া না থাকিলেও হাসপাতালের পথেই মারা যাইবে।"

কন্‌ষ্টেবল ওয়াল্‌ডোর মাথার কাছে ঝুঁকিয়া-পড়িয়া তাহার মাথাটা সতর্কভাবে ও অতি ধীরে উঁচু করিয়া তুলিল, এবং গভীর সহানুভূতি ভরে তাহার মুখের দিকে চাহিল। তাহার এই প্রকার সদাশয়তার পরিচয় পাইয়া ওয়াল্‌ডো আনন্দিত হইল।

কন্‌ষ্টেবল ওয়াল্‌ডোর ক্ষতস্থান পরীক্ষা করিয়া, তাহার নাকে ও বুকে হাত দিল; তাহার পর অস্ফুট স্বরে বলিল, "হুম্! যে রকম দেখাইতেছে, তত খারাপ নয়; (not so bad as he looks.) বুকের স্পন্দন আছে; নিশ্বাসও স্বাভাবিক ভাবেই পড়িতেছে। তবে কপালে যে আঘাত পাইয়াছে—তাহাতে মস্তিষ্কে ঝাঁকুনি লাগিয়াছে কি না বুঝিতে পারিতেছি না! ভিতরে হয় ত ভাঙ্গিয়া-চুরিয়া গিয়াছে। (he's probably smashed up inside.) আহা বেচারা! গাড়ীর বেগ সামলাইতে না পারাতেই উহার এই দুর্দ্দশা!"

মেট্‌ল্যাণ্ড ওয়াল্‌ডোর নিকটে আসিয়া কন্‌ষ্টেবলকে ব্যগ্রভাবে বলিল, "উহাকে শীঘ্র এখান হইতে লইয়া যাও; তফাৎ কর, তফাৎ কর। দেখ দেখি আমার কি সর্ব্বনাশ করিয়াছে! ঐ গালিচাখানি আমি হাজার হাজার পাউণ্ডে কিনিয়াছি; হজরত মহম্মদ উহাতে বসিয়া উপাসনা করিতেন। এই বহুমূল্য পবিত্র গালিচা উহার রক্তে কলঙ্কিত হইয়াছে। হাঁ, গালিচাখানি নষ্ট হইয়া গিয়াছে। আর ঐ চেয়ারখানি—উহাতে বসিয়া লর্ড বায়রণ কবিতা লিখিতেন; উহাও মহামূল্য সম্পত্তি। চেয়ারখানা উল্টাইয়া পড়িয়া উহার একটি পায়া খসিয়া গিয়াছে! আমার সর্ব্বনাশ হইয়াছে! এ পাপ শীঘ্র এখান হইতে বিদায় কর।"

কন্‌ষ্টেবল বলিল, "আপনি তাড়াতাড়ি করিলে কি হইবে? এম্বুলেন্স আসিলেই ইহাকে হাসপাতালে পাঠাইব; তাহার পূর্ব্বে ইহাকে সরাইবার উপায় নাই। আপনি কিঞ্চিৎ জল আনাইয়া দিয়া ইহার উপকার করুন।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "কিন্তু আমার এই সকল মহামূল্য প্রাচীন জিনিসের দফা রফা—"

কনষ্টেবল বাধা দিয়া বলিল, "চুলোয় যাক্ আপনার জিনিস!—এদিকে একটা লোক জখম হইয়া মারা পড়ে—তাহা আপনি দেখিয়াও দেখিতেছেন না? ঐ জিনিসগুলার উপরেই আপনার বেশী দরদ! খুব ত ব্যবসাদারী বুদ্ধি! এই বিপন্ন হতভাগ্যকে একটু সাহায্য করিবার চেষ্টা পর্য্যন্ত নাই! অথচ আপনার এরূপ ব্যস্ত হইবার কারণ কি, তাহা বুঝিতে পারিতেছি না। আপনি ত দোকানের সকল জিনিসই ইন্‌সিয়োর করিয়া রাখিয়াছেন। কেমন, এ কথা কি সত্য নয়?"

মেট্‌ল্যাণ্ড কোন কথা না বলিয়া দুই হাতে বুক চাপিয়া ধরিয়া দাঁড়াইয়া রহিল। তাহার মুখ বিবর্ণ। এই ধাক্কা সামলাইয়া উঠা তাহার পক্ষে কঠিন হইল। ক্ষতির পরিমাণ চিন্তা করিয়া ক্ষোভে দুঃখে সে কাঁদিয়া ফেলিল।

দোকানের বাহিরে ক্রমশঃ জনতা বর্দ্ধিত হইতে লাগিল। প্রকৃত ব্যাপার কি, তাহা জানিবার জন্য সকলেই ব্যগ্রভাবে দোকানে প্রবেশের চেষ্টা করিল, এবং কনষ্টেবলের বাধা পাইয়া সোরগোল আরম্ভ করিল। ইতিমধ্যে হাসপাতালের গাড়ী আসিয়া দোকানের সম্মুখে দাঁড়াইল। তাহার ভিতর হইতে হাসপাতালের দুই জন আর্দ্দালী দোলা লইয়া দোকানে প্রবেশ করিল, এবং ওয়াল্‌ডোকে সেই দোলায় শয়ন করাইয়া সাবধানতার সহিত ধীরে ধীরে গাড়ীতে তুলিয়া লইল।

গাড়ী হাসপাতাল অভিমুখে ধাবিত হইল। যাহা যাহা ঘটিল, তাহা সমস্তই ওয়াল্‌ডো বুঝিতে পারিল। সে মূর্চ্ছিত ভাবে পড়িয়া থাকিয়া অত্যন্ত আমোদ অনুভব করিল। মিঃ মেট্‌ল্যাণ্ড এই ক্ষতিতে কিরূপ বিচলিত হইবে—তাহাই সে পরীক্ষা করিতে আসিয়াছিল। ধাক্কার ফল সন্তোষজনক বলিয়াই তাহার ধারণা হইল।

ওয়াল্‌ডো কতকটা নিশ্চিন্ত হইয়া মনে মনে বলিল, "আমি যেরূপ আশা

করিয়াছিলাম, তাহাই ঘটিয়াছে। মেট্‌ল্যাণ্ডকে জব্দ করিবার জন্ত কোন কঠোর ব্যবস্থার প্রয়োজন হইবে না। যদি আমি তাহাকে কোনও কৌশলে সাতটি বৎসরের জন্ত জেলে পাঠাইতে পারি, তাহা হইলে সে সেই ধাক্কা সাম্‌লাইয়া জীবিত অবস্থায় জেলখানা হইতে মুক্তিলাভ করিবে, তাহার সম্ভাবনা নাই। শীঘ্রই তাহাকে জেলে পাঠাইবার একটা অব্যর্থ উপায় আবিষ্কার করিতে হইবে। হাঁ, এবার তাহাকে সাতটি বৎসর জেলে পাঠাইব; তাহার হাড় কখানা জেলখানার গোরেই মাটী হইবে।"

দ্বিতীয় ধাক্কা

মিঃ ব্লেকের ধারণা

নাইট্‌স্‌-ব্রীজ পল্লীতে পূর্ব্বোক্ত দুর্ঘটনা সংঘটিত হইবার কয়েক ঘণ্টা পরে মিঃ ব্লেকের সুযোগ্য সহকারী স্মিথ সান্ধ্যভ্রমণ শেষ করিয়া বাড়ী ফিরিল। সে দোতালায় উঠিয়া মিঃ ব্লেকের উপবেশন-কক্ষে প্রবেশ করিল; কিন্তু মিঃ ব্লেককে সেখানে দেখিতে পাইল না। তখন সে মিঃ ব্লেকের লেবরেটরীতে প্রবেশ করিয়া দেখিল, মিঃ ব্লেক দুইটি কাচের নলে দুই প্রকার তরল পদার্থ ঢালিয়া রাসায়নিক পরীক্ষায় রত আছেন।

স্মিথ তাঁহাকে ব্যস্ত দেখিয়া কোন কথা বলিতে সাহস করিল না; সে একখানি চেয়ারে বসিয়া সুযোগের প্রতীক্ষা করিতে লাগিল। কয়েক মিনিট পরে মিঃ ব্লেক পরীক্ষা শেষ করিয়া স্মিথের মুখের দিকে দৃষ্টিপাত করিলেন, এবং মৃদুস্বরে বলিলেন, "খবর কি স্মিথ?"

স্মিথ বলিল, "আজ সন্ধ্যার কাগজ দেখিয়াছেন কর্ত্তা?"

মিঃ ব্লেক বলিলেন, "না স্মিথ আজ আমি সান্ধ্য কাগজ দেখিবার অবসর পাই নাই, আর তাহা দেখিবার জন্য আমার আগ্রহও হয় নাই। আজ সন্ধ্যার কাগজে পড়িবার মত কিছু আছে না কি?"

স্মিথ বলিল, "হাঁ কর্ত্তা, মেট্‌ল্যাণ্ড সম্বন্ধে একটি অদ্ভুত 'প্যারা' বাহির হইয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "মেট্‌ল্যাণ্ড? তুমি কি অস্‌কার মেট্‌ল্যাণ্ডের কথা বলিতেছ?"

স্মিথ বলিল, "হাঁ কর্ত্তা, অস্‌কার মেট্‌ল্যাণ্ডই বটে।"

মিঃ ব্লেক বলিলেন, "তাহার কি খবর বাহির হইল? তুমি কি বলিতে চাও· সে কোন ব'সের চাকার নীচে পড়িয়া পঞ্চত্ব লাভ করিয়াছে, না—সিঁড়ি হইতে

পড়িয়া তাহার ঘাড়ের হাড় ভাঙ্গিয়াছে ? মেট্‌ল্যাণ্ডের মত পাজী লোকগুলাকে ত এ ভাবে মরিতে দেখা যায় না। তাহারা ভদ্রলোকের সর্ব্বনাশ করিবার জন্য দীর্ঘকাল বাঁচিয়া থাকে, এবং যমও বোধ হয় তাহাদিগকে ভয় করে !”

স্মিথ গম্ভীর ভাবে বলিল, “হাঁ কর্ত্তা, যাহারা ভাল, তাহারাই আগে চলিয়া যায় ! (it's the good ones who go.) দুঃখের বিষয়, পৃথিবীর নোংরা কুকুরগুলা (world's dirty dogs) নানা অপকর্ম্ম করিয়াও ফাঁকি দিয়া বাঁচিয়া যায়। এ কথা কি সত্য নয় কর্ত্তা !”

মিঃ ব্লেক বলিলেন, “হাঁ, কিছু কালের জন্য ফাঁকি দিতে পারে বটে ; কিন্তু তাহাদের ফাঁকিবাজি দীর্ঘকাল চলে না ! এক দিন তাহাদিগকে পাপের ফল ভোগ করিতেই হয় ; ইহা পরমেশ্বরের অব্যর্থ বিধান। কিন্তু তুমি মেট্‌ল্যাণ্ডের কথা কি বলিতেছিলে ?”

স্মিথ বলিল, “আমি অধিক কিছু জানিতে পারি নাই। একটা বোকা কি ক্ষ্যাপা আজ বৈকালে মোটর-বাইকে চাপিয়া তাহার দোকানের কাচের জানালা ভাঙ্গিয়া সবেগে ঘরের ভিতর প্রবেশ করিয়াছিল ; হাঁ, বাইক সমেত কর্ত্তা ! মেট্‌ল্যাণ্ডের দোকানের অনেক দুর্ল ভ মূল্যবান জিনিস ভাঙ্গিয়া তছ্-নছ্ করিয়া ফেলিয়াছে ! পুলিশ পাগলাটাকে এম্বুলেন্সে তুলিয়া হাসপাতালে লইয়া গিয়াছিল ; কিন্তু গাড়ীখান হাসপাতালে উপস্থিত হইলে পাগলটিকে আর সেই গাড়ীতে পাওয়া গেল না ; সে একদম্ ফেরার !”

মিঃ ব্লেক বলিলেন, “কে একদম্ ফেরার ? সেই মোটর-সাইক্লের আহত আরোহীটা ?”

স্মিথ বলিল, “হাঁ কর্ত্তা, সে বেমালুম সরিয়া পড়িয়াছিল ! এই জন্যই ত সংবাদটা পড়িয়া আমি অবাক্ হইয়া গিয়াছি। লোকটার মাথা ফাটিয়া গিয়াছিল, নড়িবার শক্তি ছিল না, চেতনা পর্য্যন্ত বিলুপ্ত ; সকলেই ভাবিয়াছিল—হাসপাতালে পৌঁছিবার পূর্ব্বেই তাহার মৃত্যু হইবে ; কিন্তু হাসপাতালে পৌঁছিবার পূর্ব্বেই সে সশরীরে সরিয়া পড়িল ! আপনার নিশ্চয়ই স্মরণ আছে কর্ত্তা ! সেবার এরোপ্লেন হইতে আর একটা পাগল একজন আরোহীর পঞ্চাশ হাজার পাউণ্ডের

হীরা কাড়িয়া লইয়া, নীচে লাফাইয়া পড়িয়া অদৃশ্য হইয়াছিল। শেষে আমরা জানিতে পারিলাম সে পাগলও নহে, নির্ব্বোধও নহে; সে অদ্ভুতকর্ম্মা ওয়াল্‌ডো! এই ব্যাপারটাও সেই রকম অদ্ভুত। এ ওয়াল্‌ডোর মত লোকেরই কায!"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, এ ওয়াল্‌ডোরই কায।"

স্মিথ সবিস্ময়ে বলিল, "আপনি বলেন কি কর্ত্তা! সে লোকটা ওয়াল্‌ডো?"

মিঃ ব্লেক দৃঢ়স্বরে বলিলেন, "হাঁ, সে ওয়াল্‌ডো ভিন্ন অন্য কেহ নহে।—সে নিশ্চয়ই ওয়াল্‌ডো।"

স্মিথ বিহ্বল দৃষ্টিতে মিঃ ব্লেকের মুখের দিকে চাহিয়া বলিল, "নিশ্চয়ই কেন বলিতেছেন কর্ত্তা?"

মিঃ ব্লেক বলিলেন, "কারণ ঐরূপ কার্য্য এবং আহত অবস্থায় ঐ ভাবে পলায়ন ওয়াল্‌ডো ভিন্ন অন্যের অসাধ্য। বিশেষতঃ, আমার বিশ্বাস ছিল—শীঘ্রই তাহাকে কোন অসাধারণ কার্য্যে হস্তক্ষেপণ করিতে দেখিব। ওয়াল্‌ডো সরে জেলার ষ্টোক্ পুড্‌নীর অদূরে যে প্রাচীর-বেষ্টিত স্থানে প্যারাচুট-সাহায্যে এরোপ্লেন হইতে নামিয়াছিল সেই আরণ্য-নিবাসের মালিক সার রড্‌নে ড্রমণ্ডের সঙ্গে তাহার কোন রকম চুক্তি হইয়াছিল—এ বিষয়ে আমি নিঃসন্দেহ। সেই সময় আমি বুঝিয়াছিলাম—ওয়াল্‌ডো শীঘ্রই কার্য্যক্ষেত্রে অবতরণ করিবে।"

স্মিথ বলিল, "আপনার অনুমান বোধ হয় সত্য।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, সম্পূর্ণ সত্য।—দেখি তোমার কাগজ, উহাতে কি লিখিয়াছে আগে তাহাই পড়িয়া দেখি।"

মিঃ ব্লেক কাগজখানি হাতে লইয়া নির্দ্দিষ্ট অংশটি পাঠ করিলেন; তাহার পর মুখ তুলিয়া স্মিথকে বলিলেন, "ওয়াল্‌ডো ভিন্ন অন্য কোন লোক এরূপ অসমসাহসের কায করিতে পারিত না। সে মোটর-সাইক্ল চালাইয়া জানালার কাচ ভাঙ্গিয়া অনায়াসে দোকানে প্রবেশ করিল, বিপদের আশঙ্কায় বিচলিত হইল না। সে গাড়ী হইতে ছিটকাইয়া মৃতবৎ পড়িয়া রহিল, তাহার কপাল কাটিয়া রক্তের স্রোত বহিল; সকলেই ভাবিল—তাহার আসন্ন কাল উপস্থিত! তাহাকে এম্বুলেন্সে তুলিয়া হাসপাতালে লইয়া যাওয়া হইল। এম্বুলেন্স হাসপাতালে

উপস্থিত হইলে দেখা গেল—সে এম্বুলেন্স হইতে অদৃশ্য হইয়াছে! সে নিশ্চয়ই এম্বুলেন্স হইতে পলায়ন করিয়াছিল। ইহার কারণ—তখন তাহার কায শেষ হইয়াছিল; সেই কাযটি ঐ ভাবে মেট্‌ল্যাণ্ডের দোকানে প্রবেশ! সে কি উদ্দেশ্যে ঐ ভাবে মেট্‌ল্যাণ্ডের দোকানে প্রবেশ করিয়াছিল বলিতে পার?"

স্মিথ বলিল, "আপনার স্থির বিশ্বাস—ওয়াল্‌ডোই সেই লোক?"

মিঃ ব্লেক বলিলেন, "কায দেখিয়া লোকের পরিচয় পাওয়া যায়; ওয়াল্‌ডোর কাযই তাহাকে চিনাইয়া দিয়াছে।"

স্মিথ বলিল, "কিন্তু ইহা আপনার অনুমান মাত্র। আপনি অনুমানকে ধ্রুব সত্য বলিয়া স্বীকার করিতে কত দিন আমাকে নিষেধ করিয়াছিলেন কর্ত্তা! এখন আপনি নিজেই অনুমানকে ধ্রুব সত্য বলিয়া গ্রহণ করিতেছেন!"

মিঃ ব্লেক বলিলেন, "সকল অনুমান সত্য নহে; কিন্তু কার্য্যফল দেখিয়া আমরা যাহা অনুমান করি—তাহা সত্য বলিয়া গ্রহণ করিলে ঠকিতে হয় না। জুলিয়স্‌ গোল্ডবার্গের হীরাগুলির অনুসন্ধানে প্রবৃত্ত হইয়া আমরা কি জানিতে পারিয়াছিলাম—তাহা ভাবিয়া দেখিলেই আমার কথা বুঝিতে পারিবে। আমরা জানিতে পারিয়াছিলাম হীরাগুলি ওয়াল্‌ডোই আত্মসাৎ করিয়াছিল। পরে আমরা ওয়াল্‌ডোর অনুসরণ করিয়া জানিতে পারি—সে সার রড্‌নে ড্রমণ্ডের আরণ্য-নিবাসে আশ্রয় গ্রহণ করিয়াছিল।"

স্মিথ বলিল, "আরণ্য-নিবাস না বলিয়া দুর্গ বলুন কর্ত্তা! কি ভয়ানক উচ্চ প্রাচীর, তাহার উপর ইস্পাতের ফলা-বসানো! ভিতরে বুনো শিয়ালের পাল দাঁত বাহির করিয়া পাহারা দিতেছে!"

মিঃ ব্লেক বলিলেন, "সার রড্‌নের আরণ্য-নিবাস কি কারণে ঐরূপ দুর্লঙ্ঘ্য প্রাচীর-বেষ্টিত, তাহাও আমাদের অজ্ঞাত নহে। যদিও আমরা বিশ্বাস করিতে পারি নাই, তথাপি আমরা সিদ্ধান্ত করিয়াছিলাম—ওয়াল্‌ডো সার ড্রমণ্ডের সহিত কোনও একটা সর্ত্তে আবদ্ধ হইয়াছিল। সেই সর্ত্ত অনুসারে সে পুলিশের হাতে ধরা দিতে রাজী হইয়াছিল; কারণ সে বুঝিয়াছিল—সে ধরা দিলে পুলিস সার রডনের সহিত তাহার আনুগত্য অবিশ্বাস করিবে। সার রড্‌নের সহিত

তাহার কোন গুপ্ত পরামর্শ হইয়াছে ইহাও কেহ বিশ্বাস করিবে না। ওয়াল্‌ডো পুলিশের হাতে ধরা পড়িলেও পুলিশ তাহাকে থানা পর্য্যন্ত লইয়া যাইতে পারে নাই; পথিমধ্যেই সে হাতকড়ি ভাঙ্গিয়া পুলিশের চলন্ত মোটর-কার হইতে পলায়ন করিয়াছিল। সেই সময়েই আমরা বুঝিতে পারিয়াছিলাম—ওয়াল্‌ডোর ব্যবহার সরল নহে, সে কোন দুরভিসন্ধিতেই ঐ সকল কাজ করিয়াছিল।"

স্মিথ বলিল, "হাঁ, সেই জন্যই আপনি সার রড্‌নের অতীত জীবনের বিবরণ জানিবার চেষ্টা করিয়াছিলেন। আমরা অনুসন্ধানে জানিতে পারি—সার রড্‌নে পারস্য দেশে তেলের কারবার আরম্ভ করিবার প্রায় কুড়ি বৎসর পরে বৈষয়িক কার্য্য হইতে অবসর গ্রহণ করেন; কিন্তু সাইমন কার্ল, হুবার্ট রোরকি, ও অস্‌কার মেট্‌ল্যাণ্ড নামক তিন জন নর-প্রেত ক্রমাগত দশ বৎসর কাল তাঁহার কলঙ্ক-প্রচারের ভয় দেখাইয়া জোঁকের মত তাঁহাকে শোষণ করিয়াছিল। তাহারা তাঁহাকে উৎপীড়িত করিয়া তাঁহার সম্পত্তির প্রায় অর্দ্ধাংশ আত্মসাৎ করিয়াছিল! তাহাদের পীড়ন অসহ্য হওয়ায়, তিনি পুলিশের সাহায্যে সেই তিন নর-পিশাচকে তিন বৎসরের জন্য কারাগারে পাঠাইয়াছিলেন। আমার মনে হয়—সেই অপরাধে তাহাদের যাবজ্জীবন কারাবাসের আদেশ হইলেই সঙ্গত হইত। তিন বৎসরের কারাদণ্ডাজ্ঞা অত্যন্ত লঘু দণ্ড হইয়াছিল।"

মিঃ ব্লেক বলিলেন, "দেখ স্মিথ, যাহারা ভদ্রলোকের কলঙ্ক-প্রচারের ভয় দেখাইয়া উৎকোচ আদায় করে, তাহাদের মত নর-পিশাচ মনুষ্যসমাজে বিরল; তাহাদের অপরাধের সহিত অন্য কোন অপরাধের তুলনা হইতে পারে না। ইহারা মনুষ্য-সমাজের কলঙ্ক, পৃথিবীর ভারস্বরূপ। এরূপ জঘন্যচরিত্র দুর্জ্জন সমাজে বাস করিবার অযোগ্য।—এই তিন জন লোক তিন বৎসর সশ্রম কারাদণ্ডাজ্ঞা শুনিয়া প্রতিজ্ঞা করিয়াছিল তাহারা কারাগার হইতে মুক্তিলাভ করিয়া সার রড্‌নেকে হত্যা করিবে।"

স্মিথ বলিল, "কারাগার হইতে মুক্তিলাভ করিয়া তাহারা সার রড্‌নের জীবন বিপন্ন করিতে না পারে এই উদ্দেশ্যে তিনি ঐ দুর্ভেদ্য প্রাচীর নির্ম্মাণ করাইয়া, সেই বিজন অরণ্যে একাকী বাস করিতেছেন! প্রাণভয়ে তাঁহাকে বাড়ীঘর, সমাজ,

আত্মীয় স্বজন, আমোদ-প্রমোদ সকলই ত্যাগ করিতে হইয়াছে। এ সকল কথা বেশ বুঝিতে পারিয়াছি ; কিন্তু এই ব্যাপারের সঙ্গে ওয়াল্ডো কি ভাবে বিজড়িত তাহা বুঝিতে পারি নাই।”

মিঃ ব্লেক বলিলেন, “ওয়াল্ডো তাঁহার আরণ্য-নিবাসে উপস্থিত হইয়া নিজের পরিচয় দিলে, সার রড্‌নে তাহার অসাধারণ শক্তি ও সাহসের বিবরণ শুনিয়া মুগ্ধ হইয়াছিলেন। তিনি ওয়াল্ডোর সাহায্যপ্রার্থী হইলে, আমার বিশ্বাস—ওয়াল্ডো তাঁহাকে শত্রুকবল হইতে রক্ষা করিবার ভার গ্রহণ করিয়াছিল। তাঁহার শত্রুদের নির্ম্মূল করিবে বলিয়া সম্ভবতঃ তাঁহাকে আশ্বস্ত করিয়াছিল। ইহা ভিন্ন সার রড্‌নের সহিত ওয়াল্ডোর আর কি চুক্তি হইতে পারে? সার রড্‌নেকে অভয় দান করিতে হইলে, ওয়াল্ডো তাঁহাকে ইহা ভিন্ন আর কোন্ কথা বলিতে পারিত? আমি মনে মনে সকল কথার আলোচনা করিয়া এই রূপই সিদ্ধান্ত করিয়াছি স্মিথ! আমার এই সিদ্ধান্ত অযৌক্তিক নহে; এবং মোটর-সাইক্লের আরোহীর পলায়ন-সংবাদ শুনিয়া—এই সিদ্ধান্ত যে সম্পূর্ণ সত্য, এই ধারণা আমার মনে বদ্ধমূল হইয়াছে।”

স্মিথ ধীরে ধীরে মাথা চুল্‌কাইয়া বলিল, “তাহা হইলে আপনার বিশ্বাস—ওয়াল্ডো সার রড্‌নের নিকট যে প্রতিজ্ঞা করিয়াছে তাহা পালন করিবার সূচনাস্বরূপ সে ঐ ভাবে মেট্‌ল্যাণ্ডের দোকানে প্রবেশ করিয়াছিল?—এই বার সে কার্য্যক্ষেত্রে অবতরণ করিল?”

মিঃ ব্লেক বলিলেন, “হাঁ, এইরূপই আমার বিশ্বাস।”

স্মিথ বলিল, “কিন্তু শত্রুদমনের জন্য ওয়াল্ডো যদি এই পন্থা অবলম্বন করিয়া থাকে তাহা হইলে ইহাতে তাহার নির্ব্বুদ্ধিতাই প্রকাশ পাইতেছে কর্ত্তা! সে মেট্‌ল্যাণ্ডের দোকানের সোজা পথ ছাড়িয়া, কাচের জানালা ভাঙ্গিয়া দোকানে প্রবেশ করিল! তাহার এই কার্য্যে মেট্‌ল্যাণ্ড কিঞ্চিৎ ক্ষতিগ্রস্ত হইয়াছে স্বীকার করি; কিন্তু সে ত দোকানের দরজা দিয়াই দোকানের ভিতর প্রবেশ করিতে পারিত। তাহার ও ভাবে আহত হইবার কি প্রয়োজন ছিল? আঘাতটা গুরুতর হইলে তাহার জীবনেরও আশঙ্কা ছিল।—ইহা বোকামী ভিন্ন আর কি?”

মিঃ ব্লেক বলিলেন, "ওয়াল্‌ডো কি উদ্দেশ্যে কখন কোন্ কাজ করে তাহা বুঝিতে পারা কঠিন, কিন্তু তাহাকে বোকা মনে করিয়া নিজের বুদ্ধির তারিফ করা অত্যন্ত সহজ; সত্যই ওয়াল্‌ডো নির্ব্বোধ নহে, পাগলও নহে। ঐরূপ আঘাতে সে মরিবে না—ইহা কি সে জানিত না? ওয়াল্‌ডোর মত অদ্ভুত প্রকৃতির লোক আমি আর একটিও দেখি নাই, এবং সে কোন্ কার্য্য কি উদ্দেশ্যে করে—তাহাও এ পর্য্যন্ত বুঝিয়া উঠিতে পারিলাম না! তবে সে যে অস্‌কার মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করিয়াছে—এ বিষয়ে আমার বিন্দুমাত্র সন্দেহ নাই।"

স্মিথ বলিল, "তাহার এই কার্য্যে আমাদিগকে বাধা দিতে হইবে ত? কখন আমরা তাহার বিরুদ্ধে দাঁড়াইব কর্ত্তা?"

মিঃ ব্লেক বলিলেন, "আমরা তাহার কাযে বাধা দিব না, তাহার বিরুদ্ধেও দাঁড়াইব না। আমাদের এই অনধিকারচর্চ্চার কি কোন প্রয়োজন আছে স্মিথ! লণ্ডনের তিনটি রক্ত-শোষী দানবের দমনের ব্যবস্থা হইয়াছে বুঝিয়া আমার মনে একটু আনন্দ হইয়াছে—এ কথা আমি অস্বীকার করিব না।"

স্মিথ বলিল, "ওয়াল্‌ডো এবার আইনের পক্ষ-সমর্থনে উদ্যত হইয়াছে; ইহা তাহার পক্ষে নূতন বটে!"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার অনুমান সত্য নহে। ওয়াল্‌ডো যে কার্য্যে ব্রতী হইয়াছে তাহা আইনের অনুকূল নহে, এবং তাহার শত্রুদমনের পন্থাটিও তাহার পক্ষে নূতন নহে। সে মিঃ রোসেনের হীরাগুলি উদ্ধারের জন্য যে ভাবে ক্রাস্‌কির পক্ষ সমর্থন করিয়াছিল, তাহা কি বৈধ হইয়াছিল? না, বৈরনির্য্যাতনের সেই কৌশল তাহার পক্ষে নূতন? ওয়াল্‌ডোর সকল কার্য্যেই ঐ প্রকার অদ্ভুত খেয়ালের পরিচয় পাইবে; উহাই তাহার চরিত্রগত বিশেষত্ব। তাহার জীবন-যাত্রার প্রণালীতে অসাধুতারই পরিচয় পাওয়া যায়; কিন্তু অনেক বিষয়েই তাহার স্বভাবে শিশুর ন্যায় সরলতার পরিচয় পাইয়া মুগ্ধ হইতে হয়। ওয়াল্‌ডো আমাকে যাহা বলিবে—তাহা আমি সম্পূর্ণ সত্য বলিয়া বিশ্বাস করিব। নানা কারণে আমি তাহাকে স্নেহ করি। অনেক বিষয়ে সে আমার শ্রদ্ধার পাত্র; তবে তাহার জীবন-যাপনের প্রণালীটা আমার নিকট অত্যন্ত আপত্তিজনক। তাহার

এই প্রকার ব্যবহারের জন্তই আমি আন্তরিক দুঃখিত। যদি সে সংসারী হইয়া কোন সিনেমা-নির্ম্মাতার দলে যোগ দান করিত, তাহা হইলে এত দিন সে বিপুল অর্থ উপার্জ্জন করিতে পারিত।"

স্মিথ বলিল, "ঐখানেই ত বিপদ কর্ত্তা! পুলিশ কি তাহাকে নিশ্চিন্ত হইয়া 'বাইস্‌কোপের' ছবিতে বাহাদুরী দেখাইতে দিত? পুলিশ-কোপে পড়িয়া এত দিন তাহাকে জেলখানায় ঢুকিয়া ঘানি টানিতে হইত! ওয়াল্‌ডো সৎপথে থাকিতে পাইলে বোধ হয় কুপথে যাইত না; কিন্তু তাহার সে সুবিধা কোথায়? (what chance has he?) সে ফেরারী আসামী। তাহার বিরুদ্ধে এ কাল পর্য্যন্ত যতগুলি অভিযোগ হইয়াছে—সেই সকল অভিযোগে পুলিশ তাহাকে গ্রেপ্তার করিবার জন্ত ব্যস্ত হইয়া উঠিয়াছে। তদ্ভিন্ন আমার বিশ্বাস—এক স্থানে স্থির হইয়া থাকা তাহার প্রকৃতিবিরুদ্ধ। এই সকল গোঁয়ারের কাযই তাহার ভাল লাগে; তবে তাহার একটা মহৎ গুণ আছে—সে কখন হীন চাতুরীর (dirty trick.) সাহায্য গ্রহণ করে না। কেহ উৎপীড়িত হইলে তাহার পক্ষাবলম্বন করিয়া সে বলবান উৎপীড়ককে চূর্ণ করিবার চেষ্টা করে। আমি ওয়াল্‌ডোকে সাধারণ অপরাধী মনে করিতে পারি না।"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু অসাধারণ হইলেও সে অপরাধী। সে সর্ব্বদা বে-আইনি কায করে। কে তাহার বে-আইনি কার্য্যের সমর্থন করিবে? এবার সে কি ভাবে চলে—সে দিকে আমি লক্ষ্য রাখিব; সার রড্‌নের জন্ত আমার একটু দুশ্চিন্তা হইয়াছে।"

স্মিথ বলিল, "তিনি ওয়াল্‌ডোর দলে মিশিয়াছেন বলিয়া?"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, আমার বিশ্বাস—সার রড্‌নে ড্রুমণ্ড খাঁটি মানুষ; সৎ লোক বলিয়া তাঁহার সুনাম আছে। কিন্তু ওয়াল্‌ডোর কথাবার্ত্তা শুনিয়া, তাহার শক্তি ও সাহসের পরিচয়ে তিনি তাহার পক্ষপাতী হইয়াছেন। ওয়াল্‌ডোর একটা অদ্ভুত ক্ষমতা আছে; যে তাহার সংস্পর্শে আসে—তাহাকেই সে ভুলাইতে পারে। এতদ্ভিন্ন তাহার বলিষ্ঠ দেহ ও সৌম্য মূর্ত্তি দেখিয়া সার রড্‌নে বোধ হয়—"

স্মিথ বলিল, "তা তিনি মুগ্ধ হউন ; ওয়াল্‌ডো যদি ঐ তিনটা দুর্দ্দান্ত ইতর পশুর মাথা ভাঙ্গিবার চেষ্টা করে—তাহা হইলে তাহার কার্য্যে কেনই বা আমরা বাধা দিতে যাইব ? এই ভাবে দুষ্টের দমনই তাহার লক্ষ্য হইলে—এক দিন হয় ত সে পুলিশের ডিটেক্টিভদের দলে যোগ দান করিতেও পারে !"

স্মিথের কথা শুনিয়া মিঃ ব্লেক একটু হাসিলেন, কিন্তু কোন কথা বলিলেন না। অস্কার মেট্‌ল্যাণ্ডের প্রতি তিনি সন্তুষ্ট ছিলেন না। ওয়াল্‌ডো তাহার কি ক্ষতি করিয়াছে—তাহা জানিবার জন্যও তাঁহার আগ্রহ হইল না ; কিন্তু ওয়াল্‌ডোর গতিবিধি লক্ষ্য করিবার জন্য, সে ভবিষ্যতে কি খেলা খেলিবে তাহা জানিবার জন্য তিনি উৎসুক হইলেন। ওয়াল্‌ডো কি উদ্দেশ্যে মেট্‌ল্যাণ্ডের দোকানের জানালা ভাঙ্গিয়া মোটর-সাইক্ল সহ দোকানে প্রবেশ করিয়াছিল—তাহাও জানিবার জন্য তাঁহার আগ্রহ হইল। যাহারা ওয়াল্‌ডোকে না জানিত—তাহারা ওয়াল্‌ডোর কায দেখিয়া তাহা পাগলের খেয়াল ভিন্ন আর কিছুই মনে করিতে পারে নাই ; কিন্তু মিঃ ব্লেক জানিতেন, ওয়াল্‌ডো বিনা-উদ্দেশ্যে কোন কাজ করিত না।

তাহার কার্য্যে অস্কার মেট্‌ল্যাণ্ডের মনে আঘাত লাগিয়াছিল। ওয়াল্‌ডো তাহার ভাবভঙ্গি দেখিয়া বুঝিতে পারিয়াছিল—সে এইরূপ ধাক্কা পুনঃ পুনঃ সহ্য করিতে পারিবে না। ওয়াল্‌ডো সার রড্‌নে ড্রুমণ্ডের নিকট অঙ্গীকার করিয়াছিল—সে বিনা রক্তপাতে তাঁহার তিনজন শত্রুকেই নিগৃহীত করিয়া তাহাদের কবল হইতে তাঁহাকে উদ্ধার করিবে, তাহাদের অত্যাচারের পথ রুদ্ধ করিবে। নরহত্যায় তাহার প্রবৃত্তি ছিল না, সে কখনও কাহাকেও খুন করে নাই।

ওয়াল্‌ডো বুঝিতে পারিয়াছিল অস্কার মেট্‌ল্যাণ্ডকে যদি সে কোন কৌশলে সাত বৎসরের জন্য কারাগারে পাঠাইতে পারে—তাহা হইলে সেই দণ্ড তাহার অপরাধের তুলনায় লঘু হইলেও, সাত বৎসর সশ্রম কারাদণ্ড ভোগের পর আর তাহাকে কারাগারের বাহিরে আসিতে হইবে না ; কারাগারেই তাহার ইহ-জীবনের অবসান হইবে ; সুতরাং সার রড্‌নের উদ্দেশ্য সিদ্ধ হইবে।

তৃতীয় ধাক্কা

বর্জ্জিয়া-কৌটা

লণ্ডনে নর্থবির দোকান বহুমূল্য প্রাচীন দ্রব্যাদির নিলামে-বিক্রয়ের স্থান। পূর্ব্বোক্ত ঘটনার তিন দিন পরে সেখানে নিলাম উপলক্ষে বহু সম্ভ্রান্ত ব্যক্তির সমাগম হইয়াছিল। যে সকল দ্রব্য নিলাম হইতেছিল সেই সকল দ্রব্যের মধ্যে একটি অনতিবৃহৎ কারুখচিত কাঠের কৌটা ছিল। ইহা প্রাচীন যুগের বর্জ্জিয়া বংশের সামগ্রী। কৌটাটি তেমন সুন্দর নহে, অসাধারণও নহে; তাহার একমাত্র বিশেষত্ব—তাহা বহুপ্রাচীন বর্জ্জিয়া বংশের ব্যবহৃত দ্রব্য। এই দুর্লভ সামগ্রী ক্রয়ের জন্য অনেক লক্ষপতির আগ্রহ হইয়াছিল। দুষ্প্রাপ্য প্রাচীন দ্রব্যাদি সংগ্রহ করা যাঁহাদের বাতিক, এবং তাহা ক্রয়ের জন্য যাঁহারা সহস্র সহস্র পাউণ্ড ব্যয়ে কুণ্ঠিত নহেন, তাঁহারা এই কৌটাটি ক্রয়ের জন্য সেই দোকানে উপস্থিত হইয়াছিলেন। নিলামকারী হাতে হাতুড়ি লইয়া টেবিলের কাছে বসিয়া ছিল, ক্রেতার দল তাহাকে পরিবেষ্টিত করিয়া ডাকের উপর ডাক চড়াইতেছিলেন। কাঠের কৌটার দর ক্রমশঃ হীরা জহরতখচিত শ্বেত-কাঞ্চনের কৌটাকেও ছাড়াইয়া উঠিল! আমাদের দেশ হইলে এরূপ দৃশ্য দেখিয়া মনে করিতাম কতকগুলা পাগল টাকার গরমে ক্ষেপিয়া উঠিয়াছে। কিন্তু যাঁহারা সেই কৌটাটি হস্তগত করিবার জন্য দরের উপর দর চড়াইতেছিলেন তাঁহারা বোধ হয় সোনার গিনিকে একটা তামার শিকি পয়সা অপেক্ষাও তুচ্ছ মনে করেন!

বিক্রেতা হাতুড়ি উদ্যত করিয়া হাঁকিতে লাগিল, "তিন হাজার গিনি!—তিন হাজার গিনি এক, তিন হাজার দো!"

একজন ক্রেতা তাহার পশ্চাৎ হইতে হাঁকিলেন, "তিন হাজার পাঁচ শো!"

নিলামকারী তাঁহার নাম লিখিয়া লইয়া পুনর্ব্বার হাতুড়ি তুলিল, এবং উচ্চৈঃস্বরে বলিল, "সাড়ে তিন হাজার গিনি! সাড়ে তিন হাজার এক; দেখুন

মহাশয়েরা, এই প্রকার বহুমূল্য প্রাচীন সামগ্রীর—সুবিখ্যাত বৰ্জ্জিয়া বংশের স্মৃতি-চিহ্নের মূল্য সাড়ে তিন হাজার গিনি অপেক্ষা অনেক অধিক। সাড়ে তিন হাজার গিনি এক, সাড়ে তিন হাজার গিনি দো! যায়, জলের দামে এ রকম মূল্যবান চিজ্ চলিয়া যায়!”—সে সম্মুখস্থিত লর্ড ব্ল্যাক্‌উডের মুখের দিকে চাহিয়া পুনর্ব্বার হাঁকিল, “সাড়ে তিন হাজার গিনি এক, সাড়ে তিন হাজার গিনি দো!”—তাহার হাতুড়ি টেবিলের উপর পড়ে আর কি!

লর্ড ব্ল্যাক্‌উড তৎক্ষণাৎ হাঁকিলেন, “চার হাজার গিনি!”

নিলামকারী পুনর্ব্বার হাঁকিতে লাগিল, “চার হাজার গিনি, চার হাজার গিনি এক—”

অস্‌কার মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাক্‌উডের অদূরে দাঁড়াইয়া নিলাম ডাকিতেছিল। অন্যান্য ক্রেতা আড়াই হাজার গিনি পর্য্যন্ত ডাকিয়া পিছাইয়া পড়িয়াছিলেন; তখন লর্ড ব্ল্যাক্‌উডের সহিত অস্‌কার মেট্‌ল্যাণ্ডেরই ডাকের প্রতিযোগিতা চলিতেছিল। অস্‌কার মেট্‌ল্যাণ্ড ঐরূপ প্রাচীন ও দুষ্প্রাপ্য পণ্যদ্রব্য নিজের দোকানে বিক্রয় করিলেও লর্ড ব্ল্যাক্‌উডের ন্যায় ধনাঢ্য ব্যক্তির সহিত প্রতিদ্বন্দ্বিতা করিতে তাহার ইচ্ছা ছিল না; কিন্তু তাহার একজন ধনবান মক্কেল (one of his wealthy clients) তাঁহার পক্ষ হইতে সেই কৌটাটি ক্রয় করিবার জন্য আদেশ করায়, সে ডাকের উপর ডাক চড়াইতেছিল; কিন্তু তাহার সেই মক্কেলও তাহাকে তিন হাজার গিনি অপেক্ষা অধিক ডাকিতে আদেশ করেন নাই; তথাপি মেট্‌ল্যাণ্ড জিদে পড়িয়া সাড়ে চারি হাজার গিনি পর্য্যন্ত ডাকিল।

লর্ড ব্ল্যাক্‌উড মেট্‌ল্যাণ্ডের মুখের উপর তীব্র দৃষ্টিপাত করিয়া উত্তেজিত স্বরে ডাকিলেন, “পাঁচ হাজার গিনি!”

নিলামকারী সহাস্যে হাতুড়ি তুলিয়া বলিল, “পাঁচ হাজার গিনি এক, পাঁচ হাজার গিনি দুই,—মিঃ মেট্‌ল্যাণ্ড! আর পাঁচ শ গিনি বেশী ডাকিবেন কি?”

মেট্‌ল্যাণ্ড উত্তেজিত স্বরে বলিল, “না, আমি আর এক পেণীও দর চড়াইব না। ইচ্ছা হয় তুমি পাঁচ হাজার গিনিতে ডাক শেষ করিতে পার।”

নিলামকারী মুখ ভার করিয়া বলিল, “বড়ই দুঃখের বিষয় যে, দশ হাজার

গিনির মাল পাঁচ হাজার গিনিতেই ছাড়িতে হইল! পাঁচ হাজার গিনি—এক, পাঁচ হাজার গিনি—দো, পাঁচ হাজার গিনি—তিন।”—সঙ্গে সঙ্গে টেবিলের উপর হাতুড়ির ঘা পড়িল। বজ্জিয়া-কৌটা লর্ড ব্ল্যাকৃউডের হস্তগত হইল। আনন্দে তাঁহার চক্ষু উজ্জ্বল হইল!

অতঃপর আরও কতকগুলি সামগ্রী নিলামে উঠিল। কিন্তু লর্ড ব্ল্যাকৃউডের বা অস্কার মেট্‌ল্যাণ্ডের তাহা ক্রয় করিবার ইচ্ছা না থাকায় তাঁহারা তাহা ডাকিলেন না। লর্ড ব্ল্যাকৃউড সেই জনতার বাহিরে আসিয়া একটি কক্ষে বিশ্রাম করিতে বসিলেন। সে দিন সেখানে যে সকল দ্রব্য নিলাম হইতেছিল, সেই সকল দ্রব্যের তালিকায় ইটালী দেশের একটি বহু পুরাতন সুদৃশ্য ফুলদানী ছিল; সেই জিনিসটির নাম তালিকার অনেক নীচে ছিল। যথাসময়ে তাহা নিলামে উঠিতে পারে—এই আশায় তিনি সেখানে অপেক্ষা করিতে লাগিলেন।

কয়েক মিনিট পরে মেট্‌ল্যাণ্ড সেই কক্ষে প্রবেশ করিয়া লর্ড ব্ল্যাকৃউডের অদূরে উপবেশন করিল। তাহার মুখ গম্ভীর ও অপ্রসন্ন। তাহার যে মক্কেলটি পূর্ব্বোক্ত কৌটা তিন হাজার গিনি পর্য্যন্ত ডাকিতে আদেশ করিয়াছিলেন, তিনি টেলিফোনে তাহাকে কয়েকটি কথা বলিয়াছিলেন, তাহা শুনিয়া মেট্‌ল্যাণ্ড কিঞ্চিৎ বিচলিত হইয়াছিল।

মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাকৃউডকে লক্ষ্য করিয়া কুণ্ঠিত ভাবে বলিল, “লর্ড মহাশয়, আমার ধৃষ্টতা মার্জ্জনা করিবেন; আপনার অনুমতি হইলে আমি আপনাকে একটি কথা বলিতে পারি।”

লর্ড ব্ল্যাকৃউড বিরক্তি ভরে বলিলেন, “আমাকে তুমি কি কথা বলিবে? যদি বজ্জিয়া-কৌটা সম্বন্ধে কোন কথা বলিবার জন্য তোমার আগ্রহ হইয়া থাকে তাহা হইলে সে কথার আলোচনায় সময় নষ্ট করিবার প্রয়োজন নাই। যাহা হউক, তোমার কি বলিবার আছে বল শুনি।”

মেট্‌ল্যাণ্ড কাশিয়া গলা পরিষ্কার করিয়া বলিল, “ইয়ে, তা, কি ব’লে—এই বজ্জিয়া-কৌটা সম্বন্ধেই আপনাকে দুই একটি কথা বলিবার আছে বটে; কিন্তু আমি কোন অসঙ্গত কথা বলিব না। আমি আমার একজন সম্ভ্রান্ত মক্কেলের

পক্ষ হইতেই নিলাম ডাকিতেছিলাম; কিন্তু তাঁহার আদেশ ভিন্ন ঐ কৌটার ডাক বাড়াইতে সাহস করি নাই। নিলামের পর তিনি টেলিফোনে আমাকে জানাইয়াছেন—আপনি যদি কিছু লাভ রাখিয়া কৌটাটি তাঁহাকে বিক্রয় করেন, তাহা হইলে তিনি—”

লর্ড ব্ল্যাকৃউড মুখ রাঙ্গা করিয়া উত্তেজিত স্বরে বলিলেন, “আমি তোমাকে প্রথমেই বলিয়াছি ঐ প্রসঙ্গের আলোচনায় তোমার সময় নষ্ট করিবার প্রয়োজন নাই।”

মেট্‌ল্যাণ্ড কুণ্ঠিত ভাবে বলিল, “তা বটে; কিন্তু আমার মক্কেল যদি ঐ কৌটার বিনিময়ে ছয় হাজার গিনি প্রদান করেন?”

লর্ড ব্ল্যাকৃউড্ গর্জ্জন করিয়া বলিলেন, “চুলোয় যাক তোমার মক্কেল! ছয় হাজার কেন, যাঠ হাজার গিনি দিতে চাহিলেও সে উহা পাইবে না। ঐ কৌটা বিক্রয়ের জন্য ক্রয় করা হয় নাই। উহা আমার সম্পত্তি; আমি উহা বিক্রয় করিব না।”

নির্লজ্জ মেট্‌ল্যাণ্ড বলিল, “কিন্তু উহা ক্রয়ের জন্য আমার মক্কেলের এরূপ আগ্রহ হইয়াছে যে—”

লর্ড ব্ল্যাকৃউড্ বলিলেন, “তাহার আগ্রহ বুঝিতে পারিলে তুমি নিলামের সময় আমার ডাকের উপর ডাক চড়াইতে, ছয় হাজার গিনি দর দিতে; তাহা তুমি কর নাই। তুমি আমাকে উহা পাঁচ হাজার গিনিতেই ক্রয় করিবার সুযোগ দিয়াছ; এজন্য তুমি আমার ধন্যবাদের পাত্র। হাঁ, তুমি আমার অনেকগুলি টাকা বাঁচাইয়া দিয়াছ। কারণ তুমি যত টাকা ডাকিতে, তাহার উপর ডাক চড়াইয়া আমি উহা ক্রয় করিতাম, উহা আমি তোমাকে লইতে দিতাম না। আমি কৌটা ক্রয় করিয়াছি, আমিই উহা রাখিব; ইহাই আমার শেষ কথা।”

লর্ড ব্ল্যাকৃউডের স্পষ্ট কথা শুনিয়া মেট্‌ল্যাণ্ডের মুখ শুকাইয়া গেল। সে তাহার ধনাঢ্য মক্কেলের নিকট মোটা রকম দাঁও মারিবার আশা করিয়াছিল; কিন্তু লর্ড ব্ল্যাকৃউডের কথা শুনিয়া সে নিরাশ হইল। তাহার উপর তাহার আশঙ্কা হইল—তাহার সেই মক্কেলের সহিত সাক্ষাৎ হইলে তাহাকে কিঞ্চিৎ

তিরস্কারও সহ্য করিতে হইবে। মেট্‌ল্যাণ্ড অত্যন্ত ব্যাকুল হইয়া উঠিল ; অতঃপর সে কি বলিবে, কি করিবে, অবনত মস্তকে তাহাই ভাবিতে লাগিল।

সেই সময় তাঁহাদের অপরিচিত সুবেশধারী একজন ভদ্রলোক সেই কক্ষের অন্য প্রান্তে বসিয়া একখানি সচিত্র সাপ্তাহিক পত্রিকার পাতা উল্টাইতেছিল ; কিন্তু লর্ড ব্ল্যাক্‌উডের সহিত মেট্‌ল্যাণ্ডের যে বাদানুবাদ চলিতেছিল—তাহা সমস্তই সে শুনিতেছিল।

মেট্‌ল্যাণ্ড কয়েক মিনিট পরে মাথা তুলিয়া লর্ড ব্ল্যাক্‌উড্‌কে বলিল, "তাহা হইলে আপনি আমার কোন প্রস্তাবে কর্ণপাত করিতে সম্মত নহেন ?"

লর্ড ব্ল্যাক্‌উড বলিলেন, "এ কথা কি পুনর্ব্বার বলিবার প্রয়োজন আছে ?"

মেট্‌ল্যাণ্ড বলিল, "যদি আমার মক্কেল ঐ কৌটার জন্য সাত হাজার গিনি দিতে সম্মতি প্রকাশ করেন ?"

লর্ড ব্ল্যাক্‌উড্‌ উত্তেজিত স্বরে বলিলেন, "না। তুমি ত ভারী বেহায়া লোক হে ! আমার সঙ্গে এরকম দোকানদারী করিতে তোমার লজ্জা হইতেছে না ? আমি ঐ কৌটা কিনিয়াছি, এখন উহা আমার সম্পত্তি ; আমার ঘরে যে সকল দুর্ল্লভ প্রাচীন সামগ্রী সঞ্চিত আছে, এই বর্জ্জিয়া-কৌটা তাহাদের মধ্যে সম্মানের আসন গ্রহণ করিবে। আমার সংগ্রহ সর্ব্বাঙ্গসুন্দর হইবে।"

মেট্‌ল্যাণ্ড হতাশ হইলেও জিদ ছাড়িল না, সে বলিল, "উহা আপনার ভ্রম মাত্র। এই কৌটাটি আপনার প্রাচীন দ্রব্য-সংগ্রহের একবিন্দুও গৌরববৃদ্ধি করিবে না। উহা আপনার ঘরে থাকিলে—"

লর্ড ব্ল্যাক্‌উড্‌ সক্রোধে বলিলেন, "মুখ সামাল করিয়া কথা বল মিঃ মেট্‌ল্যাণ্ড ! আমি তোমার ধৃষ্টতা দীর্ঘকাল উপেক্ষা করিয়াছি, আর তোমার কোন কথা শুনিতে চাহি না। আমি তোমাকে স্পষ্ট ভাষায় বলিয়াছি ঐ কৌটা আমি বিক্রয় করিব না। তুমি তোমার সেই মক্কেলটিকে বলিতে পার—সে তাহার সমগ্র সম্পত্তির বিনিময়েও ঐ কৌটা পাইবে না।—ইহাই আমার শেষ কথা, বুঝিয়াছ ? আমার আর কোন কথা বলিবার নাই।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "আপনি অনর্থক রাগ করিতেছেন মহাশয় ! আমার

প্রস্তাবে আপনার রাগের ত কোন কারণ নাই। আমার প্রস্তাবটি ক্রয়-বিক্রয়ের প্রস্তাব ভিন্ন অন্য—"

লর্ড ব্ল্যাক্‌উড্‌ বলিলেন, "কিন্তু এরূপ প্রস্তাবের প্রয়োজন কি? আমি নিজের ব্যবহারের জন্য যে জিনিস ক্রয় করিয়াছি—তাহা কোন মূল্যেই বিক্রয় করিব না, একথা প্রথমেই বলিয়াছি; তথাপি তুমি নাছোড়বান্দা! আমার জিনিস আমি বিক্রয় করিব না। এই স্পষ্ট কথার উপর কি কোন কথা চলিতে পারে? না, চলা উচিত? যে তাহার জিনিস বিক্রয় করিবে না, তাহার নিকট সেই জিনিস বিক্রয়ের প্রস্তাব সম্পূর্ণ অসঙ্গত, ও বিরক্তিকর, ইহা কি তোমার বুঝিবার শক্তি নাই? কেন তুমি এক কথা পুনঃ পুনঃ বলিয়া আমাকে বিরক্ত করিতেছ? ইহা তোমার অনধিকারচর্চা; বুঝিয়াছ? অত্যন্ত আপত্তিজনক। ইহার অধিক আর কি তোমাকে বলিতে পারি?"

মেট্‌ল্যাণ্ড উঠিয়া তাঁহাকে অভিবাদন করিয়া বলিল, "এজন্য আমি দুঃখিত।" —সে ধীরে ধীরে সেই কক্ষ ত্যাগ করিল। কয়েক মিনিট পরে লর্ড ব্ল্যাক্‌উড্‌ও উঠিয়া অন্য দিকে চলিলেন। তিনি বিপুল সম্পদের অধিকারী। তিনি যে দুর্লভ পদার্থটি নিলামে ক্রয় করিয়াছিলেন, তাহা বিক্রয় করিয়া দুই এক হাজার গিনি লাভ করিবার জন্য তাঁহার বিন্দুমাত্র আগ্রহ ছিল না; বরং ঐরূপ প্রস্তাব অপমান-জনক বলিয়াই তাঁহার ধারণা হইয়াছিল।

যে লোকটি কিছু দূরে বসিয়া তাঁহাদের বাদানুবাদ শুনিতেছিল—সে অস্ফুট-স্বরে বলিল, "বেশ মজা হইয়া গেল! আমার সৌভাগ্য যে, উহাদের সকল কথাই আমি শুনিতে পাইলাম! আমি এখানে না আসিলে কিছুই জানিতে পারিতাম না। এবার আমার সঙ্কল্প সিদ্ধির সুযোগ পাইব, আর আমাকে অন্ধকারে ঘুরিয়া বেড়াইতে হইবে না।"

এই ব্যক্তি আমাদের পাঠক পাঠিকাগণের অপরিচিত নহে; কারণ সে ছদ্মবেশী ওয়াল্‌ডো। ওয়াল্‌ডো আহত অবস্থায় হাসপাতালের গাড়ী হইতে পলায়ন করিয়া কোথায় অদৃশ্য হইয়াছিল—তাহা কেহই জানিতে পারে নাই; কিন্তু দুই দিন পূর্ব্ব হইতে সে ছদ্মবেশে ছায়ার ন্যায় অস্‌কার মেট্‌ল্যাণ্ডের অনুসরণ

করিতেছিল। মেট্‌ল্যাণ্ড তাহার মক্কেলের জন্ম নিলাম ডাকিবার উদ্দেশ্যে নর্থবির দোকানে উপস্থিত হইলে-ওয়াল্‌ডো এখানে তাহার অনুসরণ করিয়াছিল, এবং এখানে যাহা যাহা ঘটিয়াছিল—তাহা সমস্তই জানিতে পারিয়াছিল। পূর্ব্বেই বলিয়াছি ওয়াল্‌ডোর শ্রবণশক্তি অসাধারণ তীক্ষ্ণ; এই জন্ম অদূরবর্ত্তী নিলামের ঘরে হট্টগোল হইলেও লর্ড ব্ল্যাকৃউডের সহিত মেট্‌ল্যাণ্ডের যে বাদানুবাদ চলিতে-ছিল—তাহা সমস্তই সে শুনিতে পাইয়াছিল।

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "মেট্‌ল্যাণ্ড সেই কৌটাটি লইবার জন্ম ব্যাকুল, লর্ড ব্ল্যাকৃউড্‌ তাহা হস্তান্তর করিতে অসম্মত। আমার চমৎকার সুযোগ উপস্থিত! অন্ধকারের মধ্যে আমি আলো দেখিতে পাইতেছি; আমার পথ পরিষ্কার!"

ওয়াল্‌ডো কি কৌশলে অস্‌কার মেট্‌ল্যাণ্ডকে চূর্ণ করিবে—তাহা তৎক্ষণাৎ স্থির করিয়া ফেলিল।

সেই দিন সন্ধ্যার পর অস্‌কার মেট্‌ল্যাণ্ড তাহার দোকানের পশ্চাদ্বর্ত্তী খাস্‌-কামরায় একাকী বসিয়া ছিল। দোকান তখন বন্ধ, দোকানের কর্ম্মচারীরা সন্ধ্যার পূর্ব্বেই বাড়ী চলিয়া গিয়াছিল। মেট্‌ল্যাণ্ড বৈদ্যুতিক দীপের আলোকে একখানি সান্ধ্য দৈনিক পাঠ করিতেছিল। তাহার মুখে একটি চুরুট; চুরুটের ধূমরাশি ঊর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছিল।

সেই খাস-কামরাটি একাধারে তাহার আফিস, পাঠ-কক্ষ এবং শয়ন-কক্ষ। কক্ষটি নানা প্রকার মূল্যবান আসবাব-পত্রে সুসজ্জিত। এই কক্ষে সে একাকী বাস করিত। দীর্ঘকাল পূর্ব্বে তাহার পত্নীবিয়োগ হইয়াছিল; তাহার পর সে আর বিবাহ করে নাই। সে নিঃসন্তান।

দিবাভাগে তাহার দোকানে কয়েকজন কর্ম্মচারী কাযকর্ম্ম করিত, সন্ধ্যার পূর্ব্বে তাহারা দোকান বন্ধ করিয়া চলিয়া যাইত; তাহার পর সেই বৃহৎ অট্টালিকায় মেট্‌ল্যাণ্ড একাকী থাকিত। সে একটি ক্লাবে প্রত্যহ ভোজন করিত, এবং তাহার একটি আশ্রিত যুবকের পরিচালিত রেস্তরাঁয় 'টিফিন' করিত। প্রভাতে সে কিছু খাইত না, এমন কি, চায়ের প্রতিও তাহার আসক্তি ছিল না। প্রাতর্ভোজন ও চা-পান সে অনাবশ্যক উপসর্গ মনে করিত। সে তাহা সম্পূর্ণরূপে

পরিহার করিয়াছিল। (dispensed with altogether.) সে এইরূপ মিতব্যয়ী হইলেও সকলে ইহা কার্পণ্যের লক্ষণ বলিয়াই মনে করিত; কিন্তু এইভাবে কালযাপন করিয়া সে বেশ আরাম পাইত। ব্যয়বাহুল্য না থাকায় তাহার উপার্জ্জিত অর্থ ক্রমেই ফাঁপিয়া উঠিতেছিল; তথাপি তাহার লোভের সীমা ছিল না। সঞ্চয়েই তাহার আনন্দ। অর্থলোভে সে কোন অপকর্ম্ম করিতেই কুণ্ঠিত হইত না। সঞ্চয়েই যাহার আনন্দ, সেই অর্থরাশি কে ভোগ করিবে—তাহা সে চিন্তা করে না।

সংবাদ-পত্রখানি পাঠ করিতে করিতে তাহার চিন্তাস্রোত বিষয়ান্তরে বিক্ষিপ্ত হইল; তাহার মনে হইল—নিলামে কৌটাটি কিনিতে না পারায় তাহার একটা প্রকাণ্ড দাঁও ফস্‌কাইয়া গেল! তাহা ক্রয় করিয়া মক্কেলটিকে দিতে পারিলে অনেকগুলি টাকা লাভ হইত। তাহার মক্কেল তাহার সহিত দেখা করিলে সে তাঁহাকে কি কৈফিয়তে সন্তুষ্ট করিবে তাহাই ভাবিতে লাগিল। তাহার একটু ভয়ও হইল। লর্ড ব্ল্যাক্‌উডের তিরস্কার স্মরণ হওয়ায় তাহার মন অত্যন্ত চঞ্চল হইয়া উঠিল। সে ভাবিল, দুই তিন হাজার গিনি লাভ পাইয়াও লোকটা কৌটাটি বিক্রয় করিতে সম্মত হইল না! এ রকম নির্ব্বোধ লোক—

ঝন্‌ঝন্‌-ঝন্‌ঝন্‌ শব্দে টেলিফোনের ঘণ্টা বাজিয়া উঠিতেই মেট্‌ল্যাণ্ডের চিন্তা-স্রোত অবরুদ্ধ হইল। নিভৃত কক্ষে শব্দটা তাহার বড় কর্কশ মনে হইল; কিন্তু উপায় কি? সে ভ্রূ কুঞ্চিত করিয়া চুরুটটি নামাইয়া রাখিল, তাহার পর উঠিয়া টেলিফোনে সাড়া দিতে চলিল। সে অস্ফুট স্বরে বলিল, "এই অসময়ে কে কি উদ্দেশ্যে আমাকে ডাকাডাকি করিতেছে? বোধ হয় প্রিয় বন্ধু কার্ল; কিন্তু আজ রাত্রে তাহার সঙ্গে দেখা করিতে পারিব না। সে এখানে আসিতে চাহিলে আমি আপত্তি করিব। আজ আমার শরীর মন উভয়ই অবসন্ন; বড়ই বেজুৎ মনে হইতেছে।"

মেট্‌ল্যাণ্ড টেলিফোনের রিসিভার তুলিয়া লইয়া তাহাতে কর্ণস্থাপন করিল, তাহার পর ঈষৎ বিরক্তিভরে বলিল, "কে তুমি, কি সংবাদ?"

উত্তর হইল, "তুমি মিঃ অস্‌কার মেট্‌ল্যাণ্ডকে ডাকিয়া দিলে সুখী হইব।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "আমিই মেট্‌ল্যাণ্ড।"

উত্তর হইল, "চমৎকার! আপনিই আসিয়াছেন মিঃ মেট্‌ল্যাণ্ড? খুব ভাল হইয়াছে। আমার দুই একটি কথা শুনিবার অবসর পাইবেন কি? মিঃ মেট্‌ল্যাণ্ড, দুর্লভ প্রাচীন পণ্য দ্রব্য বিক্রেতা বলিয়া আপনার যে খ্যাতির কথা শুনিয়াছি, তাহা কি সত্য নহে?"

মেট্‌ল্যাণ্ডের বেজুৎ শরীর মুহূর্ত্তমধ্যে জুৎ হইল! এই প্রশ্নের ভিতর হইতে কিঞ্চিৎ লাভের সম্ভাবনা ফুটিয়া উঠিয়াছিল—তাহা বুঝিতে তাহার বিলম্ব হইল না। সে উৎসাহ ভরে বলিল, "আপনি ঠিকই শুনিয়াছেন। ঐ সকল পণ্য দ্রব্য সংগ্রহে সমগ্র ইউরোপে কেহই আমার প্রতিদ্বন্দ্বী নাই। কিন্তু কাহার সহিত কথা কহিবার সৌভাগ্য লাভ করিয়াছি—তাহা ত জানিতে পারিলাম না!"

বক্তার কণ্ঠস্বরে মার্কিণী টান (American accent.) ছিল; এইজন্য তাহার অনুমান হইল মার্কিণের কোন ধনকুবের তাহাকে আহ্বান করিয়াছেন। সে মনে মনে বলিল, "মার্কিণের ধনকুবের? মন রে স্থির হও! একটা বড় রকম দাঁও—"

টেলিফোনের অন্য প্রান্ত হইতে উত্তর হইল, "হাঁ, আমার নামটি আপনাকে বলা হয় নাই বটে; নাম শুনিলেই আমি কে—তাহা জানিতে পারিবেন।—আমি ওটিস্ হারকোট, নিউইয়র্কের ওটিস্—"

মেট্‌ল্যাণ্ডের বুক আশায় আনন্দে ফুলিয়া দুলিয়া উঠিল। সে উচ্ছ্বাস দমন করিতে না পারিয়া উৎসাহভরে বলিয়া উঠিল, "যা ভাবিয়াছিলাম—ঠিক তাই!"

টেলিফোনের অপর প্রান্তের লোকটি তাহার সেই কথা শুনিয়া বলিল, "আপনি কি বলিলেন?"

মেট্‌ল্যাণ্ড লজ্জিত ভাবে বলিল, "না, মিঃ হারকোর্ট! আপনাকে কোন কথা বলি নাই।"

মেট্‌ল্যাণ্ডের পা দুইখানি তখন মাটীতে ছিল, কি মাথায় চড়িয়া নৃত্য আরম্ভ করিয়াছিল—তাহা সে বুঝিতে পারিল না! মিঃ ওটিস্ হারকোর্টের নাম তাহার সুবিদিত। এই মার্কিণ ধনকুবের প্রাচীন যুগের দুর্লভ শিল্পরাজি সংগ্রহ করিয়া

তাঁহার নিউইয়র্কের বিশাল প্রাসাদে সঞ্চিত করিবার জন্য কিরূপ বিপুল অর্থ ব্যয় করিতেন—তাহা মেট্‌ল্যাণ্ডের অজ্ঞাত ছিল না। এই সকল দুষ্প্রাপ্য শিল্পদ্রব্যের কোন ব্যবসায়ী-মিঃ হারকোর্টের অনুগ্রহ-দৃষ্টি লাভ করিতে পারিলে—তাহার মনে হইত সে সোনার খনি আবিষ্কার করিয়াছে!

মিঃ হারকোর্ট বলিলেন, "আমি এখন সেভয় হোটেলে আছি; মিঃ মেট্‌ল্যাণ্ড, আপনার সহিত সাক্ষাতের জন্য আমি অধীর হইয়াছি। আপনার দোকানে কয়েকটি প্রাচীন শিল্প দ্রব্য বিক্রয়ের জন্য প্রদর্শিত হইতেছে, তাহা দেখিবার জন্য আমার আগ্রহ কিরূপ প্রবল হইয়াছে তাহা আপনাকে বুঝাইতে পারিব না; আপনার নিকট আমার অনেকগুলি মূল্যবান জিনিস কিনিবার ইচ্ছা আছে। এ জন্য আজ রাত্রেই আপনার সঙ্গে আমার পরামর্শ করা প্রয়োজন মিঃ মেট্‌ল্যাণ্ড!"

মেট্‌ল্যাণ্ড হর্ষাপ্লুত স্বরে বলিল, "তাহার কোন অসুবিধা হইবে না মিঃ হারকোর্ট! আমি আপনার আদেশ পালন করিতে সর্ব্বদাই প্রস্তুত।"

মিঃ হারকোর্ট বলিলেন, "আজ রাত্রি এগারটার সময় দেখা করিলে কি আপনার অসুবিধা হইবে?"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তখন কোন ভদ্রলোকের সঙ্গে দেখা করিবার ঠিক সময় নয় বটে, কিন্তু আপনার যেরূপ অভিপ্রায়; আমার কোন সময়েই আপত্তি নাই।"

মিঃ হারকোর্ট বলিলেন, "হাঁ একটু অসময় বটে, কিন্তু উপায় নাই। আজ রাত্রে আমাকে একটা নিমন্ত্রণ রক্ষা করিতে হইবে। রাত্রি এগারটার অধিক পূর্ব্বে সেখানে ছুটি পাইবার আশা অল্প; সুতরাং আপনি রাত্রি এগারটায় আমাদের সাক্ষাতের সময় নির্দ্দিষ্ট করিলে অত্যন্ত অনুগৃহীত হইব।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তাহা হইলে আজ রাত্রি ঠিক এগারটার সময়েই সেভয় হোটেলে উপস্থিত হইব কি?"

"মিঃ হারকোর্ট বলিলেন, "আপনি আমার এখানে আসিবেন? না, না, আপনাকে এখানে আসিতে হইবে না। ও রকম অসময়ে আপনাকে টানিয়া আনিয়া কষ্ট দেওয়া সঙ্গত হইবে না। আপনি রাত্রি এগারটার সময় ঘরে থাকিলে

আমি সেইখানে গিয়া আপনার সঙ্গে দেখা করিব। হাঁ, আপনার ঘরেই আমার সকল কথা শেষ করিয়া আসিব।"

মেট্‌ল্যাণ্ড খুসী হইয়া বলিল, "চমৎকার হইবে। রাত্রে আমার ঘরের দ্বার জানালা বন্ধ থাকে বটে, কিন্তু সে জন্ম আপনাকে অসুবিধা সহ্য করিতে হইবে না। দোকানের ঠিক পাশেই আমার বাসগৃহের দরজা। সেই দরজার বৈদ্যুতিক বোতাম টিপিলেই আমি নীচে গিয়া আপনাকে লইয়া আসিব।"

মিঃ হারকোর্ট বলিলেন, "ইহা অপেক্ষা উৎকৃষ্ট ব্যবস্থা আর কিছুই হইতে পারে না; রাত্রি ঠিক এগারটার সময় আমি আপনার ঐ দ্বারে উপস্থিত হইব। আপনার সুব্যবস্থার জন্ম ধন্যবাদ।"

মেট্‌ল্যাণ্ড টেলিফোনের রিসিভার নামাইয়া রাখিল। তাহার মুখ আনন্দে উদ্ভাসিত, চক্ষু উজ্জ্বল; প্রাণ সুখের তরঙ্গে ভাসিতেছিল। মার্কিন কোটিপতি মিঃ ওটিস্ হারকোর্ট আজ যাচিয়া তাহার সঙ্গে দেখা করিবেন, কুবের স্বয়ং যাচকের গৃহে আসিবেন! মেট্‌ল্যাণ্ড জাগিয়া আবু হোসেনের বাদসাহীর স্বপ্ন দেখিতে লাগিল। সে আবেগ ভরে বলিয়া উঠিল, "মিঃ হারকোর্ট—কোটিপতি হারকোর্ট আমার ঘরে আসিতেছেন! ভাবিতেছিলাম এরকম কাতলা কবে আমার জালে ধরা পড়িবে? (I was wondering when I should gather such a fish into my net,) পরমেশ্বর হঠাৎ আমার প্রার্থনা পূর্ণ করিলেন; বেচারা নিতান্ত অবিবেচক নয়।"—পরমেশ্বর-বেচারার প্রতি সে একটু প্রসন্ন হইল; কিন্তু পূর্ব্বে কোন দিন সে তাঁহাকে আমোল দিতে পারে নাই! মিঃ হারকোর্টকে ঠকাইয়া, পাঁচ পাউণ্ডের মাল গতাইয়া পাঁচ হাজার পাউণ্ড আদায় করিতে পারিবে—এ বিষয়ে সে নিঃসন্দেহ হইল। সে ভাবিল এই সুযোগে তাহার দোকানের কতকগুলা রাবিস্ তাঁহাকে গতাইতে পারিবে। (palm off a lot rubbish on him,) সে কিরূপে তাঁহাকে শোষণ করিবে—এই চিন্তায় আচ্ছন্ন হইয়া অন্য সকল কথা ভুলিয়া গেল।

টেলিফোনের তারের অন্ত মুড়ায় মিঃ ওটিস হারকোর্ট তখন অত্যন্ত আমোদ বোধ করিয়া অদ্ভুত মুখভঙ্গি করিতেছিলেন। তাঁহাকে তখন দেখিলে কাহারও

মার্কিণ কোটিপতি বলিয়া ভ্রম হইত না; বরং কোন পরিচিত ব্যক্তি সেই মূর্ত্তি দেখিলে বলিত, এ যে অদ্ভুতকর্ম্মা ওয়াল্‌ডো! ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের সর্ব্বনাশের জন্য কি কৌশল অবলম্বন করিয়াছিল পাঠক পাঠিকাগণ অবিলম্বেই তাহা জানিতে পারিবেন।

ওয়াল্‌ডো টেলিফোনের রিসিভার নামাইয়া রাখিয়া অস্ফুট স্বরে বলিল, "মন্দ মজা হইবে না; মাছে টোপ গিলিয়াছে, এখন খেলাইয়া তুলিতে পারিলে হয়! উহার মুড়াটি ভক্ষণ করিতে বিলম্ব হইবে না। হাঁ, রাত্রি ঠিক এগারটার সময় মেট্‌ল্যাণ্ডের সঙ্গে দেখা করাই স্থির। প্রথম অঙ্কের অভিনয় শেষ করিলাম।—এইবার দ্বিতীয় অঙ্ক আরম্ভ করি।"

ওয়াল্‌ডো রিসিভারটি পুনর্ব্বার তুলিয়া লইয়া টেলিফোনের নম্বর পরিবর্ত্তন করিল। সে টেলিফোনে ডাকিয়া যাঁহার সাড়া পাইল—তাঁহার কণ্ঠস্বর শুনিয়া আনন্দে তাহার চক্ষু উজ্জ্বল হইল। সেই কণ্ঠস্বর লর্ড ব্ল্যাক্‌উডের; তিনিই তাহাকে সাড়া দিয়াছিলেন।

ওয়াল্‌ডো কণ্ঠস্বর পরিবর্ত্তিত করিয়া বলিল, "মহাশয়, আপনাকে পুনর্ব্বার একটু কষ্ট দিতে উদ্যত হইয়াছি; দয়া করিয়া ক্রটি মার্জ্জনা করিবেন। আমি নাইট-ব্রীজের মেট্‌ল্যাণ্ড—অসকার মেট্‌ল্যাণ্ড, আপনার একটু সময় নষ্ট করিতে আসিলাম, দয়া করিয়া ধৃষ্টতা মার্জ্জনা করিবেন।"

ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের কণ্ঠস্বরের অনুকরণে কথা বলিতেছিল। অনুকরণের যে সামান্য ক্রটি ছিল, তারের ভিতর দিয়া তাহা ধরা পড়িল না।

লর্ড ব্ল্যাকউড্‌ বিরক্তি ভরে বলিলেন, "আবার তুমি আমাকে বিরক্ত করিতে আসিয়াছ? বর্জ্জিয়া-কৌটার জন্য এবার আরও কিছু বেশী টাকার লোভ দেখাইবে বুঝি? যদি তাহাই তোমার উদ্দেশ্য হয় তাহা হইলে জানিয়া রাখ—"

ওয়াল্‌ডো বাধা দিয়া বলিল, "আপনি অত অধীর হইবেন না মহাশয়! এক মিনিটের জন্য ধৈর্য্য ধারণ করুন।"

লর্ড ব্ল্যাক্‌উডের বিশ্বাস হইল—মেট্‌ল্যাণ্ডই তাঁহার সহিত কথা কহিতেছে।

অন্য লোক তাঁহাকে কথা বলিতেছে—এ সন্দেহ মুহূর্ত্তের জন্যও তাঁহার মনে স্থান পাইল না।

লর্ড ব্ল্যাকৃউড্ বলিলেন, "বেশ, তোমার কি বলিবার আছে, শীঘ্র তাহা বলিয়া শেষ কর।"

ওয়াল্‌ডো বলিল, "দেখুন, কিছুকাল পূর্ব্বে আমার সেই মক্কেলের সঙ্গে আমার দেখা হইয়াছিল। তিনি বলিলেন, আপনি সেই কৌটাটি বিক্রয় করিলে তাহার বিনিময়ে আপনাকে তিনি দশ হাজার গিনি দিতে সম্মত আছেন! হাঁ, দশ হাজার গিনি! আপনি আমার প্রস্তাব প্রত্যাখ্যান করিবার পূর্ব্বে ধীরভাবে আমার কথাগুলি শুনুন। আপনি দশ হাজার গিনি লইয়া কৌটাটি বিক্রয় করুন। কৌটাটি তেমন অসাধারণ বস্তু নহে; ঐ পুরাতন কৌটা অপেক্ষা অধিকতর দুষ্প্রাপ্য প্রাচীন ইতিহাস প্রসিদ্ধ শিল্প দ্রব্য—"

লর্ড ব্ল্যাকৃউড সক্রোধে হুঙ্কার দিয়া বলিলেন, "কোথায় আছে? তোমার দোকানে? আমার কাছে চালবাজি করিতে তোমার লজ্জা হইতেছে না? তোমার মত বেহায়া লোক দুনিয়ায় বোধ হয় দ্বিতীয় নাই! আমি তোমাকে স্পষ্ট ভাষায় বলিয়াছি—তোমার মক্কেলের ঘরে যত টাকা আছে তাহা সমস্ত দিলেও সে ঐ কৌটা পাইবে না; তথাপি তুমি বারংবার বেহায়ার মত—"

ওয়াল্‌ডো বলিল, "হাঁ, আমি ব্যবসাদার মানুষ; সুতরাং আমার চক্ষুলজ্জা একটু কম—একথা স্বীকার করা আমার পক্ষে লজ্জার বিষয় নহে। বিশেষতঃ, পূর্ব্বে ত আমি ঐ কৌটার জন্য আপনাকে দশ হাজার গিনি দিতে—"

লর্ড ব্ল্যাকৃউড সরোষে বলিলেন, "তোমার দশ হাজার গিনি আমি দশ ফার্দিং অপেক্ষাও তুচ্ছ মনে করি। আমি তোমার অর্থে পদাঘাত করি। যাও, তোমার মক্কেলকে গিয়া জানাও—আমার সেই কৌটা বিক্রয়ের জন্য ক্রয় করা হয় নাই।"

ওয়াল্‌ডো লর্ড ব্ল্যাকৃউডের কথা শুনিয়া উল্লাসভরে মুখ বাঁকাইল। সে জানিত লর্ড ব্ল্যাকৃউডের নিকট সে ঐরূপই উত্তর পাইবে, এবং ঐরূপ উত্তরেই তাহার অভিষ্টসিদ্ধি হইবে। লর্ড ব্ল্যাকৃউড্ জানিতেন—তিনি যে মূল্যে বর্জ্জিয়া-

কৌটা ক্রয় করিয়াছেন, কৌটাটির প্রকৃত মূল্য তাহা অপেক্ষা অনেক অধিক। (was worth far more than he had given for it.) মেট্‌ল্যাণ্ড যখন সেই কৌটার জন্য দশ হাজার গিনি প্রদান করিতে উদ্যত হইয়াছে তখন তাহার প্রকৃত মূল্য যে অনেক অধিক, ইহা মেট্‌ল্যাণ্ডের ন্যায় অভিজ্ঞ ব্যবসায়ীর সুবিদিত—এ কথাও তিনি তৎক্ষণাৎ বুঝিতে পারিলেন। তাঁহার জিদ আরও বাড়িয়া গেল! তিনি যে দুষ্প্রাপ্য প্রাচীন শিল্পদ্রব্য সংগ্রহ করিয়াছেন, অন্য লোক তাহা হস্তগত করিবার জন্য ব্যাকুল হইয়াছে—ইহা বুঝিতে পারায় সেই কৌটার প্রতি তাঁহার শ্রদ্ধাও শত গুণ বাড়িয়া গেল।

ওয়াল্‌ডো কৃত্রিম কোপ প্রকাশ করিয়া বলিল, "আমি নিজের দায়িত্বে সেই কৌটার জন্য বার হাজার গিনি পর্য্যন্ত দিতে রাজী আছি। আপনি আমার উপদেশ ধীর ভাবে চিন্তা করিয়া দেখুন। হাঁ, সেই কৌটার মূল্য আপনি ঠিক বার হাজার গিনিই পাইবেন; আপনি আর মোচড় দিয়া দর বাড়াইবার চেষ্টা করিবেন না। আমি এখনও আপনাকে সতর্ক করিতেছি—"

ওয়াল্‌ডোর কথা শুনিয়া লর্ড ব্ল্যাক্‌উডের প্রধূমিত ক্রোধানল মুহূর্ত্ত মধ্যে প্রচণ্ডবেগে জ্বলিয়া উঠিল, যেন সেই তারের অন্য ধারে বোমা ফাটিল!

লর্ড ব্ল্যাক্‌উড্ ক্রোধে অধীর হইয়া বিকৃত স্বরে বলিলেন, "তুমি আমাকে উপদেশ দিতে আসিয়াছ? আমাকে সতর্ক করিতেছ?—ওরে রাস্‌কেল্, তোর এত দম্ভ! এতদূর স্পর্দ্ধা! আমার সঙ্গে তুই এই ভাষায় আলাপ করিতে সাহস করিতেছিস্! তোকে পদাঘাত করিলেও যে আমার জুতা অস্পৃশ্য হইয়া উঠে!"

ওয়াল্‌ডো কম্পিত স্বরে বলিল, "থামো লাট সাহেব! টাকার গরমে তুমি যে মানুষকে মানুষ জ্ঞান কর না! এ সেকাল নহে, একালে সকল মানুষ সমান; বাপ দাদার নামে একালে আর কেহ সমাজের মাথায় চড়িয়া ইচ্ছামত হুকুম চালাইতে পারিবে না। বংশ-মর্য্যাদা ধূলায় লুটাইতেছে; অক্ষম আভিজাত্য পদদলিত হইতেছে। এইজন্য আমি যেরূপ ইচ্ছা, সেইরূপ সুরে কথা বলিবার অধিকারী। (I am in a position to adopt any tone I please.)

আমার আর একটা কথাও শুনিয়া রাখ লর্ড ব্ল্যাক্‌উড্‌! তোমার সেই কৌটা আমাকে লইতেই হইবে; সে জন্য যদি—"

লর্ড ব্ল্যাক্‌উড্‌ বলিলেন, "ওরে শয়তান! তোর এতদূর সাহস যে—"

ওয়াল্‌ডো বলিল, "বদ্‌জবান করিও না লর্ড ব্ল্যাক্‌উড্‌! নিজের সম্মান নিজের কাছে—এ কথা তুমি ভুলিয়া যাইতেছ। তোমার টাকা আছে বলিয়া ভাবিয়াছ তুমি যাহা খুসি তাহাই করিবে! (Just because you are rich, you imagine you can do as you please.) শোন লর্ড ব্ল্যাক্‌উড্‌ তোমার মত যাহারা সখের খাতিরে ঐ সকল দুষ্প্রাপ্য সামগ্রী সংগ্রহ করে, তাহারা এই ব্যবসায়ের জঞ্জাল স্বরূপ। (a nuisance to the trade.) আমি মুক্তকণ্ঠে তোমাকে বলিতেছি—সেই বর্জ্জিয়া-কৌটা ছলে বলে কৌশলে যেরূপে পারি—আমি হস্তগত করিবই। আমার কথা বুঝিয়াছ?"

লর্ড ব্ল্যাক্‌উড্‌ রুদ্ধশ্বাসে বলিলেন, "ওরে পাজী রাস্কেল, ঝগ্‌ড়াটে বদ্‌মায়েস! আমি তোকে কি রকম শিক্ষা দিব তা শীঘ্রই তুই—"

কথা শেষ না করিয়াই লর্ড ব্ল্যাক্‌উড্‌ টেলিফোনের রিসিভার নামাইয়া রাখিলেন; ওয়াল্‌ডো আর কোন কথা শুনিতে পাইল না। সে 'টেলিফোন-বক্স' ত্যাগ করিয়া মনে মনে বলিল, "লর্ড ব্ল্যাক্‌উডের নিকট মিঃ মেট্‌ল্যাণ্ডকে যে বর্ণে চিত্রিত করিয়া রাখিলাম, তাহা আমার কার্য্যসিদ্ধির অনুকূল হইবে। লর্ড ব্ল্যাক্‌উড্‌ বোধ হয় রাগের চোটে দুই হাতে মাথার চুল ছিঁড়িতেছেন! মেট্‌ল্যাণ্ড সম্বন্ধে তাঁহার অতি উচ্চ ধারণা হইয়াছে সন্দেহ নাই। যাহা হউক, আমার কার্য্য-সিদ্ধি হইবে। মাছ ঠিক টোপ গিলিয়াছে; আজ রাত্রি শেষ হইবার পূর্ব্বেই আমি তাহাকে খেলাইয়া ডাঙ্গায় তুলিতে পারিব।" I'll land him before the night's out,)

চতুর্থ ধাক্কা

আধঘণ্টায় কার্য্যসিদ্ধি

রাত্রি এগারটার সময় ছদ্মবেশধারী ওয়াল্‌ডো অস্‌কার মেট্‌ল্যাণ্ডের বাসগৃহের দ্বারে উপস্থিত হইয়া বৈদ্যুতিক বোতামে আঙ্গুলের খোঁচা দিল। মেট্‌ল্যাণ্ড আগ্রহের সহিত মিঃ হারকোর্টের প্রতীক্ষা করিতেছিল। সে ওয়াল্‌ডোর সাড়া পাইয়া তাড়াতাড়ি নীচে আসিয়া দ্বার খুলিয়া দিল। তাহার পর সসম্ভ্রমে অভিবাদন করিয়া বিনীত ভাবে বলিল, "আসুন মিঃ হারকোর্ট! ভিতরে আসুন; এই গরীবের ঘরে আপনার পদার্পণ আমার পরম সৌভাগ্যের বিষয়।"

ওয়াল্‌ডো একখানি মূল্যবান মোটর-গাড়ীতে মেট্‌ল্যাণ্ডের গৃহদ্বারে উপস্থিত হইয়াছিল; তাহার পরিচ্ছদ ও মূল্যবান; পরিচ্ছদের পারিপাট্য দেখিলে তাহাকে ধনাঢ্য লোক বলিয়া বুঝিতে পারা যাইত। পোষাক পরিচ্ছদে কোন দিন তাহার আড়ম্বরের অভাব লক্ষিত হইত না। ছদ্মবেশ-ধারণের জন্যও তাহাকে তেমন আয়াস স্বীকার করিতে হয় নাই। তাহার ধারণা ছিল—পরিচ্ছদের আড়ম্বর অপেক্ষা বাক্‌পটুতাতেই সে মেট্‌ল্যাণ্ডকে ভুলাইতে পারিবে। চক্ষু-দু'টি ঢাকিবার জন্য সে একজোড়া শিং-বাঁধানো চশমা ব্যবহার করিয়াছিল; স্বার্থান্ধ মেট্‌ল্যাণ্ডকে প্রতারিত করিবার জন্য সে তাহাই যথেষ্ট মনে করিয়াছিল। ওয়াল্‌ডো তিন দিন পূর্ব্বে মেট্‌ল্যাণ্ডের জানালা ভাঙ্গিয়া মোটর-সাইক্লে তাহার দোকানে প্রবেশ করিয়াছিল বটে, কিন্তু মেট্‌ল্যাণ্ড সে দিন ওয়াল্‌ডোর মুখ দেখিবার সুযোগ পায় নাই, এবং ওয়াল্‌ডোকে সে চিনিত না; সুতরাং সে মিঃ হারকোর্ট নহে, এরূপ সন্দেহের কোন কারণ ছিল না। ইহার উপর ওয়াল্‌ডো এরূপ আড়ম্বরপ্রিয় ও বিলাসী ছিল, এবং তাহার কণ্ঠস্বরে আমেরিকান্‌দের স্বভাবসুলভ কথার এরূপ টান ছিল যে, তাহার কথা শুনিলে সকলেরই তাহাকে আমেরিকান বলিয়া ধারণা হইত। মেট্‌ল্যাণ্ড তাহাকে দেখিবামাত্র বিশ্বাস করিল—সে ওঁটিস্‌

হারকোর্ট।— সে ওয়াল্‌ডোকে সঙ্গে লইয়া মহানন্দে তাহার খাস-কামরায় প্রবেশ করিল।

ওয়াল্‌ডো চেয়ারে বসিয়া বলিল, "দেখুন মিঃ মেট্‌ল্যাণ্ড, এই গভীর রাত্রে আপনাকে বিরক্ত করিতে আসিলাম, এ জন্য আমি আন্তরিক সঙ্কোচ বোধ করিতেছি। এ রকম অসময়ে কি কেহ কোনও ভদ্রলোকের সঙ্গে দেখা করিতে আসে? আমরা আমেরিকান, আপনাদের মত আদব-কায়দার তেমন পক্ষপাতী নহি; ওদিকে আমাদের লক্ষ্য কম। বিশেষতঃ, হাতে যখন কোন কাজ আসিয়া পড়ে—তখন সেটি সময় কি অসময়, সে দিকে আদৌ আমাদের দৃষ্টি থাকে না। আমার বিশ্বাস, আমাদের এই সকল ত্রুটি আপনাদের অনেকেই অমার্জ্জনীয় মনে করেন।"

মেট্‌ল্যাণ্ড ব্যগ্রভাবে বলিল, "না মিঃ হারকোর্ট, যাঁহারা কাযের লোক, তাঁহাদের ছোটখাট ত্রুটি উপেক্ষা না করিলে কি কায চলে? আমাদের দেশের অনেক বড় লোকের ধারণা আপনারই ধারণার অনুরূপ। কাযের কি সময় অসময় আছে? কায পড়িলে গভীর রাত্রেও তিন ক্রোশ দূরে দৌড়াইয়া যাইতে হয়। আপনি যদি কোন কাযের জন্য রাত্রিশেষে আমাকে ডাকিয়া তুলিতেন, তাহা হইলে আমি বিন্দুমাত্র অসন্তুষ্ট হইতাম না।"

ওয়াল্‌ডো হাসিয়া বলিল, "আপনার মত কাযের লোকের কাছে ঐ রকম কথাই শুনিতে ভালবাসি মিঃ মেট্‌ল্যাণ্ড! যাহা হউক, এখন কাযের কথার আলোচনা করা যাউক; তাহাতে বোধ হয় আপনার আপত্তি হইবে না।"

মেট্‌ল্যাণ্ড সোৎসাহে বলিল. "আপত্তি হইবে? আমার! আমার নিশ্চয়ই কোন আপত্তি নাই। আপনি দয়া করিয়া আমাকে যৎসামান্য অতিথি-সৎকারের অনুমতি প্রদান করুন। আপনার উপযুক্ত পানীয় আমি কোথায় পাইব? তথাপি আমার যাহা সঞ্চিত আছে—আপনি তাহারই সদ্ব্যবহার করিলে আনন্দিত হইব।"

মেট্‌ল্যাণ্ড কাবোর্ডের নিকট উপস্থিত হইয়া কয়েক বোতল হুইস্কি, ব্রাণ্ডি, লিকার, সোডা প্রভৃতি বাহির করিয়া আনিল। সে সেগুলি টেবিলে সাজাইয়া

রাখিলে ওয়াল্‌ডো হাসিয়া বলিল, "আমাকে একটু হুইস্কি দিলেই চলিবে। আপনারও বোধ হয় হুইস্কিতে আপত্তি হইবে না।—ঐ কোণে যে টেবিলখানি দেখিতেছি উহা ত বড়ই অদ্ভুত জিনিস! কেমন, অদ্ভুত নহে কি? আমি বহুদিন হইতে ঐ রকম একখানি টেবিল কিনিবার চেষ্টা করিতেছি।"

ওয়াল্‌ডোর কথা শুনিয়া মেট্‌ল্যাণ্ড মুখ ফিরাইয়া মুহূর্ত্তের জন্য সেই টেবিল-খানির দিকে দৃষ্টিপাত করিল। ওয়াল্‌ডো সেই সুযোগে তাহার সম্মুখস্থিত ছুইটি গ্ল্যাসের একটির ভিতর একটি ক্ষুদ্র বড়ি নিক্ষেপ করিল! বড়িটির বর্ণ এরূপ যে, তাহা গ্ল্যাসের ভিতর নিক্ষিপ্ত হইবামাত্র গ্ল্যাসের রঙ্গের সঙ্গে মিশিয়া অদৃশ্য হইল। চক্ষুর নিমেষে এরূপ তৎপরতার সহিত ওয়াল্‌ডো এই কায করিল যে, মেট্‌ল্যাণ্ড তাহা জানিতে পারিল না।

মেট্‌ল্যাণ্ড ওয়াল্‌ডোর মুখের দিকে চাহিয়া বলিল, "ঐ টেবিলখানা? উহাই কিনিবার জন্য আপনার আগ্রহ হইয়াছে মিঃ হারকোর্ট? টেবিলখানি আশ্চর্য্য জিনিস বটে; প্রাচীন যুগের দারু-শিল্পের আদর্শস্থানীয়। সৌন্দর্য্যের রাণী ক্লিয়োপেট্রা প্রসাধনের সময় ঐ টেবিলখানিই ব্যবহার করিতেন, সুতরাং উহার সহিত তাঁহার মধুর স্মৃতি বিজড়িত। টেবিলখানি সংগ্রহ করিবার জন্য আমাকে বহু অর্থ ব্যয় করিতে হইয়াছিল। আপনি আদেশ করিলে উহা আপনার হোটেলে পাঠাইতে পারি। জহরী ভিন্ন কি অন্য লোক জহরতের মর্য্যাদা বুঝিতে পারে? উপযুক্ত জিনিসেই আপনার লোভ হইয়াছে!"

ওয়াল্‌ডো হাসিয়া বলিল, "হাঁ, লোভে আমার জিহ্বায় লালা সঞ্চার হইয়াছে!" —মেট্‌ল্যাণ্ড ওয়াল্‌ডোর কথা শুনিয়া আনন্দে বিহ্বল হইল। সেই টেবিলখানি সুদৃশ্য হইলেও তাহা প্রাচীনও নহে, দুর্লভও নহে। সে টেবিলখানি বিক্রয় করিয়া কত টাকা লাভ করিবে—মনে মনে তাহারই আলোচনা করিতে লাগিল। মেট্‌ল্যাণ্ড জানিত আমেরিকান কুবেরগুলি অত্যন্ত বুদ্ধিমান ও চতুর হইলেও তাহাদিগকে প্রতারিত করিয়া অর্থ সংগ্রহ করা ইংরাজের পক্ষে কঠিন নহে; তবে কোথায় তাহাদের দুর্ব্বলতা তাহা আবিষ্কার করা প্রয়োজন।

ওয়াল্‌ডো একটি গ্ল্যাসে হুইস্কি ঢালিয়া তাহা পান করিল, এবং পরিতৃপ্তি

স্বরে বলিল, "আপনি খাঁটি জিনিস রাখেন, মিঃ মেট্‌ল্যাণ্ড! এ রকম হুইস্কি সত্যই এ দেশে দুর্ল্লভ।"

মেট্‌ল্যাণ্ড হাসিয়া বলিল, "আমার সৌভাগ্য যে, উহা আপনার ভাল লাগিয়াছে; আমি খারাপ জিনিস ব্যবহার করিতে পারি না।"—সে অন্য গ্ল্যাসটিতে খানিক হুইস্কি ঢালিয়া এক নিশ্বাসে পান করিল। এই গ্ল্যাসেই ওয়াল্‌ডো সেই বিষ-বড়িটি ফেলিয়া রাখিয়াছিল।

মেট্‌ল্যাণ্ড গ্ল্যাসটি টেবিলের উপর নামাইয়া রাখিয়া চেয়ারে সোজা হইয়া বসিল, এবং উভয় করতল একত্র করিয়া আড়ষ্ট স্বরে বলিল, "মিঃ হারকোর্ট আমার বিশ্বাস,—আ—আমি আপনার নিকট ক্ষ—ক্ষ—ক্ষমা প্রার্থনা করিতেছি। আ—আ—আমার শ—শ—শরীর তেমন ভা—ভা—ভাল বোধ হইতেছে না। বোধ হয় আ—আ—আকস্মিক উ—উ—উত্তেজনার জ—জ—জন্যই—" তাহার কণ্ঠস্বর বিকৃত, তোতলার মত তাহার কথা বাধিয়া যাইতেছিল; সেই অবস্থায় মুহূর্ত্তমধ্যে তাহার কণ্ঠরোধ হইল। সঙ্গে সঙ্গে সে চেয়ারের হাতায় মাথা রাখিয়া ঢলিয়া পড়িল। তাহার সংজ্ঞা বিলুপ্ত হইল; অঙ্গ প্রত্যঙ্গগুলিও অসাড় হইল। দেহ যেন প্রাণহীন!

ওয়াল্‌ডো তীক্ষ্ণ দৃষ্টিতে তাহার মুখের দিকে চাহিয়া রুদ্ধ নিশ্বাসে বসিয়া রহিল, এক মিনিট সে নিশ্চেষ্ট ভাবে অপেক্ষা করিল।

এক মিনিট পরে ওয়াল্‌ডো অস্ফুট স্বরে বলিল, "এক মিনিটই যথেষ্ট, আর অধিক বিলম্ব করিবার প্রয়োজন নাই। মিঃ মেট্‌ল্যাণ্ড! তুমি অসাধারণ চতুর; তোমার অবস্থা দেখিয়া আমার দুঃখ হইতেছে, কিন্তু উপায় কি? তোমার প্রতি সহানুভূতি প্রকাশের ভান করা আমার অসাধ্য। আমাকে দায়ে পড়িয়া একটু কপটতার আশ্রয় গ্রহণ করিতে হইয়াছে, নতুবা তোমাকে জেলে পুরিবার ব্যবস্থা করা কঠিন হইত।"

মেট্‌ল্যাণ্ডের অবস্থা দেখিয়া ওয়াল্‌ডো বিন্দুমাত্র ব্যাকুলতা প্রকাশ করিল না। সে তৎক্ষণাৎ অবশিষ্ট কার্য্য শেষ করিবার জন্য তৎপর হইল। মেট্‌ল্যাণ্ড বিষ-মিশ্রিত হুইস্কি পান করিয়াছিল তাহা সে জানিতে বা বুঝিতে পারে নাই।

কিরূপেই বা বুঝিবে? ওয়াল্‌ডো তাহার গ্লাসে যে বড়িটি নিক্ষেপ করিয়াছিল, তাহা কোন প্রকার সাংঘাতিক বিষ নহে, হুইস্কির সহিত তাহা গলাধঃকরণ করিয়া তাহার কোন অনিষ্টেরও আশঙ্কা ছিল না; তবে তাহা সেবনের পর চল্লিশ পঁয়তাল্লিশ মিনিট তাহার চেতনা-সঞ্চারের সম্ভাবনা ছিল না। ওয়াল্‌ডো জানিত—তাহার কার্য্যসিদ্ধির জন্য এই সময়টুকুই যথেষ্ট। এক ঘণ্টা পরে মেট্‌ল্যাণ্ড সম্পূর্ণ প্রকৃতিস্থ হইবে—এবিষয়ে ওয়াল্‌ডোর বিন্দুমাত্র সন্দেহ ছিল না। মেট্‌ল্যাণ্ডকে হত্যা করিবার ইচ্ছা থাকিলে সে অনায়াসেই কোন প্রকার সাংঘাতিক বিষ ব্যবহার করিতে পারিত; কিন্তু সে সার রড্‌নের নিকট অঙ্গীকার করিয়াছিল—শত্রুদমনের জন্য সে যে উপায়ই অবলম্বন করুক, নরহত্যা করিবে না। ওয়াল্‌ডো আর যাহাই হউক, নরহন্তা নহে।

ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের অসাড় দেহের দিকে চাহিয়া বলিল, "এখন কায আরম্ভ করিতে পারি। শিকার টোপ গিলিয়াছে, এখন উহাকে খেলাইয়া তুলি।"

ওয়াল্‌ডো বুঝিয়াছিল—সেই অট্টালিকায় তখন অন্য কোন লোক ছিল না; সুতরাং তাহার কাযে বাধা পাইবার সম্ভাবনা ছিল না। ওয়াল্‌ডো সর্ব্ব প্রথমে এক অদ্ভুত কায করিল। সে মেট্‌ল্যাণ্ডের চেয়ারের সম্মুখে জানু পাতিয়া বসিয়া তাহার পা হইতে জুতা-জোড়াটা খুলিয়া লইল, এবং দুই-পাটী জুতাই সতর্কভাবে পরীক্ষা করিল; তাহার পর অস্ফুট স্বরে বলিল, "বোধ হয় একটু কষা হইবে; তা হউক, কোন রকমে কায চালাইতে পারিব।"

অতঃপর সে উঠিয়া দাঁড়াইয়া, নিজের জুতা খুলিয়া রাখিয়া মেট্‌ল্যাণ্ডের জুতা-জোড়াটা পরিয়া লইল। তাহা তাহার পায়ে একটু কষা হওয়ায় মুহূর্ত্তের জন্য সে মুখ বিকৃত করিল, কিন্তু তাহা খুলিয়া ফেলিল না। সে পকেট হইতে পকেট-বহি বাহির করিয়া পকেট-বহির একখানি সাদা পাতা ছিঁড়িয়া লইল। ওয়াল্‌ডোর উভয় হস্ত সাময়-চামড়ার দস্তানা দ্বারা আচ্ছাদিত থাকায়, সেই কাগজে তাহার অঙ্গুলি স্পর্শ হইল না। সে সেই কাগজখানি মেট্‌ল্যাণ্ডের হাতের কাছে লইয়া গিয়া, কাগজখানির এক প্রান্ত তাহার বুড়া আঙ্গুল ও তর্জ্জনীর ভিতর পুরিয়া দিল, এবং সেই আঙ্গুল দুটি কাগজের উপর টিপিয়া ধরিয়া মুহূর্ত্তপরে কাগজখানি

সরাইয়া লইল। মেট্‌ল্যাণ্ড সচেতন অবস্থায় সেই কাগজখানির সেই মুড়া উক্ত উভয় অঙ্গুলি দ্বারা চাপিয়া ধরিলে যেরূপ হইত, তাহার অচেতন অবস্থায় সেইরূপই করা হইল। তাহার অঙ্গুলির সাহায্যে কি করা হইল—তাহা মেট্‌ল্যাণ্ড জানিতে পারিল না।

ওয়াল্‌ডো সেই কাগজখানির দিকে চাহিয়া বলিল, "ইহাতে উহার অঙ্গুলি-চিহ্ন নিখুঁত ভাবেই পাওয়া যাইবে। এখন তাহা দেখিতে পাওয়া যাইতেছে না বটে, কিন্তু এই অদৃশ্য অঙ্গুলি-চিহ্ন পুলিশের দৃষ্টি অতিক্রম করিবে না।"

ওয়াল্‌ডো দস্তানামণ্ডিত অঙ্গুলির সাহায্যে একখানি সাদা লেফাপা খুলিয়া, সেই কাগজখানি ভাঁজ করিয়া সতর্কতা সহকারে লেফাপার ভিতর পুরিয়া ফেলিল। তাহার পর লেফাপাখানি নিজের কোটের পকেটে রাখিয়া দিল।

এই কার্য্য শেষ হইলে ওয়াল্‌ডো আর যাহা করিল, তাহা আরও অধিক বিচিত্র ব্যাপার! সে মেট্‌ল্যাণ্ডের জামার দক্ষিণ হস্তের হাতার এক-টুক্‌রা কাপড়—কনুইয়ের ঠিক নীচের দিক হইতে ছিঁড়িয়া লইল। জামা কোন গোঁজে বা পেরেকে বাধিলে যে ভাবে তাহা ছিঁড়িয়া যায়, এবং ছিন্ন অংশটা সেই পেরেকে বা গোঁজে বাধিয়া থাকিলে যেরূপ দেখায়, সেই ভাবেই ওয়াল্‌ডো তাহা ছিঁড়িয়া লইয়া পকেটে ফেলিল।

ওয়াল্‌ডো হৃষ্ট চিত্তে মাথা নাড়িয়া বলিল, "ঠিক হইয়াছে, অত্যন্ত সহজ; ইহাতে জটিলতার লেশমাত্র নাই। অবস্থাটা বুঝিবার জন্য মাথা ঘামাইবার প্রয়োজন হইবে না; অথচ যেটুকু প্রমাণের প্রয়োজন, তাহা সংগ্রহের জন্য ইহাই যথেষ্ট। হাঁ, এ প্রমাণ অকাট্য।"

অতঃপর ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের পকেট হইতে তাহার চাবির গোছাটা বাহির করিয়া লইল। সে সেই কক্ষের দ্বার খুলিয়া রাখিয়া, সিঁড়ি দিয়া নীচে নামিল, এবং পথে আসিয়া তাড়াতাড়ি চলিতে লাগিল। মেট্‌ল্যাণ্ড চেয়ারের উপর যে ভাবে বসিয়া ছিল, সেই ভাবেই বসিয়া রহিল। দেহ সেইরূপ অসাড়, চেতনা-সঞ্চারের কোন চিহ্ন লক্ষিত হইল না।

ওয়াল্‌ডো নাইট্‌স্‌-ব্রীজ পল্লী অতিক্রম করিয়া তাড়াতাড়ি শ্লোন ষ্ট্রীটে প্রবেশ করিল। সে মুহূর্ত্তের জন্য থামিল না, বা পশ্চাতে দৃষ্টিপাত করিল না।

শ্লোন স্কোয়ারে প্রবেশ করিয়া সে একটি অট্টালিকার পশ্চাতে উপস্থিত হইল; এই অট্টালিকার বিভিন্ন অংশ সে সেই দিন দিবাভাগে পরীক্ষা করিয়াছিল; এজন্য কর্ত্তব্য স্থির করিতে তাহার অধিক বিলম্ব হইল না।

এই অট্টালিকাটি লর্ড ব্ল্যাকৃউডের লণ্ডনস্থ বাসভবন। ওয়াল্‌ডো ঘড়ির দিকে চাহিয়া দেখিল—রাত্রি তখন এগারটা কুড়ি মিনিট। সে দেখিল—সেই অট্টালিকার প্রত্যেক কক্ষ দীপালোকে সমুদ্ভাসিত। জানালা দিয়া প্রতি-কক্ষের আলোক দেখা যাইতেছিল। ওয়াল্‌ডো সেই অট্টালিকার কোন অংশে জনমানবের সাড়া না পাওয়ায় বুঝিতে পারিল—গৃহবাসীগণ সকলেই নিদ্রিত।

অট্টালিকাটির পশ্চাতে একটি গলি-পথ ছিল। সেই পথে কোন পথিকের সাড়াশব্দ ছিল না, পথ নির্জ্জন। ওয়াল্‌ডো সেই পথে আসিয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিল, তাহার পর এক লাফে ছয় ফিট উচ্চ একটি প্রাচীর পার হইয়া অট্টালিকার পশ্চাদ্বর্ত্তী আঙ্গিনায় উপস্থিত হইল! সেই দিকে সে যে কয়েকটি জানালা দেখিতে পাইল—তন্মধ্যে একটি জানালার গরাদেগুলি স্থূল ও সুদৃঢ়। সেই জানালার নীচে আঙ্গিনার যে অংশটুকু দেখা যাইতেছিল, তাহা লাল আল্‌গা শুরকী দ্বারা আবৃত। শুরকীগুলি টাট্‌কা, তখন পর্য্যন্ত তাহা চূণ মিশাইয়া দুরমুসের সাহায্যে বসাইয়া দেওয়া হয় নাই।

ওয়াল্‌ডো সেই আল্‌গা শুরকীর উপর জোরে জোরে পা ফেলিয়া চলিতে লাগিল; আল্‌গা শুরকীর ভিতর তাহার পা বসিয়া যাইতে লাগিল। শুরকীর উপর জুতার দাগ সে সুস্পষ্টরূপে দেখিতে পাইল। অতঃপর সে পূর্ব্বোক্ত জানালার ধারির উপর উঠিয়া জানালার স্থূল গরাদে দুইটি দুই হাতে চাপিয়া ধরিল, এবং তাহা এরূপ জোরে আকর্ষণ করিল যে, সেই সুদৃঢ় গরাদে ধনুকের মত বাঁকিয়া চৌকাঠের ভিতর হইতে ঠেলিয়া বাহির হইল!

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "গরাদে ধরিয়া টানিবামাত্র বেতের মত বাঁকিয়া

গেল! এই রকম গরাদে বসাইয়া ইহারা কুঠুরীগুলি সুরক্ষিত ও নিরাপদ মনে করে!"

কিন্তু ওয়াল্‌ডোর বাহুতে অসীম বল। সে দুই হাতে সেই জানালার গরাদে টানিয়া, ঐ ভাবে তাহাদের নীচের অংশটা চৌকাঠ হইতে বাহির করিয়া এরূপ জোরে চাপ দিল যে, তাহা বাঁকিয়া উপরের দিকে উঠিল। তখন সে সেই ফাঁকের ভিতর দিয়া ঘরের ভিতর প্রবেশ করিল। জানালার খড়খড়ি বন্ধ ছিল বটে, কিন্তু তাহার ছিট্‌কিনি খুলিতে এক মিনিটও বিলম্ব হইল না!

কুঠুরীর ভিতর গিয়া ওয়াল্‌ডো বিজলি-বাতির আলোকে সেই কক্ষের প্রত্যেক অংশ দেখিয়া লইল। সেই কক্ষটি পরীক্ষা করিয়া সে বুঝিতে পারিল তাহা লর্ড ব্ল্যাক্‌উডের ধনাগার। (treasure chamber.) সেই কক্ষে সে বহুমূল্য, দুষ্প্রাপ্য ও বহু প্রাচীন ইতিহাস-বিখ্যাত শিল্পসম্ভার নানাভাবে সুসজ্জিত দেখিল। কোন সাধারণ তস্কর সেই কক্ষে প্রবেশ করিয়া নিরাশ হইত; কারণ সেই সকল সামগ্রী অপহরণ করিয়া সে বিক্রয় করিতে পারিত না, এবং কতকগুলি এরূপ বৃহৎ যে, সেগুলি চুরি করিয়া লইয়া যাইবারও উপায় ছিল না। লর্ড ব্ল্যাকউড্‌ সেই কক্ষটি সর্ব্বাপেক্ষা অধিক সুরক্ষিত মনে করিয়া লক্ষ লক্ষ পাউণ্ড মূল্যের বিচিত্র শিল্পসম্ভার সেই কক্ষেই সঞ্চিত রাখিয়াছিলেন। কিন্তু সেই কক্ষে প্রবেশ করিতে ওয়াল্‌ডোর কষ্ট হয় নাই। প্রাচীন যুগের তৈজস-পত্র, নানাপ্রকার মুদ্রা, কত অদ্ভুত আকারের মূর্ত্তি—কতকগুলি ধাতুনির্ম্মিত, কতকগুলি দারুময় বা মৃন্ময়, নানা আকারের অস্ত্র-শস্ত্র! ওয়াল্‌ডো এই সকল সামগ্রী স্পর্শ করিল না। অবশেষে সে ঐ সকল সামগ্রীর মধ্যস্থলে একখানি টেবিলের উপর বর্জ্জিয়া-কৌটাটি সংস্থাপিত দেখিল। তাহা একটি সো-কেসে আবদ্ধ ছিল। ওয়াল্‌ডো সেই সো-কেস্‌টি অবলীলাক্রমে খুলিয়া বর্জ্জিয়া-কৌটাটি বাহির করিয়া লইল। তাহার পর সে সো-কেস্‌ বন্ধ করিয়া, যে পথে সেই কক্ষে প্রবেশ করিয়াছিল, কৌটাসহ সেই পথেই তাহা ত্যাগ করিল। সে জানালা হইতে নামিবার সময় মেট্‌ল্যাণ্ডের জামার ছেঁড়া টুকরাটুকু জানালায় বাঁকা গরাদের মাথায় বাধাইয়া রাখিল।

অতঃপর ঠিক কুড়ি মিনিটের মধ্যে সে মেট্‌ল্যাণ্ডের খাস-কামরায় প্রত্যাগমন করিল। সে দেখিল—মেট্‌ল্যাণ্ড তখনও সেই ভাবেই চেয়ারে উপবিষ্ট, এবং জোরে জোরে তাহার নিশ্বাস পড়িতেছিল। মেট্‌ল্যাণ্ডের চেতনা সঞ্চারের আরও কিছু বিলম্ব আছে বুঝিয়া সে নিশ্চিন্ত হইল, এবং প্রথমেই মেট্‌ল্যাণ্ডের জুতা-জোড়াটা খুলিয়া রাখিল; তাহার পর লাইব্রেরী হইতে তাড়াতাড়ি ঘুরিয়া আসিয়া মেট্‌ল্যাণ্ডের চাবিগুলি তাহার পকেটে ফেলিয়া রাখিল, এবং ঘড়ির দিকে চাহিয়া দেখিল তখন বারটা বাজিতে পাঁচ মিনিট মাত্র বাকি আছে!

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "বন্ধুর ত এখনই চেতনা সঞ্চার হইবে, কিন্তু ঘড়িতে যে বারটা বাজে!—ঘড়ির দিকে চাহিলে উহার মনে সন্দেহ হইতে পারে; সন্দেহ দূর করিবার ব্যবস্থা না করিলে চলিতেছে না।"

ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের সম্মুখে ঝুঁকিয়া-পড়িয়া তাহার বুকের পকেট হইতে সোনার ঘড়ি বাহির করিল, এবং তাহার কাঁটা ঘুরাইয়া এগারটা দশ মিনিট করিল। ঘড়িটি তাহার পকেটে রাখিয়া, ম্যাণ্টল্‌পিস্ স্থিত প্রকাণ্ড ঘড়িটার দিকে চাহিয়া ওয়াল্‌ডো ভাবিল তাহারও সময় পরিবর্ত্তন করা প্রয়োজন। সে সেই ঘড়িরও কাঁটা ঘুরাইয়া দিল; তাহার পর মনে মনে বলিল, "উহার কাঁটা ঘুরাইয়া দিলাম বটে, কিন্তু উহার বাজিবার কলের (striking mechanism) কোন পরিবর্ত্তন করা হইল না। বড় কাঁটা বারটার ঘরে আসিলেই একটা বাজিবে; তাহা শুনিলে মেট্‌ল্যাণ্ডের মনে সন্দেহ হইবে। কিন্তু উপায় কি? এই ত্রুটি সংশোধনের এখন আর সময় নাই। ইহার পর মেট্‌ল্যাণ্ড যদি আমাকে সন্দেহ করে তাহাতেই বা ক্ষতি কি? আমার কায শেষ হইয়াছে।"

ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের চেতনা সঞ্চারের প্রতীক্ষায় বসিয়া রহিল। দুই মিনিটের মধ্যেই মেট্‌ল্যাণ্ডের চেতনার লক্ষণ লক্ষিত হইল; তখন ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের হাঁটুতে আঙ্গুলের খোঁচা দিয়া সশব্দে কাশিয়া উঠিল, এবং তাহার মুখের দিকে চাহিয়া দাঁত বাহির করিয়া হাসিতে লাগিল। সে জানিত মেট্‌ল্যাণ্ডের গ্লাসে সে যে চেতনানাশক ঔষধ রাখিয়াছিল, তাহা সেবন করিয়া কিছুকালের জন্য তাহার চেতনা বিলুপ্ত হইয়াছিল বটে, সে অবসাদ অনুভব করিবে না, বা মাথায়

ভার বোধও করিবে না ; বিন্দু মাত্র সন্দেহ তাহার মনে স্থান পাইবে না। সে কিঞ্চিৎ স্ফূর্ত্তি বোধ করিবে বটে, কিন্তু তাহা হুইস্কি পানের ফল বলিয়াই তাহার ধারণা হইবে।

মেট্‌ল্যাণ্ড চক্ষু মেলিয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিল ; তাহার চক্ষুতে গভীর বিস্ময় পরিস্ফুট ! ওয়াল্‌ডো ঠিক সেই মুহূর্ত্তে হুইস্কির গ্লাসটা টেবিলের উপর নামাইয়া রাখিয়া প্রসন্ন মুখে বলিল, "হাঁ, মিঃ মেট্‌ল্যাণ্ড, আমি আপনাকে সত্য কথাই বলিলাম! এ অতি উৎকৃষ্ট স্কচ্‌ হুইস্কি ; বাজারের সাধারণ জিনিস নহে। এই উৎকৃষ্ট হুইস্কি কোথায় পাইয়াছেন তাহা আপনি নিশ্চয়ই জানেন। আপনাদের দেশের জনসাধারণ মদের দোকান হইতে যে সকল বোতল ক্রয় করে—ইহার সহিত সেগুলির তুলনা হয় না।"

মেট্‌ল্যাণ্ড চারি দিকে চাহিয়া আড়ষ্ট স্বরে বলিল, "না ; আ—আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি মিঃ হারকোর্ট! আমার বিশ্বাস মুহূর্ত্তের জন্য আমি বেহুঁস হইয়াছিলাম!"

ওয়াল্‌ডো তীক্ষ্ণদৃষ্টিতে তাহার মুখের দিকে চাহিয়া বলিল, "বোধ হয়। মিঃ মেট্‌ল্যাণ্ড আপনার চোখ মুখ দেখিয়া মনে হইতেছে আপনি এখনও সম্পূর্ণ প্রকৃতিস্থ হইতে পারেন নাই ; কিন্তু দোষ আমারই। এই গভীর রাত্রে আপনাকে বিরক্ত করিতে আসা আমার পক্ষে সঙ্গত হয় নাই। আমি কাল সকালে আসিয়া সকল কথা শেষ করিব মনে করিতেছি ; আপনিও বোধ হয় তাহাই ভাল মনে করিবেন।"

মেট্‌ল্যাণ্ড ব্যগ্রভাবে বলিল, "না, না, আমি এখন বেশ সাম্‌লাইয়া উঠিয়াছি। হঠাৎ আমার ঐ রকম অবস্থা কেন হইয়াছিল তাহা বুঝিতে পারিতেছি না! আপনি আমার ত্রুটি ক্ষমা করুন মিঃ হারকোর্ট! আপনি যখন দয়া করিয়া এখানে আসিয়াছেন তখন এই রাত্রেই সকল কায শেষ করিলে—"

ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডকে কথা শেষ করিতে না দিয়া তাড়াতাড়ি উঠিয়া দাঁড়াইয়া ঘড়ির দিকে চাহিয়া বলিল ইস্, সাড়ে এগারটা! না, আজ রাত্রে আর কোন কথা হইবে না, মিঃ মেট্‌ল্যাণ্ড! আমি আমার ভ্রম বুঝিতে

পারিয়াছি ; রাত্রি এগারটার সময় আপনার সঙ্গে দেখা করিতে আসা আমার বড়ই অন্যায় হইয়াছিল। আমি পুনর্ব্বার সকালেই এখানে আসিব। কখন আসিলে আপনার অসুবিধা হইবে না বলুন। সকালে সাড়ে দশটার সময়? তখন আপনার ফুরসৎ হইবে ত? বেশ, এই কথাই ঠিক থাকিল; এখন আমি বিদায় লইলাম।”

ওয়াল্‌ডো এরূপ দৃঢ়তার সহিত কথাগুলি বলিল, এবং সে প্রস্থানের জন্য এরূপ ব্যস্ত হইয়াছিল যে, মেট্‌ল্যাণ্ড তাহার প্রস্তাবের প্রতিবাদ করিতে বা তাহার সঙ্কল্পে বাধা দিতে সাহস করিল না। সে মিঃ হারকোর্টকে হাতে পাইয়াও সেই রাত্রে তাঁহাকে কতকগুলা জিনিস গছাইতে পারিল না!—পর দিন সকালে তিনি পুনর্ব্বার আসিবেন কি না, বড় লোকের খেয়াল, হঠাৎ মনের ভাব পরিবর্ত্তিত হইতেও পারে—ইত্যাদি নানা কথা চিন্তা করিয়া সে অত্যন্ত ব্যাকুল হইল। সে অত্যন্ত অনিচ্ছার সহিত ওয়াল্‌ডোকে বিদায় দান করিল।

ওয়াল্‌ডো প্রস্থান করিলে মেট্‌ল্যাণ্ড ক্ষণকাল চিন্তা করিয়া অস্ফুট স্বরে বলিল, “কাল বেলা সাড়ে দশটার সময় নিশ্চয়ই আসিবে বলিল। বড় লোক, কথার খেলাপ হইবে বলিয়া ত মনে হয় না। আমার দুর্ভাগ্য! আধ গ্লাস হুইস্কি টানিয়াই বে-সামাল হইয়া পড়িলাম!”

পঞ্চম ধাক্কা

অঙ্গুলি-চিহ্নের সূত্র

রাত্রি তখন বারটা বাজিয়া গিয়াছিল। মধ্যরাত্রি। লণ্ডনের অধিকাংশ অধিবাসী সুপ্তিমগ্ন। বৃটীশ-রাজধানীর বিপুল কর্ম্ম-কোলাহল কয়েক ঘণ্টার জন্য নৈশ প্রশান্তিতে বিলীন। বেকার ষ্ট্রীট নিস্তব্ধ; কিন্তু মিঃ ব্লেক তখনও তাঁহার উপবেশন-কক্ষে উপবিষ্ট, তখনও তাঁহার হাতের কাজ শেষ হয় নাই; স্মিথও তাঁহার অদূরে বসিয়া নতমস্তকে কাগজ দেখিতেছিল। কয়েক মিনিট পরে তাঁহারা শয়ন-কক্ষে প্রবেশ করিবেন, হঠাৎ টেলিফোন ঝন্-ঝন্ শব্দে বাজিয়া উঠিল।

মিঃ ব্লেক বলিলেন, "রাত্রি বারটা বাজিয়া গিয়াছে, এখন আমাকে কে ডাকিতেছে—সন্ধান লইতে পার স্মিথ! নিশ্চিন্ত হইয়া একটু ঘুমাইব—তাহারও উপায় নাই! কি ঝকমারিতেই পড়া গিয়াছে।"

স্মিথ বলিল, "আক্ষেপ করিয়া ফল নাই কর্ত্তা! বিখ্যাত হওয়ার ও একটা শাস্তি। (one of the penalties of being famous.) আমাদের বাহিরের দরজায় ডাক্তারের মত একখান চৌকা পিতলের চাক্তি আঁটিয়া রাখিলে মন্দ হয় না। তাহাতে লেখা থাকিবে—'সাক্ষাতের সময় বেলা দশটা হইতে একটা, অপরাহ্ণে দুইটা হইতে চারিটা পর্য্যন্ত। ঐ সময়ের পর যাহারা দেখা করিতে আসিবে তাহাদের পক্ষে আপনি 'বাড়ীতে অনুপস্থিত।'—অসময়ে কেহ আপনাকে বিরক্ত করিতে আসিবে না। টেলিফোনের ঝন্ঝনিও থামিয়া যাইবে।"

মিঃ ব্লেক বিরক্তিভরে বলিলেন, "তুমি নিশ্চিন্ত মনে বসিয়া, নির্ব্বিঘ্নে ঘুমাইবার ফন্দী খুঁজিতেছ, ওদিকে হয় ত কোন হতভাগ্য ব্যক্তি বিপন্ন হইয়া, কানের কাছে টেলিফোনের রিসিভার ধরিয়া আমার সাড়া পাইবার আশায় ছটফট্ করিতেছে! লোকটা কে, কি চায়—জিজ্ঞাসা কর, বাজে কথায় সময় নষ্ট করিও না স্মিথ!"

স্মিথ টেলিফোনের রিসিভার হাতে লইয়া সাড়া দিতেই যে উত্তর পাইল—তাহা শুনিয়া চমকিয়া উঠিল। সে বলিল, "কি নাম বলিলেন? আপনি লর্ড ব্ল্যাক্‌উড্?—রাত্রি বারটা বাজিয়া গিয়াছে! এই সময়ে আপনি কি বলিতে আসিয়াছেন?"

টেলিফোনের তারের অন্য প্রান্ত হইতে স্মিথ কি কতকগুলা কথা শুনিতে পাইল; সকল কথা সে ঠিক বুঝিতে পারিল না, সে বলিল, "এক লহমা থামুন মহাশয়!"

স্মিথ টেলিফোনের ট্রান্‌স্‌মিটার (transmitter) বুকের কাছে ধরিয়া মিঃ ব্লেককে বলিল, "লর্ড ব্ল্যাক্‌উড ঝড়ের মত বেগে কি কতকগুলা কথা বলিলেন—সকল কথা ঠিক বুঝিতে পারিলাম না! কেবল এইটুকু বুঝিলাম যে, তাঁহার একটা কুঠুরী হইতে বজ্জিয়া-কৌটা নামক একটি মহামূল্য কৌটা হঠাৎ আজ চুরি গিয়াছে, এজন্য আপনার সঙ্গে তিনি কি পরামর্শ করিবেন।"

মিঃ ব্লেক বলিলেন, "লর্ড ব্ল্যাক্‌উড্? হাঁ, দুর্লভ প্রাচীন শিল্পদ্রব্য বহুমূল্যে কিনিয়া ঘরের ভিতর সাজাইয়া রাখা ও দেশ বিদেশের লোককে তাহা দেখাইয়া আত্মপ্রসাদ লাভ করা—তাঁহার একটি প্রকাণ্ড খেয়াল! ঐ রকম কোন জিনিস বোধ হয় তাঁহার ঘর হইতে চুরি গিয়াছে। তাঁহার সকল কথা না শুনিয়া কিছুই বুঝিতে পারিতেছি না। আমিই ফোনের কাছে যাইতেছি।"

তিনি সরিয়া গিয়া টেলিফোনের রিসিভার গ্রহণ করিলেন; তাহার পর লর্ড ব্ল্যাক্‌উডকে বলিলেন, "আমি ব্লেক কথা বলিতেছি। আপনি কি বলিতেছেন লর্ড ব্ল্যাক্‌উড!"

লর্ড ব্ল্যাক্‌উড বিচলিত স্বরে বলিলেন, "মিঃ ব্লেক, এই গভীর রাত্রে আপনার নিদ্রাভঙ্গ করিতে বাধ্য হইলাম, আমাকে ক্ষমা করুন। আপনি দয়া করিয়া অবিলম্বে এখানে আসুন। আমার বাড়ীতে চুরি হইয়া গিয়াছে। হাঁ, জানালা ভাঙ্গিয়া চোর আমার ঘরে প্রবেশ করিয়াছিল।"

মিঃ ব্লেক বলিলেন, "আমার যাইবার প্রয়োজন হইলে অবশ্যই যাইব; কিন্তু আমার বিশ্বাস, পুলিশে সংবাদ পাঠাইলে—"

লর্ড ব্ল্যাক্‌উড ব্যগ্রভাবে বলিলেন, "আমি পূর্ব্বেই টেলিফোনে স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে এই সংবাদ পাঠাইয়াছি; কিন্তু আপনার সাহায্য আমি অধিকতর মূল্যবান মনে করি। আমি পুলিশকে অবিশ্বাস করিতেছি না, কিন্তু সর্ব্বশ্রেষ্ঠ ডিটেক্‌টিভের সহায়তা আমার পক্ষে অপরিহার্য্য মনে হইতেছে।"

মিঃ ব্লেক বলিলেন, "আমি কুড়ি মিনিটের মধ্যে আপনার সঙ্গে দেখা করিতেছি।—শ্লোন স্কোয়ারের হল্‌ষ্টেড টেরেস্‌ই ত আপনার ঠিকানা?"

"সহস্র ধন্যবাদ, মিঃ ব্লেক!"—এই উত্তর শুনিয়া মিঃ ব্লেক টেলিফোনের রিসিভার নামাইয়া রাখিলেন। স্মিথ তাঁহার মুখের দিকে চাহিয়া ঈষৎ বিদ্রূপের স্বরে বলিল, "আপনার কথা শুনিয়া বুঝিলাম—এই রাত্রি একটার আমোলে আপনি সেখানে না যাইয়া ছাড়িবেন না!"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু উপায় কি? লর্ড ব্ল্যাক্‌উড্‌ আমার সহায়তা প্রার্থনা করিয়াছেন, কারণ তিনি সর্ব্বশ্রেষ্ঠ ডিটেক্‌টিভের সহায়তা তাঁহার পক্ষে অপরিহার্য্য মনে করিতেছেন।"

স্মিথ মুখভঙ্গি করিয়া বলিল, "কর্ত্তা, আপনি দিন দিন প্রশংসার বশীভূত হইতেছেন দেখিয়া আমার দুঃখ হয়। যেহেতু লর্ড ব্ল্যাক্‌উড্‌ আপনাকে একটু তৈলাক্ত করিলেন, সেই জন্য ঘুমটা মুলতুবি রাখিয়া আপনার সেখানে যাওয়াই চাই! নিজের প্রশংসা শুনিলে পূর্ব্বে আপনি লজ্জিত হইতেন, কিন্তু আজ কাল হাততালি আপনার যেন খুব মিষ্ট লাগিতেছে!"

মিঃ ব্লেক একটু রাগ করিয়া বলিলেন, "সর্ব্বশ্রেষ্ঠ ডিটেক্‌টিভের সহায়তা তাঁহার পক্ষে অপরিহার্য্য—ইহা লর্ড ব্ল্যাক্‌উডের নিজের কথা; আমিই সর্ব্বশ্রেষ্ঠ ডিটেক্‌টিভ—এ কথা সত্য নহে, এবং উহা কোন দিন আমার মুখ হইতে বাহির হয় নাই। আত্মাভিমান ভাল, কিন্তু অসার দম্ভ প্রকাশ মূঢ়ের কায।"

স্মিথ বলিল, "চলুন, আত্মাভিমানটাকে চাগাইয়া তুলিবার জন্য ঘুম কামাই করিয়া লর্ড ব্ল্যাকউডের বাড়ীতে গোয়েন্দাগিরি করিয়া আসি। কি একটা কাঠের কৌটা কি ঝাঁপি চুরি গিয়াছে, তাহা খুঁজিয়া এই রাত্রিকালে হয়রান না হইলে ত সর্ব্বশ্রেষ্ঠ ডিটেক্‌টিভের মান সম্ভ্রম অক্ষুণ্ণ থাকিবে না! কোন সাধারণ

লোক এ বিষয়ে আপনার সাহায্যপ্রার্থী হইলে আপনি তাহার গালে চড় মারিতেন ; কিন্তু এ যে লর্ড ব্ল্যাক্‌উডের ঘরে চুরি ! সেখানে গিয়া দেখিব—কৌটাটা হয় ত কোন সোফা বা চেয়ারের নীচে পড়িয়া আছে ! যাহারা সিন্দুক খালি করিয়া লক্ষ লক্ষ টাকার ঐ সকল অসার জিনিস কিনিয়া বেড়ায়, তাহারা যদি ক্ষ্যাপা না হয়, তাহা হইলে সংসারে কে যে পাগল তাহা আমার বুঝিবার শক্তি নাই।"

মিঃ ব্লেক বলিলেন, "বক্তৃতা বন্ধ করিয়া পোষাক পরিয়া লও ; পথে গিয়া একখান ট্যাক্সি ডাকিয়া আন।"

স্মিথ বলিল, "টাইগারকে সঙ্গে লইবেন না ? প্রকাণ্ড চুরি—কাঠের কৌটা, পাঁচ সাত শো বছরের রদি মাল !"

স্মিথের মন্তব্যগুলি সংক্ষিপ্ত, কিন্তু তীব্র। মিঃ ব্লেক তাহাতে কর্ণপাত না করিয়া বলিলেন, "যাহা বলিলাম, তাহাই কর। টাইগার ঘুমাইতেছে, উহার ঘুম ভাঙ্গাইবার প্রয়োজন নাই। দেখ না, লম্বা হইয়া মড়ার মত পড়িয়া কি রকম ঘুমাহতেছে !"

স্মিথ তাড়াতাড়ি পোষাক পরিয়া ট্যাক্সি ডাকিয়া আনিল। মিঃ ব্লেক স্মিথকে সঙ্গে লইয়া নির্দ্দিষ্ট সময় মধ্যে লর্ড ব্ল্যাক্‌উডের গৃহে উপস্থিত হইলেন। তাঁহারা লর্ড ব্ল্যাক্‌উডের গৃহদ্বারে ট্যাক্সি হইতে নামিতেই স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের একজন ডিটেক্‌টিভের পরিচিত মুখ দেখিতে পাইলেন। তিনি স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের প্রধান ডিটেক্‌টিভ ইন্‌স্পেক্টর লেনার্ড।

ডিটেক্‌টিভ ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "এত বড় চুরি, এখানে আপনার দেখা পাইব—ইহা পূর্ব্বেই আশা করিয়াছিলাম মিঃ ব্লেক ! চুরির সংবাদটা আমরাই প্রথমে পাই ; কিন্তু লর্ড ব্ল্যাক্‌মোরের পকেট হইতে ট্যাক্সি-ভাড়া বাহির করিতে পারিব কি না সন্দেহে এই দীর্ঘ পথ হাঁটিয়াই পাড়ি দিয়াছি। টাকার মানুষ, কিন্তু সদ্ব্যয়ের নমুনা দেখিতে পাইয়াছেন ত ? একটা ঘুণ-ধরা কাঠের কৌটা কিনিতে পাঁচ হাজার পাউণ্ড খসিয়া গিয়াছে !—উন্মাদ, উন্মাদ !"

মিঃ ব্লেক বাললেন, "বড় লোকের খেয়ালের অন্ত নাই ! এই তুচ্ছ ব্যাপারে মাথা ঘামাইতে আসিবার ইচ্ছা ছিল না ; কিন্তু লর্ড ব্ল্যাক্‌উডের অনুরোধ,

এড়াইতে পারিলাম না! যাহা হউক, আপনার সঙ্গে দেখা হওয়ায় সুখী হইলাম ইন্‌স্পেক্টর! আমি ভাবিয়াছিলাম, স্থানীয় থানার ইন্‌স্পেক্টর আসিয়াই সকল কাজ শেষ করিয়া যাইবে; কিন্তু এ বড়লোকের ঘরের কাণ্ড কি না, বিনা আড়ম্বরে কি তদন্ত শেষ হইতে পারে?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "কতকগুলা জরুরি কাযে আফিসেই ছিলাম। লর্ড ব্ল্যাক্‌উড্ বলিলেন, আমাকে আসিতেই হইবে। সকাল সকাল কায শেষ করিয়া যদি বাড়ী যাইতাম, তাহা হইলে আর এ ভাবে ভুগিতে হইত না। আজ রাত্রে ঘুমের দফা রফা!"

মিঃ ব্লেক বলিলেন, "তথাপি অনেকে আমাদের সৌভাগ্যের ঈর্ষ্যা করে!"

তাঁহারা তিন জনে সেই সুবিশাল অট্টালিকায় প্রবেশ করিয়া হল-ঘরে লর্ড ব্ল্যাক্‌উডের সাক্ষাৎ পাইলেন। লর্ড ব্ল্যাক্‌উড তখন একজন কনষ্টেবলের সঙ্গে এই বিষয়েরই আলোচনা করিতেছিলেন। সেই কক্ষে সান্ধ্য পরিচ্ছদধারী কয়েকজন ভদ্রলোক ও কয়েকটি সুবেশধারিণী মহিলা দাঁড়াইয়া ছিলেন। এই চুরির সংবাদে সকলেই যেন উত্তেজিত হইয়াছিলেন। লর্ড ব্ল্যাক্‌উড্ মিঃ ব্লেক ও তাঁহার সঙ্গীদ্বয়কে দেখিবামাত্র তাঁহাদিগকে সঙ্গে লইয়া ঘটনাস্থলে উপস্থিত হইলেন; তাহার পর সেই কক্ষের মধ্যস্থলে দাঁড়াইয়া মিঃ ব্লেককে বলিলেন, "মিঃ ব্লেক, আপনি তাড়াতাড়ি আসিতে পারিয়াছেন দেখিয়া আশ্বস্ত হইলাম। আসিয়া খুব ভালই করিয়াছেন। এখন কি করা উচিত, তাহা ভাবিয়া দেখুন। ইন্‌স্পেক্টর লেনার্ড, আপনি ত পাকা লোক, আপনাকে আর বেশী কি বলিব?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "ধন্যবাদ।"

লর্ড ব্ল্যাক্‌উড্ বলিলেন, "আপনাদের উভয়ের সাহায্য লাভ আমি গৌরবের বিষয় মনে করি। আমার এই ক্ষতি সামান্য নহে।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আপনার ক্ষতির পরিমাণটা সর্ব্বাগ্রে জানা দরকার।"

লর্ড ব্ল্যাক্‌উড্ বলিলেন, "আমার একটি মাত্র সামগ্রী চুরি গিয়াছে; তাহা

একটি বহু প্রাচীন ও বহুমূল্য কাঠের কৌটা। এক কালে তাহা বর্জিয়াদের অধিকারে ছিল। আজই তাহা নর্থবির নিলামে কিনিয়া আনিয়াছিলাম।"

ইন্‌স্পেক্টর বলিলেন, "কাঠের কৌটা! জহরতের অলঙ্কার নহে? কত টাকায় আপনি তাহা কিনিয়াছিলেন?"

লর্ড ব্ল্যাকৃউড্‌ বলিলেন, "মহামূল্য সামগ্রী; কিন্তু বেশ সস্তায় তাহা নিলামে ডাকিয়া লইয়াছিলাম।"

ইন্‌স্পেক্টর বলিলেন, "কিন্তু কাঠের জিনিস ত? তাহার প্রকৃত মূল্য বোধ হয় এক পাউণ্ডও নহে; তবে আপনারা বড়লোক; আপনারা নিলাম ডাকিতে আরম্ভ করিলে তুচ্ছ জিনিসেরও ডাক হু-হু করিয়া চড়িয়া যায়! তাহা কয় পাউণ্ডে ডাকিয়া লইয়াছিলেন?"

লর্ড ব্ল্যাকৃউড বলিলেন, "ডাক ক্রমশঃ চড়িতে থাকিলে—কত গিনির চেক কাটিতে হইত বলিতে পারি না; তবে সৌভাগ্যক্রমে পাঁচ হাজার গিনিতেই তাহা আমার হস্তগত হইয়াছিল।"

ইন্‌স্পেক্টর লেনার্ড সবিস্ময়ে বলিলেন, "পাঁ—চ—হা—জা—র গিনি! কি সর্ব্বনাশ!—একটা কাঠের কৌটা নিলাম হইল—পাঁচ হাজার গিনিতে? আবার বলিতেছেন খুব সস্তায় পাওয়া গিয়াছে!—এই ঘর হইতে সেই কৌটা ভিন্ন আর কিছুই চুরি যায় নাই? সকল জিনিস অগ্রাহ্য করিয়া চোর কেবল সেই কাঠের কৌটাটিই চুরি করিয়াছে!"

লর্ড ব্ল্যাকৃউড্‌ বলিলেন, "হাঁ, সেই কৌটাটিমাত্র অপহৃত হইয়াছে।—আমার এই কক্ষে লক্ষাধিক পাউণ্ড মূল্যের হীরা জহরত আছে; তাহা উপেক্ষা করিয়া চোর কেবল সেই পুরাতন কৌটাটিই চুরি করিয়াছে—ইহা কি বিস্ময়ের বিষয় নহে?"

ইন্‌স্পেক্টর লেনার্ড অত্যন্ত গম্ভীর হইয়া বলিলেন, "কিন্তু ইহা অপেক্ষাও বিস্ময়ের বিষয় আছে!"

লর্ড ব্ল্যাকউড্‌ ঔৎসুক্য ভরে বলিলেন, "কি?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "হুজুর যদি ধৃষ্টতা মার্জ্জনা করেন ত বলিতে

পারি—সেই কৌটার মালিক এবং চোর—এই উভয়ের মধ্যে কে বেশী নিরেট—তাহা নির্ণয় করিতে পারাই সর্ব্বাপেক্ষা অধিক বিস্ময়ের বিষয় !"

লর্ড ব্ল্যাকৃউড্ ইন্‌স্পেক্টরের ধৃষ্টতায় বিরক্তিভরে ভ্রূকুঞ্চিত করিলেন। মিঃ ব্লেক তাঁহার বিরাগ লক্ষ্য করিয়া তাড়াতাড়ি বলিলেন, "আপনার কৌটাটি অপহৃত হইয়াছে—ইহা আপনি সর্ব্বপ্রথম কখন জানিতে পারিলেন ?"

লর্ড ব্ল্যাকৃউড্ বলিলেন, "প্রায় আধ ঘণ্টা পূর্ব্বে ; উহা জানিতে পারিয়াই আপনাকে টেলিফোনে সংবাদ দিয়াছি। লেডি ব্ল্যাকৃউড্ আজ সন্ধ্যাকালে কয়েকজন ভদ্রলোক ও মহিলাকে নিমন্ত্রণ করিয়াছিলেন। রাত্রি প্রায় বারটার সময় আমার দুইজন বন্ধুকে সঙ্গে লইয়া এই কক্ষে আসিয়াছিলাম। কৌটাটি তাঁহাদিগকে দেখাইবার জন্ত আমার আগ্রহ হইয়াছিল। আমি এখানে আসিয়া কৌটাটি দেখিতে পাইলাম না ! তাহার পর ঐ জানালার কাছে গিয়া দেখিলাম—জানালার মোটা মোটা লোহার গরাদে বাঁকাইয়া ফাঁক করিয়া, চোর কৌটাটি চুরি করিয়া পলায়ন করিয়াছে !—আমি তৎক্ষণাৎ স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে সংবাদ দিলাম ; তাহার পর টেলিফোনে আপনাকে ডাকিয়াছিলাম মিঃ ব্লেক ! সেই সময় বীটের কন্‌ষ্টেবলকে পথে দেখিয়া তাহাকে এখানে আসিতে বলি।—ইহা ভিন্ন আমি আর কিছুই করি নাই। চুরির তদন্তের ভার আপনাদের জন্তই ফেলিয়া রাখিয়াছি।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আপনার অনুমতি হইলে আমরা এই কুঠুরীটি পরীক্ষা করিতে পারি।"

লর্ড ব্ল্যাকৃউড্ বলিলেন, "হাঁ, পরীক্ষা করুন। আর একটি কথা,—প্রাচীন যুগের দুর্ল্লভ মনোহারী দ্রব্যবিক্রেতা নাইট্‌স-ব্রীজের অস্‌কার মেট্‌ল্যাণ্ডকে আপনারা চেনেন কি ?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "হাঁ, তাহাকে চিনি। এই লোকটির উপর আমাদের দৃষ্টি আছে। সম্ভ্রান্ত ব্যবসায়ী বলিয়া তাহার খ্যাতি আছে বটে, কিন্তু তাহার সাধুতায় আমাদের একটু সন্দেহ আছে।"

লর্ড ব্ল্যাকৃউড্ উত্তেজিত ভাবে বলিলেন, "আপনাদের সন্দেহ আছে ? আমার

বিশ্বাস, সেই রাস্‌কেলই আমার কৌটাটি চুরি করিয়াছে। সে স্বয়ং অথবা তাহার কোন অনুচরের সাহায্যে উহা চুরি করিয়াছে।"

ইন্‌স্পেক্টর লেনার্ড মাথা নাড়িয়া বলিলেন, "কিন্তু সে আপনার গৃহে প্রবেশ করিয়া তাহা চুরি করিয়াছে বলিয়া মনে হয় না। সে অসৎ লোক হইলেও ঐ ভাবে চুরি করিতে তাহার প্রবৃত্তি হইবে কি না সন্দেহ। আমার বিশ্বাস, সে ততদূর নির্ব্বোধ নহে।"

মিঃ ব্লেক বলিলেন, "আপনার এইরূপ ধারণার কারণ কি ইন্‌স্পেক্টর!"

লর্ড ব্ল্যাক্‌উড্ বলিলেন, "এ তাহারই কাজ—ইহা বিশ্বাস করিবার কারণ আছে। আজ আমি নিলাম ডাকিবার সময় মেট্‌ল্যাণ্ডকে সেখানে দেখিতে পাই; সে আমার সহিত প্রতিদ্বন্দ্বিতা করিয়া কৌটার ডাক বাড়াইতে লাগিল। অবশেষে আমি তাহাকে পরাস্ত করিয়া কৌটাটি ডাকিয়া লইলাম। পরাস্ত হইয়া তাহার জিদ বাড়িয়া গেল। সে তাহা অধিক মূল্যে আমার নিকট হইতে কিনিয়া লইবার প্রস্তাব করিল; কিন্তু আমার তিরস্কারে সে রাগ করিয়া চলিয়া গেল। লোকটা এতই নির্লজ্জ যে, আজ সন্ধ্যার পর সে তাহা ক্রয় করিবার জন্ম টেলিফোনে পুনর্ব্বার আমাকে বিরক্ত করিতে লাগিল। অবশেষে সে আমাকে ভয়প্রদর্শন করিয়া বলিল, সে উহা ছলে বলে কৌশলে আত্মসাৎ করিবেই। হাঁ, সে ঠিক এই কথাই বলিয়াছিল।"

ইন্‌স্পেক্টর লেনার্ড ভ্রূ কুঞ্চিত করিয়া বলিলেন, "বটে! এ যে ভারী তামাসার কথা!"

তিনি মিঃ ব্লেকের মুখের দিকে চাহিলেন; কিন্তু মিঃ ব্লেকের মুখ সম্পূর্ণ ভাবসংস্পর্শ-রহিত। তাঁহার মুখ দেখিয়া মনের ভাব বুঝিবার উপায় ছিল না! অস্‌কার মেট্‌ল্যাণ্ডের কথা মিঃ ব্লেকের স্মরণ হইল বটে, কিন্তু তিনি ভাবিলেন রুপার্ট ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের পশ্চাতে থাকিয়া কোন নূতন খেলা আরম্ভ করে নাই ত? লর্ড ব্ল্যাক্‌উড্ মেট্‌ল্যাণ্ডকে সন্দেহ করিয়াছেন দেখিয়া এই কৌটা-চুরির রহস্যভেদের জন্ম তাঁহার কৌতূহল প্রবল হইল।

ইন্‌স্পেক্টর লেনার্ড ভাঙ্গা জানালার দিকে চাহিয়া অস্ফুট স্বরে বলিলেন,

"জটিল ব্যাপার! চোর এই গরাদেগুলা সাঁড়াশী দিয়া বাঁকাইয়া এই কুঠুরীতে প্রবেশ করিয়াছিল।"

মিঃ ব্লেক মাথা নাড়িয়া বলিলেন, "না ইন্‌স্পেক্টর, কাজটা সকলের পক্ষে অত সহজ নহে; কিন্তু গরাদেগুলি অন্য উপায়েও বাঁকাইতে পারা যায়, এবং চোর এই কক্ষে প্রবেশ করিবার জন্য সম্ভবতঃ সেই উপায়ই অবলম্বন করিয়াছিল।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "সেই উপায়টি কি, তাহা আমাদের মত সাধারণ লোকের স্থূল বুদ্ধির অগম্য! সহজ বিষয় কঠিন বলিয়া প্রতিপন্ন করিবার শক্তি আপনার অসাধারণ, তাহা কি আমরা জানি না? দোহাই আপনার, আপনি এই সহজ বিষয়টিকে জটিল করিয়া তুলিবেন না। জানালার নীচে শুরকী ও খোয়ার উপর চোরের জুতার দাগ পর্য্যন্ত দেখা যাইতেছে, উহা দেখিয়াছেন কি?"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ দেখিয়াছি; উহা ভিন্ন আর একটি জিনিসও দেখিতে পাইয়াছি।"—তিনি গরাদের বাঁকান মাথা হইতে এক-টুক্‌রা কাপড়ের ফালি তুলিয়া লইলেন, তাহা সেই গরাদের মাথায় বাধিয়া ছিল। সেই জানালার ভিতর দিয়া পলায়ন করিবার সময় চোরের জামার হাতা সেই গরাদের বাঁকা মাথায় বাধিয়া ছিঁড়িয়া গিয়াছিল, ইহা তাঁহারা তৎক্ষণাৎ বুঝিতে পারিলেন; জামার যে অংশটুকু বাধিয়া ছিল, তাহা মিঃ ব্লেকের হাতে দেখিয়া ইন্‌স্পেক্টর লেনার্ড তাড়াতাড়ি নিজের হাতে তুলিয়া লইলেন। তাহার পর উৎসাহ ভরে বলিলেন, "এ অকাট্য প্রমাণ ভবিষ্যতে কাজে লাগিবে।"

মিঃ ব্লেক গম্ভীর ভাবে সেই কক্ষের সকল অংশ পরীক্ষা করিলেন, কিন্তু তিনি কোন মতামত প্রকাশ করিলেন না। একটা বড় আলমারির সম্মুখে মেঝের উপর তিনি সাদা কাগজের একটি ক্ষুদ্র দলা দেখিতে পাইলেন। সেই কাগজখানি মুড়িয়া, তাহার সাহায্যে আলমারির হাতলটি চাপিয়া ধরিয়া আলমারি খোলা হইয়াছিল। মিঃ ব্লেক দুই অঙ্গুলি দিয়া সেই কাগজখানির এক প্রান্ত ধরিয়া বলিলেন, "ইন্‌স্পেক্টর লেনার্ড! এই কাগজখানি দেখিয়া কিছু বুঝিতে পারিলেন কি?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "উহা আর বুঝিতে পারি নাই ?—আলমারির হাতলে অঙ্গুলি চিহ্ন না থাকে—এই উদ্দেশ্যে চোর এই কাগজখানি মুড়িয়া, ইহা দিয়া আলমারির হাতলটি চাপিয়া ধরিয়াছিল; এই জন্য আলমারি খুলিবার সময়, উহার হাতলে তাহার অঙ্গুলিস্পর্শ হয় নাই। কিন্তু ঐ কাগজেই তাহার অঙ্গুলি-চিহ্ন পাওয়া যাইবে, ইহা কি বোকা চোরটা বুঝিতে পারে নাই ?"

মিঃ ব্লেক বলিলেন, "আমি ঠিক ঐ কথাই ভাবিতেছিলাম।"

মিঃ ব্লেক পকেট হইতে রৌপ্যনির্ম্মিত একটি ক্ষুদ্র কৌটা বাহির করিলেন। সেই কৌটায় এক প্রকার শুভ্র গুঁড়া ছিল; তিনি সেই গুঁড়ার কিয়দংশ সতর্কভাবে সেই কাগজের উপর ছড়াইয়া দিলেন। তাহার পর কাগজখানি ভাঁজ করিয়া, সেই গুঁড়াগুলি দুই এক মিনিট চাপিয়া-ধরিয়া তাহা ঝাড়িয়া ফেলিলেন। কাগজখানির ভাঁজ খুলিলে দেখা গেল—তাহার প্রায় সকল অংশ সাদা রহিয়াছে, কেবল এক প্রান্তে দুইটি অঙ্গুলির চিহ্ন সুস্পষ্টরূপে ফুটিয়া উঠিয়াছে। সাদা কাগজের উপর কালী দিয়া অঙ্গুলি-চিহ্ন লইলে, তাহা যেমন সুস্পষ্টভাবে দেখিতে পাওয়া যায়, এই অঙ্গুলি-চিহ্ন দুইটিও সেইরূপ সুপরিস্ফুট ও নিখুঁত। (they were bold and perfect.)

ডিটেক্টিভ ইন্‌স্পেক্টর লেনার্ড সোৎসাহে মাথা নাড়িয়া বলিলেন, "চমৎকার ! চোরকে সনাক্ত করিবার জন্য যে সকল মাল-মসলার প্রয়োজন—তাহা এত সহজে সংগৃহীত হইবে, ইহা পূর্ব্বে আশা করিতে পারি নাই।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, সতর্কভাবে চেষ্টা করিয়া যেরূপ অঙ্গুলি-চিহ্ন কাগজে তুলিয়া লওয়া হয়, এই চিহ্নও সেইরূপ নিখুঁত। অঙ্গুলি-চিহ্নে কোন খুঁত না থাকে, সে দিকে চোরের লক্ষ্য ছিল—ইহা বেশ বুঝিতে পারা যাইতেছে ! তবে এই অঙ্গুলি-চিহ্ন আপনাদের কোন কাযে লাগিবে কি না তাহা এখন নিশ্চিতরূপে বলিতে পারা যায় না। অঙ্গুলি-চিহ্নের কার্য্যোপযোগিতার প্রধান প্রতিবন্ধক এই যে, যাহার অঙ্গুলি-চিহ্ন সংগৃহীত হইল, সে যদি পূর্ব্বে আপনাদের হাতে না পড়িয়া থাকে—তাহা হইলে ইহা পাওয়া না পাওয়া সমান ! তাহার অঙ্গুলি-

চিহ্ন আপনাদের দপ্তরে থাকিলে তাহাকে সনাক্ত করা নিশ্চয়ই কঠিন হইবে না।”

স্মিথ বলিল, “কিন্তু মেট্‌ল্যাণ্ড ত পূর্ব্বে জেল খাটিয়াছে ; সুতরাং পুলিশের দপ্তরে তাহার অঙ্গুলি-চিহ্ন সযত্নে তুলিয়া রাখা হইয়াছে।”

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, “ঠিক কথা। মেট্‌ল্যাণ্ড জেল খাটিয়াছে বলিয়াই ত তাহার উপর আমাদের নজর আছে। সে অনেককে ভয় প্রদর্শন করিয়া উৎকোচ গ্রহণের অপরাধে তিন বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিল, সুতরাং তাহার মামলার নথির সঙ্গে তাহার ফটোগ্রাফ, অঙ্গুলি-চিহ্ন প্রভৃতি সমস্তই আমাদের দপ্তরে পাওয়া যাইবে। মেট্‌ল্যাণ্ডও সে কথা জানে ; সে তাহা জানে বলিয়াই এখানে আসিয়া আল্‌মারি খুলিতে ঐ রকম সতর্কতা অবলম্বন করিয়াছিল।”

মিঃ ব্লেক বলিলেন, “মেট্‌ল্যাণ্ডই এখানে চুরি করিতে আসিয়াছিল, এবিষয়ে কি আপনি নিঃসন্দেহ হইয়াছেন ?”

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, “অন্য কেহ চুরি করিতে আসিয়াছিল—ইহার কোন প্রমাণ নাই, অথচ মেট্‌ল্যাণ্ডকে সন্দেহ করিবার কারণ আছে ;—এ অবস্থায় তাহাকে বাদ দেওয়ার উপায় কি ? তবে আমরা জানি মেট্‌ল্যাণ্ড কাহারও ঘরে ঢুকিয়া চুরি করে না ; না, কেহই তাহার এরূপ বদ্‌নাম দিতে পারিবে না ; বিশেষতঃ যে ব্যক্তি আজ এখানে চুরি করিতে আসিয়াছিল—তাহার কায দেখিয়া মনে হইতেছে—সে চুরিবিদ্যায় কাঁচা, শিক্ষানবিশ চোর! আমরা জানিতে পারিয়াছি—মেট্‌ল্যাণ্ড সেই কৌটাটি আত্মসাৎ করিবার জন্য ব্যাকুল হইয়াছিল, এবং ছলে বলে কৌশলে তাহা হস্তগত করিবে এরূপ অভিপ্রায়ও প্রকাশ করিয়াছিল। সুতরাং এক্ষেত্রে কিরূপ সিদ্ধান্ত করা উচিত ? দুই আর দুই যোগ দিলে চার হয়—ইহা কে না জানে ?”

মিঃ ব্লেক হাসিয়া বলিলেন, “হাঁ, দুই আর দুই যোগ দিলে চার হয় বটে, কিন্তু সেই চারের সঙ্গে যদি আর একটা ‘এক’ যোগ করা যায়, তাহা হইলে তাহাদের যোগফল চার হইবে না।—হইবে কি ? যাহা হউক, আপনি আপনার

ধারণা অনুসারে তদন্ত করুন; আমিও একটু খোঁজ খবর লইয়া দেখিব; যদি আপনাদের কোনরূপ সাহায্য করিতে পারি, তাহার ক্রটি করিব না।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "অপহৃত কৌটাটিই সকল রহস্যের মূল। লর্ড ব্ল্যাকউড্, কৌটাটির বিশেষত্ব সম্বন্ধে সকল কথা আমাকে লিখিয়া দিবেন; কি কারণে তাহা চুরি করিবার জন্য চোরের লোভ হইয়াছিল তাহাও আমার জানা আবশ্যক।"

লর্ড ব্ল্যাকউড্ বলিলেন, "উহা সাধারণ কৌটা, কোন বিশেষত্ব নাই; জিনিসটি বহু প্রাচীন, এবং দুর্লভ। উহা বর্জ্জিয়া-পরিবারের সম্পত্তি; উহার সহিত প্রাচীন বর্জ্জিয়া বংশের স্মৃতি বিজড়িত—ইহাই উহার একমাত্র আকর্ষণ।"

ইন্‌স্পেক্টর লেনার্ড গম্ভীর ভাবে চিন্তা করিয়া বলিলেন, "হুম্! আপনার কথা শুনিয়া বুঝিলাম সেই কৌটায় এরূপ কোন গুপ্ত রহস্য নিহিত আছে—যাহা আপনার সম্পূর্ণ অজ্ঞাত। আপনি বিপুল ঐশ্বর্য্যের অধিকারী, এবং সেই কৌটাটি একটি বহু প্রাচীন ইতিহাস-প্রসিদ্ধ পরিবারের সম্পত্তি; এই জন্যই উহা পাঁচ হাজার গিনি দিয়া আপনার কিনিবার সখ হইয়াছিল। যাহা আমরা পাঁচ গিনিতে ক্রয় করা অর্থের অপব্যয় মনে করিতাম, তাহা আপনি পাঁচ হাজার গিনিতে ক্রয় করিয়া অর্থের সদ্ব্যয় হইয়াছে ভাবিয়া আনন্দিত হইয়াছিলেন! তবে সেই কৌটার মধ্যে একটি গুপ্ত-গহ্বর থাকিতেও পারে, এবং সেই গহ্বরে এক শিশি তীব্র বিষ সংগুপ্ত থাকাও অসম্ভব নহে। ঐরূপ অদৃশ্য বিষের একটি আধার একবার প্রাচীন যুগের একটি হীরকাঙ্গুরীর ভিতর আবিষ্কৃত হইয়াছিল। কৌটাটিও ঐরূপ কোন গুপ্ত রহস্যের আধার; সেই রহস্য আপনার অজ্ঞাত হইলেও মেট্‌ল্যাণ্ড সম্ভবতঃ তাহার সন্ধান পাইয়াছিল। নতুবা কেবল প্রাচীন সামগ্রী বলিয়া উহা হস্তগত করিবার জন্য সে আগ্রহ প্রকাশ করিত না। সে ছলে বলে কৌশলে উহা আত্মসাৎ করিবে—একথাও আপনাকে বলিয়াছিল?—ইহা উপেক্ষার বিষয় নহে।"

ইন্‌স্পেক্টর লেনার্ড সাদা কাগজের সেই অঙ্গুলি-চিহ্ন একজন কন্‌ষ্টেবলের সাহায্যে স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে পাঠাইয়াছিলেন, এবং স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের অঙ্গুলি-চিহ্নের

বিশেষজ্ঞকে অনুরোধ করিয়াছিলেন—মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্নের সহিত তাহার পার্থক্য আছে কি না—তাহা অবিলম্বে তাঁহাকে জানাইতে হইবে। ইন্‌স্পেক্টর লেনার্ড অঙ্গুলি-চিহ্নের বিশেষজ্ঞের অভিমতের প্রতীক্ষা করিতে লাগিলেন; কারণ তাহা জানিবার পূর্ব্বে তদন্তে প্রবৃত্ত হওয়া তিনি সঙ্গত মনে করিলেন না। তথাপি মেট্‌ল্যাণ্ডকেই চোর বলিয়া তাঁহার সন্দেহ হইয়াছিল; কিন্তু মিঃ ব্লেকের ধারণা হইয়াছিল—তাঁহার এই সন্দেহ অমূলক। মেট্‌ল্যাণ্ডই চোর, ইহা প্রতিপন্ন করিবার জন্য ইন্‌স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেকের সহিত তর্ক করিতে উদ্যত হইলে মিঃ ব্লেক বলিলেন, "আমার উপদেশ যদি আপনি গ্রহণযোগ্য মনে করেন, তাহা হইলে ঐ কৌটাটির চিন্তা ত্যাগ করিবেন। মেট্‌ল্যাণ্ড ঐ জাতীয় দুর্লভ প্রাচীন শিল্পদ্রব্য ক্রয় বিক্রয় করে। সে যদি চুরি করিবার উদ্দেশ্যে এই কক্ষে আসিত, তাহা হইলে ঐ কৌটা অপেক্ষা অধিক মূল্যবান দ্রব্যই সে অপহরণ করিত; কারণ ঐ কৌটা অপেক্ষা পঞ্চাশগুণ অধিক মূল্যবান দ্রব্য এই কক্ষে সঞ্চিত আছে। সেগুলি উপেক্ষা করিয়া সে অপেক্ষাকৃত অল্প মূল্যের বর্জ্জিয়া-কৌটা নিশ্চয়ই অপহরণ করিত না। কোন্ দ্রব্যের কি মূল্য, তাহা তাহার অজ্ঞাত এরূপ মনে করাও সঙ্গত নহে; কারণ সে বহুদিন হইতে এই ব্যবসায়ে লিপ্ত আছে; এ সম্বন্ধে তাহার অভিজ্ঞতা অসাধারণ।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আপনার তর্ক-শক্তিও অসাধারণ। আপনার যুক্তি অখণ্ডনীয় বলিয়াই মনে হয়; কিন্তু একটি বিষয় আপনি অগ্রাহ্য করিয়া আসিতেছেন! সেই কৌটাটির এরূপ কোন বিশেষত্ব আছে—যাহা মেট্‌ল্যাণ্ডের সুবিদিত বলিয়াই সে তাহা অপেক্ষা পঞ্চাশগুণ অধিক মূল্যের দ্রব্য অগ্রাহ্য করিয়া সেই কৌটাটিই অপহরণ করিয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "ইহা আপনার অনুমান মাত্র; প্রত্যক্ষ প্রমাণ ভিন্ন অনুমানের উপর নির্ভর করা আমি অসঙ্গত মনে করি। উহা বর্জ্জিয়া-পরিবারের সম্পত্তি বলিয়া উহার ভিতর বিষের আধার সংগুপ্ত আছে—আপনার এরূপ অনুমানও ভিত্তিহীন। বস্তুতঃ মেট্‌ল্যাণ্ড ঐ কৌটা চুরি করিয়াছে—ইহা আমি বিশ্বাস করি না। যদি তাহার বিরুদ্ধে কোন প্রমাণ সংগ্রহ করিতে

পারেন—তাহা হইলেও তাহাকে আমি কৌটা-চোর বলিয়া স্বীকার করিব না।”

ইন্‌স্পেক্টর লেনার্ড মুখভঙ্গি করিয়া বলিলেন, “অর্থাৎ রহস্যটা খুব গভীর ?”

মিঃ ব্লেক বলিলেন, “হাঁ ইন্‌স্পেক্টর, এই ব্যাপারের মূলে কোন দুর্ভেদ্য রহস্যই বর্ত্তমান।”

ইন্‌স্পেক্টর বলিলেন,“ইচ্ছা হয় আপনি সেই গভীর রহস্যের মর্ম্মোদ্‌ঘাটন করিবার চেষ্টা করিবেন ; লর্ড ব্ল্যাকউড্ আপনাকে এই চুরির তদন্তে নিযুক্ত করিয়াছেন, আপনার যেরূপ ভাল মনে হইবে—আপনি সেই ভাবেই তদন্ত করিতে পারেন ; আমি যে সকল প্রমাণ পাইব, তাহার উপর নির্ভর করিয়া চোর ধরিবার চেষ্টা করিব। ইহাই ত নিয়ম। প্রমাণের উপর নির্ভর করিয়া তদন্ত শেষ করিলে ঠকিতে হয় না। চেষ্টা বিফল হইলেও তাহাতে লজ্জিত হইবার কারণ নাই। কিন্তু আপনার কার্য্যপ্রণালী স্বতন্ত্র ; আপনি সোজা পথ ছাড়িয়া বাঁকা পথে চলিতেই ভাল বাসেন। সুস্পষ্ট প্রমাণের উপর নির্ভর করিতে আপনি সঙ্কোচ বোধ করেন।”

মিঃ ব্লেক বলিলেন, “প্রমাণের উপর সকলকেই নির্ভর করিতে হয়, বিনা-প্রমাণে কাহারও কৃতকার্য্য হইবার সম্ভাবনা নাই ; তবে সকল প্রমাণ সকলে আয়ত্ত করিতে পারে না। আপনি যে সকল প্রমাণ সংগ্রহ করিতে পারিয়াছেন, তাহার অতিরিক্ত কোন কোন প্রমাণ আমার হস্তগত হইয়াছে ; সুতরাং আমাদের তদন্তের ফল অভিন্ন হইবে—এরূপ আশা করা যায় কি ?”

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, “আমি যে সকল প্রমাণ সংগ্রহ করিয়াছি, তাহার অতিরিক্ত প্রমাণ আপনি পাইয়াছেন ! কিরূপে পাইলেন ?”

মিঃ ব্লেক বলিলেন, “আমাদের উভয়েরই কপালে দুইটি করিয়া চক্ষু আছে ; তথাপি উভয়েরই দৃষ্টিশক্তি সমান—এ কথা কি নিশ্চিতরূপে বলিতে পারা যায় ? আপনি সোজা পথে চলিয়া কিরূপ সিদ্ধান্ত করিবেন—তাহা বোধ হয় আমরা শীঘ্রই জানিতে পারিব।”

ইন্‌স্পেক্টর লেনার্ড আর কোন কথা বলিলেন না। মিঃ ব্লেকের শ্রেষ্ঠতা তিনি

অস্বীকার করিতে সাহস করিতেন না। সুতরাং মিঃ ব্লেক তাঁহার তদন্ত-প্রণালীর সমর্থন না করায় তাঁহার একটু দুশ্চিন্তা হইল; কিন্তু তাহা তিনি কাহাকেও বুঝিতে দিলেন না।

ইন্‌স্পেক্টর লেনার্ড অন্য দিকে প্রস্থান করিলে স্মিথ মিঃ ব্লেককে বলিল, "কর্ত্তা, আপনার মনের কথা আমি বুঝিতে পারি নাই!"

মিঃ ব্লেক বলিলেন, "তোমাকে তাহা বুঝাইবার এখনও সময় হয় নাই স্মিথ! আমি ঐ ভাঙ্গা জানালার গরাদেগুলির কথাই ভাবিতেছি। এই সকল কথা চিন্তা করিবার সময় অস্‌কার মেট্‌ল্যাণ্ড, সার রডনে ড্রমণ্ড এবং আর একজনের কথাও আমার মনে পড়িতেছে; তাহাদের কথা ভুলিতে পারিতেছি না।"

স্মিথ বলিল, "অস্‌কার মেট্‌ল্যাণ্ডের কথা ভিন্ন সার রডনে এবং আরও একজনের কথা আপনার মনে পড়িতেছে! আপনি কি সার রডনেকেও এই ব্যাপারের সঙ্গে জড়াইতেছেন? তদ্ভিন্ন আরও একজনের কথা বলিতেছেন; সেই একজন কে কর্ত্তা!"

মিঃ ব্লেক বলিলেন, "ওয়াল্‌ডো!"

স্মিথ সবিস্ময়ে বলিল, "আপনি কি মনে করেন—"

মিঃ ব্লেক বলিলেন, "জানালার ঐ গরাদেগুলির নীচের মুড়া চৌকাঠ হইতে টানিয়া বাহির করিয়া-লইয়া যে ভাবে বাঁকাইয়া রাখা হইয়াছে, উহা অতি সহজে ঐ ভাবে বাঁকাইতে পারে—এরূপ লোক ওয়াল্‌ডো ভিন্ন আর কেহ আছে বলিয়া মনে হয় না। না, ঐরূপ সামর্থ্য ওয়াল্‌ডো ভিন্ন দ্বিতীয় কোন ব্যক্তির নাই। আমি বলিতেছি না যে, ওয়াল্‌ডোই এই কাজ করিয়াছে, কারণ আমি স্বচক্ষে তাহাকে এ কাজ করিতে দেখি নাই; তবে আমার সন্দেহ—ওয়াল্‌ডো ভিন্ন অন্য কেহ ইহা করে নাই।"

স্মিথ বলিল, "ইহা ওয়াল্‌ডোর কীর্ত্তি কি না তাহা আমরা শীঘ্রই জানিতে পারিব। ঐ কাগজখানার অঙ্গুলি-চিহ্ন যদি ওয়াল্‌ডোর অঙ্গুলি-চিহ্ন বলিয়া প্রতিপন্ন হয়, তাহা হইলে ইহা যে তাহারই কীর্ত্তি—এ বিষয়ে আমরা নিঃসন্দেহ হইতে

পারিব। আপনি ত পূর্ব্বেই সিদ্ধান্ত করিয়াছেন—ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের সর্ব্বনাশ করিবার চেষ্টা করিতেছে।"

মিঃ ব্লেক বলিলেন,"হঁা, ঐরূপই আমার ধারণা, এবং এই ধারণার কারণ কি, তাহাও তোমাকে বলিয়াছি। সে সে মেটল্যাণ্ডকে খোঁচাইতে আরম্ভ করিয়াছে তাহারও পরিচয় পাওয়া গিয়াছেন।"

এই সময় ইন্‌স্পেক্টর লেনার্ড একজন খর্ব্বকায় নবাগত ডিটেক্‌টিভের সহিত কথা কহিতে কহিতে সেই কক্ষের দ্বারের নিকট উপস্থিত হইলেন। এই ডিটেক্‌টিভ্‌টি একজন কন্‌ষ্টেবলের সহিত অল্পকাল পূর্ব্বে স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ড হইতে লর্ড ব্ল্যাকউডের গৃহে উপস্থিত হইয়াছিল। ইন্‌স্পেক্টর লেনার্ড কয়েক মিনিট পরে উৎসাহভরে মিঃ ব্লেকের সম্মুখে আসিলেন, তাঁহার মুখ প্রফুল্ল, আনন্দে তাঁহার চক্ষু উজ্জ্বল হইয়া উঠিয়াছিল।

ইন্‌স্পেক্টর লেনার্ড উত্তেজিত স্বরে বলিলেন, "এখন আপনার কি বলিবার আছে বলুন। আপনি ত অস্‌কার মেট্‌ল্যাণ্ডের লেজে হাত দিতে সাহস করিতে ছিলেন না! এখানে যে অঙ্গুলি-চিহ্ন পাওয়া গিয়াছিল, স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের অঙ্গুলি-চিহ্নের বিশেষজ্ঞ সেই অঙ্গুলি-চিহ্ন পরীক্ষা করিয়া অভিমত প্রকাশ করিয়াছেন—উহা মেট্‌ল্যাণ্ডেরই অঙ্গুলি-চিহ্ন। স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের দপ্তরখানায় অস্‌কার মেট্‌ল্যাণ্ডের যে অঙ্গুলি-চিহ্ন আছে, তাহার সহিত এই অঙ্গুলি-চিহ্ন ঠিক মিলিয়া গিয়াছে; উভয় চিহ্ন অভিন্ন। (they are identical.)

মিঃ ব্লেক ইন্‌স্পেক্টরের মুখের দিকে চাহিয়া বলিলেন, "সত্য না কি? অদ্ভুত বটে!"

ইন্‌স্পেক্টর লেনার্ড হাসিয়া বলিলেন, "কিন্তু আমি মুহূর্ত্তের জন্য ইহা অদ্ভুত মনে করি নাই। আমার সিদ্ধান্তই যে সম্পূর্ণ সত্য, এ বিষয়ে এখনও কি আপনার সন্দেহ আছে? আমি এখন সোজা নাইট্‌স্‌-ব্রীজে চলিলাম; ইচ্ছা হইলে আপনিও আমার সঙ্গে আসিতে পারেন।"

মিঃ ব্লেক বলিলেন, "না, আমার সেখানে যাইবার প্রয়োজন নাই; আপনি যে কাজ আরম্ভ করিয়াছেন তাহা আপনিই একাকী শেষ করুন। আপনার

আসামীর বিরুদ্ধে প্রমাণ-সংগ্রহ যদি এতই সহজ হয়, তাহা হইলে আমার দূরে থাকায় কোন ক্ষতি নাই ; সাফল্যের গৌরব আপনি একাকীই ভোগ করুন।”

লর্ড ব্ল্যাকউড্ বুঝিতে পারিলেন—অস্কার মেট্‌ল্যাণ্ডই চোর। তাহার ব্যবহারে তিনি অত্যন্ত বিরক্ত হইয়াছিলেন। সেই দুষ্টবুদ্ধি ইতর তস্করটাকে বাঁধিয়া অবিলম্বে থানায় লইয়া যাওয়া হইবে বুঝিয়া তাঁহার হৃদয় আনন্দে ও উৎসাহে পূর্ণ হইল। তিনি মিঃ ব্লেককে বলিলেন, “মিঃ ব্লেক, আপনার তদন্ত-ফল যাহাই হউক, আপনি আমার অনুরোধ রক্ষা করিয়াছেন, কষ্ট স্বীকার করিয়া এই গভীর রাত্রে আমার বাড়ীতে আসিয়াছেন। আমার উপকারের জন্য পরিশ্রমও যথেষ্ট করিয়াছেন, এজন্য আমি আপনার নিকট আন্তরিক কৃতজ্ঞ ; তবে যে আপনি মেট্‌ল্যাণ্ডকে চোর বলিয়া স্বীকার করিতে অসম্মত, ইহার কোন সঙ্গত কারণ থাকিতেও পারে। কিন্তু মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে যে সকল অকাট্য প্রমাণ পাওয়া গিয়াছে, তাহা আপনি খণ্ডন করিতে পারিবেন না ; তথাপি আপনি এই অসময়ে আসিয়া যে কষ্ট স্বীকার করিয়াছেন, সে জন্য—”

মিঃ ব্লেক বাধা দিয়া বলিলেন, “না মহাশয়, আমি কিছুই করি নাই। (I have done nothing.) এই তদন্তের জন্য যদি কাহারও প্রশংসা করিতে হয় তাহা হইলে সেই প্রশংসা ইন্‌স্পেক্টর লেনার্ডেরই প্রাপ্য। উঁহারই গোয়েন্দাগিরির কৌশলে চোরের সন্ধান হইয়াছে। আমি এখানে আসিয়া উঁহার সঙ্গে সঙ্গে ঘুরিয়াছি মাত্র। কিন্তু কোন কোন বিষয়ে উঁহার সহিত আমার মতভেদ হইয়াছে, এ জন্য আপনাকে একটু ক্ষুণ্ণ হইতে হইয়াছে ; সুতরাং আমি আপনার কোন উপকার করিতে পারি নাই—ইহা আমাকে স্বীকার করিতেই হইবে। আপনি সদাশয়তাবশতঃ আমার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিলেন ; কিন্তু আপনার কৃতজ্ঞতায় আমার বিন্দুমাত্র দাবী নাই।”

মিঃ ব্লেক ক্ষুণ্ণ মনে লর্ড ব্ল্যাকউডের নিকট বিদায় গ্রহণ করিলেন, এবং স্মিথের সহিত রাত্রিশেষে গৃহে চলিলেন।

পথে আসিয়া স্মিথ বলিল, “কর্ত্তা, আপনার অনুমানে একটু ভুল হয় নাই কি ? অন্যান্য প্রমাণ সম্বন্ধে যাহাই হউক, অঙ্গুলি-চিহ্নের প্রমাণটি অকাট্য ; এ বিষয়ে

সন্দেহ নাই। ইন্‌স্পেক্টর লেনার্ডের সিদ্ধান্তই অভ্রান্ত। মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাক-উডের ঐ কক্ষে প্রবেশ করিয়াছিল ইহা অস্বীকার করিবার—"

মিঃ ব্লেক স্মিথের কথায় বাধা দিয়া বলিলেন, "ইন্‌স্পেক্টর লেনার্ড একটি মহা মূর্খ, তুমিও তাহাই! যদি আলমারির হাতলে মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন পাওয়া যাইত, তাহা হইলে মেট্‌ল্যাণ্ড সেই কক্ষে প্রবেশ করিয়াছিল ইহা আমাকে স্বীকার করিতেই হইত। কিন্তু মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন কোথায় পাওয়া গিয়াছে?—একখানি সাদা কাগজে নয় কি? লেনার্ড এত সহজে সন্তুষ্ট হইবে, ইহা আমি আশা করি নাই। ঐ কাগজখানি অন্য কোন লোক সঙ্গে আনিয়া সেই কক্ষে ফেলিয়া রাখিয়াছিল, ইহা ইনস্পেক্টর লেনার্ডের ন্যায় বহুদর্শী ইন্‌স্পেক্টরের বুঝিতে পারা উচিত ছিল।"

স্মিথ সবিস্ময়ে মিঃ ব্লেকের মুখের দিকে চাহিয়া বলিল, "মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্নসংযুক্ত কাগজ অন্য কেহ আনিয়া ঐ কক্ষে ফেলিয়া রাখিয়াছিল?—এ কাহার কায কর্ত্তা!"

মিঃ ব্লেক বলিলেন, "সকল কথা জানিয়াও ও কথা কেন জিজ্ঞাসা করিতেছ?"

স্মিথ বলিল, "সে ওয়াল্‌ডো! আমি কথাটা ও-ভাবে ভাবিয়া দেখি নাই; কিন্তু আপনার কথা শুনিয়াও আমার মনের ধাঁধা দূর হইল না! ওয়াল্‌ডো যদি মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন লর্ড ব্ল্যাকউডের গৃহে আনিয়াই থাকে, তাহা হইলে স্বীকার করিতে হইবে মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন কোন কৌশলে তাহাকে সংগ্রহ করিতে হইয়াছিল। সে কি উপায়ে তাহা সংগ্রহ করিল?"

মিঃ ব্লেক বলিলেন, "আমি দৈবজ্ঞ হইলে তোমার এই প্রশ্নের উত্তর দিতে পারিতাম স্মিথ!"

ষষ্ঠ ধাক্কা

ফাঁদের ভিতর

অস্‌কার মেট্‌ল্যাণ্ড টেলিফোনে বলিল, "হাঁ, শীঘ্র এস ;—এই মুহূর্ত্তে !"

উত্তর হইল, "তোমার এ ভয়ঙ্কর জুলুম ! এই রাত্রি প্রায় একটার সময়—"

মেট্‌ল্যাণ্ড বলিল, "হাঁ, রাত্রি একটু বেশী হইয়াছে, কিন্তু তাহাতে ক্ষতি কি ?"

উত্তর হইল, "ক্ষতি কি ! আমি শুইয়া পড়িয়াছি, এখন উঠিয়া অত দূরে যাওয়া কি সহজ ?"

মেট্‌ল্যাণ্ড বলিল, "হাঁ, একটু কঠিন বটে ; চক্ষু মেলিয়া উঠিয়া-পড় কার্ণ ! এই মুহূর্ত্তেই এখানে তোমার আসা চাই। রোরকিকেও ডাকিয়াছি ; সে কুড়ি মিনিটের মধ্যে এখানে আসিতে প্রতিশ্রুত হইয়াছে। তুমি চেষ্টা করিলে তাহার আগেই এখানে আসিতে পারিবে।—জরুরি পরামর্শ আছে কার্ণ !"

কার্ণ বলিল, "ভারী ফ্যাসাদে ফেলিলে ! আচ্ছা আমি যাইতেছি।"

মেট্‌ল্যাণ্ড টেলিফোনের রিসিভার নামাইয়া রাখিল। সেই গভীর রাত্রে সে তাহার শয়ন-কক্ষে অস্থির ভাবে ঘুরিয়া বেড়াইতে লাগিল, দুশ্চিন্তায় সে অত্যন্ত ব্যাকুল হইয়া উঠিয়াছিল। সে তাহার বন্ধুদ্বয়ের সহিত যুক্তি পরামর্শ করিবার জন্য অধীর হইয়াছিল। হুবার্ট রোরকি লণ্ডনের ময়ডা-ভেল নামক পল্লীতে প্রাসাদোপম অট্টালিকায় বাস করিত। সে অবিলম্বে মেট্‌ল্যাণ্ডের গৃহে উপস্থিত হইবার জন্য প্রতিশ্রুত হইয়াছিল। মেট্‌ল্যাণ্ডের অন্য বন্ধু সাইমন কার্ণ উইম্বল্‌ডন-কমনে বাস করিত ; কিন্তু সেই রাত্রে সে তাহার পার্ক লেনের বাড়ীতে রাত্রি-যাপন করিতেছিল। সে অল্প দিন পূর্ব্বে পার্ক লেনে একটি সুবৃহৎ অট্টালিকা ক্রয় করিয়াছিল। এই নূতন বাড়ীতেই তাহাকে অধিকাংশ সময় দেখিতে পাওয়া যাইত।

কার্ণ, রোরকি এবং মেট্‌ল্যাণ্ড তিন জনেই নরপিশাচ। তাহারা পরস্পরের সহিত পরামর্শ করিয়া নানা প্রকার দুষ্কর্ম্ম করিত; তিন জনেই পরস্পরের মনের কথা জানিত। তাহারা বিভিন্ন ব্যবসায়ে লিপ্ত থাকিলেও, গুপ্ত ব্যবসায়ে তাহাদের যোগ ছিল। এ জন্য সর্ব্বদাই তাহাদের পরামর্শ চলিত; কেহ কাহারও অজ্ঞাতসারে কোন কায করিত না। জোঁকের মত পরের শোণিত-শোষণে তাহাদের তিন জনই সমান দক্ষ ছিল! তিন বৎসর সশ্রম কারাদণ্ড ভোগের পর মুক্তি লাভ করিলে তাহাদের বন্ধুত্ব-বন্ধন দৃঢ়তর হইয়াছিল। তাহারা অসদুপায়ে বিপুল অর্থ সঞ্চয় করিয়াছিল; সুতরাং কারাগার হইতে মুক্তি লাভের পর সমাজে প্রতিষ্ঠা-ভাজন হইতে তাহাদের অধিক বিলম্ব হয় নাই। সম্ভ্রান্ত ব্যবসায়ী বলিয়া তাহারা খ্যাতি প্রতিপত্তি লাভেও সমর্থ হইয়াছিল; তাহার বহু দিন পূর্ব্বে সার রড্‌নে ড্রুমণ্ডের যে বিপুল অর্থরাশি শোষণ করিয়াছিল, তাহাই তাহাদের সৌভাগ্যের মূল। তাহাদিগকে তিন বৎসর সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইলেও সেই অর্থে তাহাদিগকে বঞ্চিত হইতে হয় নাই।

ধনাঢ্য নর নারীর গুপ্ত কথা, গুপ্ত কলঙ্ক প্রকাশের ভয় দেখাইয়া লণ্ডনের অনেক নরপিশাচ অর্থোপার্জ্জন করিয়া থাকে; কিন্তু এই তিন নর-প্রেত এই ব্যবসায়ে অন্য সকলকে অতিক্রম করিয়াছিল। অসাধু উপায়ে অর্থোপার্জ্জনে তাহাদের বিন্দুমাত্র কুণ্ঠা ছিল না। কিন্তু মেট্‌ল্যাণ্ড সেদিন দুশ্চিন্তায় অধীর হইয়াছিল। তাহার দুশ্চিন্তার কারণও সামান্য নহে।

মেট্‌ল্যাণ্ডের ঘড়ির দুই কাঁটা বারটার ঘরে আসিলে বারটা না বাজিয়া একটা বাজিল! তাহাতেই তাহার সন্দেহ হইল—ঘড়ির কাঁটা তাহার অজ্ঞাতসারে কেহ পিছাইয়া দিয়াছিল। তাহার পকেটস্থিত সোনার ঘড়ি পঁয়তাল্লিশ মিনিট পিছাইয়া পড়িয়াছিল—দোকানের ঘড়িতে সময় দেখিয়া ইহাও সে বুঝিতে পারিল। তাহার পকেট-ঘড়ি একশত গিনি মূল্যের 'ক্রনোমেটার।' (a hundred-guinea chronometer) সেই ঘড়িতে কোন দিন সময়ের এক সেকেণ্ডেরও ব্যতিক্রম হইত না। কেবল সেই রাত্রেই সে দেখিল—তাহার ঘড়ি হঠাৎ পঁয়তাল্লিশ মিনিট 'স্লো' হইয়া গিয়াছে। তাহার বড় ঘড়িতেও সময়ের ঐরূপ তফাৎ। তবে কি

কেহ উভয় ঘড়িরই কাঁটা সরাইয়া দিয়াছিল? কে কি উদ্দেশ্যে এই কা করিয়াছিল?

মেট্‌ল্যাণ্ডের স্মরণ হইল—ওটিস্‌ হারকোর্ট রাত্রি এগারটার সময় তাহা সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন; তিনি সেখানে হুইস্কি পান করিয়াছিলেন, সে আর একটা গ্লাসে হুইস্কি ঢালিয়া পান করিবামাত্র বেহুঁস হইয়া পড়িয়াছিল। প্রায় দুই মিনিট কাল তাহার চেতনা ছিল না।

সত্যই কি দুই মিনিট?—তখন ঘড়ি দেখিয়া তাহার মনে হইয়াছিল—দুই মিনিটের জন্যই তাহার চেতনা বিলুপ্ত হইয়াছিল; কিন্তু ঘড়ির ত্রুটি ধরা পড়িলে সে বুঝিতে পারিল—দুই মিনিট নহে, সে পঁয়তাল্লিশ মিনট অচেতন ছিল!

সেই পঁয়তাল্লিশ মিনিটের মধ্যে কিরূপ ঘটনা ঘটিয়াছিল, তাহা বুঝিতে না পারিয়া মেট্‌ল্যাণ্ড অস্থির হইয়া উঠিল। তাহার সন্দেহ হইল ওটিস্‌ হারকোর্ট বলিয়া আত্ম-পরিচয় দিয়া যে ব্যক্তি তাহার সঙ্গে দেখা করিতে আসিযাছিল—সে কি আসল হারকোর্ট? সেই হারকোর্ট ভিন্ন অন্য কে তাহার ঘড়ির কাঁটা ঘুরাইয়া দিবে? সেই রাত্রে অন্য কোনও লোক তাহার শয়ন-কক্ষে প্রবেশ করে নাই। যদি হারকোর্টই এই কায করিয়া থাকে—তাহা হইলে সে কি উদ্দেশ্যে ঐরূপ করিয়াছিল? সেই পঁয়তাল্লিশ মিনিটে কি কাণ্ড ঘটিয়াছিল—তাহা তাহার জানিবার উপায় ছিল না। হারকোর্ট নামধারী ব্যক্তির ব্যবহার অত্যন্ত রহস্যপূর্ণ। আগন্তুক নিউ ইয়র্কের কোটীপতি ওটিস্‌ হারকোর্ট হইলে তিনি নিশ্চয়ই এরূপ ব্যবহার করিতেন না।

মেট্‌ল্যাণ্ড তাহার ধনভাণ্ডার পরীক্ষা করিল। সেখানে বিস্তর বহুমূল্য দ্রব্য ছিল; কিন্তু কোনও দ্রব্য অপহৃত হয় নাই; এমন কি, কোন সামগ্রী স্থানভ্রষ্টও হয় নাই। তাহার সিন্দুকে বিস্তর হীরা জহরত, গিনি, ব্যাঙ্ক-নোট প্রভৃতি সঞ্চিত ছিল, সিন্দুক খুলিয়া সে দেখিল—কেহই তাহা স্পর্শ করে নাই।

মেট্‌ল্যাণ্ড কি ভাবিবে, কি করিবে—কিছুই স্থির করিতে না পারিয়া তাহার বন্ধুদ্বয়কে টেলিফোনে আহ্বান করিল। তাহাদের সহিত পরামর্শ করিবার জন্য সে ব্যাকুল হইল। সে তাহাদের প্রতীক্ষা করিতে লাগিল; সেই সময় হঠাৎ

একটা কথা তাহার মনে হইল। সে তৎক্ষণাৎ সাগ্রহে টেলিফোনের চোঙ্ হাতে তুলিয়া লইয়া ব্যগ্রস্বরে বলিল, "জেরার্ড ৪৩৪৩।"

মুহূর্ত্ত পরে মেট্‌ল্যাণ্ড রুদ্ধনিশ্বাসে বলিল, "সেভয় হোটেল? উত্তম! তুমি এই মুহূর্ত্তেই ওটিস্ হারকোর্টের টেলিফোনের লাইন খুলিয়া দাও। হয় ত তিনি এখন ঘুমাইতেছেন, কিন্তু সেজন্য চিন্তা নাই; তাঁহার নিদ্রাভঙ্গ করিতে হইবে। অত্যন্ত জরুরি খবর আছে।"

সেভয় হোটেলের নৈশ ক্লার্ক (night clerk) বলিল, "কি নাম বলিলেন? ওটিস্ হারকোর্ট?—এক মুহূর্ত্ত অপেক্ষা করুন মহাশয়!"

প্রায় এক মিনিট পরে সেভয় হোটেলের পূর্ব্বোক্ত কেরাণী মেট্‌ল্যাণ্ডকে বলিল, "কি নাম বলিয়াছেন? নামটা আর একবার বলুন ত!"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তাঁহার নাম হারকোর্ট, ওটিস্ হারকোর্ট। তিনি সাধারণ লোক নহেন, মার্কিনের কোটীপতি, সেভয় হোটেলে বাসা লইয়া ওখানে বাস করিতেছেন; তাঁহারই সঙ্গে আমার জরুরি কথা আছে।"

কেরাণী বলিল, "ওটিস্ হারকোর্ট? তিনি লক্ষপতি, কি কোটীপতি, কি আর কিছু তাহা আমার জানা নাই। ঐ নামের কোন ভদ্রলোক সেভয় হোটেলে বাস করেন না। তিনি সেভয় হোটেলেই আছেন—এ সংবাদ আপনার ঠিক জানা আছে কি?"

মেট্‌ল্যাণ্ড উত্তেজিত স্বরে বলিল, "কি বলিলে? ওটিস্ হারকোর্ট নামক কোন ভদ্রলোক সেভয় হোটেলে বাস করেন না?—অসম্ভব! আমি জানি তিনি সেভয় হোটেলে বাস করিতেছেন। তুমি একবার ভাল করিয়া সন্ধান লও।"

কেরাণী বলিল, "হাঁ, আমি খুব ভাল করিয়াই সন্ধান লইয়াছি; কিন্তু দুঃখের বিষয় আমার নূতন কোন কথা বলিবার নাই। ভ্রম আপনারই।"

মেট্‌ল্যাণ্ড রিসিভার নামাইয়া রাখিয়া হতাশভাবে শূন্যে চাহিয়া রহিল। বিদ্যুতালোকিত কক্ষটি যেন সহসা গাঢ় অন্ধকারে সমাচ্ছন্ন হইল! নানা অজ্ঞাত ভয়ে তাহার হৃদয় পূর্ণ হইল। ওটিস্ হারকোর্ট সেভয় হোটেলে নাই! অথচ তিনি মেট্‌ল্যাণ্ডের সহিত রাত্রি এগারটার সময় দেখা করিতে আসিয়াছিলেন,

পরদিন সকালেই পুনর্ব্বার তাহার ঘরে আসিবেন—বলিয়া গিয়াছেন।—তবে তিনি কে? অন্য কোন লোক তাঁহার ছদ্মনামে কি উদ্দেশ্যে সেখানে আসিয়াছিল?

সে প্রতারিত হইয়াছে। সেই লোকটি ওটিস্ হারকোর্ট নহে, ওটিস্ হারকোর্টের ছদ্মনামে অন্য লোক! সেই ব্যক্তি কে? কেন সে আসিয়াছিল? সে হঠাৎ সংজ্ঞাহীন হইলে লোকটা তাহার অজ্ঞাতসারে কি করিয়া গিয়াছে?

হঠাৎ পায়ের জুতায় তাহার দৃষ্টি আকৃষ্ট হইল। সে দেখিল তাহার জুতায় লাল শুরকীর গুঁড়া লাগিয়া রহিয়াছে! সে ত সেই জুতা পরিয়া বাহিরে যায় নাই, তবে শুরকীর গুঁড়া জুতায় লাগিয়া থাকিবার কারণ কি? তবে কি সে সেই পঁয়তাল্লিশ মিনিটের মধ্যে অচেতন অবস্থায় স্থানান্তরে গিয়াছিল? কে তাহাকে কি উপায়ে কোথায় লইয়া গিয়াছিল? সকল রহস্যই দুর্ব্বোধ্য, দুর্ভেদ্য অন্ধকারে সমাচ্ছন্ন!

মেট্‌ল্যাণ্ড জুতা-জোড়াটি হাতে লইয়া তাহা উল্টাইয়া পরীক্ষা করিতে লাগিল। টাট্‌কা শুরকীর গুঁড়ায় তাহার জুতা বসিয়া গিয়াছিল; অথচ শুরকীর গুঁড়া কোথা হইতে আসিল—তাহা সে বুঝিতে পারিল না! সে সেই জুতা পায়ে দিয়া সজ্ঞান অবস্থায় শুরকী-ঢাকা পথ দিয়া কোথাও যায় নাই! তবে?

মেট্‌ল্যাণ্ড কিছুই বুঝিতে না পারিয়া ব্যাকুল দৃষ্টিতে তাহার জুতার দিকে চাহিয়া রহিল। সেই সময় তাহার বন্ধু সাইমন কার্ল এবং হুবার্ট রোরকি সেই কক্ষে প্রবেশ করিল। তাহারা উভয়েই একত্র আসিয়াছিল। সেই গভীর রাত্রে শয্যা ত্যাগ করিয়া তত দূর আসিতে হওয়ায় তাহাদের মেজাজ গরম হইয়া উঠিয়াছিল। মেট্‌ল্যাণ্ডের প্রতি তাহারা অত্যন্ত বিরক্ত হইয়াছিল।

কার্ল প্রকাণ্ড জোয়ান, জালার মত ভুঁড়ি, গোল মুখ, চক্ষু দুটি বরাহ-শাবকের চক্ষুর সহিত তুলনীয়। (Pig-like eyes.) ঘাড়ে-গর্দ্দানে ঠাসা, ঘাড়ের মাংস পিণ্ড এতই অতিরিক্ত স্থূল যে, চলিবার সময় তাহা থল-থল করিত। রোরকির সর্ব্বাঙ্গ অস্থিচর্ম্ম-সার, হাড়গিলের মত চেহারা, সরু সরু লম্বা হাত পা। বড় বড় চক্ষু দুটি অস্বাভাবিক উজ্জ্বল। তাহাদের উভয় বন্ধুর আকৃতিগত বিভিন্নতা সত্ত্বেও

প্রকৃতিগত পার্থক্য ছিল না। উভয়েই ভয়ঙ্কর লোভী, স্বার্থপর, এবং পরের সর্ব্বনাশ-সাধনে তৎপর।

মেট্‌ল্যাণ্ড তাহার বন্ধুদ্বয়ের সাড়া পাইয়া ব্যগ্রস্বরে বলিল, "এস ভাই, এস! আজ রাত্রে আমার বাড়ীতে বড়ই অসাধারণ, অদ্ভুত ব্যাপার ঘটিয়া গিয়াছে। আশা করি তোমরা তাহার কারণ স্থির করিতে পারিবে। আমি ত কিছুই বুঝিতে পারি নাই। আমার মাথা ঘুরিয়া গিয়াছে। দুশ্চিন্তার সমুদ্রে পড়িয়া আমি নাকানি-চুবানি খাইতেছি। আমি হতবুদ্ধি হইয়া গিয়াছি!"

কার্ল কক্ষমধ্যে অগ্রসর হইয়া বলিল, "ধীরে, মেট্‌ল্যাণ্ড, ধীরে! অত ব্যাকুল হইয়া কোন লাভ নাই। ব্যাপার কি খুলিয়া বল। এই এক রাত্রির মধ্যেই তোমার চেহারা বাদুড়-চোষা আমের মত চুপ্‌সাইয়া গিয়াছে, ইহার কারণ কি? জালিয়াতি-টালিয়াতি কিছু ধরা পড়িয়াছে না কি?"

মেট্‌ল্যাণ্ড ওটিস্ হারকোর্টের প্রসঙ্গে সকল কথা তাহার বন্ধুদ্বয়ের গোচর করিল। সেভয় হোটেলে টেলিফোন করিয়া যাহা জানিতে পারিয়াছিল তাহাও বলিল। তাহার বন্ধুদ্বয় সন্দিগ্ধ চিত্তে কথাগুলি শুনিয়া অবিশ্বাস ভরে মাথা নাড়িল। অবশেষে রোরকি বলিল, "ঘুমের ঘোরে স্বপ্ন দেখিয়াছ মেট্‌ল্যাণ্ড! রাত্রি একটার সময় আমাদের ডাকিয়া আনিয়া এমন উদ্ভট গল্প আরম্ভ করিলে যে, তাহা শুনিয়া না হাসিয়া থাকা যায় না! হুইস্কির মাত্রা খুব বাড়াইয়াছিলে বোধ হয়? অকারণ হৈ-চৈ করিয়া নিজে ত কষ্ট পাইয়াছই, আমাদের পর্য্যন্ত ঘুমটা নষ্ট করিলে!—তোমার কি মত কার্ল?"

কার্ল মাথা নাড়িয়া বলিল, "নেশায় টং হইলে যাহা হয়, তাহাই হইয়াছে; হুইস্কির মাত্রা বাড়াইয়াই সব ওলট্‌-পালট্ করিয়া ফেলিয়াছে! ফলে বে-এক্তার, এবং পরে বেহুঁস!—তোমার জুতার নীচে শুরকীর গুঁড়া কোথা হইতে আসিল, জানিতে চাও?—ঘুমের ঘোরে বা নেশার ঝোঁকে কোথায় গিয়া পড়িয়াছিলে—তাহা ত আমাদের জানা নাই; সুতরাং তোমার প্রশ্নের উত্তর দেওয়া আমাদের অসাধ্য। অন্য কোন লোক তোমার পা-জোড়াটা ধার করিয়া লইয়া এই রাত্রিকালে হাওয়া খাইয়া আসিয়াছে—এ কথা আমরা বিশ্বাস করিতে পারিলাম না বন্ধু!"

মেট্‌ল্যাণ্ড বিরাগ ভরে বলিল, "কি পাগলের মত কথা বলিতেছ? ও কি বিবেচক মানুষের মত কথা? আমার বিশ্বাস, সেই আমেরিকানটাই এখানে আসিয়া আমার ঘড়ির কাঁটা ঘুরাইয়া রাখিয়াছিল। হাঁ, দুইটি ঘড়িরই এক অবস্থা হইয়াছিল। আমার ক্রনোমেটার হঠাৎ পঁয়তাল্লিশ মিনিট 'স্লো'! এ-কি বিশ্বাস করিবার বিষয়? আমি সেই পঁয়তাল্লিশ মিনিট বেহুঁস ছিলাম। সেই সময় কি ঘটিয়াছিল—তাহা আমার বুঝিবার শক্তি নাই। তোমরা যদি কিছু বুঝিতে পার—এই আশায় তোমাদের ডাকিয়াছি। আমার বিশ্বাস, আমার বিরুদ্ধে কি একটা ভয়ঙ্কর ষড়যন্ত্র হইয়াছে! এই হারকোর্ট সেভয় হোটেলে নাই। আমি প্রতারিত হইয়াছি; কিন্তু এ সকল কাহার কাজ তাহা বুঝিবার উপায় নাই। যদি ইহা কোন চোরের কায হয়—ভাবিয়া আমার ধনাগারের সিন্দুক আলমারি পরীক্ষা করিয়াছি, কিন্তু এক পেনীও চুরি যায় নাই।"

সিঁড়িতে দুপ্-দাপ্, দুপ্-দাপ্ পদশব্দ হইল।

রোরকি বলিল, "সিঁড়ি দিয়া আবার কাহারা আসিতেছে? এত রাত্রে!"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তাই ত! এত রাত্রে কাহারা এখানে আসিতেছে?"

রুদ্ধদ্বারে করাঘাত হইল।

মেট্‌ল্যাণ্ড বলিল, "কে হে! দাঁড়াও।"—সে উঠিয়া গিয়া দরজা খুলিয়া দিল। তৎক্ষণাৎ সে উজ্জ্বল দীপালোকে সম্মুখে যে মূর্ত্তি দণ্ডায়মান দেখিল—তাহার আপাদ-মস্তক নিরীক্ষণ করিয়া মেট্‌ল্যাণ্ডের মূর্চ্ছার উপক্রম হইল।

মুক্তদ্বার পথে মেট্‌ল্যাণ্ড যাঁহাকে দেখিতে পাইল, তিনি স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের চীফ্ ইন্‌স্পেক্টর লেনার্ড!

মেট্‌ল্যাণ্ড অতি কষ্টে আত্মসংবরণ করিয়া বলিল, "আপনি! আপনি আমার এখানে কেন আসিয়াছেন?"

ইন্‌স্পেক্টর লেনার্ড তীক্ষ্ণদৃষ্টিতে সেই কক্ষস্থ তিনজন লোকের মুখের দিকে চাহিলেন। সেই তিনজনের একজনেরও সহিত তাঁহার পরিচয় ছিল না; তবে তাহাদের পরস্পরের ঘনিষ্ঠতার কথা তাঁহার অজ্ঞাত ছিল না, সুতরাং তাহারা কে, তাহা অনুমান করিয়া তিনি সম্মুখস্থ গৃহস্বামীকে বলিলেন, "আপনিই মিঃ মেট্‌ল্যাণ্ড?"

মেট্‌ল্যাণ্ড ভগ্নস্বরে বলিল, "আ—আমিই মেটল্যাণ্ড। আপনি ?"

ইন্‌স্পেক্টর লেনার্ড মেট্‌ল্যাণ্ডের ভাবভঙ্গি দেখিয়াই তাহাকে অপরাধী বলিয়া সন্দেহ করিলেন। ইন্‌স্পেক্টর লেনার্ডকে সেই গভীর রাত্রে তাহার গৃহে উপস্থিত হইতে দেখিয়া সে ভয়ে মুখ চূণ করিয়া দ্বারপ্রান্তে দাঁড়াইয়া রহিল। তাহার চক্ষু আতঙ্কে বিস্ফারিত হইল। ইন্‌স্পেক্টর লেনার্ড অত্যন্ত আমোদ বোধ করিয়া বলিলেন, "মিঃ মেট্‌ল্যাণ্ড, আপনার আপত্তি না থাকিলে আমাকে ভিতরে প্রবেশ করিবার অনুমতি দান করুন। আপনাকে আমার দুই একটি কথা জিজ্ঞাসা করিবার প্রয়োজন আছে।"

মেট্‌ল্যাণ্ড প্রকৃতিস্থ হইয়া বলিল, "আসুন, ভিতরে আসুন মহাশয়! আপত্তি? আমার বাপের সাধ্য হইত না আপত্তি করে! পুলিশকে ঘরে ঢুকিতে দিতে আপত্তি? কিন্তু ব্যাপার কি? কোন রকম গোলমাল বাধিয়াছে না কি?"

ইন্‌স্পেক্টর লেনার্ড সেই কক্ষের ভিতর অগ্রসর হইতে হইতে বলিলেন, "হাঁ, গোলমালটা বেশ পাকাইয়া তুলিয়াছেন, অথচ আপনার কথা শুনিয়া মনে হইতেছে—আপনি কিছুই যেন জানেন না! আমার কাছে ওরকম ন্যাকামী করিয়া লাভ নাই, মিঃ মেট্‌ল্যাণ্ড!"

সাইমন কার্ল ও হুবার্ট রোবর্ক ইন্‌স্পেক্টর লেনার্ডকে দেখিয়া অত্যন্ত অস্বচ্ছন্দতা বোধ করিতে লাগিল। পুলিশের সংস্পর্শে আসিতে তাহাদের বিন্দুমাত্র আগ্রহ ছিল না, কারণ তাহাদের সম্বন্ধে পুলিশের ধারণা কিরূপ উচ্চ তাহা তাহারা জানিত। সেই গভীর রাত্রে মেট্‌ল্যাণ্ডের অনুরোধে তাহার গৃহে আসিয়া তাহারা অত্যন্ত অনুতপ্ত হইল। চোরে চোরে বন্ধুত্ব বিপদের সময় কিরূপ অক্ষুণ্ণ থাকে—তাহা সকলেই জানেন। ইন্‌স্পেক্টর লেনার্ড আসিয়াছেন—ইহা বুঝিতে পারিলে তাহারা পূর্ব্বেই অন্য কোন কক্ষে লুকাইত; কিন্তু তখন আর পলায়নের উপায় ছিল না। তাহারা উভয়েই অবনত মস্তকে স্তব্ধ ভাবে বসিয়া রহিল। ইন্‌স্পেক্টর লেনার্ড বক্র দৃষ্টিতে তাহাদের মুখের দিকে চাহিয়া মনে মনে বলিলেন, "তিন শয়তানকেই এক জায়গায় দেখিতেছি, সুবিধা থাকিলে এ দুই বেটাকেও গ্রেপ্তার করিতাম।"—কিন্তু তিনি প্রকাশ্যে বলিলেন, "হঠাৎ এখানে আসিয়া মহাশয়দের

গুপ্ত পরামর্শের ব্যাঘাত ঘটাইলাম, এ জন্য দুঃখ হইতেছে। ইহাই গুপ্ত পরামর্শের প্রশস্ত সময় বটে! কিন্তু মিঃ মেট্‌ল্যাণ্ড, আমি জানিতে চাই আপনি আজ রাত্রি এগারটা হইতে সাড়ে বারটা পর্য্যন্ত কোথায় কি ভাবে কাটাইয়াছেন। আমি সরকারী ভাবে আপনাকে এ প্রশ্ন করিতেছি না, কেবল কর্ত্তব্যের অনুরোধেই আপনাকে এ কথা জিজ্ঞাসা করিতে হইতেছে। আপনি ত জানেন আমরা পুলিশের লোক, চব্বিশ ঘণ্টাই সরকারের চাকর। নতুবা এত রাত্রে আর সখ করিয়া কে এখানে আসিত?"

মেট্‌ল্যাণ্ড স্খলিত স্বরে বলিল, "কিন্তু আপনি কি উদ্দেশ্যে ঐ কথা জিজ্ঞাসা করিতেছেন তাহা বুঝিতে পারিলাম না! সন্ধ্যাকাল হইতে আমি ঘরেই আছি; এক মুহূর্ত্তের জন্যও বাহিরে যাই নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড মেট্‌ল্যাণ্ডের জুতার দিকে চাহিয়া হাসিয়া বলিলেন, "আপনার ঘরের ভিতর সুরকীর গুঁড়া ছড়াইয়া মেঝের পিচ্ছিলতা দূর করিয়াছেন —ইহা জানিতাম না!"

এই কথা বলিয়াই তিনি মেট্‌ল্যাণ্ডের জামার হাতার দিকে দৃষ্টিপাত করিলেন, তাহার কিয়দংশ ছেঁড়া, এবং তিনি যে ছিন্ন টুকুরাটুকু আনিয়াছিলেন, তাহা মেট্‌ল্যাণ্ডের জামারই ছিন্ন অংশ—ইহা তিনি তৎক্ষণাৎ বুঝিতে পারিলেন।

মেট্‌ল্যাণ্ড কুণ্ঠিত স্বরে বলিল, "না, আমার ঘরের কোন স্থানে সুরকীর গুঁড়া নাই; আমার জুতার তলায় সুরকীগুঁড়া কিরূপে লাগিল, তাহা বুঝিতে পারিতেছি না! আমি সত্যই বলিতেছি আমি সন্ধ্যার পর ঘরের বাহিরে যাই নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আপনার কথা বিশ্বাস করিতে না পারায় আমার ভয়ঙ্কর দুঃখ হইতেছে; আপনি দয়া করিয়া সত্য কথা বলিলে আমার এই দুঃখ দূর হইতে পারে। তবে আমারও একটি সত্য কথা বলিতে বাধা নাই; আপনি জানিয়া রাখুন আপনাকে গ্রেপ্তার করা হইল। পুলিশের লোক অধিক বাগাড়ম্বর নিষ্প্রয়োজন মনে করে।"

গ্রেপ্তারের নিদর্শনসূচক তিনি মেট্‌ল্যাণ্ডের স্কন্ধে হস্তার্পণ করিলেন।

মেট্‌ল্যাণ্ড ভয়ে বিস্ময়ে অভিভূত হইয়া আড়ষ্ট স্বরে বলিল, "—এঁ্যা, আমাকে

গ্রে—গ্রেপ্তার করিলেন ; ও আবার কি রকম কথা ? আপনি ক্ষেপিয়াছেন ! (you're insane !) আমাকে গ্রেপ্তার করিতে পারেন—এরূপ কি কায—"

ইন্‌স্পেক্টর লেনার্ড বাধা দিয়া বলিলেন, "আপনার যাহা বলিবার আছে, যথাস্থানে তাহা বলিতে পারিবেন। এখন আপনার চাবিগুলি বাহির করিয়া দিলে বাধিত হইব।"

মেট্‌ল্যাণ্ড উত্তেজিত স্বরে বলিল, "আমার চাবি আপনাকে কেন দিব ? আমার এরূপ অপমান করিবার আপনার অধিকার কি ? আপনি পুলিশ, এইজন্য কি আশা করিয়াছেন—আপনার সকল অত্যাচার নীরবে সহ্য করিব ? আপনাকে ইহার ফলভোগ করিতে হইবে না ?"

ইন্‌স্পেক্টর লেনার্ড গম্ভীর স্বরে বলিলেন, "চাবি !"

মেট্‌ল্যাণ্ড গর্জ্জন করিয়া বলিল, "পাইবে না। তোমার হুকুমে আমি চাবি দিতে বাধ্য নহি।"

ইন্‌স্পেক্টর লেনার্ড হাঁকিলেন, "চার্লি, কেলী !"

ঐরাবততুল্য দুই বিরাট-দেহ কন্‌ষ্টেবল দ্বারপ্রান্ত হইতে সেই কক্ষে প্রবেশ করিল, এবং ইন্‌স্পেক্টরের ইঙ্গিতে মেট্‌ল্যাণ্ডের দুই পাশে গিয়া চেয়ার হইতে তাহাকে টানিয়া তুলিল। মেট্‌ল্যাণ্ড তাহাদের মধ্যে দাঁড়াইয়া ক্রোধে অপমানে ফুলিতে লাগিল, তাহার চক্ষু হইতে অগ্নিশিখা নির্গত হইল। কার্ল ও রোরকি তাহাদের দিকে সভয়ে মিট্‌-মিট্‌ করিয়া চাহিতে লাগিল। পলায়নের জন্য তাহারা অধীর হইয়া উঠিল ; কিন্তু সেই অবস্থায় পলায়ন করিতে তাহাদের সাহস হইল না।

মেট্‌ল্যাণ্ড ক্রুদ্ধস্বরে বলিল, "তোমার ভুল হইয়াছে ইন্‌স্পেক্টর ! তুমি ভুল করিয়া বিনা-অপরাধে আমাকে গ্রেপ্তার করিতে আসিয়াছ। বিশ্বাস কর—আমি নিরপরাধ।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "তাহা হইলে তুমি আজ রাত্রে লর্ড ব্ল্যাক্‌উডের ঘরের জানালা ভাঙ্গিয়া তাঁহার কোষাগারে প্রবেশ করিয়াছিলে—ইহা অস্বীকার করিতেছ ? কিন্তু তোমার অঙ্গুলি-চিহ্ন সেই ঘরে ফেলিয়া আসা তোমার মত পাকা

চোরের পক্ষে অত্যন্ত কাঁচা কায হয় নাই কি? তা ছাড়া, তাঁহার আঙিনার যে সুরকীর গুঁড়াগুলি মাড়াইয়া আসিয়াছ—সেগুলি জুতা হইতে ঝাড়িয়া ফেলিয়া ঐ রকম ন্যাকামী করিলেই কি সঙ্গত হইত না? এই সকল অকাট্য প্রমাণ সত্ত্বেও বলিতেছ তুমি নিরপরাধ! তোমার মত নির্লজ্জ লোক আমি এপর্য্যন্ত আর একটিও দেখিলাম না!"

মেট্‌ল্যাণ্ড ইন্‌স্পেক্টরের কথায় বিস্ময়াভিভূত হইয়া বলিল, "লর্ড ব্ল্যাক্‌উডের ঘরে চুরি, আমার অঙ্গুলি-চিহ্ন রাখিয়া আসা—প্রভৃতি কি বলিতেছ তাহা আমি বুঝিতে পারিলাম না, ইন্‌স্পেক্টর! আমি তোমাকে পূর্ব্বেই বলিয়াছি আজ সন্ধ্যার পর আমি ঘরের বাহিরে যাই নাই। আমার বিরুদ্ধে ঐ সকল অভিযোগ মিথ্যা। আমি ন্যাকামী করি নাই। এ তোমাদেরই বদ্‌মায়েসী, নিরপরাধ ভদ্রলোককে অনর্থক হয়রান করিতে আসিয়াছ। তোমাদের অসাধ্য কর্ম্ম নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "তুমি বড় চতুর লোক, কিন্তু দমবাজি করিয়া আমার চোখে ধুলা দিতে পারিবে না মিঃ মেট্‌ল্যাণ্ড! বাজে তর্ক ছাড়িয়া এখন চোরা-মাল সেই বর্জ্জিয়া-কৌটাটি বাহির করিয়া দাও, নতুবা তোমার লাঞ্ছনার সীমা থাকিবে না।"

মেট্‌ল্যাণ্ড বিচলিত স্বরে বলিল, "তুমি বলিতেছ কি? তোমার কি বিশ্বাস লর্ড ব্ল্যাক্‌উডের সেই কৌটা আমি চুরি করিয়া আনিয়াছি? তুমি কি সেই কৌটা এখানে পাইবার আশা করিয়াছ? (do you expect to find it here?) লর্ড ব্ল্যাক্‌উড্‌ই ত তাহা নিলামে ডাকিয়া লইয়াছেন; আমিও তাহা নিলামে ডাকিয়াছিলাম বটে, কিন্তু তিনি ডাকের উপর ডাক চড়াইয়া—"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "তোমাকে পরাস্ত করিয়াছিলেন বটে, কিন্তু তুমি আজ রাত্রে বুদ্ধিকৌশলে তাঁহাকে পরাস্ত করিয়া তাহা আত্মসাৎ করিয়াছ। টাকা দিতে হইল না, অথচ জিনিসটি তোমার হস্তগত হইল! ইহা কি অল্প বুদ্ধির কায?"

মেট্‌ল্যাণ্ড বলিল, "মিথ্যা কথা! আমি সেই কৌটা স্পর্শও করি নাই; লর্ড ব্ল্যাক্‌উডের ঘরের কাছেও যাই নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড মেট্‌ল্যাণ্ডের পার্শ্বস্থিত কনষ্টেবলদ্বয়ের একজনকে লক্ষ্য করিয়া বলিল, "কেলী, ঐ বদ্‌মায়েসের পকেট হইতে চাবি বাহির করিয়া লও; চাবি দিতে অসম্মত হইলে তোমরা দুইজনে উহার দুই কান ধরিয়া ঘোড়দৌড় করাও।"

ইন্‌স্পেক্টরের কথা শুনিয়া মেট্‌ল্যাণ্ড ভয়ে অপমানে কাঁদিয়া ফেলিল। সে চাবি বাহির করিয়া দিতে আর আপত্তি করিল না। ইন্‌স্পেক্টর লেনার্ড সেই চাবি দিয়া তাহার সিন্দুক খুলিলেন, কিন্তু বর্জ্জিয়া-কৌটা সিন্দুকে পাইলেন না; তখন তিনি সেই কক্ষের এবং পার্শ্বস্থিত অন্যান্য কক্ষের সকল স্থান খুঁজিতে আরম্ভ করিলেন। কৌটাটি বৃহৎ নহে, এই জন্য তাঁহার ধারণা হইল কোনও গুপ্ত স্থানে তাহা লুকাইয়া রাখা হইয়াছে।

মেট্‌ল্যাণ্ড জানিত—সেই কৌটা তাহার ঘরে নাই; সুতরাং ইন্‌স্পেক্টর লেনার্ড তাহার ঘরে খানাতল্লাস আরম্ভ করিলে সে ভীত হইল না; সে কিরূপে লেনার্ডের ধৃষ্টতার প্রতিফল দিবে তাহাই ভাবিতে লাগিল। কিন্তু কয়েক মিনিটের মধ্যেই তাহার সকল আশা শূন্যে বিলীন হইল! একটি আলমারি হইতে কতকগুলি পুস্তক নামাইয়া ফেলিতেই ইন্‌স্পেক্টর লেনার্ড সেই সকল পুস্তকের আড়ালে বর্জ্জিয়া-কৌটাটি আবিষ্কার করিলেন। কৌটাটি পুস্তকগুলির অন্তরালে লুকাইয়া রাখা হইয়াছিল।

ইন্‌স্পেক্টর কৌটাটি হাতে লইয়া সোৎসাহে বলিলেন, "আঃ, এতক্ষণ পরে পাওয়া গেল! কে জানিত কেতাবের আলমারিতে কেতাবগুলার আড়ালে ইহা লুকাইয়া রাখা হইয়াছিল!"

ইন্‌স্পেক্টর মেট্‌ল্যাণ্ডের সম্মুখে আসিয়া কৌটাটি তাহার সম্মুখে ধরিয়া বিদ্রূপ-ভরে বলিলেন, "এ কৌটা তোমার ঘরে নাই বলিয়াছিলে না? তুমি লর্ড ব্ল্যাক্‌উডের ঘরে চুরি করিতে যাও নাই, এই কৌটা স্পর্শও কর নাই; কৌটা পাখা বাহির করিয়া উড়িয়া আসিয়া তোমার আলমারির ভিতর প্রবেশ করিয়াছিল, এবং কেতাবগুলির আড়ালে লুকাইয়া থাকিয়া নিরপরাধের লাঞ্ছনা দেখিবার সুযোগের প্রতীক্ষা করিতেছিল!"

ইন্‌স্পেক্টর লেনার্ডের কোন কথা মেট্‌ল্যাণ্ডের কর্ণে প্রবেশ করিল না; সে স্তম্ভিতভাবে সেই কৌটার দিকে নির্নিমেষ নেত্রে চাহিয়া রহিল। তাহাকে নিস্তব্ধ দেখিয়া লেনার্ড উত্তেজিত স্বরে বলিলেন, "কৌটা ত বাহির হইল; তুমি ইহা চুরি করিয়া না আনিলে কিরূপে ইহা তোমার কেতাবের আলমারির ভিতর প্রবেশ করিল জানিতে পারি কি?"

মেট্‌ল্যাণ্ড বলিল, "আমি উহা চুরি করি নাই, আলমারির মধ্যেও রাখি নাই। আমার সর্ব্বনাশের জন্য কেহ বদমায়েসী করিয়া এই কায করিয়াছে। আগাগোড়া কাহারও শয়তানী! এসকল কাজ আমার অজ্ঞাতসারে হইয়াছে। এখন বুঝিতে পারিতেছি—এ হারকোর্টেরই কায।"

ইন্‌স্পেক্টর লেনার্ড অবিশ্বাস ভরে মাথা নাড়িয়া বলিলেন, "ধরা পড়িয়া এখন দোষটা অন্য লোকের ঘাড়ে চাপাইবার চেষ্টা করিতেছ? চোরের স্বভাবই এইরূপ! তোমার অজ্ঞাতসারে কে এ কর্ম্ম করিয়াছে বলিলে?—হারকোর্ট?—হারকোর্টটা কে? যাহাকে ধরিতে-ছুঁইতে পারা যাইবে না—এ রকম কোন লোক বোধ হয়?"

মেট্‌ল্যাণ্ড হতাশভাবে বলিল, "কে সে, জানি না। সে আজ রাত্রি এগারটার সময় আমার সঙ্গে দেখা করিতে আসিয়াছিল। সে আমাকে বলিয়াছিল—সে সেভয় হোটেলে বাস করিতেছে; কিন্তু সেভয় হোটেলে তাহার সন্ধান পাওয়া যায় নাই!"

ইন্‌স্পেক্টর লেনার্ড প্রচণ্ডবেগে মাথা নাড়িয়া বলিলেন, "হাঁ, আমি ত পূর্ব্বেই বলিয়াছি, তুমি এমন কোন লোকের ঘাড়ে দোষ চাপাইবে—যাহাকে ধরিতে-ছুঁইতে পারা যাইবে না। ও সকল বদমায়েসী চাল কি আমার জানিতে বাকি আছে? যাহা হউক, ঐ সকল ছেঁদো কথা তোমার কৌঁসিলীর জন্য মুলতুবি রাখ, সে তোমার পক্ষ সমর্থনের জন্য উহার সদ্ব্যবহার করিতে পারিবে; ঐ সকল কথা আমার শুনিবার প্রয়োজন নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড ক্ষুব্ধ দৃষ্টিতে (regretful glance) কার্ল ও রোরকির মুখের দিকে চাহিলেন। তাঁহার ধারণা হইয়াছিল—সেই দুই বদমায়েসও এই

চুরির ষড়যন্ত্রে লিপ্ত ছিল। (they were mixed up in this buseness.) কিন্তু তাহাদের প্রতিকূলে কোন প্রমাণ না থাকায় তিনি তাহাদিগকেও বাঁধিয়া লইয়া যাইতে পারিলেন না বলিয়া ক্ষুব্ধ হইলেন। তিনি অস্কার মেট্‌ল্যাণ্ডকে গ্রেপ্তার করিয়া স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে লইয়া চলিলেন।

নাইট্‌স্‌-ব্রীজের পথ দিয়া চলিবার সময় পথের অন্য পার্শ্বে ইন্‌স্পেক্টর লেনার্ড সেই গভীর রাত্রেও একজন দীর্ঘদেহ ভদ্রবেশধারী পথিককে দেখিতে পাইলেন। পুলিশের গাড়ী যতক্ষণ দেখিতে পাওয়া গেল, ততক্ষণ সে পথে দাঁড়াইয়া সেই দিকে চাহিয়া রহিল।

এই পথিক ছদ্মবেশধারী ওয়াল্‌ডো!

পুলিশের গাড়ী মেট্‌ল্যাণ্ডকে লইয়া অদৃশ্য হইলে ওয়াল্‌ডো হাঁই তুলিয়া অস্ফুট স্বরে বলিল, "খাসা হইয়াছে; আমি এইরূপই আশা করিয়াছিলাম। অতি সহজেই আমার উদ্দেশ্যসিদ্ধি হইল। হতভাগা একবার তিন বৎসর জেল খাটিয়া আসিয়াছে; বেটা দাগী, এবার উহার ঠিক সাত বৎসর জেল হইবে। এই সাত বৎসর সশ্রম কারাদণ্ড ভোগ করিয়া যদি সে ফিরিয়া আসিতে পারে তাহা হইলে আমি নিজের নাক কান কাটিয়া ফেলিব।"

মুহূর্ত্তপরে কার্ল ও রোকি অন্য ট্যাক্সিতে সেই পথে উপস্থিত হইল। ওয়াল্‌ডো আর একখানি ট্যাক্সিতে উঠিয়া তাহাদের অনুসরণ করিল।

সপ্তম ধাক্কা

প্রত্যাখ্যান

স্মিথ মিঃ ব্লেকের মুখের দিকে সংশয়পূর্ণ দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিল, "কর্ত্তা, আপনি মেট্‌ল্যাণ্ডের গ্রেপ্তারের সমর্থন করেন না ? কিন্তু আপনিই ত বলিয়াছিলেন লোকটা বদ্‌মায়েসের ধাড়ী, সমাজের আবর্জ্জনা !"

মিঃ ব্লেক পাইপে তামাক সাজিতে সাজিতে বলিলেন, "হাঁ, অত-বড় শয়তান এ দেশে অল্পই আছে ; কিন্তু এই ব্যাপারে সে নিরপরাধ। যে অপরাধ সে করে নাই, সেই অপরাধে তাহার দণ্ড হওয়া প্রার্থনীয় নহে ; ইহাতে আইনের মর্য্যাদা ক্ষুণ্ণ হয়। মেট্‌ল্যাণ্ডের এই লাঞ্ছনার জন্য ওয়াল্‌ডোই দায়ী। লেনার্ড দুই আর দুই যোগ দিয়া দেখিয়াছে—যোগফল চার হইয়াছে ; তাহাতেই সে খুসী ! কিন্তু ইহার ভিতর আর একটি সংখ্যা উহ্য আছে—তাহা সে বুঝিতে পারে নাই। মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাকউডের বর্জ্জিয়া-কোটা চুরি করে নাই।"

স্মিথ বলিল, "কিন্তু ইন্‌স্পেক্টর লেনার্ড এতক্ষণ বোধ হয় তাহাকে গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছেন।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, আমারও তাহাই মনে হইতেছে। লেনার্ড তাহার বিরুদ্ধে অকাট্য প্রমাণ পাইয়াছে। প্রমাণগুলি অকাট্য বটে, কিন্তু মেট্‌ল্যাণ্ডের গ্রেপ্তারের পক্ষে যথেষ্ট নহে ; লেনার্ডের তাহা বুঝিবার শক্তি নাই, এবং সে তাহা বুঝিবারও চেষ্টা করে নাই। সম্ভবতঃ মেট্‌ল্যাণ্ডের ঘরেই সে চোরা মাল পাইয়াছে ; এ অবস্থায় রহস্য-ভেদের জন্য তাহার আগ্রহ না হওয়াই স্বাভাবিক।"

মিঃ ব্লেক লর্ড ব্ল্যাক্‌উডের নিকট বিদায় লইয়া বাড়ী আসিবার পর তাঁহার সহিত স্মিথ এই সকল কথার আলোচনা করিতেছিল। তাঁহারা উভয়েই তখন উপবেশন-কক্ষে বসিয়া ছিলেন।

স্মিথ বলিল, "আপনি এই ব্যাপারে ওয়াল্‌ডোকে জড়াইতেছেন, কিন্তু এ

সকলই ত আপনার অনুমান মাত্র। আমি স্বীকার করি আপনার এই অনুমান অসঙ্গত নহে, বরং ইহা সত্য বলিয়া বিশ্বাস করিতেই প্রবৃত্তি হয়; কিন্তু আপনিই বলিয়াছেন—অকাট্য প্রমাণ ভিন্ন কোন অনুমানকে সত্য বলিয়া সিদ্ধান্ত করা উচিত নহে, সেরূপ করিলে অনেক সময় ঠকিতে হয়। আপনার বিশ্বাস, ওয়াল্‌ডো এরূপ কৌশলে সকল কায শেষ করিয়া রাখিয়াছে যে, মেট্‌ল্যাণ্ডকেই চোর বলিয়া ধরা পড়িতে হইবে। তাহার অপরাধের প্রমাণগুলি এরূপ অকাট্য যে, তাহা খণ্ডন করা তাহার অসাধ্য হইবে; সুতরাং দীর্ঘকালের জন্য তাহাকে কঠোর কারাদণ্ড ভোগ করিতেই হইবে।"

মিঃ ব্লেক বলিলেন, "আমি ত পূর্ব্বেই তোমাকে বলিয়াছি আমার বিশ্বাস—সার রড্‌নে ড্রামণ্ড ওয়াল্‌ডোর সাহায্যপ্রার্থী হইয়াছিলেন; তদনুসারে ওয়াল্‌ডো তাঁহার নিকট প্রতিশ্রুত হইয়াছে—সে তাঁহার জীবনের অভিশাপস্বরূপ তিন মহাশত্রুকে তাঁহার পথ হইতে অপসারিত করিবে। যে তিন জন শত্রু সার রড্‌নেকে হত্যা করিবে বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিল, এবং যাহাদের ভয়ে তিনি আত্মীয় পরিজন, সুখময় গৃহ, বিপুল ঐশ্বর্য্য পরিত্যাগ করিয়া বিজন অরণ্যে আশ্রয় গ্রহণ করিয়াছেন—সেই তিন জন নরপিশাচের নাম সাইমন কার্ল, হুবার্ট রোরকি, এবং অস্‌কার মেট্‌ল্যাণ্ড। ইহারা তিনজনেই মানব সমাজের কলঙ্ক, মনুষ্যদেহধারী হিংস্র জন্তু।"

স্মিথ বলিল, "তাহারা স্ব স্ব কর্ম্মদোষে যদি বিপন্ন হয় তাহা হইলে আমরা তাহাদের বিপদে ব্যাকুল হই কেন?"

মিঃ ব্লেক বলিলেন, "না, মেট্‌ল্যাণ্ডের বিপদে আমি ব্যাকুল হই নাই, দুঃখিতও হই নাই। সে তাহার কুকর্ম্মের ফলভোগ করিবে; লর্ড ব্ল্যাক্‌উডের কৌটা একটা উপলক্ষ মাত্র।"

স্মিথ বলিল, "সে যে-অপরাধ করে নাই, সেই অপরাধে তাহাকে গ্রেপ্তার করা হইয়াছে—ইহাই বা আমরা প্রতিপন্ন করিতে যাইব কেন?"

মিঃ ব্লেক বলিলেন, "না স্মিথ, সে জন্যও আমার আগ্রহ নাই। তবে যে সকল প্রমাণে নির্ভর করিয়া তাহাকে গ্রেপ্তার করা হইতেছে—সেই সকল প্রমাণ

তাহার বিরুদ্ধে প্রযুক্ত হইতে পারে না; এই জন্য আমি তাহার এই অবৈ গ্রেপ্তারের সমর্থন করি না। ওয়াল্‌ডো অসাধারণ চতুর 'রাস্কেল'! সে ফাঁদ পাতিয়াছে, সেই ফাঁদ হইতে মুক্তি লাভ করা মেট্‌ল্যাণ্ডের অসাধ্য হইবে।

স্মিথ বলিল, "মেট্‌ল্যাণ্ড পরপীড়ক, উৎকোচগ্রাহী, তস্কর! তাহার দুই বন্ধু কার্ল ও রোরকির চরিত্রও ঠিক একই ছাঁচে ঢালা। এ অবস্থায় ওয়াল্‌ডো যে খেলা খেলিতেছে তাহাতে আমরা বাধা দিতে যাইব কেন? বরং আমার কামনা তাহার সঙ্কল্প সিদ্ধ হউক।"

মিঃ ব্লেক প্রশান্ত ভাবে বলিলেন, "কিন্তু স্মিথ, একটি অন্যায়ের সহিত আর একটি অন্যায় যোগ করিলে—তাহার ফল ন্যায় বলিয়া পরিগণিত হইতে পারে না। একটি মিথ্যাকে আর একটি মিথ্যা দিয়া ঢাকিতে যাওয়াও ভুল। মেট্‌ল্যাণ্ড যে সকল কুকর্ম্ম করিয়াছে সে জন্য সে শাস্তি ভোগ করুক, আমি তাহাতে দুঃখিত হইব না; কিন্তু যে ব্যক্তি যে অপরাধ করে নাই, কৃত্রিম প্রমাণে নির্ভর করিয়া সেই অপরাধে যদি তাহাকে শাস্তি দেওয়া হয়, তাহা হইলে আমি নীরবে তাহার সেই দণ্ডের সমর্থন করিতে প্রস্তুত নহি।"

স্মিথ বলিল, "হাঁ কর্ত্তা, ন্যায়ের দিক হইতে দেখিলে আপনার এই যুক্তি অকাট্য বলিয়া স্বীকার করিতেই হইবে; কিন্তু যে নরপিশাচ সমাজের শত্রু, পরের রক্ত শোষণ করিয়া জোঁকের মত নিজের দেহ পুষ্ট করাই যাহার স্বভাব, সে যে-ভাবেই শাস্তি লাভ করুক, তাহাতে দুঃখিত হইবার কারণ নাই। মেট্‌ল্যাণ্ড সার রড্‌নের শত্রু, সার রড্‌নে মেট্‌ল্যাণ্ডকে জব্দ করিবার জন্য ওয়াল্‌ডোর সাহায্য গ্রহণ করিয়াছেন; ওয়াল্‌ডো তাহাকে শাসন করিবার জন্য এই কৌশল অবলম্বন করিয়াছে; এ জন্য তাহার নিন্দা করিতে পারি না। শত্রুদমনের কোন বৈধ উপায় না থাকায় যদি সে কৌশলে কার্য্যসিদ্ধি করে, তাহা হইলে সে কুকার্য্য করিয়াছে বলিয়া তাহাকে ঘৃণা করিতে পারি না। যে শত্রু আমাকে হত্যা করিতে প্রস্তুত, আত্মরক্ষার জন্য যে উপায়ে পারি তাহাকে জব্দ করিব।"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু আমি কোন গর্হিত উপায়ের সমর্থন করিব না। লর্ড ব্ল্যাক্‌উড্‌ আমার সাহায্য প্রার্থনা করিলেও ইন্‌স্পেক্টর লেনার্ড পুলিশের পক্ষ

হইতে তদন্তের ভার গ্রহণ করায় আমি দায়িত্ব হইতে মুক্তি লাভ করিয়াছি; চুরির তদন্ত আর আমার হাতে নাই; কিন্তু ব্যবসায়ের দস্তুর (professional etiquette) অনুসারে মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করাই আমার উচিত। ওয়াল্‌ডো জানে এই চুরির রহস্যভেদের জন্য লর্ড ব্ল্যাক্‌উড্‌ আমার সাহায্যপ্রার্থী হইবেন, সুতরাং এই কায করিয়া সে প্রকারান্তরে আমাকে প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান করিয়াছে।" (has ehallanged me.)

স্মিথ আর কোন কথা বলিবার পূর্ব্বে মিঃ ব্লেকের বহির্দ্বারে প্রচণ্ডবেগে ঘণ্টাধ্বনি হইল।

সেই শব্দ শুনিয়া স্মিথ বলিল, "আবার কে আসিল কর্ত্তা! আজ সারা রাত্রিই কি এই রকম কাণ্ড চলিবে? রাত্রি একটা বাজিয়া গিয়াছে, এখনও মক্কেলের আমদানী?—এখন করা যায় কি?"

মিঃ ব্লেক বলিলেন, "লর্ড ব্ল্যাকউডের পক্ষ হইতে নিশ্চয়ই কেহ আসে নাই; আর কে আসিল সন্ধান লইয়া এস। আমরা এখনও জাগিয়া আছি; সুতরাং কাহার কি বিপদ ঘটিল তাহা জানিয়া তাহাকে বাধিত করিতে দোষ কি?"

স্মিথ তৎক্ষণাৎ বহির্দ্বারে উপস্থিত হইয়া দ্বার খুলিয়া দিল। সে দ্বারের বাহিরে সাইমন কার্ল ও হুবার্ট রোরকিকে দণ্ডায়মান দেখিয়া বিস্মিত হইল; কিন্তু মুহূর্ত্তমধ্যে তাহার মন বিতৃষ্ণায় ভরিয়া উঠিল। একখানি ট্যাক্সি তাহাদিগকে সেখানে নামাইয়া দিয়া দূরে চলিয়া গেল—তাহাও স্মিথ দেখিতে পাইল।

স্মিথকে সম্মুখে দেখিয়া সাইমন কার্ল গম্ভীর স্বরে বলিল, "মিঃ ব্লেককে এখন পাওয়া যাইবে কি?"

স্মিথ বলিল, "তাহা তাঁহার মর্জ্জির উপর নির্ভর করিতেছে। মিঃ ব্লেক বাড়ী আছেন কি না—ইহাই যদি আপনাদের জিজ্ঞাস্য হয়, তাহা হইলে আমার উত্তর—তিনি বাড়ী আছেন; কিন্তু এই শেষ রাত্রে তিনি যাহার-তাহার সহিত দেখা করিতে সম্মত না হইতেও পারেন।"

কার্ল বলিল, "হাঁ, রাত্রি একটু বেশী হইয়াছে বটে; কিন্তু দরকার হইলে কি সময় অসময়ের বিচার করা চলে? যাহা হউক, আমরা অসময়ে আসিতে বাধ্য

হইয়াছি, আমাদের এই অনিচ্ছাকৃত ত্রুটি আশা করি তিনি ক্ষমা করিবেন। আমরা অত্যন্ত জরুরি কাযে তাহার সঙ্গে দেখা করিতে আসিয়াছি ; সকাল পর্য্যন্ত অপেক্ষা করিবার উপায় থাকিলে আমরা সকালেই আসিতাম। আমার নাম সাইমন কার্ল, আর এই ভদ্রলোকটির নাম মিঃ হুবার্ট রোরকি। আমরা মিঃ ব্লেককে তাঁহার পরিশ্রমের উপযুক্ত 'ফি' দিতে পারিব—এরূপ আমাদের সাহস আছে। অসময়ে আসিয়াছি বলিয়া যদি তিনি অতিরিক্ত 'ফি'র দাবী করেন তাহা হইলে তাহাতেও আমরা কাতর হইব না, এ কথা তাঁহাকে জানাইতে পারেন।"

স্মিথ মৃদুস্বরে বলিল, "বটে !"—কিন্তু তাহার কণ্ঠস্বরে বিস্ময় পরিব্যক্ত হইল না। সে মিঃ ব্লেকের সহিত যাহাদের কথার আলোচনা করিতেছিল—তাহারাই হঠাৎ তাঁহার গৃহদ্বারে উপস্থিত! তাহারা যে টাকার মানুষ, ইহাও জানাইতে সঙ্কোচ বোধ করিল না !

স্মিথ বলিল, "আপনারা এক মিনিট অপেক্ষা করুন। আপনাদের বাহিরে দাঁড়াইয়া থাকিতে হইবে না, ভিতরে আসুন ; আমি মিঃ ব্লেককে জিজ্ঞাসা করিয়া আসি—এই অসময়ে তিনি আপনাদের সঙ্গে দেখা করিতে পারিবেন কি না।"

রোরকি বলিল, "আর ও কথাটাও বলিবেন, তিনি যে 'ফি' দাবী করিবেন—তাহাই আমরা দিতে রাজী।"

"কার্ল বলিল, "হাঁ, বিনা-আপত্তিতে। দালালী বাদ দেওয়ার আশঙ্কা নাই।"

স্মিথ গম্ভীর ভাবে বলিল, "আপনারা বুঝি খুব টাকার মানুষ ?"—সে তাহাদিগকে সঙ্গে লইয়া নীচের হল-ঘরে প্রবেশ করিল, তাহার পর সিঁড়ির দরজা বন্ধ করিয়া দোতালায় মিঃ ব্লেকের উপবেশন-কক্ষে উপস্থিত হইল।

স্মিথ মিঃ ব্লেককে কোন কথা বলিবার পূর্ব্বেই তিনি বলিলেন, "উহাদিগকে ডাকিয়া আন স্মিথ !"

স্মিথ সবিস্ময়ে বলিল, "উহাদের পরিচয় জানিতে পারিয়াছেন না কি ?"

মিঃ ব্লেক বলিলেন, "তুমি সিঁড়ির দরজা খুলিয়া রাখিয়া নীচে গিয়াছিলে ;

এ রকম নিস্তব্ধ রাত্রে বাহিরের দরজায় কথা কহিলে তাহা আমি শুনিতে পাইব না ? কার্ল ও রোরকি কি উদ্দেশ্যে আমার সঙ্গে দেখা করিতে আসিয়াছে তাহা বুঝিতে পারি নাই, তবে তাহা জানিতে বিলম্ব হইবে না।"

স্মিথ নীচে গিয়া তাহাদিগকে লইয়া মিঃ ব্লেকের উপবেশন-কক্ষে পুনঃ-প্রবেশ করিল।

কার্ল বলিল, "মিঃ ব্লেক, আমরা এই অসময়ে আপনাকে বিরক্ত করিতে আসিয়া অন্যায় করিয়াছি তাহা নিশ্চয়ই বুঝিতে পারিয়াছি ; আশা করি আপনি এই ত্রুটি মার্জ্জনা করিবেন। আমরা নিতান্ত দায়ে পড়িয়াই অসময়ে আসিতে বাধ্য হইয়াছি, তাহা আপনিও বোধ হয় বুঝিতে পারিয়াছেন। আমাদের একটি বন্ধুকে মিথ্যা প্রমাণে নির্ভর করিয়া গ্রেপ্তার করা হইয়াছে। আপনি দয়া করিয়া তাহার পক্ষ সমর্থ[illegible] তাহার উপকার হইতে পারে ; আপনি একটু চেষ্টা করিলেই পুলিশে[illegible] প্রমাণগুলি ধূলিসাৎ করিতে পারিবেন।"

মিঃ ব্লেক [illegible] "যদি আপনি মনে করিয়া থাকেন—কে আসামী, তাহার অপরাধ [illegible] ইত্যাদি বিবরণ জানিবার পূর্ব্বেই আমি মন্ত্রবলে পুলিশের কৃত্রিম প্রমাণগু[illegible] সাৎ করিয়া আপনার বন্ধুকে উদ্ধার করিতে পারিব—তাহা হইলে [illegible] দুঃখের সহিত স্বীকার করিতে হইতেছে আমার সে শক্তি নাই।"

মিঃ ব্লেক [illegible] তাঁহার সাহায্য-প্রার্থনার জন্য আসিতে দেখিয়া বিস্মিত হইয়াছি[illegible] এবং বুঝিতে পারিয়াছিলেন—কোন কারণে তাহারা পুলিশের নিকট [illegible] অনিচ্ছুক। তাহারা পুলিশের নিকট সাহায্য পাইবে না—ইহাও তি[illegible]ন।

কার্ল প্রথমে[illegible] করিয়াছিল—সে মিঃ ব্লেকের সাহায্য-প্রার্থী হইবে ; কিন্তু রোরকি [illegible] তাহার প্রস্তাবে সম্মত হয় নাই ; অবশেষে কার্লের আগ্রহে তাহাকে সম্ম[illegible] হইতে হইয়াছিল। তাহারা উভয়েই তখন সম্ভ্রান্ত ব্যক্তি, নানা উপায়ে উভয়েই প্রচুর অর্থ উপার্জ্জন করিয়াছিল। অর্থবলে মিঃ ব্লেকের সহায়তা লাভ করা কঠিন হইবে না—এইরূপই তাহাদের ধারণা হইয়াছিল। মিঃ ব্লেক

টাকা লইয়া সাধারণের পক্ষ সমর্থন করেন; উপযুক্ত ফি পাইলেও তিনি তাহাদিগকে প্রত্যাখ্যান করিবেন—ইহা তাহারা মনে করিতে পারে নাই।

কার্ণ বলিল, "আপনাকে সকল কথা খুলিয়া বলিতেছি মিঃ ব্লেক! মিঃ অস্কার মেট্‌ল্যাণ্ড এই নগরের সম্ভ্রান্ত অধিবাসী; তিনি আমাদের বন্ধু। নাইট্‌স-ব্রীজে তিনি মহামূল্য দুর্লভ প্রাচীন শিল্প-দ্রব্যের ব্যবসায় করেন। তিনি একটা মিথ্যা অভিযোগে ফৌজদারীর আসামী হইয়াছেন; পুলিশ তাঁহাকে গ্রেপ্তার করিয়াছে।"

রোরকি বলিল, "লর্ড ব্ল্যাক্‌উডের ঘর হইতে আজ রাত্রে একটা কৌটা চুরি গিয়াছিল; সেই কৌটা মিঃ মেট্‌ল্যাণ্ডের ঘরে আলমারির ভিতর পাওয়া গিয়াছে! এজন্য মিঃ মেট্‌ল্যাণ্ডকে চোর বলিয়া গ্রেপ্তার করা হইয়াছে; কিন্তু তিনি নিরাপরাধ। তাঁহার শত্রুগণের ষড়যন্ত্রেই তাঁহাকে চোর বলিয়া ধরা পড়িতে হইয়াছে। আপনি দয়া করিয়া মেট্‌ল্যাণ্ডের পক্ষ সমর্থন করিলে, এবং তাঁহার শত্রুপক্ষের ষড়যন্ত্র ব্যর্থ করিয়া তাঁহার নির্দ্দোষিতা প্রতিপন্ন করিলে আমরা অত্যন্ত উপকৃত হইব। আপনি চিরদিনই নিরপরাধ উৎপীড়িতের পক্ষ সমর্থন করিয়া আসিতেছেন; এই জন্যই আপনার সাহায্যপ্রার্থী হইয়াছি।"

মিঃ ব্লেক গম্ভীর ভাবে বলিলেন, "গোয়েন্দাগিরি আমার পেশা হইলেও সাধারণ চুরি ডাকাতির তদন্ত-ভার আমি গ্রহণ করি না; সে অবসরও আমার নাই। যে সকল তদন্ত-ভার হাতে লইতে আমার আগ্রহ হয়, কেবল সেইগুলিই হাতে লইয়া অন্যগুলি প্রত্যাখ্যান করি। এই কৌটা-চুরির রহস্যভেদের জন্য আমার আগ্রহ নাই।"

কার্ণ ব্যাকুল ভাবে বলিল, "এই চুরিটা সম্পূর্ণ রহস্যপূর্ণ, ইহা মিঃ মেট্‌ল্যাণ্ডের শত্রুপক্ষের কারসাজির ফল; সুতরাং এই রহস্যভেদের জন্য আপনার আগ্রহ না হইবার ত কোন কারণ নাই। বিশেষতঃ, এই তদন্তভার গ্রহণ করিলে আপনি যত টাকা পারিশ্রমিক চাহিবেন, তাহাই পাইবেন।"

মিঃ ব্লেক বলিলেন, "কোন্ অভিযোগের তদন্ত করিবার জন্য আমার আগ্রহ হইবে—তাহা আপনারা স্থির করিয়া দিবেন? না মহাশয়, পরের মুখ দিয়া

আহার করিবার অভ্যাস আমার নাই। আর টাকার লোভ দেখাইয়াও কেহ আমার ইচ্ছার বিরুদ্ধে আমার ঘাড়ে বোঝা চাপাইতে পারে না। আপনারা অনর্থক কষ্ট করিয়া এই রাত্রিকালে আমার কাছে আসিয়াছেন; আপনাদের অনুরোধ রক্ষা করা আমার অসাধ্য। দুঃখের সহিত বলিতে হইতেছে—আমি আপনাদের প্রস্তাব প্রত্যাখ্যান করিলাম।"

কার্ণ বলিল, "কিন্তু মহাশয়, কোন নিরাপরাধ ভদ্রলোক—"

মিঃ ব্লেক বাধা দিয়া বলিলেন, "যদি আপনারা পুলিশের কার্য্যে অসন্তুষ্ট হইয়া থাকেন তাহা হইলে স্কটল্যাণ্ড ইয়ার্ডে তাহাদের বিরুদ্ধে অভিযোগ করিতে পারেন। তাহাতে আপত্তি থাকিলে আপনারা অন্য কোন ডিটেক্‌টিভের সাহায্য গ্রহণ করিবেন। আমি পেশাদার ডিটেক্টিভ হইলেও নিজের ইচ্ছার বা রুচি প্রবৃত্তির বিরুদ্ধে কোন কায করি না। আপনারা আমার রূঢ়তা মার্জ্জনা করিবেন—আমি আপনাদের পক্ষ সমর্থন করিব না।"

সাইমন কার্ণের মুখ ক্রোধে রক্তবর্ণ হইল, তাহার শরীর গরম হইয়া উঠিল; সে মনে মনে বলিল, "গোয়েন্দার এত স্পর্দ্ধা অসহ্য!"—প্রকাশ্যে বলিল, "আমরা উপযুক্ত পারিশ্রমিক দিয়া আপনার নিকট কায পাইবার আশায় আসিয়াছিলাম; কিন্তু আপনি অপমান করিয়া আমাদের বিদায় করিতে উদ্যত হইয়াছেন! আপনার নিকট এরূপ ব্যবহার প্রত্যাশা করি নাই।"

মিঃ ব্লেক বলিলেন, "আমি আপনাদের অপমানসূচক কোন কথা বলিয়াছি বলিয়া ত স্মরণ হয় না। কোন মক্কেলের কায লওয়া না লওয়া—আমার ইচ্ছা; প্রত্যাখ্যাত হইয়া আপনারা যদি অপমান বোধ করেন, সে অপরাধ আমার নহে। আমার আর কোন কথা বলিবার নাই। স্মিথ, এই দুই জন ভদ্রলোককে বাহিরে পৌঁছাইয়া দাও।"

কার্ণ বলিল, "আপনি আমাদের বন্ধুর পক্ষ সমর্থন করিলে আপনাকে পাঁচ হাজার পাউণ্ডের চেক পাঠাইয়া দিব। আপনি এখনও সম্মত হউন।"

মিঃ ব্লেক বলিলেন, "আমার এক কথা দুইবার বলিবার অভ্যাস নাই, মিঃ কার্ণ! আমার কথা শেষ হইয়াছে, আপনি অনর্থক সময় নষ্ট করিতেছেন।"

কার্ণ ক্রুদ্ধ দৃষ্টিতে মিঃ ব্লেকের মুখের দিকে চাহিয়া বলিল, "আমরা আরও পাঁচ শ গিনি অধিক দিতে—"

মিঃ ব্লেক হঠাৎ উঠিয়া দাঁড়াইয়া বলিলেন, "নমস্কার! স্মিথ, উঁহাদের সঙ্গে যাও।"

স্মিথ মুখের অদ্ভুত ভঙ্গি করিয়া বলিল, "আসুন আপনারা! এই দিকে সিঁড়ির পথ।"—সে দ্বার-প্রান্তে অগ্রসর হইল।

কার্ণ ও রোরকি রাগে ফুলিতে ফুলিতে মাতালের মত টলিতে টলিতে সিঁড়ি দিয়া নামিয়া গেল। স্মিথ তাহাদিগকে দ্বারের বাহিরে রাখিয়া আসিল। তাহারা গাড়ীর সন্ধানে পথের দিকে অগ্রসর হইল।

স্মিথ মিঃ ব্লেকের উপবেশন-কক্ষে ফিরিয়া আসিয়া বলিল, "কর্ত্তা, আপনার ব্যবসায়ের দস্তুরটা কি রকম তাহা এত দিনেও বুঝিতে পারিলাম না! আমি আপনার কথা শুনিয়া বুঝিয়াছিলাম, আপনি মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করিয়া ওয়াল্‌ডোকে বুঝাইয়া দিবেন, আপনার চোখে ধূলা দিয়া সঙ্কল্পসিদ্ধি করা তাহার অসাধ্য, তাহার উপর এই পাঁচ হাজার—সাড়ে পাঁচ হাজার গিনি আপনার পায়ের কাছে গড়াগড়ি যাইতেছিল, আর আপনি লাথি মারিয়া তাহা দূরে ফেলিয়া দিলেন! আশ্চর্য্য! আপনার একবিন্দুও ব্যবসায়-বুদ্ধি আছে—ইহা কি করিয়া বিশ্বাস করি?"

মিঃ ব্লেক বলিলেন, "বোধ হয়—নাই; কারণ আমার কর্ত্তব্যজ্ঞান, বিবেক প্রভৃতি তুচ্ছ জিনিস টাকার খাতিরে এখনও ত্যাগ করিতে পারিলাম না! কার্ণ হয় ত আরও বেশী টাকা দিতে রাজী হইত; কিন্তু আমি উহাদের কায করিব না। মেট্‌ল্যাণ্ডকে বিপন্ন দেখিয়া উহারা অত্যন্ত ব্যাকুল হইয়াছে; দলের একটা ঘুঘু ধরা পড়িল, উহাদের ভাগ্যে কি আছে ভাবিয়া আতঙ্কিত হওয়াও বিচিত্র নহে! উহারা আশা করিয়াছিল—টাকার লোভে আমি মেট্‌ল্যাণ্ডের পক্ষ সমর্থন করিব, আমি চেষ্টা করিলে মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করিতে পারিব!—তোমার কি মনে হয়?"

স্মিথ বলিল, "আমার? আমি বাজি রাখিয়া বলিতে পারি—যদি উহারা

বুঝিতে পারিত টাকার চাপ দেওয়ার জন্য আপনি মৌখিক অসম্মতি প্রকাশ করিতেছেন—তাহা হইলে উহারা আপনাকে আগাম দশ হাজার পাউণ্ডের চেক দিয়া উঠিয়া যাইত। আঃ, দশ হাজার গিনি পাইলে আমরা রাজার হালে একবার পৃথিবী ঘুরিয়া আসিতাম। মেট্‌ল্যাণ্ডের অধর্ম্মের টাকা তাহার পাপের প্রায়শ্চিত্তে ব্যয় হইত। সে যে অপরাধ করে নাই, সেই অভিযোগ হইতে নিষ্কৃতি লাভ করিলে আইনের মর্য্যাদা রক্ষা হইত, ওয়াল্‌ডোরও শিক্ষা হইত। যাহা হউক, উহাদের ত বিদায় করিয়া দিলেন, এখন আমরা কি করিব?"

মিঃ ব্লেক বলিলেন, "অবশিষ্ট রাত্রিটুকু নিশ্চিন্ত মনে ঘুমাইব।"

স্মিথ বলিল, "হাঁ, এ অতি চমৎকার প্রস্তাব; আট দশ হাজার গিনি পদাঘাতে দূরে ফেলিয়া দিয়া আমরা পরম নিশ্চিন্ত মনে ঘুমাইতে পারিব কর্ত্তা!"

মিঃ ব্লেক বলিলেন, "মেট্‌ল্যাণ্ডকে কাল সকালে ম্যাজিষ্ট্রেটের সম্মুখে হাজির করা হইবে; তখন যদি আমাদের কিছু করা সঙ্গত মনে হয় তাহা সেই সময় বিবেচনা করিলেই চলিবে। আমি উভয়-সঙ্কটে পড়িয়াছি স্মিথ! যদি আমি মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করি—তাহা হইলে লেনার্ডের সকল প্রমাণ কাঁচিয়া যাইবে, সে বেচারা ভয়ানক অপদস্থ হইবে; কিন্তু সে অনেক বিষয়ে আমার উপর নির্ভর করে, তাহাকে অপদস্থ করিতে আমার আগ্রহ নাই; ওদিকে ওয়াল্‌ডো আমার চোখে ধূলা দিতে পারিয়াছে ভাবিয়া মনে মনে হাসিবে,—ইহাও অসহ্য।"

স্মিথ বলিল, "কিন্তু এ সকল যে তাহারই খেলা—ইহার অকাট্য প্রমাণ এখনও আমরা সংগ্রহ করিতে পারি নাই কর্ত্তা!"

মিঃ ব্লেক বলিলেন, "সে কথা সত্য। কিন্তু আমাদের সন্দেহ ভিত্তিহীন নহে—তাহা ত তুমি জান। যে কায ওয়াল্‌ডো ভিন্ন অন্যের অসাধ্য, সে কায অন্যে করিয়াছে ইহা কিরূপে বিশ্বাস করিবে?"

* * * *

রুপার্ট ওয়াল্‌ডো নির্ব্বিঘ্নে কার্য্যসিদ্ধি করিয়াছে ভাবিয়া আনন্দে উৎফুল্ল হইয়াছিল। মেট্‌ল্যাণ্ডের অপরাধ সপ্রমাণ হইবে, সাত বৎসর কাল তাহাকে

সশ্রম কারাদণ্ড ভোগ করিতে হইবে, সাব রড্‌নে ড্রমণ্ডের তিন শত্রুর এক শত্রুর বিনাশ অনিবার্য্য,—এ বিষয়ে সে নিঃসন্দেহ হইয়াছিল; কিন্তু যে রাত্রে সে মেট্‌ল্যাণ্ডকে গ্রেপ্তার করিয়া স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে লইয়া যাইতে দেখিয়াছিল, সেই রাত্রেই কিছু কাল পরে সে বেকার ষ্ট্রীটে আসিয়া মিঃ ব্লেকের বাড়ীর বিপরীত দিকের একটি প্রাচীরের আড়ালে দাঁড়াইয়া যে দৃশ্য দেখিল—তাহাতে তাহার আনন্দ বিষাদে পরিণত হইল!

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "এ যে ভারী গোলমেলে ব্যাপার দেখিতেছি! আমার সঙ্কল্পসিদ্ধিতে এদিক দিয়া যে কোন বিঘ্ন ঘটিবে, তাহা মুহূর্ত্তের জন্য ভাবিতে পারি নাই! আবার ব্লেক! যখনই যে কাযে হাত দিব, সেই কাযেই ব্লেক আমার প্রতিবাদী হইয়া সকল মতলব ওলট্‌-পালট্‌ করিয়া দিবেন! আমার সকল পরিশ্রম বিফল হইবে, আমাকে চাটি-বাটি ফেলিয়া পলাইতে হইবে! এপর্য্যন্ত একবারও তাঁহার চোখে ধূলা দিতে পারিলাম না! এবার যদি তিনি নিজের ইচ্ছায় আমার কাযে হাত দিতে না চান—তাহা হইলে অন্য লোকের অনুরোধে এই ব্যাপারে হস্তক্ষেপণ করিবেন। আমি কি করিয়া তাঁহাকে দূরে সরাইয়া দিব—তাহা বুঝিতে পারিতেছি না; অথচ একটা কিছু ব্যবস্থা না করিলেও চলিতেছে না! তিনি আমার ষড়যন্ত্রে হাত দিলেই আমার সকল ফন্দী-ফিকির ভ্যাস্তাইয়া যাইবে। বড়ই বিপদে পড়িলাম দেখিতেছি! কি করি?"—ওয়াল্‌ডো স্তব্ধভাবে দাঁড়াইয়া রহিল।

ইন্‌স্পেক্টর লেনার্ড মেট্‌ল্যাণ্ডকে গ্রেপ্তার করিয়া স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডে লইয়া যাইবার পর মেট্‌ল্যাণ্ডের উভয় বন্ধু কার্ণ ও রোরকি মেট্‌ল্যাণ্ডের গৃহত্যাগ করিয়া মিঃ ব্লেকের সাহায্য লাভের আশায় নাইট্‌স্‌-ব্রীজ হইতে বেকার ষ্ট্রীটে উপস্থিত হইয়াছিল। পূর্ব্বেই বলিয়াছি তাহাদিগকে পথে দেখিয়া ওয়াল্‌ডো আর একখানি ট্যাক্সিতে তাহাদের অনুসরণ করিয়াছিল। কার্ণ ও রোরকি মিঃ ব্লেকের অট্টালিকার সম্মুখে গাড়ী হইতে নামিলে, ওয়াল্‌ডো কিছু দূরে ট্যাক্সি হইতে নামিয়া পড়িয়াছিল, এবং মিঃ ব্লেকের বাস-গৃহের বিপরীত দিকে একটি প্রাচীরের আড়ালে লুকাইয়া থাকিয়া কার্ণ ও রোরকির গতিবিধি লক্ষ্য করিতেছিল।

তাহারা যে মিঃ ব্লেকের সাহায্য গ্রহণের উদ্দেশ্যে সেখানে উপস্থিত হইয়াছিল —ওয়াল্‌ডো প্রথমে তাহা বুঝিতে পারে নাই; কিন্তু সে দেখিল স্মিথ বহির্দ্বার খুলিয়া তাহাদিগকে বাড়ীর ভিতর লইয়া গেল,এবং কয়েক মিনিট পরে তাহাদিগকে সঙ্গে লইয়া দরজার বাহিরে রাখিয়া গেল। তখন ওয়াল্‌ডোর মন দুশ্চিন্তায় ও আতঙ্কে পূর্ণ হইল। সে কার্ল ও রোরকিকে মিঃ ব্লেকের গৃহ ত্যাগ করিতে দেখিল বটে, কিন্তু তাহাদের চেষ্টা বিফল হওয়ায় তাহারা কিরূপ মর্ম্মাহত হইয়াছিল সেই রাত্রিকালে দূর হইতে তাহাদের মুখ দেখিয়া সে তাহা বুঝিতে পারিল না। ওয়াল্‌ডোর ধারণা হইল, মিঃ ব্লেক তাহাদের প্রার্থনা পূর্ণ করিতে প্রতিশ্রুত হইয়াছেন; তিনি মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করিবার চেষ্টা করিবেন। তাহারা ধনবান, মিঃ ব্লেককে তাহারা যথাযোগ্য পারিশ্রমিক দিতে সম্মত হইয়াছে; মিঃ ব্লেক মেট্‌ল্যাণ্ডের পক্ষ সমর্থন না করিবেন কেন? কিন্তু মিঃ ব্লেক তাহাদের প্রস্তাব অগ্রাহ্য করিয়া কি ভাবে তাহাদিগকে প্রত্যাখ্যান করিয়াছিলেন, ওয়াল্‌ডোর তাহা জানিবার উপায় ছিল না।

ওয়াল্‌ডো অস্থির হইয়া উঠিল। সে মনে মনে বলিল, "এই বদমায়েসগুলা মিঃ ব্লেকের সাহায্যপ্রার্থী হইতে সাহস করিয়াছে! মিঃ ব্লেক মেট্‌ল্যাণ্ডের অনুকূলে তদন্ত আরম্ভ করিলে আমার সকল চালাকি ধরা পড়িয়া যাইবে। পুলিশ আমার চালাকি বুঝিতে পারে নাই বটে; কিন্তু চতুর ব্লেকের চোখে ধূলা দিয়া কার্য্যোদ্ধার করা আমার অসাধ্য। সর্ব্বনেশে লোক! উহাকে ত রোগেও ধরে না! ব্লেক কয়েকদিন শয্যাগত থাকিলে সেই সুযোগে আমার সকল কায শেষ করিতে পারিতাম। মেট্‌ল্যাণ্ডকে একবার যদি জেলে পুরিতে পারি, তাহার পর ব্লেকের তদন্ত নিষ্ফল হইবে। কিন্তু তাহা হইবার নহে! দিবারাত্রি এত লোকের অভিসম্পাতেও ব্লেক দিব্য বাঁচিয়া আছেন। না, একালের অভিসম্পাতের আর সেকালের মত ধক্ নাই দেখিতেছি।" (Modern curses don't seem to possess the potency of the old times ones.)

ওয়াল্‌ডো বিদ্রূপভরে এসকল কথা বলিলেও তাহার মন আতঙ্কে পূর্ণ হইয়াছিল! সে মিঃ ব্লেককে ভয় করিত; সে জানিত মিঃ ব্লেক তাহাকে স্নেহ

করেন, ব্যক্তিগত ভাবে তাঁহার দ্বারা তাহার কোন অনিষ্টের আশঙ্কা নাই; কিন্তু তিনি তাহার নিখুঁত ষড়যন্ত্রটি ব্যর্থ করিয়া সকল সঙ্কল্প ওলট্-পালট্ করিয়া দিবেন। সে নানারকম ফন্দী-ফিকিরের সাহায্যে মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে যে মামলার বনিয়াদ গাঁথিয়া তুলিয়াছে, তাহা মিঃ ব্লেকের এক ফুৎকারে ধূলিসাৎ হইবে। মিঃ ব্লেক যে লর্ড ব্ল্যাকউডের অনুরোধে সেই রাত্রেই চুরির তদন্ত শেষ করিয়া আসিয়াছেন তাহা সে জানিতে পারে নাই। মিঃ ব্লেক কিরূপ অকাট্য প্রমাণের সাহায্যে মেট্‌ল্যান্ডকে এই চুরির জন্য দায়ী না করিয়া ওয়াল্‌ডোকেই চোর বলিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন, তাহা বুঝিতে পারিলে ওয়াল্‌ডোর দুশ্চিন্তা ও আতঙ্ক শতগুণ বর্দ্ধিত হইত।

ওয়াল্‌ডো মনে মনে বলিল, "না, এখন আর শুধু দাঁড়াইয়া চিন্তা করিলে চলিবে না। এখন কায করিতে হইবে। মিঃ ব্লেক আমার সকল আয়োজন নষ্ট করিতে না পারেন তাহার ব্যবস্থা করিতে হইবে। ব্লেক যাহাতে এই চুরির তদন্ত আরম্ভ করিতে না পারেন তাহা করাই চাই; কিন্তু কি উপায়ে আমার এই আশা পূর্ণ হইবে?"

ওয়াল্‌ডো উপায় চিন্তা করিতে লাগিল। সে সার রডনে ড্রমণ্ডের নিকট যে অঙ্গীকার করিয়াছিল তাহা পালন করিতে হইলে মিঃ ব্লেককে ও স্মিথকে কিছুকালের জন্য কার্য্যক্ষেত্র হইতে অপসারিত করা প্রয়োজন, ইহা সে তৎক্ষণাৎ বুঝিতে পারিল। মিঃ ব্লেক ও স্মিথ এক মাসের জন্য নিরুদ্দেশ হইলেই তাহার সঙ্কল্পসিদ্ধি হইবে। এক মাসের মধ্যেই মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে আরোপিত অভিযোগের বিচার শেষ হইবে, সে সশ্রম কারাদণ্ড লাভ করিবে; তাহার পর মিঃ ব্লেক যাহা ইচ্ছা করিতে পারেন, তাহাতে তাহার ক্ষতি হইবে না। মিঃ ব্লেককে বাধা দিতে না পারিলে বার ঘণ্টার মধ্যে মেট্‌ল্যাণ্ড মুক্তি লাভ করিবে; তখন ওয়াল্‌ডোকে আবার নূতন করিয়া ঢালিয়া সাজিতে হইবে। (he would have to do his work all over again.)

ওয়াল্‌ডো এই সকল কথা চিন্তা করিতে করিতে অদূরবর্ত্তী একটি গ্যারেজে উপস্থিত হইল। সেই গ্যারেজে রাত্রিকালেও কায চলিত। এই গ্যারেজে

আসিয়া সে একখানি সুদৃঢ় মোটর-কার ভাড়া করিল, এবং তাহা লইয়া অবিলম্বে বেকার ষ্ট্রীটে উপস্থিত হইল। সে গাড়ীখানি একটি নির্জ্জন গলির ভিতর রাখিয়া তাহার সঙ্কল্পানুযায়ী উদ্যোগ আয়োজনে প্রবৃত্ত হইল। এজন্য তাহাকে একটু বে-আইনি কায করিতে হইল; কিন্তু প্রয়োজন হইলে ঐরূপ কার্য্যে কোন দিনই সে পরাঙ্মুখ হইত না।

ওয়াল্‌ডো মিঃ ব্লেকের কয়েকজন প্রতিবেশীর প্রাচীর লঙ্ঘন করিয়া মিঃ ব্লেকের বাস-গৃহের পশ্চাতে উপস্থিত হইল। সে ঊর্দ্ধ-দৃষ্টিতে মিঃ ব্লেকের প্রাচীরের দিকে চাহিয়া মনে মনে বলিল, "সহজ কায।"

ওয়াল্‌ডো যদি কোন দিন বিড়াল-ধর্ম্মী তস্করের (cat-burgler) বৃত্তি অবলম্বন করিত তাহা হইলে সে এই শ্রেণীর তস্করদলের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ আসন অধিকার করিতে পারিত। ঐ দলের নিকট সে সম্রাট বা মহারাজা-চক্রবর্ত্তী বা ঐরূপ কোন সম্মানিত খেতাব লাভ করিতে পারিত। সে পতঙ্গের ন্যায় অবলীলাক্রমে সেই অট্টালিকার প্রাচীরের উপর উঠিল; তাহার পর জলের নল অবলম্বন করিয়া দোতালার একটা জানালার নিকট উপস্থিত হইল। সে সেই নল ধরিয়া জানালার ধারির উপর নামিয়া পড়িল, এবং সেই ধারির উপর বসিয়া জানালার নীচের শার্শি ঠেলিয়া তুলিল। ওয়াল্‌ডো উন্মুক্ত বাতায়ন-পথে মস্তক প্রবিষ্ট করাইয়া একটি কুঠুরীর ভিতর প্রবেশ করিল। তাহা মিঃ ব্লেকের দোতালার একটি কক্ষ; ইহা তাঁহার উপবেশন-কক্ষের পশ্চাদ্ভাগে অবস্থিত।

ওয়াল্‌ডোর আশঙ্কা হইল, সে হয় ত মিসেস্ বার্ডেলের শয়ন-কক্ষে প্রবেশ করিয়াছে! সেই গভীর রাত্রে কোন স্ত্রীলোকের শয়ন-কক্ষে প্রবেশ করা অমার্জ্জনীয় অপরাধ বলিয়াই তাহার ধারণা হইল। ওয়াল্‌ডো অকুণ্ঠিত চিত্তে নানা প্রকার দুষ্কর্ম্ম করিলেও মাতৃজাতিকে অত্যন্ত সম্মান করিত, এবং তাঁহাদের মনে আঘাত লাগিতে পারে বা তাঁহাদের সম্মানের লাঘব হয় এরূপ কোন কার্য্য কখন করিত না। ইহা তাহার চরিত্রের একটি প্রধান বিশেষত্ব।

ওয়াল্‌ডো সেই কক্ষটি পরীক্ষা করিয়া নিশ্চিন্ত হইল, এবং সেই কক্ষে প্রবেশ করিতে পারিয়াছে ভাবিয়া প্রফুল্ল হইল। সে দেখিল—তাহা পুরুষের শয়ন-কক্ষ।

কক্ষের মধ্যস্থলে যে শয্যা প্রসারিত ছিল—তাহাতে কোন পুরুষ নিদ্রিত ছিল। ওয়াল্‌ডো শয্যার নিকট উপস্থিত হইয়া নিদ্রাচ্ছন্ন যুবকটিকে চিনিতে পারিল। স্মিথ তখন গাঢ় নিদ্রায় অভিভূত। স্মিথ প্রায় আধ ঘণ্টা পূর্ব্বে মিঃ ব্লেকের নিকট বিদায় লইয়া তাহার শয়ন-কক্ষে প্রবেশ করিয়াছিল, এবং পাঁচ মিনিটের মধ্যে সুপ্তিমগ্ন হইয়াছিল।

ওয়াল্‌ডো প্রসন্ন দৃষ্টিতে স্মিথের মুখের দিকে চাহিয়া অস্ফুট স্বরে বলিল, "বেশ আরামে ঘুমাইতেছ ভাই! তোমাকে কষ্ট দেওয়ার ইচ্ছা ছিল না; কিন্তু গরজ বড়ই বালাই।"—সে তৎক্ষণাৎ বিছানা, বালিশ ও গায়ের কম্বল সমেত স্মিথকে জড়াইয়া বাণ্ডিল বাঁধিতে আরম্ভ করিল।

বিছানা সমেত স্মিথকে মেঝের উপর নামাইয়া বাণ্ডিল বাঁধিবার সময় হঠাৎ স্মিথের নিদ্রাভঙ্গ হইল। সেই ঝাঁকুনীতে মরা মানুষেরও ঘুম ভাঙ্গিত, স্মিথের ঘুম ত পাতলা।—সে জাগিয়া ব্যাপার কি বুঝিতে পারিল না; তাহার মনে হইল সে স্বপ্ন দেখিতেছে! কিন্তু শ্বাসরোধের উপক্রম হইল যে! হাত পা নড়াইবার উপায় নাই; এ আবার কি রকম স্বপ্ন? সে হাত পা ছড়াইবার জন্য বৃথা চেষ্টা করিয়া আড়ষ্ট স্বরে বলিল, "আরে! এ আবার কি ফ্যাসাদ? আমাকে বাঁধে কে? কর্ত্তা, কর্ত্তা, আমাকে পোষাকের বাণ্ডিল ভাবিয়া কোন্ বেটা চোর—"

ওয়াল্‌ডো কণ্ঠস্বর মোলায়েম করিয়া বলিল, "চোখ মুখ বুঁজিয়া খানিক পড়িয়া থাক ভাই! পোষাকের বাণ্ডিল ভাবিয়া কেহ তোমাকে চুরি করিতে আসে নাই। আমি তোমার পুরাতন বন্ধু; তোমার সঙ্গে একটু—"

স্মিথ কম্বলের ভিতর হইতে সবিস্ময়ে বলিল, "কে? ওয়াল্‌ডো! ছাড়, ছাড়; দম বন্ধ হইয়া মারা যাই যে!"

ওয়াল্‌ডো হাসিয়া বলিল, "হাঁ, ঠিক চিনিয়াছ। মারা যাইবে কি? মারা যাওয়া কি এতই সহজ? কোন চিন্তা নাই; রাত্রি অধিক হইয়াছে—খানিক ঘুমাইবার চেষ্টা কর। আমি একটু নৈশভ্রমণের ব্যবস্থা করিয়াছি।"

স্মিথ রাগ করিয়া বলিল, "আমি কি ময়দার বস্তা যে আমাকে পুঁটুলী বাঁধিতেছ? কর্ত্তা, দম্ আটকাইয়া মরিলাম! আপনি কোথায়?"—স্মিথ

সজোরে হাত পা ছুড়িবার চেষ্টা করিল, কিন্তু সে বড় কঠিন বন্ধন; তাহার নড়িবারও শক্তি হইল না।

ওয়াল্‌ডো বলিল, "আহা, অত ব্যস্ত হইতেছ কেন? কর্ত্তাও আর একটি বাণ্ডিলে নির্ম্মল বায়ু সেবন করিতে যাইবেন।"

ওয়াল্‌ডো শয্যাসমাচ্ছাদিত স্মিথকে ধোপার বস্তার মত পিঠে ফেলিয়া বারান্দায় আসিল, এবং সেখানে দাঁড়াইয়া মিঃ ব্লেকের শয়ন-কক্ষ কোন্‌টি তাহাই জানিবার চেষ্টা করিল। তাহার ইচ্ছা, মিঃ ব্লেককেও ঐ ভাবে আর একটি বাণ্ডিলে বাঁধিয়া সে বগলে পুরিবে,—তাহার পর নিরুদ্দেশ-যাত্রা! এই ভাবে মানুষ-চুরির ফন্দিটী ওয়াল্‌ডোর নিজের আবিষ্কৃত; আদি ও অকৃত্রিম!

কিন্তু শেষ রক্ষা করা একটু কঠিন হইল। হঠাৎ একটি কক্ষের দ্বার খুলিয়া গেল, এবং সেই কক্ষের উজ্জ্বল বিদ্যুতালোকে বারান্দার অনেক দূর পর্য্যন্ত আলোকিত হইল। মিঃ ব্লেক সেই কক্ষের দ্বারে উপস্থিত হইলেন; তাঁহার হাতে টোটাভরা রিভলবার!

মিঃ ব্লেক তীক্ষ্ণ দৃষ্টিতে ওয়াল্‌ডোর মুখের দিকে চাহিলেন। ওয়াল্‌ডোও বস্তাটি পিঠে লইয়া মিঃ ব্লেকের সকোপ কটাক্ষ এবং তাঁহার হাতের পিস্তলটি লক্ষ্য করিল, তাহার পর স্বাভাবিক স্বরে বলিল, "মিঃ ব্লেক, এই শেষ রাত্রে আপনার নিদ্রাভঙ্গ করিয়া অন্যায় করিয়াছি, সেজন্য আমি আন্তরিক দুঃখিত! কিন্তু কি করি? নিরুপায় হইয়াই আমাকে এ কাজ করিতে হইয়াছে। আপনার মত মহৎ ব্যক্তিকে কি অকারণ কষ্ট দিতে পারি?"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার পিঠের ঐ বাণ্ডিলে কি আছে?"

ওয়াল্‌ডো প্রশান্ত ভাবে বলিল, "কোন মূল্যবান জিনিস নাই, আছে কেবল আমার পরম বন্ধু স্মিথ!"

মিঃ ব্লেক সবিস্ময়ে বলিলেন, "স্মিথ! স্মিথ তোমার বাণ্ডিলে?"

ওয়াল্‌ডো বলিল, "আমি মিথ্যা কথা বলি না, তাহা আপনি জানেন।"

মিঃ ব্লেক ব্যগ্রস্বরে বলিলেন, "দম বন্ধ হইয়া মরিয়া যাইবে যে! শীঘ্র উহাকে ছাড়িয়া দাও।"

ওয়াল্‌ডো মাথা নাড়িয়া বলিল, "মরিলেই হইল? কাহার সাধ্য উহাকে মারে! এক মিনিট অপেক্ষা করুন; অনর্থক হৈ-চৈ করিবেন না। তাহাতে কোন লাভ আছে কি? আপনি হৈ-চৈ ভাল বাসেন না তাহা কি আমি জানি না! কথা এই যে, আমি আপনাকে ও স্মিথকে লইয়া কয়েক দিনের জন্য নিরুদ্দেশ-যাত্রা করিব।"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার স্পর্দ্ধা খুব বাড়িয়া গিয়াছে!"

ওয়াল্‌ডো বলিল, "ও জিনিসটা আমার ছিল—তাহা জানিতাম না। আপনার কথা শুনিয়া আমি খুসী হইলাম। আমি যাহা করিব স্থির করিয়া আসিয়াছি—তাহা করিবই। আপনি বাধা দিয়া কোন সুবিধা করিতে পারিবেন না। বৃথা কেন বিরোধ করিবেন?"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার শরীরে শক্তি আছে, মনে সাহসও আছে; কিন্তু আমার হাতের এই জিনিসটি দেখিয়াছ?"—তিনি টোটাভরা পিস্তলটি ওয়াল্‌ডোর বক্ষঃস্থল লক্ষ্য করিয়া উদ্যত করিলেন।

ওয়াল্‌ডো বলিল, "হাঁ, ঐ জিনিসটির সঙ্গে আমার পরিচয় আছে। উহা আমি চিনি; কিন্তু আপনাকে উহা অপেক্ষাও ভাল করিয়া চিনি। কাজেই আপনার হাতে ঐ মারাত্মক হাতিয়ার দেখিয়া আমি চিন্তিত হই নাই, জানি আপনি আমাকে গুলী করিয়া মারিতে পারিবেন না। আপনার জীবন বিপন্ন হইলে আত্মরক্ষার জন্য আপনি হয় ত গুলী করিতেন; কিন্তু আমি নিরস্ত্র, আপনার জীবনও বিপন্ন হয় নাই; এ অবস্থায় আপনি পিস্তল বাগাইয়া আমাকে ভয় দেখাইলেই আমি ভয় পাইব? ওটা আপনি পকেটে ফেলুন।"

মিঃ ব্লেক বলিলেন, "ওয়াল্‌ডো, তোমার অনুমান মিথ্যা নহে, নরহত্যায় আমার আগ্রহ নাই; কিন্তু তোমার ব্যবহার বিরক্তিকর।—কি চাও তুমি!"

ওয়াল্‌ডো বলিল, "আপনাকে ও স্মিথকে লইয়া আমি একবার ভ্রমণে বাহির হইব। আপনি আমার প্রস্তাবে আপত্তি করিবেন না; যদি আপত্তি করেন

আহত হইলে আমার আর একটি বাণ্ডিল বাড়িবে মাত্র, সে ভারে আমি কাতর হইব না। আপনার হাতে পিস্তল আছে সত্য, কিন্তু নরহত্যায় আপনার আগ্রহ নাই; সুতরাং যুদ্ধে আমার জয় লাভ সুনিশ্চিত। এখন বলুন, আমার বাহুবল দেখাইবার প্রয়োজন হইবে কি না! আমার প্রস্তাবে আপনি সম্মত?"

মিঃ ব্লেক প্রশান্ত ভাবে বলিলেন, অগত্যা! "কোথায় যাইবে চল।"

অষ্টম ধাক্কা

নিরুদ্দেশ-যাত্রা

ওয়াল্‌ডো বিছানার বাণ্ডিল খুলিয়া দিলে স্মিথ তাহার ভিতর হইতে বাহির হইল ; সে রাগ করিয়া ওয়াল্‌ডোকে গালি দিতে লাগিল।

ওয়াল্‌ডো স্মিথের গালি খাইয়া হাসিয়া বলিল, "তোমাকে একটু কষ্ট দিয়াছি বন্ধু! এজন্য আমি দুঃখিত। কিন্তু আমার কাযটাকেই বড় মনে করি ; কার্য্যোদ্ধারের জন্যই আমাকে ঐরূপ করিতে হইয়াছে। নিশ্চিত ছাড়িয়া অনিশ্চিতে নির্ভর করিতে আমার প্রবৃত্তি হয় না। তোমার গালাগালিতে আমার অভ্যাস ছাড়িতে পারিব না। যাহা হউক, গোল মিটিয়া গিয়াছে ; তোমাদের কর্ত্তাটি আমার প্রস্তাবে রাজি। তিনি আমার সঙ্গে যাইবেন ; তুমিও মুখ বুঁজিয়া তাঁহার অনুসরণ কর।"

স্মিথ মুখ বাঁকাইয়া বলিল, "তোমার কথায়? কর্ত্তার ইচ্ছা হয়—তিনি যাইতে পারেন, আমি যাইব না।"

মিঃ ব্লেক বলিলেন, "স্মিথ, যাওয়াই ভাল।"

স্মিথ বলিল, "কর্ত্তা, আপনিও বলিতেছেন—যাওয়াই ভাল! আপনার হইল কি? (what's the matter with you?) ওয়াল্‌ডো আপনাকে যাদু করিয়াছে না কি? কোন্ দেশের স্ত্রীলোক পুরুষ দেখিলে না কি মন্ত্রবলে ভ্যাড়া করিয়া রাখে! কিন্তু ওয়াল্‌ডো ত স্ত্রীলোক নয়, আর আপনাকে ভ্যাড়া করাও একটু শক্ত। আমরা কি বিনাযুদ্ধে পরাজয় স্বীকার করিয়া উহার বোঁচ্‌কার ভিতর ঢুকিব? ও আমাদিগকে কাঁধে ফেলিয়া যেখানে খুসী সেইখানে লইয়া যাইবে?"

মিঃ ব্লেক বলিলেন, "জ্ঞানী ব্যক্তি কিল খাইয়া কিল চুরি করে।"

স্মিথ বলিল, "তবে কি বিনা-যুদ্ধে আপনি পরাজয় স্বীকার করিতেছেন?" (admitting yourself beaten ?)

মিঃ ব্লেক বলিলেন, "পরাজয় স্বীকার করিব কেন? কিন্তু ওয়াল্‌ডো কৌশলে আমাকে কায়দা করিয়াছে। ওয়াল্‌ডো জানে, আমি উহাকে গুলী করিয়া মারিতে পারিব না; আমি জানি—ওয়াল্‌ডোর সঙ্গে হাতাহাতি আরম্ভ করিলে আমাকে অবিলম্বে ঐ বাণ্ডিলের ভিতর প্রবেশ করিতে হইবে। তাহা অপেক্ষা উহার সঙ্গে যাওয়াই ভাল।"

ওয়াল্‌ডো খুসী হইয়া মাথা ঝাঁকাইল, বলিল, "হাঁ, এ বুদ্ধিমানের মত কথা। খাসা বিবেচনা!"

স্মিথও ভাবিয়া দেখিল, মিঃ ব্লেকের পন্থা অবলম্বন করাই সঙ্গত। ওয়াল্‌ডো দশ বারজন কন্‌ষ্টেবলের পা ধরিয়া তাহাদিগকে একসঙ্গে মাথায় তুলিয়া ধোপার পাটে কাপড় কাচিবার মত আপ্‌সাইয়া মারিতে পারে! মিঃ ব্লেক ও সে দু'জনে কিরূপে তাহাকে পরাস্ত করিবে? ওয়াল্‌ডোর বাহুর মাংসপেশীগুলি ইস্পাতের মত শক্ত, দানবের মত তাহার দেহে শক্তি! একদল লোক তাহার বিরুদ্ধে দাঁড়াইলেও তাহাকে বাঁধিতে পারে না। সে ইচ্ছা করিলে ব্যায়াম প্রদর্শন করিয়া পৃথিবীর বিভিন্ন দেশে বহু অর্থ উপার্জ্জন করিতে পারিত; কিন্তু তাহার সেরূপ ইচ্ছা ছিল না।

তবে মিঃ ব্লেকের ইচ্ছা না থাকিলে ওয়াল্‌ডো তাঁহাকে তাহার সঙ্গে যাইবার জন্য বাধ্য করিতে পারিত না, এ কথাও সত্য। কিন্তু ওয়াল্‌ডো তাঁহাদিগকে কি উদ্দেশ্যে কোথায় লইয়া যাইবে, ইহা জানিবার জন্য মিঃ ব্লেকের কৌতূহল প্রবল হইয়াছিল। ওয়াল্‌ডোর অভিসন্ধি তখনও তিনি বুঝিতে পারেন নাই। তিনি স্মিথকে লইয়া তাহার সঙ্গে যাইতে সম্মত হইলেন।

ওয়াল্‌ডো বলিল, "আপনারা শীঘ্র পোষাক পরিয়া লউন। আমার গাড়ী বাহিরে দাঁড়াইয়া আছে; খোলা গাড়ী। আপনারা মোটা কাপড়ে সর্ব্বাঙ্গ ঢাকিয়া চলুন, নতুবা ঠাণ্ডা লাগিবে।"

স্মিথ বলিল, "শীতে আমার সর্ব্বাঙ্গ কাঁপিতেছে।"

ওয়াল্‌ডো বলিল, "সেইজন্তই ত মোটা কাপড়ে সর্ব্বাঙ্গ ঢাকিয়া লইতে বলিতেছি ; আমি এখানে তোমাদের অপেক্ষা করিতেছি, তোমরা প্রস্তুত হইয়া এস। কিন্তু মিঃ ব্লেক, আপনারা আমাকে ফাঁকি দিয়া পলায়নের চেষ্টা করিবেন না, ইহা আপনাকে অঙ্গীকার করিতে হইবে। আপনার অঙ্গীকারে নির্ভর করিয়া আমি নিশ্চিন্ত হইব।"

মিঃ ব্লেক বলিলেন, "অঙ্গীকার করিয়া যদি আমি তাহা পালন না করি ?"

ওয়াল্‌ডো বলিল, "সে ভয় নাই ; আমি আপনার অঙ্গীকারে নির্ভর করিতে পারি ; আমি কি আপনাকে চিনি না ?"

মিঃ ব্লেক হাসিয়া বলিলেন, "না, আমি পলায়ন করিব না।"

ওয়াল্‌ডো বলিল, "স্মিথ, তুমি ?"

স্মিথ বলিল, "কর্ত্তার অঙ্গীকারের পর আমার অঙ্গীকার নিষ্প্রয়োজন। কিন্তু এ সকল কি ব্যাপার, তাহা আমি বুঝিতে পারিতেছি না ! তোমার মতলব কি, তাহা কি এখন বলিবে না ?"

ওয়াল্‌ডো বলিল, "না, তাহা এখন বলিতে পারিব না ; তবে এই মাত্র বলিতে পারি—আমি তোমাদের কোন অনিষ্ট করিব না ; তোমাদের বিপদেরও আশঙ্কা নাই। মিঃ ব্লেক, আপনি আর বিলম্ব কবিবেন না।"

মিঃ ব্লেক বলিলেন, "না, আমার বিলম্ব হইবে না ; তবে তোমার এই বিচিত্র ব্যবহারের কারণ জানিতে পারিলে আমি নিশ্চিন্ত হইতাম।"

ওয়াল্‌ডো বলিল, "চিন্তার কোন কারণ নাই। সকল কথা এখন বলিবার সুবিধা হইবে না ; তবে এই মাত্র জানিয়া রাখুন—আপনি আমার আরব্ধ কার্য্যটি নষ্ট করিতে উদ্যত হইয়াছেন ; আপনি এখানে থাকিলে আমার সকল যোগাড়-যন্ত্র ব্যর্থ হইবে। এইজন্য আপনাকে আমাদের কার্য্যক্ষেত্র হইতে একটু দূরে লইয়া যাইতে চাই। আপনার দুশ্চিন্তার কারণ নাই, আপনাদিগকে লইয়া গিয়া খুব ভাল লোকের জিম্মা করিয়া দিব। সেখানে আপনাদের কোন কষ্ট হইবে না, অতিথি-সৎকারেরও কোন ত্রুটি হইবে না।"

মিঃ ব্লেক বলিলেন, "আমাদিগকে কয়েদ করিয়া রাখিবে ?"

ওয়াল্‌ডো বলিল, "আপনাদিগকে একজন সম্ভ্রান্ত ভদ্র লোকের আতিথ্য গ্রহণ করিতে হইবে; ইহার যদি আপনি ঐরূপ কদর্য্য অর্থ করেন, তাহা হইলে আর উপায় কি?"

মিঃ ব্লেক ওয়াল্‌ডোর চক্ষুর দিকে চাহিয়াই বুঝিতে পারিলেন, সে মিথ্যা কথা বলে নাই। ওয়াল্‌ডো তাঁহাকে কখন মিথ্যা কথায় প্রবঞ্চিত করিবার চেষ্টা করিত না, ইহাও তিনি জানিতেন। ওয়াল্‌ডো তাঁহার ইচ্ছার বিরুদ্ধে তাঁহাকে আটক করিয়া রাখিতে পারিবে না, বুঝিয়া তিনি বৃথা তর্কবিতর্কে আর সময় নষ্ট না করিয়া পরিচ্ছদ পরিবর্ত্তনের জন্য স্মিথের সহিত কক্ষান্তরে প্রবেশ করিলেন।

স্মিথ বলিল, "কর্ত্তা, আপনি ঐ রাস্কেলটার প্রস্তাবে সম্মত না হইলেই ভাল করিতেন; ওয়াল্‌ডো কখন আপনাকে জোর করিয়া ধরিয়া লইয়া যাইতে পারিত না।"

মিঃ ব্লেক বলিলেন, "এ কথা আমি নিঃসন্দেহে বলিতে পারি না। ওয়াল্‌ডোকে আমি গুলী করিয়া মারিতে পারিতাম না, তাহা তুমি জান। অস্ত্র ব্যবহার না করিলে বাহুবলে তাহাকে পরাস্ত করিব—সে শক্তি তোমারও নাই, আমারও নাই। সুতরাং আমাদের মৌখিক আপত্তি নিষ্ফল হইত, এবং তর্কবিতর্ক করিয়া তাহাকে তাহার সঙ্কল্প-পথ হইতে প্রতিনিবৃত্ত করিতে পারিতাম না; কারণ আমাদিগকে চুরি করিয়া লইয়া যাওয়াই তাহার উদ্দেশ্য; আমার অনুরোধে সে তাহার সঙ্কল্প ত্যাগ করিত না। এ অবস্থায় তাহার সহিত বিরোধ না করিয়া তাহার মতানুবর্ত্তী হওয়াই সঙ্গত।—অনর্থক বিবাদ করিয়া লাভ নাই; তুমি শীঘ্র প্রস্তুত হইয়া এস।"

স্মিথ বলিল, "অগত্যা।—ওয়াল্‌ডোর হাতে পড়িয়া আপনি বে-সামাল হইয়াছেন কর্ত্তা! ও রকম অদ্ভুত লোক জীবনে কখন দেখি নাই। দেহখানি ত লোহায় ঢালা, মনেও ভয়ের লেশমাত্র নাই; আপনি উহার বুকের উপর পিস্তল উচাইলেন, হতভাগা দাঁত বাহির করিয়া হাসিতে লাগিল!"

যাহা হউক, মিঃ ব্লেক যে কার্য্যে লজ্জা বোধ করিলেন না, তাহাতে লজ্জিত

হইবার কোন কারণ নাই বুঝিয়া, স্মিথ ক্ষোভ ত্যাগ করিয়া পরিচ্ছদ পরিবর্তনের জন্য তাহার শয়ন-কক্ষে প্রবেশ করিল। সে বুঝিতে পারিল ওয়াল্‌ডো ভয় পাইয়াই মিঃ ব্লেককে কার্য্যক্ষেত্রে হইতে স্থানান্তরিত করিতে উদ্যত হইয়াছে; দেহে তাহার অসাধারণ বল থাকিলেও মিঃ ব্লেকের বুদ্ধির নিকট সে পরাজয় স্বীকার করিয়াছে ভাবিয়া স্মিথ প্রফুল্ল হইল।

স্মিথ পরিচ্ছদ পরিবর্ত্তন করিতে করিতে বলিল, "অদ্ভুত লোক এই ওয়াল্‌ডোটা! সে বুঝিয়াছে আমরা এখানে থাকিলে তাহার ফন্দী-ফিকির সমস্তই ওলট্‌-পালট্‌ করিয়া দিব। সেই জন্য সে আমাদিগকে তফাতে লইয়া যাইতেছে। কিন্তু সে কি ভাবে আমাদিগকে আটক করিয়া রাখিবে—তাহা বুঝিতে পারিতেছি না!"

স্মিথ জানিত ওয়াল্‌ডো তাহাদের প্রতি দুর্ব্ব্যবহার করিবে না, সুতরাং বিপদের আশঙ্কায় সে কাতর হইল না। ওয়াল্‌ডো মিঃ ব্লেক ও স্মিথকে বশীভূত করিতে সমর্থ হইলেও তাঁহাদিগকে আয়ত্ত করিবার জন্য সে কোন হীন উপায় অবলম্বন করে নাই। সে তাঁহাদের সম্মান অক্ষুণ্ণ রাখিয়া তাঁহাদিগকে তাহার মতানুবর্ত্তী করিতে পারিয়াছে বুঝিয়া তাঁহাদের মনে বিন্দুমাত্র ক্ষোভের সঞ্চার হইল না।

মিঃ ব্লেক বুঝিয়াছিলেন ওয়াল্‌ডোর এই কার্য্যে অস্‌কার মেট্‌ল্যাণ্ডের ক্ষতি হইবে। মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাকউডের কৌটা চুরি করে নাই, এবং তাহার বিরুদ্ধে যে সকল প্রমাণ সংগৃহীত হইয়াছে তাহার কোন মূল্য নাই, ইহা তিনি প্রতিপন্ন করিতে পারিতেন; সুতরাং তাহার ফলে মেট্‌ল্যাণ্ড মুক্তিলাভ করিতে পারিত। কিন্তু মেট্‌ল্যাণ্ডের পক্ষ সমর্থনের জন্য তাঁহার বিন্দুমাত্র আগ্রহ ছিল না। এই জন্য তিনি প্রকাশ্য ভাবে ওয়াল্‌ডোর কার্য্যের সমর্থন না করিলেও তাহাতে বাধা দান করিতে উৎসুক হইলেন না; প্রকারান্তরে তিনি ওয়াল্‌ডোর আনুকূল্য করিতেই উদ্যত হইলেন।

প্রায় দশ মিনিটের মধ্যে মিঃ ব্লেক ও স্মিথকে সঙ্গে লইয়া ওয়াল্‌ডো তাহার ট্যাক্সিতে উঠিয়া বসিল। সে তাঁহাদের সহিত বন্ধুভাবে গল্প করিতে করিতে

গাড়ী চালাইতে লাগিল। তাঁহারা তাহার গাড়ী হইতে পলায়নের চেষ্টা করিতে পারেন—এরূপ সন্দেহ তাহার মনে স্থান পাইল না। মিঃ ব্লেকের অঙ্গীকারের প্রতি তাহার গভীর বিশ্বাস ছিল।

ওয়ালডোর ট্যাক্সি লণ্ডন অতিক্রম করিলে ওয়ালডো শকটের গতিবেগ বর্দ্ধিত করিয়া বলিল, "মিঃ ব্লেক, আমরা উদ্দেশ্যহীন ভাবে নিরুদ্দেশ-যাত্রা করিতেছি—ইহা আপনি বিশ্বাস না করিলেও আমরা কোথায় যাইতেছি—তাহা এখনও বুঝিতে পারেন নাই। আমরা কোথায় যাইতেছি তাহা আপনার নিকট প্রকাশ করিতে বাধা নাই; কারণ আর কিছুকাল পরেই আপনি তাহা জানিতে পারিবেন। আমরা শীঘ্রই ষ্ট্রেথাম ও ক্রয়ডন পার হইয়া সরে জেলায় প্রবেশ করিব। সরের অরণ্যের ভিতর দিয়া আমাদের গন্তব্য পথ।"

মিঃ ব্লেক বলিলেন, "এবং সরের অরণ্যের ভিতর ষ্টোক পুড্নীর অদূরে একটি উচ্চ প্রাচীরের অন্তরালে আমাদিগকে আশ্রয় লইতে হইবে।"

ওয়ালডো সবিস্ময়ে বলিল, "অদ্ভুত! কি চমৎকার আপনার অনুমান-শক্তি! এই শক্তির বলেই আপনি অসাধ্য সাধন করেন। হাঁ, আমরা সার রডনে ড্রমণ্ডের আরণ্যনিবাসে যাইতেছি। আপনি ও স্মিথ পূর্ব্বে একবার সেখানে গিয়াছিলেন ত! আপনি আমার অজ্ঞাতসারে গোল্ডবার্গের হীরাগুলি গর্ত্তের ভিতর হইতে তুলিয়া আনিয়া আমার সকল শ্রম বিফল করিয়াছিলেন। সেই শয়তানকে সেগুলি ফেরত না দিলেই ভাল করিতেন। দুঃখের বিষয়, সে সময় আপনার সঙ্গে আমার সাক্ষাতের সুযোগ হয় নাই।"

স্মিথ বলিল, "হাঁ, কর্ত্তা তোমাকে সেই সময় খাসা জব্দ করিয়াছিলেন। ছয় হাজার ফিট উচু হইতে প্যারাচুট লইয়া তোমার লাফাইয়া পড়া বৃথা হইয়াছিল।"

ওয়ালডো বলিল, "হাঁ, একদম্! আমার সেবারের পরাজয় শোচনীয়। আমি ভাবিয়াছিলাম হীরাগুলি মাটীর ভিতর পুতিয়া রাখিলাম, কেহই তাহার সন্ধান পাইবে না; কিন্তু হীরাগুলি আনিতে গিয়া দেখি খোসা পড়িয়া আছে, শাঁস অদৃশ্য হইয়াছে! তখনই বুঝিলাম, সে আপনার কায! হীরাগুলির সন্ধান পাওয়া অন্য কোন লোকের অসাধ্য হইত। সেবার আমার বিলক্ষণ শিক্ষা

হইয়াছিল, সেই জন্যই ত এবার আমি চারি দিকে দৃষ্টি রাখিয়া কায করিতেছি। পুনর্ব্বার আমাকে অপদস্থ করিতে না পারেন—এই উদ্দেশ্যে আপনাকে ধরিয়া আনিয়াছি। শয়তান মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতা সপ্রমাণ করে—এ সাধ্য আর কাহারও নাই। পুলিশ আমার শত্রুতা করিলেও আমি তাহাদের উপকার করিতেছি; আপনাকে ধরিয়া না আনিলে পুলিশকে অপদস্থ হইতে হইত।"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু নিরপরাধ লোকটা মুক্তি লাভ করিত।"

ওয়াল্‌ডো বলিল, "ওরকম নর-প্রেতের মুক্তিলাভ বাঞ্ছনীয় নহে। এক রকম বাদুড় আছে—তাহারা ঘুমন্ত মানুষের রক্ত শোষণ করে; কিন্তু মেট্‌ল্যাণ্ড ও তাহার দুই বন্ধু—যাহারা আপনার সাহায্যপ্রার্থীহইয়াছিল—তাহারা ঐ সকল বাদুড় অপেক্ষাও ভয়ানক জীব, 'জাগন্ত' মানুষের রক্ত শোষণ করে! মেট্‌ল্যাণ্ডের যাবজ্জীবন কারাদণ্ড ভোগ করা উচিত। আপনি তাহাতে বাধা দিলে ঘোর অন্যায় হইত; আপনার শক্তির অপব্যবহার হইত।"

মিঃ ব্লেক বলিলেন, "সেই জন্য তুমি তোমার শক্তির সদ্ব্যবহার করিতেছ? এবার তুমি জয়ী হইয়াছ।"

ওয়াল্‌ডো হাসিয়া বলিল, "যদি শেষ রক্ষা করিতে পারি।—বড় ঠাণ্ডা পড়িতেছে, আপনার চুরুটের আগুন নিবিয়া গিয়াছে, একটু ধূমপান করুন; আমার চুরুট ব্যবহার করিতে ভয় পাইবেন না। আমি চুরুট দিয়া আপনাকে বেহুঁস করিব না, আপনি ত জানেন আমি ততদূর ইতর নহি; তবে লোক-বিশেষের সঙ্গে সময়ে সময়ে একটু চালাকি করিতে হয় বটে, বিশেষতঃ মেট্‌ল্যাণ্ডের মত লোভী শয়তানের সঙ্গে। বেটা খুব জব্দ হইয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "ভারি বদ নেশা,—এই চুরুটের।"

ওয়াল্‌ডো বলিল, "কিন্তু আমরা ত সকলেই পীর নহি, এক-আধটু ধোঁয়া না গিলিলে এই শীতে জমিয়া যাইব যে!"—সে একটি চুরুট বাহির করিয়া মিঃ ব্লেকের হাতে দিল। মিঃ ব্লেক অকুণ্ঠিত চিত্তে তাহা মুখে গুঁজিলেন।

কিছুকাল পরেই তাঁহারা সার রডনের আরণ্য নিবাসে উপস্থিত হইলেন। সার রডনের সহিত আলাপ করিবার জন্য মিঃ ব্লেকের আগ্রহ হইল। সার

রড্‌নে তাঁহাদিগকে কয়েদ করিয়া রাখিবেন, ইহা তিনি বিশ্বাস করিতে পারিলেন না।

ওয়াল্‌ডো রাত্রি-শেষে সার রড্‌নের নিদ্রাভঙ্গ করিল। তিনি শয়ন-কক্ষের বাহিরে আসিয়া ওয়াল্‌ডোর সঙ্গে মিঃ ব্লেক ও স্মিথকে দেখিয়া স্তম্ভিত হইলেন। তিনি কি বলিবেন, কি করিবেন তাহা স্থির করিতে পারিলেন না। তাঁহাকে হতবুদ্ধির ন্যায় দ্বার-প্রান্তে দাঁড়াইতে দেখিয়া ওয়াল্‌ডো তাহার কয়েদীদ্বয়কে সঙ্গে লইয়া সার রড্‌নের প্রশস্ত লাইব্রেরীতে প্রবেশ করিল। সেই কক্ষে কয়েকটি মোম-বাতি জ্বলিতেছিল। সার রড্‌নের খানসামা জার্ভিস্ দ্বারের নিকট দাঁড়াইয়া বিহ্বল দৃষ্টিতে আগন্তুকগণের মুখের দিকে চাহিয়া রহিল। মনিবের অমঙ্গল আশঙ্কায় সে ব্যাকুল হইয়া উঠিল।

সার রড্‌নে লাইব্রেরীতে প্রবেশ করিয়া বিহ্বল স্বরে বলিলেন, "ওয়াল্‌ডো, তোমার মতলব কি তাহা আমি বুঝিতে পারিতেছি না! এ কায তুমি কেন করিলে? এই ভদ্রলোক দুটিকে তুমি কেন এখানে লইয়া আসিলে? উঁহাদিগকে এখানে আনিবার পূর্ব্বে আমার সম্মতি গ্রহণ করা কি তোমার উচিত ছিল না?"

ওয়াল্‌ডো বলিল, "আপনি আমাকে স্বাধীন ভাবে কায করিবার অধিকার দিয়াছেন, এখন রাগ করিলে চলিবে কেন? আমার বিশ্বাস, মিঃ ব্লেকের সহিত আপনার পরিচয় আছে; কিন্তু আমি উঁহাকে খুব ঘনিষ্ঠভাবেই জানি। আমি উঁহাকে আন্তরিক শ্রদ্ধা করি, এবং উঁহার প্রতি অসদ্ব্যবহার করা আমার সাধ্যাতীত; কিন্তু উঁহাকে আঁটিয়া উঠা আমার অসাধ্য। উনি অসাধারণ চতুর; এইজন্য আমি উঁহাকে এখানে নিমন্ত্রণ করিয়া আনিয়াছি। আপনি মাসখানেক ধরিয়া পরম যত্নে অতিথি সৎকার করুন। এরূপ কারাগার ভিন্ন অন্য কোন স্থানে উঁহাকে আটক করিয়া রাখিবার উপায় নাই। এই দুর্ভেদ্য দুর্গের চতুর্দ্দিকে দুর্লঙ্ঘ্য প্রাচীর, এবং দুর্দ্দান্ত শৃগালের দল এখানে প্রহরীর কার্য্যে নিযুক্ত আছে। মিঃ ব্লেক ও উঁহার ঐ সাকরেদটি এখানে নির্ব্বিঘ্নে বাস করিতে পারিবেন। আপনি একটু সতর্ক দৃষ্টি রাখিলেই চলিবে; শিয়ালগুলা পাহারা দিতে গাফিলি করিবে না।"

সার রড্নে ক্ষুণ্ণভাবে বলিলেন, "শিয়ালগুলি প্রায় সাবাড়! দুটি তোমার হাতে মারা গিয়াছে, আর একটিকে যে কোন্ জানোয়ার তীক্ষ্ণদন্তে গলা ফুটা করিয়া হত্যা করিয়াছে তাহা—"

স্মিথ বলিল, "অন্য কোন জানোয়ার নয়, আমাদের টাইগারের সঙ্গে যুদ্ধ করিয়া তাহাকে অক্কা লাভ করিতে হইয়াছে।"

সার রড্নে বলিলেন, "আমি তাহা জানিতাম না। এখন আর দুইটি মাত্র শিয়াল এখানে বর্ত্তমান; কিন্তু তাহারা প্রাণভয়ে আর তাহাদের গুহা হইতে প্রায়ই বাহির হয় না। শিয়ালগুলি সাধারণতঃ ভীরুপ্রকৃতি, কিন্তু এই পার্শিয়ান শিয়ালগুলি বলবান ও দুর্দ্দান্ত বলিয়া ঐ গুলিকে আমি পারস্য দেশ হইতে আনিয়াছিলাম। আমার এই আরণ্য নিবাসে তাহারা পাহারা দিত; কিন্তু এখন তাহারাই প্রাণভয়ে ব্যাকুল।"

ওয়াল্‌ডো বলিল, "শিয়ালগুলার কথা শুনিয়া আর আমার সময় নষ্ট করিলে চলিবে না, আমাকে এখনই অন্য কাযে যাইতে হইবে। যদি মিঃ ব্লেক কাযকর্ম্ম ছাড়িয়া কিছুদিন আপনার আতিথ্য ভোগ করিতে প্রতিশ্রুত হন, তাহা হইলে আপনি অনায়াসে তাঁহার অঙ্গীকারে নির্ভর করিতে পারেন সার রড্নে! আমি এখন বিদায় লইলাম মিঃ ব্লেক! স্মিথ, আশা করি এখানে কিছু দিন বিশ্রাম করিতে তোমার কষ্ট হইবে না। তোমরা এখানে ফুর্ত্তি কর।"

ওয়াল্‌ডো প্রস্থান করিল। সার রড্নে তাঁহার অতিথিদ্বয়ের সম্মুখে বসিয়া অত্যন্ত অস্বচ্ছন্দতা অনুভব করিতে লাগিলেন। তিনি ক্ষণকাল চিন্তা করিয়া মিঃ ব্লেককে বলিলেন, "মহাশয়, ওয়াল্‌ডো আমার অজ্ঞাতসারে আপনাদিগকে এখানে লইয়া আসিয়াছে। এমন কি, সে আমাকে কোন কথা জিজ্ঞাসাও করে নাই; সুতরাং আপনাদিগকে তাহার সঙ্গে হঠাৎ এখানে আসিতে দেখিয়া আমি অত্যন্ত বিস্মিত হইয়াছি। আপনারা আমার আতিথ্য স্বীকার করিলে আমি অসুখী হইব না; কিন্তু আপনারা এই বিজন অরণ্যে সুখে বাস করিতে পারিবেন, ইহা আমি আশা করিতে পারি না। আমি আপনাদের আদর যত্নের ত্রুটি না করিলেও আপনাদিগকে পদে পদে অরণ্য-বাসের অসুবিধা সহ্য করিতে হইবে।

দুইবেলা দুইটি খাইতে দেওয়া কঠিন নহে ; কিন্তু অতিথির সকল অভাব পূরণ করা এখানে আমার অসাধ্য। একটি মাত্র ভৃত্য লইয়া আমি এখানে যোগী তপস্বীর ন্যায় বাস করি। জাভিস্ একটি কক্ষে শীঘ্রই আপনাদের শয়নের ব্যবস্থা করিবে।"

মিঃ ব্লেক বলিলেন, "ধন্যবাদ মহাশয়, কিন্তু আমি ওয়াল্‌ডোর প্রস্তাবেই এই স্বেচ্ছাস্বীকৃত নির্ব্বাসন-দণ্ড গ্রহণ করিয়াছি ; ইহার কারণ বোধ হয় আপনি জানিতে পারেন নাই। আপনার সহিত গোপনে আমার দুই চারিটি কথা আছে ; আমি এখানে না আসিলে কথাগুলির আলোচনার সুযোগ হইত না। ওয়াল্‌ডো আপনার প্রস্তাবে কোন্ কার্য্যের ভার গ্রহণ করিয়াছে তাহা আমার অজ্ঞাত নহে ; কিন্তু আপনাকে সাহায্য করিবার উদ্দেশ্যে সে যে কায করিয়া বসিয়াছে তাহা ফৌজদারী আইন অনুসারে অপরাধ বলিয়া গণ্য ! হাঁ, সে আইনানুসারে অপরাধী হইয়াছে।"

সার রড্‌নে বিচলিত স্বরে বলিলেন, "হাঁ, আমি এইরূপই আশঙ্কা করিয়াছিলাম মিঃ ব্লেক ! ওয়াল্‌ডো কিরূপ চরিত্রের লোক তাহা আমি জানিতাম, এবং তাহাকে সতর্ক করিতেও ত্রুটি করি নাই ; তথাপি সে এমন অপরাধ করিয়া বসিয়াছে যে, তাহাকে ফৌজদারী মামলার আসামী হইতে হইবে ? সে আমার অবাধ্য হইয়া কোন বে-আইনি কায করিবে—ইহা বিশ্বাস করিতে পারি নাই। আপনি বিখ্যাত ব্যক্তি, আপনার শক্তিও অসাধারণ। ওয়াল্‌ডোর ব্যবহারে আপনিই যখন চিন্তিত হইয়াছেন. তখন আমার দুশ্চিন্তা কিরূপ অধিক হইয়াছে—তাহা আপনি বুঝিতেই পারিতেছেন। ওয়াল্‌ডো আমার প্রতি বিশ্বাসঘাতকতা করিয়াছে ; তাহার ব্যবহারে আমি—"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু আপনি ওয়াল্‌ডোর প্রতি অবিচার করিতেছেন। সে অন্যায় কায করিয়াছে বটে, কিন্তু সেই ব্যাপারে সে আপনাকে জড়ায় নাই। আমি ওয়াল্‌ডোকে বেশ চিনি ; সে বিপন্ন হইলেও কোন বন্ধুকে বিপন্ন করিবে না, বা তাহার গুপ্তকথা প্রকাশ করিয়া আত্মসমর্থনের চেষ্টা করিবে না। অপরের গুপ্তকথা সে কখনও ব্যক্ত করে না। তাহার চরিত্র যেরূপই হউক, সে সম্মানিত ব্যক্তির সম্মান নষ্ট করে না।"

সার রডনে সবিস্ময়ে বলিলেন, "তাহার সম্বন্ধে আপনার ধারণাও এইরূপ? যে ব্যক্তি বহু বে-আইনি কায করিয়া ফৌজদারীর আসামী হইয়াছে, যাহাকে গ্রেপ্তার করিবার জন্য পুলিশ সর্ব্বদা চেষ্টা করিতেছে, যে স্বয়ং আপনাকে অপরাধী বলিয়া স্বীকার করে, (self-confessed criminal)—আপনি পৃথিবীর শ্রেষ্ঠ ডিটেক্‌টিভ হইয়া তাহার প্রশংসা করিতে কুণ্ঠিত হইতেছেন না!"

মিঃ ব্লেক বলিলেন, "পরের ধনসম্পত্তি সম্বন্ধে তাহার ধারণা কিরূপ, এবং সে পরের অর্থের কিরূপ ব্যবহার করে—সে কথা আমি বলিতেছি না; আমি বলিতেছি—তাহার প্রকৃতি যেরূপই হউক, সে কখন অঙ্গীকার ভঙ্গ করে না, এবং বিশ্বাসঘাতকতা তাহার প্রকৃতিবিরুদ্ধ।"

সার রডনে বলিলেন, "কিন্তু সে কি আপনার নিকট আমার মনের কথা প্রকাশ করে নাই? আপনার নিকট আমার প্রতি বিশ্বাসঘাতকতা করে নাই?"

মিঃ ব্লেক বলিলেন, "আমার ত তাহা মনে হয় না। যদি সে আপনার সহিত তাহার সংস্রবের কথা পুলিশের নিকট প্রকাশ করিত, তাহা হইলে স্বীকার করিতাম সে আপনার প্রতি বিশ্বাসঘাতকতা করিয়াছে। কিন্তু সে জানে আমি তাহার গুপ্তকথা কাহারও নিকট প্রকাশ করিব না, তাহার বিশ্বাসের অপব্যবহার করিব না। সার রডনে, গোয়েন্দাগিরি আমার পেশা হইলেও আমি পুলিশের গুপ্তচর নহি। আমি যদি আপনাকে যৎকিঞ্চিৎ হিতোপদেশ প্রদান করি তাহা আপনি আদরের সহিত গ্রহণ করিবেন এরূপ আশা করিতে পারি কি?"

সার রডনে আশ্বস্ত চিত্তে বলিলেন, "আপনি ওয়াল্‌ডোর নিকট আমার যে গুপ্ত সম্বন্ধের কথা জানিতে পারিয়াছেন, তাহা আপনি আমার প্রতিকূলে ব্যবহার করিবেন না? ওয়াল্‌ডোর অভিপ্রায় অনুসারে যদি আপনাদিগকে আমার বাস-ভবনে আবদ্ধ করিয়া রাখি, তাহা হইলে আপনি কোন্ পন্থা অবলম্বন করিবেন জানিতে পারি কি?"

মিঃ ব্লেক বলিলেন, "সার রডনে! এই প্রসঙ্গের আলোচনা বন্ধ রাখিয়া অন্য

কথার আলোচনা করা যাউক। আমি পূর্ব্বেই আপনাকে বলিয়াছি আপনি ওয়াল্‌ডোর সহায়তা গ্রহণ করিয়া ফৌজদারী-সোপরদ্দ হইবার পথ পরিষ্কার করিয়াছেন।"

সার রডনে গম্ভীর স্বরে বলিলেন, "হাঁ, বোধ হয় করিয়াছি; কিন্তু আমি ওয়াল্‌ডোকে বিশ্বাস করিয়া তিন জন লোককে আমার অনিষ্টসাধনে নিবৃত্ত করিবার ভার দিয়াছিলাম। সেই তিনজন লোক সর্প অপেক্ষাও অধিক খল, তাহারা ব্যাঘ্রাদি হিংস্র জন্তু অপেক্ষাও অধিকতর ভীষণপ্রকৃতি। ওয়াল্‌ডো আমার প্রস্তাবে সম্মত হইয়াছিল; কিন্তু বলিয়াছিল সে স্বাধীন ভাবে কার্য্য করিবে, আমি তাহার কার্য্যে হস্তক্ষেপণ করিতে পারিব না। এ সম্বন্ধে সে আমার পরামর্শ গ্রহণ করিতেও সম্মত হয় নাই।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, ওয়াল্‌ডো সেই প্রকৃতিরই লোক বটে; কিন্তু সে আইন লঙ্ঘন না করিয়াও এ কায করিতে পারিত। অনেক কায আছে যাহা বৈধ ও অবৈধ দুই ভাবেই করা যাইতে পারে।"

সার রড্‌নে বলিলেন, "হয় ত আপনার কথা সত্য; কিন্তু এ সম্বন্ধে তর্ক না করিয়া আমার সকল কথা শুনুন; তাহা হইলে আপনি আমার সম্বন্ধে সুবিচার করিতে পারিবেন। দশ বৎসরকাল ঐ তিন জন লোক—কার্ল রোরকি ও মেট্‌ল্যাণ্ড মাসের পর মাস, বৎসরের পর বৎসর ক্রমাগত জোঁকের মত আমাকে শোষণ করিয়া আসিয়াছে। আমাকে সমাজে অপদস্থ, লাঞ্ছিত এবং বিপন্ন করিবার ভয় দেখাইয়া আমার নিকট হইতে উৎকোচ আদায় করিয়াছে; আমার সম্পত্তির অর্দ্ধাংশ এই ভাবে আত্মসাৎ করিয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, এ সংবাদ আমার সুবিদিত।"

সার রড্‌নে বলিলেন, "দশ বৎসর ধরিয়া তাহারা আমার সকল সুখ শান্তি, আশা, আনন্দ অপহরণ করিয়া আমার জীবন বিষময় করিয়াছিল। নানা জঘন্য উপায়ে, ঘৃণিত কৌশলে তাহারা নিত্য আমাকে শোষণ করিয়াছে। অবশেষে তাহাদের পীড়ন অসহ্য হইলে আমি পুলিশের সহায়তা প্রার্থনা করিলাম। পুলিশের চেষ্টায় তাহারা তিন বৎসর কঠোর কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিল; কিন্তু এই দণ্ডাদেশে

তাহারা ভীত না হইয়া প্রতিজ্ঞা করিয়াছিল—মুক্তিলাভ করিয়া তাহারা আমাকে হত্যা করিবে।

"তাহাদের প্রতিজ্ঞা আমি বিস্মৃত হই নাই; আমি বুঝিয়াছিলাম—তাহারা সেই প্রতিজ্ঞা পালন করিবে। আমি তাহাদের কবল হইতে আত্মরক্ষা করিবার জন্য দুর্গম অরণ্যে যোগী ঋষির ন্যায় একাকী বাস করিতেছি; স্বেচ্ছায় নির্ব্বাসন দণ্ড গ্রহণ করিয়াছি!—আমি আত্মীয় স্বজন ও সমাজের সহিত সংস্রব, আমোদ প্রমোদ, সুখ শান্তি সকলই প্রাণভয়ে ত্যাগ করিয়া নির্ব্বাসিতের ন্যায় অভিশপ্ত জীবনের ভার বহন করিতেছি। কিন্তু আমারও সহিষ্ণুতার সীমা আছে; আর আমার ধৈর্য্য ধারণের শক্তি নাই। স্বাধীনতার জন্য আমার প্রাণ হাহাকার করিতেছে। নিঃশঙ্ক চিত্তে আমার সুখময় শান্তিপূর্ণ গৃহে প্রত্যাগমনের জন্য আমি অধীর হইয়াছি। কিন্তু সেই তিন নরপ্রেতের ভয়ে এই অরণ্য ত্যাগ করা আমার সম্পূর্ণ অসাধ্য হইয়াছে। এ অবস্থায় যদি আমি তাহাদের কবল হইতে মুক্তি লাভের কোন উপায় অবলম্বন করিয়া থাকি, সে জন্য কি আপনি আমাকে অপরাধী করিতে পারেন? ওয়াল্‌ডো সেই তিনটা রক্ত-শোষী দানবের দমনের ভার গ্রহণ করিয়াছে, তাহারা আমার কোন অনিষ্ট করিতে না পারে তাহার যথাযোগ্য ব্যবস্থা করিবার জন্য সে অঙ্গীকারাবদ্ধ হইয়াছে।"

স্মিথ বলিল, "আশা করি সে তাহাদিগকে হত্যা করিতে প্রতিশ্রুত হয় নাই।"

সার রড্‌নে ব্যগ্র ভাবে বলিলেন, "না, না, সে তাহাদিগকে হত্যা করিবার প্রস্তাব করে নাই, সে সঙ্কল্পও তাহার নাই; ওয়াল্‌ডোর চরিত্র সম্বন্ধে মিঃ ব্লেক যাহা বলিয়াছেন, তাহা আমি সত্য বলিয়া বিশ্বাস করি। ওয়াল্‌ডো নরহন্তা নহে। সে তাহাদিগকে হত্যা করিবে না। তাহারা আমার মহাশত্রু হইলেও নরহত্যায় আমার স্পৃহা নাই। আমিও ঐ কার্যটিকে অন্তরের সহিত ঘৃণা করি। ওয়াল্‌ডো আমার নিকট প্রতিজ্ঞা করিয়াছিল, সে বিনা-রক্তপাতে কার্য্যোদ্ধার করিবে; এরূপ পন্থা অবলম্বন করিবে যে, তাহারা আর কখন আমাকে দংশন

করিবার জন্ম ফণা তুলিতে পারিবে না। তাহাদের অত্যাচারের পথ চিরকদ্ধ হইবে। সে সুবিচারের ভার গ্রহণ করিয়াছিল।"

মিঃ ব্লেক বলিলেন, "সাধু উপায়ে এই সকল সিদ্ধ করা তাহার পক্ষে কঠিন। আপনার প্রতি যে অবিচার হইতেছিল সুবিচারের সাহায্যে তাহার প্রতিরোধের ভার লইল—একজন ফেরারী আসামী, যাহার গ্রেপ্তারের জন্ম পাঁচ সাতখানি গ্রেপ্তারী পরোয়ানা বাহির হইয়াছে! তবে আপনি কার্ণ, রোরকি ও মেট্ল্যাণ্ড কর্ত্তৃক নির্য্যাতনের যে বিবরণ বলিলেন, তাহা সম্পূর্ণ সত্য বলিয়াই আমার বিশ্বাস হইয়াছে; কারণ তাহাদের চরিত্রের পরিচয় আমার অজ্ঞাত নহে। কিন্তু আপনি ফৌজদারীর একটা ফেরারী আসামীর সহায়তা গ্রহণ করিয়া অত্যন্ত অসঙ্গত কায করিয়াছেন; আপনার এই ভ্রম অত্যন্ত শোচনীয়।"

সার রড্‌নে নীরস স্বরে বলিলেন, "আমি কোন্ সাধু মহাত্মার সহায়তা পাইতাম তাহা দয়া করিয়া বলিয়া দিবেন কি? উহারাও কি প্রভু যিশুর উপদেশে এক গালে চড় খাইয়া অন্ত গাল পাতিয়া দিত?"

মিঃ ব্লেক বলিলেন, "আপনি বহুব্যয়ে এই দুর্লঙ্ঘ প্রাচীর নির্ম্মাণ করাইয়া ইহার অন্তরালে আশ্রয় গ্রহণের পরিবর্ত্তে পুলিশের সহায়তা প্রার্থনা করিলে কি তাহাদের সাহায্যে নিরাপদ হইতে পারিতেন না?"

সার রড্‌নে বলিলেন, "তবে আর আপনি আমার দুঃখের কথা শুনিলেন কি? সকল কথা শুনিয়াও এরূপ মন্তব্য প্রকাশ করা কি আপনার সঙ্গত হইল? ইহা কি আপনার আন্তরিক কথা? এ দেশের পুলিশের কার্য্য-প্রণালীর বিরুদ্ধে আমার কোন অভিযোগ নাই; আমি স্বীকার করি এ দেশের পুলিশ পৃথিবীর সকল সভ্য দেশের পুলিশ অপেক্ষা অধিকতর কর্ত্তব্যনিষ্ঠ, কর্ম্মঠ, এবং কার্য্যদক্ষ; কিন্তু আমি জানি এবং আপনি বোধ হয় আমার অপেক্ষাও ভাল-রকমই জানেন যে, একপাল ডিটেক্‌টিভ অন্ত সকল কায ত্যাগ করিয়া আমার দেহরক্ষী হইবে, আমার প্রাণ রক্ষার জন্ম দিবা রাত্রি আমাকে বেষ্টন করিয়া রাখিবে—এরূপ আশা করা পাগলামি ভিন্ন আর কিছুই নহে। বিশেষতঃ, যাহারা যে কোন উপায়ে আমাকে হত্যা করিতে কৃতসঙ্কল্প, পুলিশ প্রাণপণ চেষ্টা করিয়াও কি তাহাদের সঙ্কল্প

ব্যর্থ করিতে পারিত ? হয় ত আমার আশঙ্কা অমূলক; কিন্তু যাহারা ঐ প্রকার নর-পিশাচ এবং সর্ব্ব প্রকার পাপে অকুণ্ঠিত, তাহাদের কঠোর শাস্তিই প্রার্থনীয়। ওয়াল্‌ডো তাহাদের প্রতি কিরূপ দণ্ডের ব্যবস্থা করিবে জানি না; কিন্তু আমার বিশ্বাস তাহাদের অপরাধের উপযুক্ত দণ্ডবিধান করা ওয়াল্‌ডোরও সাধ্যাতীত !”

নবম ধাক্কা

কেঁচো খুঁড়িতে সাপ

মিঃ ব্লেক অতঃপর কোন্ পন্থা অবলম্বন করিবেন তাহা স্থির করিতে পারিলেন না। তিনি উভয়-সঙ্কটে পড়িলেন। সার রড্‌নের জীবন বিপন্ন হইয়াছিল, ইহা তাঁহার অস্বীকার করিবার উপায় ছিল না; সুতরাং তিনি তাহার প্রতি-বিধানের উপায় অবলম্বন করিলে তাঁহাকে অপরাধী করা সঙ্গত নহে। তাঁহার শত্রুগণ যেরূপ ভীষণপ্রকৃতি নর-দানব, তাহাদের দমনের জন্য সেইরূপ শক্তিশালী ফন্দিবাজ, চতুর ও নির্ভীক ব্যক্তিকে নিযুক্ত না করিলে তাঁহার নিরাপদ হইবার সম্ভাবনা ছিল না, ইহা তিনি বুঝিতে পারিলেন। কিন্তু তিনি তর্ক-যুদ্ধে পরাজয় স্বীকার করিলেন না; তিনি ক্ষণকাল চিন্তা করিয়া বলিলেন, "সার রড্‌নে, আপনার সঙ্কট আমি বুঝিতে পারিয়াছি। আপনি আত্মরক্ষার জন্য যে উপায় অবলম্বন করিয়াছেন, তাহা সঙ্গত কি অসঙ্গত তাহাও এখন ভাবিয়া দেখিলাম। আপনার বর্ত্তমান অবস্থা দেখিয়া বুঝিতে পারিতেছি—আপনার জীবন সত্যই ভার-স্বরূপ হইয়াছে। যে তিন জন নর-পিশাচ আপনার জীবন বিষময় করিয়াছে তাহারা মনুষ্য-সমাজের শত্রু; তাহারা সকলেই দাগী-অপরাধী। আপনার কি বিশ্বাস—তাহারা জেল খাটিয়া আসিয়া এখনও তাহাদের পুরাতন পেশা ত্যাগ করে নাই?"

সার রড্‌নে বলিলেন, "বাঘ কি তাহার চামড়ার রঙ্গ পরিবর্ত্তিত করিতে পারে? না, বিষধর সর্প তাহার স্বভাব ত্যাগ করে? সেই তিন নর-প্রেত জীবনের শেষ দিন পর্য্যন্ত সমাজের রক্ত শোষণ করিবে; তাহারা অপহরণ ও লুণ্ঠনের অভ্যাস ত্যাগ করিবে না।"

মিঃ ব্লেক বলিলেন, "কিন্তু তাহারা এখন ধনবান হইয়া সম্ভ্রান্ত সমাজে মিশিতে আরম্ভ করিয়াছে; ভদ্রতার মুখোস পরিয়া সাধু সাজিয়াছে! এক একটা সাধু

ব্যবসায় অবলম্বন করিয়া তাহার আবরণে দস্যুবৃত্তি চালাইতেছে। আপনি তাহাদের মুখোস খুলিয়া দিয়া তাহাদিগকে কারাগারে পাঠাইবার ব্যবস্থা করিতে পারেন না? ওয়াল্ডো মেট্ল্যাণ্ডের বিরুদ্ধে একটি মিথ্যা অভিযোগ উপস্থিত করিয়াছে, তাহাকে চোর সাজাইয়াছে। কিন্তু তাহার বিরুদ্ধে সত্য অভিযোগ উপস্থিত করা, তাহার আসল চুরি ধরাইয়া দিয়া তাহার কঠোর দণ্ডের ব্যবস্থা করা কি খুব কঠিন?"

সার রড্নে উৎসাহভরে বলিলেন, "ওয়াল্ডো তাহাকে চোর সাজাইয়াছে? তাহার বিরুদ্ধে চুরির অভিযোগ উপস্থিত! চমৎকার হইয়াছে। অভিযোগটা মিথ্যা? হউক মিথ্যা, চুরির অকাট্য প্রমাণ সে যোগাড় করিতে পারিয়াছে ত? খাসা বুদ্ধিমানের মত কায করিয়াছে ওয়াল্ডো। শুনিয়া ভারী খুসী হইলাম। মেট্ল্যাণ্ডের মাথা না ফাটাইয়া তাহাকে সে জেলে পুরিবার ফন্দী করিয়াছে—এ কায আমার ঠিক মনের মত হইয়াছে।—আমি খুসী হইয়াছি এ কথা মুক্তকণ্ঠে স্বীকার করিয়া কি জেলে যাইবার মত অপরাধ করিলাম মিঃ ব্লেক!"

মিঃ ব্লেক বলিলেন, "আমি ত পূর্ব্বেই বলিয়াছি, আপনার এইরূপ শোচনীয় অবস্থা দেখিয়া আপনার প্রতি আমার আন্তরিক সহানুভূতি হইয়াছে। কিন্তু আমার কথা এই যে, মেট্ল্যাণ্ডকে মিথ্যা মামলায় জড়াইয়া শাস্তি দেওয়ার চেষ্টা না করিয়া, তাহার আসল চুরি ধরিয়া দিয়া তাহাকে কারাগারে পাঠাইলে সম্পূর্ণ সঙ্গত উপায়ে আপনার শত্রুদমন হইতে পারে, এবং তাহাই আপনার নিষ্কৃতি লাভের শ্রেষ্ঠ উপায়।"

সার রড্নে উচ্ছ্বসিত কণ্ঠে বলিলেন, "কিন্তু মহাশয়! সেরূপ সুযোগ আমি কোথায় পাইব, তাহা কি আপনি দয়া করিয়া বলিয়া দিবেন? বিড়ালের গলায় ঘণ্টা বাঁধিবার উপদেশটি বিলক্ষণ শ্রুতিমধুর; কিন্তু ঘণ্টাটা বাঁধিবে কে? উহারা প্রকাণ্ড দস্যু; কিন্তু উহাদের দস্যুবৃত্তি কৌশলপূর্ণ। ও কায উহারা সাক্ষী রাখিয়া করে না। উহাদের চুরি ধরিতে পারে—এরূপ লোক, এরূপ সুচতুর বিচক্ষণ ডিটেক্‌টিভ, আপনি ভিন্ন এদেশে আর একজনও নাই; এইজন্য এই জঙ্গলে বসিয়া আমি কত দিন ভাবিয়াছি, আপনার সাহায্য পাইলে আমি নিষ্কণ্টক হইতে পারিতাম; আপনি চেষ্টা করিলে উহাদের চুরি ধরিতে পারেন। কিন্তু আমি আপনার

সহায়তা লাভের কোন সুযোগ পাই নাই, অনির্দ্দিষ্ট অভিযোগে আপনি আমার পক্ষ সমর্থন করিবেন—এরূপও আশা করিতে পারি নাই। বিশেষতঃ, কার্ল ও তাহার দুই বন্ধু এখন সম্ভ্রান্ত ব্যক্তি, সমাজে সম্মানিত; আমার ন্যায় ভাগ্যবিড়ম্বিত নিরুপায় বঙ্গবাসী তাহাদের বিরুদ্ধে প্রমাণহীন অভিযোগ উত্থাপিত করিয়া কৃতকার্য্য হইবে, তাহারই বা সম্ভাবনা কোথায়? আপনি আরও দীর্ঘকাল সুযোগের প্রতীক্ষা করিয়াই বা কি ফল লাভ করিতেন?—এই সকল কথা চিন্তা করিয়াই ত আমি ওয়াল্‌ডোর সহায়তা প্রার্থনা করিয়াছিলাম। আমি জানিতাম—সে কোনও একটা ব্যবস্থা করিতে পারিবে। আপনার নিকট জানিতে পারিলাম—সে আমাকে মিথ্যা আশায় প্রলুব্ধ করে নাই।"

মিঃ ব্লেক উঠিয়া দাঁড়াইয়া বলিলেন, "সার রড্‌নে! আপনার স্থির-সঙ্কল্প কি তাহা বুঝিতে পারিয়াছি। আপনি ওয়াল্‌ডোর অনুসৃত উপায়েরই অনুমোদন করেন, এবং শেষ পর্য্যন্ত এই কার্য্যেরই সমর্থন করিবেন। আমি আপনাকে এ বিষয়ে সতর্ক করি নাই, এ কথা আপনি বলিতে পারিবেন না। আপনি যে খেলা আরম্ভ করিয়াছেন, তাহাতে বিপদের আশঙ্কা আছে; এই জন্য আমি পুনর্ব্বার আপনাকে অনুরোধ করিতেছি, আপনি ইহাতে ক্ষান্ত হউন। আপনার ইচ্ছার বিরুদ্ধে আপনাকে পরিচালিত করিবার অধিকার আমার নাই, এবং সম্ভবতঃ তাহা আমার অনধিকারচর্চ্চা; কিন্তু আপনাকে এইমাত্র বলিতে পারি—আমার উপদেশ গ্রহণ করিলে আপনার ঠকিবার আশঙ্কা নাই।—স্মিথ, চল আমরা বাড়ী যাই।"

সার রড্‌নে সবিস্ময়ে মিঃ ব্লেকের মুখের দিকে চাহিলেন। তাহার পর মৃদু স্বরে বলিলেন, "কিন্তু আমার ধারণা ছিল—আপনারা আমার বন্দী-অতিথি!"

মিঃ ব্লেক দৃঢ় স্বরে বলিলেন, "দেখুন সার রড্‌নে! আপনার যদি এইরূপই ধারণা হইয়া থাকে যে, অর্থাৎ আমাদিগকে আপনার এই আরণ্য নিবাসে 'অন্তরীণ' থাকিতে হইবে, তাহা হইলে সকল কথা আপনাকে পরিষ্কার করিয়া বলাই উচিত। আমি ওয়াল্‌ডোর নিকট অঙ্গীকার করিয়াছিলাম—যতক্ষণ আমরা তাহার সঙ্গে থাকিব, ততক্ষণ পলায়নের চেষ্টা করিব না। কিন্তু আমরা আপনার

আশ্রয়ে কতক্ষণ থাকিব, সে সম্বন্ধে কোন প্রকার অঙ্গীকার করি নাই আপনার আতিথ্যে আমরা পরিতৃপ্ত হইয়াছি, এখন আপনার নিকট বিদায় গ্রহণ করিতেছি।”

সার রড্‌নে হতবুদ্ধি হইলেন ; তিনি কিছুই স্থির করিতে না পারিয়া বলিলেন “এ অবস্থায় আমার কি করা উচিত, তাহা বুঝিতে পারিতেছি না!”

মিঃ ব্লেক বলিলেন, “কিন্তু আমি কি করিব—তাহা স্থির করিয়াছি। আমি আপনার গুপ্ত কথা কাহারও নিকট প্রকাশ করিব না, এ বিষয়ে আপনি নিশ্চিন্ত থাকিতে পারেন। কিন্তু যদি আমাকে আমার ইচ্ছার বিরুদ্ধে এখানে আবদ্ধ করিয়া রাখিবার চেষ্টা করেন, তাহা হইলে স্বাধীনতা লাভের জন্য আমি বল প্রয়োগে কুণ্ঠিত হইব না ; তবে আমার বিশ্বাস আমাকে তাহা করিতে হইবে না কারণ আমি জানি—আমার ইচ্ছার বিরুদ্ধে আমাকে এখানে আটক করিয়া রাখিতে আপনার প্রবৃত্তি হইবে না।”

সার রড্‌নে বলিলেন, “না, সেরূপ কার্য্য আমি নিশ্চয়ই করিব না। আপনি আমাকে যে উপদেশ দিয়াছেন তাহাও আমি ভাবিয়া দেখিব মিঃ ব্লেক ওয়াল্‌ডোর সহিত পুনর্ব্বার আমার সাক্ষাৎ হইলে আমি বোধ হয় আমার আদেশ প্রত্যাহার করিব। আপনার যুক্তি সঙ্গত বলিয়াই আমার বিশ্বাস হইয়াছে হাঁ, আপনি খাঁটি কথাই বলিয়াছেন। আমি আমার ভ্রম বুঝিতে পারিয়াছি আমি ফৌজদারীর আসামীকে আমার সাহায্যে নিযুক্ত করিয়া অন্যায় করিয়াছি তাহার উপর যদি তাহার ইঙ্গিতে আপনাকে আপনার ইচ্ছার বিরুদ্ধে এখানে আটক করিয়া রাখি তাহা হইলে আমার অপরাধের গুরুত্ব বর্দ্ধিত হইবে—ইহা আমি বেশ বুঝিতে পারিয়াছি।”

সার রড্‌নের কথা শুনিয়া মিঃ ব্লেকের চক্ষু উজ্জ্বল হইল। তিনি প্রফুল্ল ভাবে বলিলেন, “খুব ভাল কথা, সার রড্‌নে! আপনার কথা শুনিয়া আনন্দিত হইলাম। আমি সত্যই আশা করিয়াছিলাম—আপনি আমার সদুপদেশ প্রসন্নমনে গ্রহণ করিবেন

স্মিথ সার রড্‌নেকে বলিল, “মহাশয়, আপনি আমারও একটি উপদেশ শুনুন

আপনার সেই তিনটি মহাশত্রুকে জব্দ করিবার জন্য কর্ত্তাকে অনুরোধ করুন। উনি বৈধ উপায়েই তাহাদিগকে শায়েস্তা করিবেন।"

সার রডনে মাথা নাড়িয়া বলিলেন, "না, আমি উঁহাকে ঐরূপ অসঙ্গত অনুরোধ করিব না। আমি জীবনের অবশিষ্ট কাল এই অরণ্যেই সন্ন্যাসীর ন্যায় বাস করিব। সেই তিনটা নরপ্রেত অস্পৃশ্য। (untouchable.) অন্য কেহ তাহাদিগকে নাড়িতে চাহিবে না; সে কায ওয়াল্‌ডোর; ওয়াল্‌ডোই তাহা করিতেছিল। কিন্তু ওয়াল্‌ডোর সহায়তা গ্রহণ করিয়া আমি অন্যায় করিয়াছি। আমি আমার আদেশ প্রত্যাহার করিব। মিঃ ব্লেক, আপনি আমার এই অঙ্গীকারে নির্ভর করিতে পারেন।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, আমি আপনার কথা বিশ্বাস করি।"

স্মিথের ইচ্ছা ছিল সার রডনে তাঁহার শত্রু-দমনের জন্য মিঃ ব্লেককে অনুরোধ করেন; কিন্তু সার রডনে সেজন্য আগ্রহ প্রকাশ করিলেন না। মিঃ ব্লেকও বিনা-অনুরোধে কাহারও কার্য্যভার গ্রহণ করিতে সম্মত হইতেন না। সার রডনে ওয়াল্‌ডোর সাহায্যে শত্রু-দমনের আশা ত্যাগ করিলেন, মিঃ ব্লেকও তাঁহাকে আশা ভরসা দিলেন না। ওয়াল্‌ডো বহুদূর অগ্রসর হইলেও তাহার আর কিছুই করিবার রহিল না।

সার রডনে তাঁহাদিগকে সঙ্গে লইয়া দেউড়ির বাহিরে রাখিয়া আসিলেন। মিঃ ব্লেক চিন্তাকুল চিত্তে স্মিথের সহিত প্রস্তরখচিত তৃণপূর্ণ পথ দিয়া ধীরে ধীরে অগ্রসর হইলেন। তখন পূর্ব্ব-গগন ঊষালোকে লোহিত হইয়াছিল।

স্মিথ ক্ষুব্ধস্বরে বলিল, "কর্ত্তা, আজ রাত্রিটা বৃথা কাটিল। সারা রাত্রি ঘুম হইল না, কোন কাযও হইল না; এখন দশ মাইল পথ না হাঁটিলে আর বাড়ী পৌঁছিতে পারিব না।"

মিঃ ব্লেক বলিলেন, "সকালে দশ মাইল হাঁটিতে আমাদের কষ্ট হইবে না স্মিথ! দুই ঘণ্টার মধ্যেই আমরা বাড়ী পৌঁছিতে পারিব। সার রডনে আমার প্রস্তাবে সম্মত হইয়াছেন দেখিয়া আমি আনন্দিত হইয়াছি। ওয়াল্‌ডো তাঁহার অনুরোধে তাহার শত্রুদের চূর্ণ করিবার জন্য এইরূপ কায করিবে—ইহা আমি

পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিলাম। আমি তাহার কাযে বাধা দিতে না পারি এই উদ্দেশ্যে সে আমাকে কয়েদ করিবার জন্য এখানে লইয়া আসিবে, ইহাও তাহার কথা শুনিয়া কাল রাত্রে অনুমান করিয়াছিলাম।"

স্মিথ বলিল, "তাহা হইলে গ্রে প্যান্থারেই আপনার এখানে আসা উচিত ছিল। গ্রে প্যান্থারে আসিলে আমাদিগকে দশ মাইল পথ হাঁটিবার কষ্ট ভোগ করিতে হইত না।"

মিঃ ব্লেক বলিলেন, "ওয়াল্‌ডোই তাহার গাড়ীতে আমাদিগকে লইয়া যাইবে; তুমি বৃথা আক্ষেপ করিতেছ।"

স্মিথ বলিল, "ওয়াল্‌ডো আমাদের এখানে রাখিয়াই চলিয়া গিয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার এই অনুমান সত্য মনে হয় না; আমার বিশ্বাস, ওয়াল্‌ডো নিকটেই কোথাও ঘুরিয়া বেড়াইতেছে। সে বোধ হয় বুঝিতে পারিয়াছে সার রডনে আমাদিগকে ছাড়িয়া দিবেন।"

স্মিথ সভয়ে বলিল, "তবে সেই গোঁয়ারটা ত আবার আমাদিগকে ধরিয়া লইয়া যাইবে!"

মিঃ ব্লেক কোন কথা না বলিয়া মোড় ঘুরিয়া বড় রাস্তার মাথায় উপস্থিত হইলেন; সেইখানে তাঁহারা ওয়াল্‌ডোর ট্যাক্সি দেখিতে পাইলেন। ওয়াল্‌ডো গাড়ীতেই বসিয়া ছিল; মিঃ ব্লেক তাহাকে দেখিয়াও দেখিলেন না, স্মিথের সহিত গল্প করিতে করিতে অগ্রসর হইলেন।

ওয়াল্‌ডো তাঁহাদিগকে দেখিয়া বিস্মিত হইল; কিন্তু হঠাৎ অত্যন্ত গম্ভীর হইয়া গাড়ী হইতে নামিয়া তাঁহাদের সম্মুখে আসিল, এবং মিঃ ব্লেককে বলিল, "আমি এই রকমই মনে করিয়াছিলাম; তাই এতক্ষণ এখানে আপনাদেরই প্রতীক্ষা করিতেছিলাম।"

মিঃ ব্লেক বলিলেন, "তুমি যখন বুঝিয়াছিলে—এই রকমই হইবে, তখন আমাদের এখানে না আনিলেই ত ভাল করিতে। এ ভাবে আমাদের কষ্ট দেওয়ার কি প্রয়োজন ছিল?"

ওয়াল্‌ডো বলিল, "ভুল। আমি আপনাদিগকে এখানে আনিয়া অত্যন্ত ভুল

করিয়াছি। প্রত্যেক মানুষেরই ভুল হয়; আপনিও কি কখনও ভুল করেন না মিঃ ব্লেক? আমি মনে করিয়াছিলাম—সার রডনে তাঁহার জিদ বজায় রাখিবার জন্য আপনাদিগকে আটক করিয়া রাখিবেন, আমার কাজ শেষ হইবার পূর্ব্বে ছাড়িয়া দিবেন না। আমি তখন ভুলিয়া গিয়াছিলাম—আপনার তর্ক-শক্তি আমার দেহের শক্তি অপেক্ষা মানুষকে অধিকতর মুগ্ধ করিতে পারে।"

মিঃ ব্লেক বলিলেন, "আমার যুক্তি শুনিয়া সার রডনে বুঝিতে পারিয়াছেন তোমার সাহায্য গ্রহণ তাঁহার পক্ষে নিরাপদ নহে; তোমার অঙ্গীকার হইতে তিনি তোমাকে মুক্তি দান করিয়াছেন। আইনের বিরুদ্ধাচরণ করিলে ভবিষ্যতে তিনি বিপন্ন হইতে পারেন, এ কথা আমি তাঁহাকে বুঝাইয়া দিয়াছি।"

স্মিথ বলিল, "কর্ত্তা তোমার চাকরীর মাথা খাইয়া আসিয়াছেন ওয়াল্‌ডো! তোমার কায ফুরাইয়াছে। সার রডনে তোমার সঙ্গে দেখা করিবার জন্য উৎসুক হইয়াছেন; দেখা হইলে তিনি তাঁহার আদেশ প্রত্যাহার করিবেন।"

ওয়াল্‌ডো ভ্রূ কুঞ্চিত করিয়া বলিল, "আপনারা আমার সকল কায নষ্ট করিয়া আসিয়াছেন! যাহা ভাবিয়া আপনাদের ধরিয়া আনিলাম, ফল হইল তাহার বিপরীত! কিন্তু সার রডনের সঙ্গে আমার দেখা না হওয়া পর্য্যন্ত তাঁহার পূর্ব্ব-আদেশ বাহাল রাখিতে আমি বাধ্য। তাঁহার সঙ্গে আমি দেখা না করিলে তিনি কিরূপে আদেশ প্রত্যাহার করিবেন? আমি যে কাযে হাত দিয়াছি তাহা শেষ না হইলে তাঁহার সঙ্গে দেখা করিব না।"

মিঃ ব্লেক কঠোর স্বরে বলিলেন, "তিনি আর তোমার সাহায্য চাহেন না, ইহা জানিয়াও তুমি জিদ ছাড়িবে না? যে কায আরম্ভ করিয়াছ তাহা শেষ করিবে?"

ওয়াল্‌ডো দৃঢ় স্বরে বলিল, "হাঁ, তাহা আমাকে করিতেই হইবে। তিনি আপনার যুক্তি তর্কে পরাস্ত হইয়া আপনাকে যাহাই বলুন, তাঁহার আন্তরিক ইচ্ছা কি, তাহা কি আমি জানি না? আমি যে পথে অগ্রসর হইয়াছি, সেই পথ হইতে আমাকে প্রতিনিবৃত্ত করাই যদি তাঁহার আন্তরিক ইচ্ছা হয়, তাহা হইলেই বা কি? আমি তাঁহার বা আপনার আদেশে আমার সঙ্কল্প ত্যাগ করিব

না। আপনারা আমাকে তাড়াইতে চাহিলেও, আমি যে কাযে হাত দিয়াছি তাহা শেষ না করিয়া ফিরিব না। এইরূপই আমার স্বভাব।"

স্মিথ বলিল, "খুব চমৎকার স্বভাব। এই রকম স্বভাবই আমি পছন্দ করি। আমি তোমার একগুঁয়েমির প্রশংসা করিতেছি।"

ওয়াল্ডো বলিল, "তুমি প্রশংসা করিতে পার, কিন্তু আমি তোমাদের ব্যবহারের প্রশংসা করিব না। মিঃ ব্লেকের কথা শুনিয়া বুঝিয়াছি তিনি আমার বিরুদ্ধাচরণেই কৃতসঙ্কল্প হইয়াছেন।"

মিঃ ব্লেক বলিলেন, "আমি প্রত্যেক অবৈধ কার্য্যেরই বিরুদ্ধাচরণ করি; সেই কায কে করিতেছে, সে আমার আত্মীয় কি পর—তাহা আমি ভাবিয়া দেখি না।"

ওয়াল্ডো দীর্ঘ নিশ্বাস ফেলিয়া বলিল, "আপনার কথা শুনিয়া দুঃখিত হইলাম, আমার বিশ্বাস ছিল, আমি আপনার স্নেহের পাত্র। বিশেষতঃ, আমার অভিসন্ধি মন্দ নহে, ইহা ত আপনি জানেন। এ অবস্থায় আপনি আমার এই কাযটা উপেক্ষা করিতে পারেন না? এই তিন নরপিশাচ সমাজের শত্রু, মানব জাতির কলঙ্ক; বহু ভদ্র লোকের সর্ব্বনাশ করিয়াছে, এখনও করিতেছে; যে কোন কৌশলে শীঘ্র তাহাদিগকে চূর্ণ করা উচিত। তাহাতে সমাজের উপকার, দেশের মঙ্গল। আমি তাহাদের বিষ-দাঁত ভাঙ্গিবার চেষ্টা করিতেছি—এ চেষ্টা কি মন্দ? আপনি কেন আমাকে এই চেষ্টায় বিরত করিবেন?"

মিঃ ব্লেক বলিলেন, "তোমার এই কার্য্যের ফলে সমাজের কল্যাণ হইতে পারে; কিন্তু সমাজ যদি ধ্বংসও হয় তাহা হইলেও—যে যে অপরাধ করে নাই, সেই অপরাধে তাহার দণ্ডের সমর্থন করিব না। আমি চিরদিন যে আদর্শের অনুসরণ করিয়া চলিতেছি, কোন কারণে সেই আদর্শ ক্ষুণ্ণ করিব না। তোমার আদর্শ ভিন্ন; হয় ত কেহ কেহ তাহার সমর্থন করিবে। আমি তাহাদের নিন্দা করিতে চাহি না; কিন্তু আমার পথ আমি ত্যাগ করিব না।"

ওয়াল্ডো ক্ষুব্ধ স্বরে বলিল, "আমার আদর্শ অত উচ্চ নহে; কিন্তু সে জন্য আক্ষেপ করিয়া লাভ কি? আমাদের সকলেরই চরিত্রে কিছু না কিছু দুর্ব্বলতা

আছে; আপনি সকল দুর্ব্বলতা জয় করিয়াছেন, এত বড় অহঙ্কারের কথা আপনি বলিতে পারিবেন কি না জানি না। আমি আপনার সহিত তর্ক করিতে অনিচ্ছুক। আপনি আমার বিরুদ্ধাচরণ করিয়া মেট্‌ল্যাণ্ডকে রক্ষা করিতে পারেন ত চেষ্টা করিয়া দেখুন, আমার তাহাতে আপত্তি নাই। আমি এখন লণ্ডনে ফিরিয়া যাইব; আপনার ইচ্ছা হইলে আমার সঙ্গে যাইতে পারেন।"

*　　*　　*　　*

পর দিন বেলা দশটার সময় মিঃ ব্লেক স্মিথকে সঙ্গে লইয়া প্রাভাতিক ভোজনে বসিলেন। সারারাত্রি জাগিয়া সে দিন প্রভাতে বিলম্বে তাঁহাদের নিদ্রাভঙ্গ হইয়াছিল। তাঁহারা দুই ঘণ্টার অধিক ঘুমাইতে পারেন নাই।

আহার শেষ হইলে মিঃ ব্লেক স্মিথকে বলিলেন, "আমি এখনই নাইট্‌স-ব্রীজে যাইব। আমার বিশ্বাস, লেনার্ড মেট্‌ল্যাণ্ডের ঘরে গিয়া এতক্ষণ তাহার কাগজ-পত্র দেখিতে আরম্ভ করিয়াছে। আমিও সেই সকল কাগজ-পত্র এবং আরও কিছু দেখিবার জন্য উৎসুক হইয়াছি।"

স্মিথ বলিল, "ওয়াল্‌ডো হয় ত পথের কোনও স্থানে লুকাইয়া আছে, সে আমাদিগকে আবার চুরি করিয়া লইয়া না যায়!"

ওয়াল্‌ডোর পূর্ব্ব-রাত্রের ব্যবহার তামাসার ব্যাপার (something of a joke) বলিয়াই মিঃ ব্লেকের ধারণা হইয়াছিল। সে তাঁহাদিগকে সার রডনের আরণ্য নিবাসে ধরিয়া লইয়া গিয়াছিল; আবার প্রভাতেই তাঁহাদিগকে গৃহদ্বারে পৌঁছাইয়া দিয়া গিয়াছিল। এরূপ ব্যবহারকে মিঃ ব্লেক শত্রুতাচরণ বলিয়া মনে করিতে পারেন নাই। কিন্তু তিনি বুঝিয়াছিলেন—ওয়াল্‌ডো যে কার্য্য আরম্ভ করিয়াছিল, সে তাহা হইতে প্রতিনিবৃত্ত হইবে না। ওয়াল্‌ডোও বুঝিতে পারিয়াছিল মিঃ ব্লেক তাহার প্রত্যেক কার্য্য লক্ষ্য করিবেন, এবং তাহার চেষ্টা বিফল করিবার জন্য চেষ্টা যত্নের ত্রুটি করিবেন না। তাঁহারা পরস্পরের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছিলেন—ইহা বুঝিতে পারিয়া ওয়াল্‌ডো সতর্ক হইয়াছিল।

মিঃ ব্লেক বলিলেন, "দেখ স্মিথ! ওয়াল্‌ডো যে পথ অবলম্বন করিয়াছে তাহা সরল পথ নহে; তাহার আশা পূর্ণ না হয় তাহার উপায় করিতেই হইবে।

মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাক্‌উডের ঘর হইতে বর্জ্জিয়া-কৌটা চুরি করে নাই, এমন কি সে তাহা চুরি করিবার চেষ্টাও করে নাই; অথচ তাহার বিরুদ্ধে অকাট্য প্রমাণ বর্ত্তমান! এ সকলই ওয়াল্‌ডোর কারসাজি; সে মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে মিথ্যা মামলাটা এ ভাবে গড়িয়া তুলিয়াছে যে, বিচারে মেট্‌ল্যাণ্ডের শাস্তি অপরিহার্য্য; কিন্তু যে অপরাধ সে করে নাই, সেই অপরাধে তাহার শাস্তি হইলে ঘোর অবিচার হইবে। অবিচারে সে দণ্ডভোগ না করে তাহার উপায় আমাকে করিতেই হইবে।"

স্মিথ হাসিয়া বলিল, "আপনার কথা শুনিয়া বুঝিলাম—সুবিচারে সে দণ্ডভোগ করিলে আপনি সুখী হইবেন। কিন্তু মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে যে সকল প্রমাণ পুলিশের হস্তগত হইয়াছে—তাহা খণ্ডন করিবার উপায় কি? ওয়াল্‌ডোর কৌশলেই মেট্‌ল্যাণ্ড চোর বলিয়া ধরা পড়িয়াছে—ইহা যদি ইন্‌স্পেক্টর লেনার্ডের নিকট প্রকাশ করা যায়—তাহা হইলে তিনি সে কথায় কর্ণপাত করিবেন না; আসামীর অপরাধের অকাট্য প্রমাণ বর্ত্তমান, তাহার ঘর হইতে চোরা মাল বাহির হইয়াছে—তথাপি সে নিরপরাধ—এ কথা লেনার্ড কেন, পৃথিবীর কোন দেশের কোন পুলিশ-কর্ম্মচারী বিশ্বাস করিবেন না; এমন কি, আসামী নিরপেক্ষ বিচারকের নিকটেও সন্দেহের সুযোগ পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবে না! বিশেষতঃ, ওয়াল্‌ডোর চাতুর্য্যেই মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে এই সকল অকাট্য প্রমাণ সংগৃহীত হইয়াছে—ইহা প্রতিপন্ন করা আমাদের অসাধ্য; প্রকৃত অপরাধীকে বিচারালয়ে উপস্থিত করিয়া তাহার অপরাধ সপ্রমাণ করিবারও উপায় নাই। এ অবস্থায় ইন্‌স্পেক্টর লেনার্ডকে আপনার মতাবলম্বী করিয়া মেট্‌ল্যাণ্ডকে নিষ্কৃতি দান করিতে পারিবেন—ইহার সম্ভাবনা কোথায়? ইন্‌স্পেক্টর লেনার্ড তাঁহার হাতের আসামীকে ছাড়িবেন না—ছাড়িতে পারিবেন না, তা তিনি আপনার যুক্তি তর্ক বিশ্বাস করুন আর না করুন।"

মিঃ ব্লেক বলিলেন, "ভবিষ্যতে আমরা কি করিতে পারিব বা পারিব না—এখন সে সকল কথার আলোচনা করিয়া ফল নাই। আপাততঃ চল মেট্‌ল্যাণ্ডের বাড়ীতে যাই, সেখানে ইন্‌স্পেক্টর লেনার্ডের সঙ্গে আলাপ না করিয়া আমরা কিছুই

স্থির করিতে পারিব না। এই তদন্তের সহিত আমার কোন সম্বন্ধ নাই। লর্ড ব্ল্যাকউড্ প্রথমে আমার সাহায্যপ্রার্থী হইলেও অবশেষে ইন্স্পেক্টর লেনার্ডের হস্তেই তদন্তের ভার অর্পণ করিয়াছিলেন, এবং লেনার্ডের তদন্ত-ফলে তিনি আনন্দিত হইয়াছেন। মেট্ল্যাণ্ড সম্বন্ধে তাঁহার ধারণা অত্যন্ত মন্দ। তাঁহার দৃঢ় বিশ্বাস—মেট্ল্যাণ্ডই চোর; বিশেষতঃ তাহার ঘরে চোরা মাল পাওয়া গিয়াছে। আমার বিশ্বাস মেট্ল্যাণ্ড সম্বন্ধে তাঁহার এইরূপ বিরুদ্ধ-ধারণার জন্য ওয়াল্ডোই দায়ী। আমি ইন্স্পেক্টর লেনার্ডের নিকট মেট্ল্যাণ্ডের অনুকূলে কোন কথা বলিব না, বা তদন্তে হস্তক্ষেপণ করিব না।"

স্মিথ বলিল, "তাহা হইলে আপনি কি উপায়ে নিরপরাধ মেট্ল্যাণ্ডকে আইনের কবল হইতে মুক্ত করিবেন?"

মিঃ ব্লেক বলিলেন, "এই অপরাধে তাহার শাস্তি না হয় তাহারই কিরূপ ব্যবস্থা করিব বলিতেছ?—কিন্তু সে মুক্তিলাভ করিবে—এ কথা আমি একবারও বলি নাই। আমি বলিয়াছি—অবিচারে সে দণ্ডভোগ না করে তাহার উপায় আমাকে করিতেই হইবে। বিশেষতঃ, স্যার রডনের হতাশ ভাব দেখিয়া আমি ব্যথিত হইয়াছি। তাঁহার ধারণা—তাঁহার তিনজন শত্রুই অজেয়; তাহাদের দমনের কোন উপায় নাই! তাঁহার এই উক্তি খণ্ডন করিবার জন্য আমার আগ্রহ হইয়াছে; কিন্তু ওয়াল্ডো তাহাদিগকে চূর্ণ করিবার জন্য যে পথ অবলম্বন করিয়াছে তাহা সুপথ নহে। আমরা তাহার কার্য্যের সমর্থন করিতে পারি না; তথাপি আমরা অন্য দিক দিয়া এই জটিল সমস্যার সমাধান করিতেও পারি।"

স্মিথ বলিল, "কেবল আমোদের জন্য?"

মিঃ ব্লেক বলিলেন, "না, স্যার রডনের ক্ষোভ নিবারণের জন্য; তাঁহার মানসিক অশান্তি দূর করিবার জন্য।"

মিঃ ব্লেক স্মিথকে সঙ্গে লইয়া নাইটস-ব্রীজ পল্লীতে মেট্ল্যাণ্ডের গৃহে যখন উপস্থিত হইলেন তখন বেলা এগারটা বাজিতে কিঞ্চিৎ বিলম্ব ছিল। ইন্স্পেক্টর লেনার্ড দুই তিনজন তাঁবেদারসহ সেখানে উপস্থিত ছিলেন। ইন্স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেক ও স্মিথকে দেখিয়া দন্তবিকাশ করিলেন, বোধ হয় ইহাই অভ্যর্থনা!

কিন্তু মিঃ ব্লেককে একটু উপহাস না করিয়া তিনি তৃপ্তি লাভ করিতে পারিলেন না; ঈষৎ বিদ্রূপের সুরে বলিলেন, "মিঃ ব্লেক, জিত কার? আপনার না আমার? বাঁকা পথে চলিয়া কি সব যায়গাতেই কার্য্যোদ্ধার হয়? আমরা চোর ধরিয়াছি, চোরা মালও তাহার ঘরে পাওয়া গিয়াছে। তাহাকে গারদে রাখা হইয়াছে, কিছুকাল পরেই ম্যাজিষ্ট্রেটের নিকট হাজির করা হইবে। আজ ত আর মামলা হইবে না। কয়েক দিনের মুলতুবি লইতে হইবে; আমি এখনও প্রস্তুত হইতে পারি নাই। মেট্‌ল্যাণ্ডকে এক সপ্তাহ হাজতে রাখিবার প্রার্থনা করিব।"

মিঃ ব্লেক বলিলেন, "তাহার বিরুদ্ধে মামলা চালাইবার জন্য যে সকল প্রমাণ দিতে হইবে, তাহা সংগ্রহ হইয়াছে ত? মামলা ফাঁসিয়া যাইবার আশঙ্কা নাই ত?"

ইন্‌স্পেক্টর লেনার্ড চক্ষু দুটি কপালে তুলিয়া বলিলেন, "এ রকম সত্য মামলা ফাঁসিয়া যাইবে? আপনার কি আশঙ্কার কোনও কারণ আছে?"

মিঃ ব্লেক বলিলেন, "সম্পূর্ণ।"

ইন্‌স্পেক্টর লেনার্ড খাবি খাইবার ভঙ্গিতে মুখ নাড়িয়া বলিলেন, সম্পূর্ণ!—অর্থাৎ?"

মিঃ ব্লেক বলিলেন, "অর্থাৎ গোড়ায় গলদ! মেট্‌ল্যাণ্ড গত রাত্রে লর্ড ব্ল্যাকউডের ঘর হইতে তাঁহার কৌটা চুরি করে নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "ঘর হইতে চুরি করে নাই! তবে কি পথ হইতে চুরি করিয়াছিল? আপনি কোন্ প্রমাণে ও কথা বলিতেছেন? কাল যখন লর্ড ব্ল্যাকউডের ঘরে মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন আবিষ্কার করি তখন আপনি সেখানে উপস্থিত ছিলেন ত; হাঁ, জাগিয়াই ছিলেন।"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ,জাগিয়াই ছিলাম; এই জন্যই মেট্‌ল্যাণ্ডের অঙ্গুলি-চিহ্ন-সংবলিত একখান সাদা কাগজ সেই ঘরে পড়িয়া থাকিতে দেখিয়া, মেট্‌ল্যাণ্ড সেই ঘরে প্রবেশ করিয়াছিল, ইহা বিশ্বাস করিতে পারি নাই।"

ইন্‌স্পেক্টর অধিকতর বিস্মিত হইয়া বলিলেন, "খুব পাকা কথা বলিলেন! অন্য কোন চোর মেট্‌ল্যাণ্ডের হাত দু'খানি ধার করিয়া লইয়া গিয়া সেখানে তাহার অঙ্গুলি-চিহ্ন ফেলিয়া রাখিয়া আসিয়াছিল ?"

মিঃ ব্লেক হাসিয়া বলিলেন, "অন্য কোন চোরকে ততখানি কষ্ট স্বীকার করিতে হইবে কেন; যে কোন লোক অঙ্গুলি-চিহ্নযুক্ত কাগজখানি সেই কক্ষে ফেলিয়া রাখিতে পারিত।"

ইন্‌স্পেক্টর লেনার্ড মাথা নাড়িয়া বলিলেন, "হাঁ, আপনার এ যুক্তি অসঙ্গত নহে, কিন্তু মেট্‌ল্যাণ্ডের অপরাধের অকাট্য প্রমাণ বর্ত্তমান; আমি তাহার ঘর খানা-তল্লাস করিয়া একটা কেতাবের আলমারির ভিতর লর্ড ব্ল্যাকউডের সেই পাঁচ হাজার গিনি মূল্যের কৌটাটি পাওয়ায়, মেট্‌ল্যাণ্ডকে গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছিলাম, তাহা কি আপনি শুনিতে পান নাই ?"

মিঃ ব্লেক বলিলেন, "হাঁ, তাহাও জানি।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "তাহা জানিয়াও আপনি বলিতেছেন—ইহা মেট্‌ল্যাণ্ডের অপরাধের অকাট্য প্রমাণ নহে !"

মিঃ ব্লেক বলিলেন "এইরূপই আমার বিশ্বাস।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "চোরা মাল সমেত চোরকে গ্রেপ্তার করিলেও যদি তাহা তাহার অপরাধের অকাট্য প্রমাণ না হয়, তাহা হইলে তাহার বিরুদ্ধে আর কিরূপ প্রমাণ আপনি অকাট্য বলিয়া বিশ্বাস করিবেন তাহা শুনিতে পাই কি ? লর্ড ব্ল্যাকউডের ঘরের পশ্চাতের আঙ্গিনায় যে সকল টাট্‌কা শুরকীর গুঁড়া পড়িয়া আছে তাহা মেট্‌ল্যাণ্ডের জুতায় লাগিয়া ছিল—ইহা আমি স্বচক্ষে দেখিয়াছি। মেট্‌ল্যাণ্ড স্বয়ং চুরি করিতে না যাইলে কি শুরকীগুলা তাহার ঘরের ভিতর উড়িয়া আসিয়া তাহার জুতায় আশ্রয় গ্রহণ করিয়াছিল ?—এসম্বন্ধে আপনার কি বলিবার আছে ?"

মিঃ ব্লেক বলিলেন, "আমার এই মাত্র বলিবার আছে যে, ঐ সকল অকাট্য প্রমাণের মূলে যে রহস্যই নিহিত থাক, মেট্‌ল্যাণ্ড লর্ড ব্ল্যাকউডের ঘর হইতে তাঁহার সেই কৌটা চুরি করে নাই। এমন কি, সে তাঁহার ঘরের কাছেও যায়

নাই। আপনি তাহাকে গ্রেপ্তার করিতে আসিবার পূর্ব্ব-মুহূর্ত্ত পর্য্যন্ত সে ঐ সকল ব্যাপার জানিতে পারে নাই। তাহার অপরাধের সে সকল প্রমাণ পাওয়া গিয়াছে তাহা সমস্তই কৃত্রিম প্রমাণ।”

ইন্‌স্পেক্টর লেনার্ড বিরক্তিভরে ভ্রূভঙ্গি করিয়া বলিলেন, “আপনার কথাগুলি যে সত্য, ইহার প্রমাণ কোথায়? আপনার কথার উপর আমার শ্রদ্ধা আছে; কিন্তু বিনা-প্রমাণে আপনার এ সকল কথা কেহ বিশ্বাস করিবে—আপনি কি এরূপ আশা করিতে পারেন?”

মিঃ ব্লেক বলিলেন,“না; কিন্তু এই সকল প্রমাণের জন্য আপনাদিগকে কয়েক দিন অপেক্ষা করিতে হইবে। আপনি বলিতেছেন, আপনি এই মামলার বিচার কয়েক দিন মুলতুবি রাখিবার জন্য ম্যাজিষ্ট্রেটকে অনুরোধ করিবেন। আমার বিশ্বাস—আপনার এই অনুরোধ গ্রাহ্য হইবে। মুলতুবির পর যে দিন এই মামলার বিচার আরম্ভ হইবে সেই দিনই আমি মেট্‌ল্যাণ্ডের নির্দ্দোষিতার প্রমাণ উপস্থিত করিতে পারিব; সুতরাং অসুবিধার কোন কারণ নাই।

ইন্‌স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেকের কথায় অসন্তুষ্ট হইয়া বলিলেন,“মিঃ ব্লেক, আপনি চিরজীবন ন্যায়ের পক্ষ অবলম্বন করিয়া সুবিচারের সাহায্য করিয়া আসিতেছেন ইহাই জানিতাম; সুতরাং আজ আপনাকে চোরের পক্ষ সমর্থনের জন্য উৎসুক দেখিয়া অত্যন্ত বিস্মিত হইয়াছি। মেট্‌ল্যাণ্ড কোন্ গুণে আপনাকে বশীভূত করিয়াছে তাহা আমি বুঝিতে পারিতেছি না। সে ধনবান বটে, কিন্তু সে অর্থের লোভ দেখাইয়া আপনাকে বশীভূত করিতে পারে নাই, এ বিষয়ে আমি নিঃসন্দেহ। এ অবস্থায় আপনি কি কারণে তাহার মত নরপ্রেতের পক্ষ সমর্থনে উদ্যত হইয়াছেন? তাহার উপর আমাদের তীক্ষ্ণদৃষ্টি থাকায় সে ইদানী কতকটা সতর্ক হইয়া চলিতেছে বটে, কিন্তু সে স্বভাব ত্যাগ করিতে পারে নাই, এ কথা আমি দৃঢ়তার সঙ্গে বলিতে পারি। মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে যে সকল প্রমাণ পাওয়া গিয়াছে তাহা আপনি কৃত্রিম প্রমাণ বলিতেছেন! আপনার কথা আমি বিশ্বাস করিতে পারিলাম না। আমার বিশ্বাস,আপনি আমাকে অপদস্থ করিবার সুযোগ খুঁজিতেছেন!”

মিঃ ব্লেক বলিলেন, "আমি আপনাকে অপদস্থ করিবার চেষ্টা করিব? না ইন্‌স্পেক্টর লেনার্ড! আমার সেরূপ দুরভিসন্ধি নাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আপনাকে হিতৈষী বন্ধু মনে করি। আমাদের বন্ধুত্ব পূর্ব্বে কোন দিন কোনও কারণে ক্ষুণ্ণ হয় নাই; আশা করি এখনও তাহা—"

মিঃ ব্লেক বলিলেন, "সম্পূর্ণ অক্ষুণ্ণ থাকিবে। আমি মেট্‌ল্যাণ্ডের পক্ষ সমর্থনের জন্য উৎসুক নহি, ন্যায়ের সমর্থনই আমার লক্ষ্য। আশা করি আপনি আমাকে তাহার ঘরের জিনিসপত্রগুলি পরীক্ষা করিবার সুযোগ দিবেন।"

ইন্‌স্পেক্টর লেনার্ড দাড়ি চুল্‌কাইয়া বলিলেন, "না, আমার কোনও আপত্তি নাই; তবে আপনি যদি আমার বিরুদ্ধাচরণের উদ্দেশ্যে এই কায করেন তাহা হইলে আপনাকে এই ভাবে সাহায্য করা—"

মিঃ ব্লেক হাসিয়া বলিলেন, "না ইন্‌স্পেক্টর, আমার সেরূপ উদ্দেশ্য নাই। মেটল্যাণ্ড সমাজের শত্রু, নরপ্রেত ইহা ত আমার অজ্ঞাত নহে; সেই জন্য যদি তাহার অপরাধের কোন খাঁটি প্রমাণ সংগ্রহ করিতে পারি, তাহা হইলে তাহার বিরুদ্ধে সংগৃহীত মিথ্যা প্রমাণগুলা খণ্ডন করিবার জন্য আমাকে সময় নষ্ট করিতে হইবে না।"

ইন্‌স্পেক্টর লেনার্ড সোৎসাহে বলিলেন, "হাঁ, এবার আপনি আমার মনের মত কথা বলিয়াছেন। তাহার অপরাধের যে সকল প্রমাণ পাওয়া গিয়াছে, তাহা ঝুটা প্রমাণ বলিয়া আপনি মন্তব্য প্রকাশ করায় সত্যই আমার কিঞ্চিৎ দুশ্চিন্তা হইয়াছে; এইজন্য তাহাকে ভাল করিয়া বাধাইতে পারি—এরূপ কোন গুরুতর অপরাধের প্রমাণ সংগ্রহের জন্য আমিও চেষ্টা করিতেছি। আপনিও চেষ্টা করিয়া দেখুন। তাহাকে ফাঁসিতে লট্‌কাইতে পারা যায়—এরূপ কোন প্রমাণ যদি খুঁজিয়া বাহির করিতে পারেন, তাহা হইলে আমি কত খুসী হইব তাহা আপনাকে বুঝাইতে পারিব না। মেট্‌ল্যাণ্ডের মত দুর্জ্জনগুলার অস্তিত্ব বিলুপ্ত হওয়াই প্রার্থনীয়।"

মিঃ ব্লেক মেট্‌ল্যাণ্ডের বিভিন্ন কক্ষ পরীক্ষা করিতে লাগিলেন। একটি কক্ষে

নানা প্রকার দুর্লভ ও প্রাচীন আসবাব-পত্র সঞ্চিত ছিল; তিনি সেইগুলির প্রত্যেকটি সাবধানে পরীক্ষা করিতেছেন দেখিয়া স্মিথ অত্যন্ত অসহিষ্ণু হইয়া উঠিল।

স্মিথ বলিল, "কর্ত্তা, আমরা কি এখানে মেট্‌ল্যাণ্ডের ঐ সকল বকেয়া রদি মাল কিনিতে আসিয়াছি যে, আপনি জিনিসগুলা ওভাবে নাড়া-চাড়া করিয়া দেখিতেছেন?"

মিঃ ব্লেক বলিলেন, "তুমি এসকল জিনিসের মর্ম্ম জান না, আমি কি খুঁজিতেছি তাহা কিরূপে বুঝিবে? কিন্তু আমার পরীক্ষা প্রায় শেষ হইয়াছে, ঐ কোণের কয়েকটি জিনিস দেখিলেই কায শেষ হইবে। ঐ যে গালা দিয়া রঙ-করা চীনা টেবিলখানি দেখা যাইতেছে—এইবার উহাই পরীক্ষা করিব। তুমি ওখানা এদিকে সরাইয়া আনিতে পারিবে?"

স্মিথ টেবিলখানি সেই কক্ষের মধ্যস্থলে টানিয়া আনিল। মিঃ ব্লেক তাহার বিভিন্ন অংশ পরীক্ষা করিতে লাগিলেন। ইন্‌স্পেক্টর লেনার্ড ও তাঁহার অনুচরেরা তখন মেট্‌ল্যাণ্ডের খাতা-পত্র খুলিয়া জমাখরচের গলদ বাহির করিবার চেষ্টা করিতেছিলেন।

মিঃ ব্লেক সেই টেবিলখানির সুরঞ্জিত ডালার দিকে নির্নিমেষ নেত্রে চাহিয়া আছেন দেখিয়া স্মিথ বলিল, "দু'নয়ন ভরিয়া কি দেখিতেছেন কর্ত্তা! চীনাম্যানদের কারিগরি? হাঁ, উহাদের ঐ রকম রঙের চটক দেখিবার জিনিস বটে!"

মিঃ ব্লেক বলিলেন, "কেবল রঙের চটক নয় স্মিথ! টেবিলের ডালাখানি নিরেট বলিয়াই মনে হইতেছে; কিন্তু এই রঙের ভিতর একটি সূক্ষ্ম গোলাকার রেখা দেখিতেছ? ঐ রেখাটি রহস্য-পূর্ণ, আমার বিশ্বাস, একখানি আল্‌গা তক্তা ঐ রেখার সমান গোল করিয়া ডালার উপর আঁটিয়া রাখা হইয়াছে।"

স্মিথ বলিল, "হইতেও পারে; কিন্তু এই ব্যাপার লইয়া আমাদের মাথা ঘামাইবার প্রয়োজন কি কর্ত্তা! আমরা ত এখানে চীনা শিল্পের বাহার দেখিতে আসি নাই।"

মিঃ ব্লেক বলিলেন, "তুমি বক্তৃতা বন্ধ করিয়া ডালাখানি ধীরে ধীরে ঘুরাও, দেখ কি ফল হয়।"

স্মিথ ডালা ঘুরাইতে লাগিল; কয়েক মিনিট ঘুরাইবার পর পূর্ব্বোক্ত গোলাকার চাক্তিখানি ক্রমশঃ উর্দ্ধে উঠিয়া টেবিলের ডালা হইতে খসিয়া পড়িল, এবং তাহার নীচে একটি গোলাকার গহ্বর লক্ষিত হইল। গহ্বরটি গভীর, তাহা টেবিলের মধ্যস্থিত স্থূল পায়াটি খুঁদিয়া প্রস্তুত করা!

স্মিথ সেই গহ্বর দেখিয়া বলিল, "এ ত বড় অদ্ভুত ব্যাপার কর্ত্তা! টেবিলের ডালা দেখিয়া কিছুই বুঝিবার উপায় ছিল না! এই গহ্বরের ভিতর মেট্ল্যাণ্ড কোন চোরা মাল—"

মিঃ ব্লেক বলিলেন, "অত ব্যস্ত হইও না স্মিথ! আমরা এখনই তাহা জানিতে পারিব। মেট্ল্যাণ্ড এবং তাহার দুই বন্ধু কার্ণ ও রোরকি কি চরিত্রের লোক—তাহা আমাদের অজ্ঞাত নহে। উহারা চোরা মালের কারবার করিয়াই ফাঁপিয়া উঠিয়াছে। উহারা পুলিশের সন্দেহভাজন, সুতরাং পুলিশ কখন্ উহাদের ঘর তল্লাস করিতে আসিবে—এই ভয়ে চোরা মালগুলি সতর্কভাবে লুকাইয়া রাখিত, ইহা আমি বুঝিতে পারিয়াছিলাম; কিন্তু এইরূপ গুপ্ত স্থান হইতে তাহা খুঁজিয়া বাহির করা পুলিশের অসাধ্য।—সৌভাগ্যক্রমে মেট্ল্যাণ্ডের একটি গুপ্ত আধার আবিষ্কার করিতে পারিলাম!"

মিঃ ব্লেক টেবিলের পায়ার মধ্যস্থিত ফুকরের ভিতর হাত পুরিয়া দিলে কি একটা জিনিসে তাঁহার অঙ্গুলি স্পর্শ হইল। তিনি তাহা ধীরে ধীরে টানিয়া তুলিলেন।

স্মিথ তাঁহার হাতের দিকে চাহিয়া সবিস্ময়ে বলিয়া উঠিল, "কি আশ্চর্য্য!"

মিঃ ব্লেক যাহা টানিয়া তুলিলেন—তাহা চর্ম্মনির্ম্মিত একটি থলি; তিনি সেই থলির জিনিস করতলে ঢালিয়া ফেলিলেন। তাহা বহুমূল্য লোহিতবর্ণ রুবির নেক্লেস! তাহার ঔজ্জ্বল্যে তাঁহার চক্ষু ধাঁধিয়া গেল।

স্মিথ বলিল, "কর্ত্তা, এরকম উজ্জ্বল রুবির নেক্লেস আমি জীবনে দেখি নাই; এ যে অপূর্ব্ব সামগ্রী!"

ইন্‌স্পেক্টর লেনার্ড দূর হইতে মিঃ ব্লেকের হাতে সেই নেক্‌লেস দেখিয়া ব্যগ্র-ভাবে তাঁহার নিকট উপস্থিত হইলেন, এবং রুদ্ধশ্বাসে বলিলেন, "আপনার হাতে ও কি মিঃ ব্লেক ?"

মিঃ ব্লেক বলিলেন, "অস্‌কার মেট্‌ল্যাণ্ডের প্রকৃত অপরাধের প্রমাণ ; দেখুন দেখি—ইহা চিনিতে পারেন কি না ?"

ইন্‌স্পেক্টর লেনার্ড নেক্‌লেস হাতে লইয়া পরীক্ষা করিয়া বলিলেন, "কিছুদিন পূর্ব্বে যে রাগোজিন রুবি নেক্‌লেস (Ragogin rubi necklace) চুরি যাওয়ায় চারি দিকে তুমুল আন্দোলন আরম্ভ হইয়াছিল, ইহা সেই নেক্‌লেস বলিয়াই মনে হইতেছে !—আপনি কি ইহা চিনিতে পারিয়াছেন ?"

মিঃ ব্লেক বলিলেন, "ইহা সেই নেক্‌লেসই বটে ! প্রায় দেড় বৎসর পূর্ব্বে কাউণ্টেস্ ডি রাগোজিন এই নেক্‌লেস হারাইয়া মনের দুঃখে আহার নিদ্রা ত্যাগ করিয়াছিলেন। তিনি ইহা উদ্ধারের আশায় প্রচুর পুরস্কার ঘোষণা করিয়াছিলেন ; কিন্তু কে তাহা চুরি করিয়াছিল, জানিতে পারা যায় নাই। আজ তাহা অস্‌কার মেট্‌ল্যাণ্ডের ঘরে পাওয়া গেল। মেট্‌ল্যাণ্ড ইহা স্বয়ং চুরি করিয়াছিল, কি চোরের নিকট হইতে অল্প মূল্যে কিনিয়া লইয়াছিল, তাহা অনুমান করা কঠিন।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "সে জন্য কোন অসুবিধা হইবে না। ব্ল্যাকউডের বকেয়া রদি মাল চুরির অপরাধে উহার যে শাস্তি হইত, এই চোরা মাল ঘরে লুকাইয়া রাখিবার অপরাধে তাহার তিনগুণ দণ্ড উহাকে বহন করিতে হইবে। এবার উহাকে যে মামলার আসামী করিব—তাহার তুলনায় ব্ল্যাকউডের কৌটা চুরির মামলা তুচ্ছ ! আর উহার পরিত্রাণ নাই ; উহার সঙ্গে উহার সেই দুই দোস্তকেও জেলে পুরিতে পারিলে অনেকে নিশ্চিন্ত হইয়া ঘুমাইতে পারিত। কার্ণ ও রোরকি কাল রাত্রি এগারটার সময় উহার সঙ্গে গুপ্ত পরামর্শ করিতে আসিয়াছিল ; কিন্তু ইচ্ছা থাকিলেও আমি তাহাদিগকে গ্রেপ্তার করিবার সুযোগ পাই নাই। আপনি কেঁচো খুঁড়িতে গিয়া সাপ বাহির করিয়াছেন ! চোরের ঘর হইতে চোরা মাল বাহির করিবার শক্তি আপনার অসাধারণ। আপনার নিকট আন্তরিক কৃতজ্ঞ রহিলাম মিঃ ব্লেক !"

দশম ধাক্কা

বন্ধুত্বের পরিণাম

অস্‌কার মেট্‌ল্যাণ্ড ওয়েষ্ট-লণ্ডন পুলিশ-কোর্টে আনীত হইয়া হাজতের আসামী-দের কক্ষে বসিয়া ছিল ; তাহার মুখ মলিন, দেহ অবসন্ন,পরিচ্ছদ পরিপাটীবিহীন। তাহার পরম বন্ধু সাইমন কার্ণ, এবং হুবার্ট রোরকি তাহার সম্মুখে উপবিষ্ট ছিল। সকলেই অধোমুখ, চিন্তামগ্ন।

কয়েক মিনিট পরে কার্ণ মাথা তুলিয়া মেট্‌ল্যাণ্ডকে বলিল, "আমরা এখন চলিলাম।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "যাইবে? তা যাও। আমি কি বলিয়া তোমাদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করিব—জানি না। তোমরা না থাকিলে আমার কি দুর্গতি হইত, তাহা ভাবিলেও হৃদয় অবসন্ন হয়।"

কার্ণ বলিল, "পাগল আর কি! আমরা কি বলি নাই—সুখে দুঃখে আমরা কেহ কাহাকেও ত্যাগ করিব না?"

প্রায় পনের মিনিট পূর্ব্বে মেট্‌ল্যাণ্ডকে ম্যাজিষ্ট্রেটের এজলাসে আসামীর কাঠরায় উপস্থিত করা হইয়াছিল। ম্যাজিষ্ট্রেট পুলিশের প্রার্থনা অনুসারে মামলা মুলতুবি রাখিয়া তাহার হাজতবাসের আদেশ করিয়াছিলেন; কিন্তু তাহার বন্ধুদ্বয় কার্ণ ও রোরকি পাঁচ হাজার পাউণ্ড জামিনের টাকা দাখিল করিয়া তাহাকে মামলার মুলতুবি-কালের জন্য মুক্ত করিয়াছিল। এই জন্যই বন্ধুদ্বয়ের প্রতি কৃতজ্ঞতায় সে উচ্ছ্বসিত হইয়া উঠিয়াছিল। উভয় বন্ধু জামিনের টাকা আদালতে দাখিল করিয়া মেট্‌ল্যাণ্ডের নিকট বিদায় লইতে আসিয়াছিল। জামিনের টাকা দাখিল করা হইলে মেট্‌ল্যাণ্ড মুক্তিলাভ করিল। সে তাহার বন্ধুদ্বয়ের অনুসরণ করিল।

তাহারা আদালত হইতে প্রস্থান করিলে ইন্‌স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেক ও

স্মিথসহ আদালতে উপস্থিত হইলেন। ইন্‌স্পেক্টর লেনার্ড মেট্‌ল্যাণ্ডের বিরুদ্ধে একখানি নূতন ওয়ারেন্ট আনিয়াছিলেন। তাঁহার ইচ্ছা ছিল মেট্‌ল্যাণ্ড জামিনে মুক্তিলাভ করিলে সেই ওয়ারেন্ট-বলে তাহাকে পুনর্ব্বার গ্রেপ্তার করিবেন। যে অভিযোগে তাহাকে গ্রেপ্তারের জন্য এই নূতন পরোয়ানা মঞ্জুর করা হইয়াছিল, তাহার গুরুত্ব অনেক অধিক।

ইন্‌স্পেক্টর লেনার্ড সন্ধান লইয়া জানিতে পারিলেন কার্ণ ও রোরকি মেট্‌ল্যাণ্ডকে জামিনে খালাস করিয়া লইয়া গিয়াছে। তিনি ব্যগ্রভাবে ব্লেককে বলিলেন, "আমাদের আসিবার পূর্ব্বেই সরিয়া পড়িয়াছে! জামিন দিয়া চলিয়া গিয়াছে। তা যাক; বোধ হয় নাইট্‌স-ব্রীজে তাহার বাড়ীতেই ফিরিয়া গিয়াছে। মিঃ ব্লেক, চলুন আমরাও সেখানে যাই।"

মিঃ ব্লেক বলিলেন, "সে কি একাকী গিয়াছে?"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "না, শুনিলাম তাহার দুই বন্ধু কার্ল ও রোরকি তাহার সঙ্গে ছিল।"

মিঃ ব্লেক বলিলেন, "না, আর এখানে বিলম্ব করা হইবে না, চলুন শীঘ্র যাই।"

ইন্‌স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেকের ব্যস্ততার কারণ বুঝিতে না পারিলেও আর সেখানে বিলম্ব করা সঙ্গত মনে করিলেন না। মিঃ ব্লেক আশাতীত সাফল্য লাভ করিয়াছিলেন। প্রথমতঃ ওয়াল্‌ডো যে বে-আইনি কার্য্যে প্রবৃত্ত হইয়াছিল, তাহাতে তিনি বাধা দানের উপায় উদ্ভাবন করিয়াছিলেন; দ্বিতীয়তঃ সার রড্‌নের তিন জন শত্রুর মধ্যে একজনকে তিনি চূর্ণ করিবার উপায় আবিষ্কার করিয়াছিলেন। তাঁহার আর ক্ষোভের কোন কারণ ছিল না।

রাগোজেন-নেক্‌লেস বহুমূল্য অলঙ্কার, তাহার মূল্য বহু সহস্র পাউণ্ড; সেই নেক্‌লেস্ অপহৃত হইবার পর ফ্রান্সের ও ইংলণ্ডের প্রধান ডিটেক্‌টিভগণ তাহা উদ্ধারের জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াও কৃতকার্য্য হইতে পারেন নাই। দেড় বৎসর পূর্ব্বে তাহা অপহৃত হইয়াছিল; কিন্তু তাহা অপহৃত হইবার কত দিন পরে মেট্‌ল্যাণ্ডের হস্তগত হইয়াছিল তাহা জানিবার উপায় ছিল না, এবং মেট্‌ল্যাণ্ড

তাহা আত্মসাৎ করিয়া ঐ ভাবে লুকাইয়া রাখিয়াছিল এরূপ সন্দেহ কাহারও মনে স্থান পায় নাই। মেট্‌ল্যাণ্ড আশা করিয়াছিল, পুলিশ হতাশ হইয়া উহার অনুসন্ধানে বিরত হইলে—সকল আন্দোলন যখন থামিয়া যাইবে সেই সময় তাহা দেশান্তরে পাঠাইয়া বিক্রয়ের ব্যবস্থা করিবে। সে তাহা কি উপায়ে হস্তগত করিয়াছিল ইহা জানিবার জন্য মিঃ ব্লেক বা স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ডের কর্ত্তৃপক্ষ আগ্রহ প্রকাশ করিলেন না ; তাহা তাহার ঘরে থাকাই তাহার চূড়ান্ত অপরাধ। (the fact that he possessed them was black lnough.)

মিঃ ব্লেক ইন্‌স্পেক্টর লেনার্ডসহ মেট্‌ল্যাণ্ডের বাসগৃহে আসিয়া তাহার সন্ধান পাইলেন না, কারণ মেট্‌ল্যাণ্ড তাহার বন্ধুদ্বয়ের সহিত তাহাদের ক্লাবে গিয়াছিল। সেই ক্লাবটি ক্ষুদ্র এবং অপ্রসিদ্ধ। মেট্‌ল্যাণ্ডের দোকান হইতে তাহার দূরত্ব একশত গজের অধিক নহে।

ক্লাবে আসিয়া কার্ণ মেট্‌ল্যাণ্ডকে বলিল, "এখানে কিছু আহার কর বন্ধু! আজ ত তোমার কিছুই খাওয়া হয় নাই।"

মেট্‌ল্যাণ্ড মাথা নাড়িয়া বলিল, "না, আমার ক্ষুধা নাই।"

কার্ণ বলিল, "ক্লাবে আসিলাম বটে, কিন্তু আমারও কিছু খাইবার ইচ্ছা নাই ; তবে নানা কারণে মন একটু দমিয়া গিয়াছে, মন চাঙ্গা করিবার জন্য জল-পথে চলিতে আমি আপত্তির কারণ দেখি না।—দেখ মেট্‌ল্যাণ্ড, তোমার শরীর অত্যন্ত বেজুত হইয়াছে, এক ডোজ ঝাঁঝাল ব্র্যাণ্ডি ঢুকিলে তোমার অবসাদ দূর হইবে, কাযকর্ম্মে মন বসিবে।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তা তুমি যখন ব্যবস্থা দিতেছ, তখন আমার রাজি হওয়াই উচিত ; আর হুইস্কি অপেক্ষা ব্র্যাণ্ডিটাই আমার ধাতে বরদাস্ত হয় ভাল।"

মেট্‌ল্যাণ্ড অত্যন্ত হতাশ হইয়া পড়িয়াছিল। তাহার আশঙ্কা হইয়াছিল তাহার কোন পরাক্রান্ত শত্রু তাহাকে বিপন্ন করিবার চেষ্টা করিতেছে ; তাহার কবল হইতে নিষ্কৃতি লাভ করা কঠিন। সে বার্জ্জিয়া-কৌটা আত্মসাৎ করিবার জন্য কোন চেষ্টা করে নাই, জিনিসটির উপর তাহার লোভও ছিল না ; মক্কেলের অনুরোধে নিলামে তাহা ডাকিয়াছিল মাত্র। তাহাই চুরির অভিযোগে তাহাকে

গ্রেপ্তার করা হইল ; তাহার ঘর হইতে তাহা বাহির হইল, এবং তাহার অপরাধের অব্যর্থ প্রমাণও সংগৃহীত হইল ! কোন সাধারণ শত্রু তাহাকে এ ভাবে বিপন্ন করিতে পারিত না। এ সকল কায তাহার অপরিচিত কোন চতুর শত্রুর চেষ্টার ফল। কিন্তু সেই শত্রু কে, ইহার মূলে কিরূপ রহস্য নিহিত আছে—তাহা সে দীর্ঘকাল চিন্তা করিয়াও বুঝিতে পারিল না। তাহার দুশ্চিন্তা ও আতঙ্ক ক্রমশঃ বর্দ্ধিত হইতে লাগিল।

তাহারা তিন বন্ধু যে সময় ক্লাবে প্রবেশ করিল, সেখানে অনেকেই তখন পানাহারে রত ছিল ; এ জন্য তাহাদের দিকে কাহারও দৃষ্টি ছিল না। ভোজন-কক্ষে বহু লোকের সমাগম দেখিয়া তাহারা সেই কক্ষে প্রবেশ করিল না, তিন জনেই নিঃশব্দে ধূমপানের কক্ষে প্রবেশ করিয়া এক কোণে বসিয়া পড়িল।

কার্ণ পকেট হইতে মদের বোতল বাহির করিয়া মেট্‌ল্যাণ্ডকে বলিল, "আপাততঃ ইহা হইতেই আরম্ভ কর মেট্‌ল্যাণ্ড ! আর্দ্দালী-বেটাদের কাহাকেও ত দেখিতে পাইতেছি না !"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তোমার ও বোতলে কি আছে ? জিন বুঝি ? আমি উহা স্পর্শও করিব না কার্ণ ! জিন ভিন্ন আর কিছুই তোমার ভাল লাগে না, কিন্তু আমি জিন পছন্দ করি না।"

কার্ণ বলিল, "বেশ, তোমার যাহা রোচে তাহাই চালাও। তুমি মিনিট-পাঁচেক এখানে বসিয়া থাক, আমি রোরকিকে সঙ্গে লইয়া খাবার ঘরে গিয়া কিছু খাবার পাঠাইতে বলিয়া আসি।"

মেট্‌ল্যাণ্ড বলিল, "তা যাও, কিন্তু আমি কিছুই খাইব না।"

কার্ণ বলিল, "ভাল কথা, আমাদেরই দু'জনের খানা পাঠাইতে বলিব। তুমি একটা আর্দ্দালীকে ডাকাইয়া কড়া মাল আনাইয়া লও। আমাদের জন্য কিছু আনিতে দিও না, আমরা খাবার-ঘরে গিয়া পানাহারের ব্যবস্থা করিব।—তবে তুমি আর বিলম্ব করিও না, শীঘ্রই তোমার চাঙ্গা-হওয়া দরকার।"

কার্ণ ও রোরকি সেই কক্ষ ত্যাগ করিল বটে, কিন্তু পাঁচ ছয় মিনিটের মধ্যেই ফিরিয়া আসিল। তাহারা দেখিল মেট্‌ল্যাণ্ড প্রায় আধ গ্লাস ব্র্যাণ্ডি

সম্মুখস্থ টেবিলে রাখিয়া, চেয়ারে ঠেস দিয়া বসিয়া আছে; চক্ষু মুদিত, যেন ধ্যানমগ্ন!

কার্ণ ব্র্যাণ্ডির গ্ল্যাসটা হাতে লইয়া নাড়িয়া নামাইয়া রাখিল; তাহার পর বন্ধুর পকেটের কাছে সরিয়া দাঁড়াইয়া, তাহার কাঁধে আঙ্গুলের খোঁচা দিয়া বলিল, "এখন একটু ভাল বোধ করিতেছ কি বন্ধু?"

মেট্‌ল্যাণ্ড চক্ষু মেলিয়া বলিল, "আমার মাথা! শরীর বড়ই বেজুত বোধ হইতেছে; আমি ইহার কারণ বুঝিতে পারিতেছি না।"

রোরকি বলিল, "তুমি যে দুর্ভাবনাতেই সারা হইলে! আমরা থাকিতে তোমার চিন্তা কি? তুমি ব্র্যাণ্ডিটুকু সাবাড় না করিয়া গ্ল্যাসটা সম্মুখে নামাইয়া রাখিয়াছ কেন?—কার্ণ, এই গ্লাসের সবটুকু মাল উহার গলায় ঢালিয়া দাও; সবটুকু খাইলেই শরীর চাঙ্গা হইবে।"

সাইমন কার্ণ গ্ল্যাসটা মেট্‌ল্যাণ্ডের হাতে তুলিয়া দিয়া বলিল, "ভাল ছেলের মত সবটুকু গলায় ঢালিয়া দাও ত দোস্ত!"

মেট্‌ল্যাণ্ড বিনা-প্রতিবাদে তাহার আদেশ পালন করিল। মুহূর্ত্তের জন্ত মেট্‌ল্যাণ্ড চমকিয়া উঠিল; তাহার চক্ষু আতঙ্ক-বিস্ফারিত হইল। পর মুহূর্ত্তে সে চেয়ারের উপর ঢলিয়া পড়িল, যেন গভীর নিদ্রায় অভিভূত হইল; তাহার কোন অঙ্গ প্রত্যঙ্গ নড়িল না। তাহার মুখ হইতে একটিও শব্দ নিঃসারিত হইল না।

কার্ণ মৃদুস্বরে রোরকিকে বলিল, "চলিয়া এস।"

তাহারা উভয়ে নিঃশব্দে ধূমপানের কক্ষ ত্যাগ করিল, এবং কাহাকেও কোন কথা না বলিয়া ক্লাবের বাহিরে আসিল। কিন্তু রোরকির মুখ তখন মৃত ব্যক্তির মুখের মত বিবর্ণ; তাহার ললাটে স্থূল ঘর্ম্মবিন্দু সকল ফুটিয়া উঠিয়াছিল।

রোরকি অস্ফুট স্বরে বলিল, "বড়ই ভয়ানক কায করা হইল কার্ণ!"

কার্ণ বলিল, "তুমি যে ভয়েই মরিলে! ইহা ভিন্ন আমাদের আত্মরক্ষার কি অন্ত কোন উপায় ছিল? ইহা করিতেই হইত।"

রোরকি বলিল, "কিন্তু বিপদের আশঙ্কাটা ত—"

কার্ণ বলিল, "কোন বিপদের আশঙ্কা নাই রোরকি! এ রকম প্রকাশ্য স্থলে ঐ কার্য্য না করিলেই বরং বিপদের আশঙ্কা থাকিত। আর্দ্দালীটা পর্য্যন্ত আমাদিগকে দেখিতে পায় নাই; সুতরাং লোকে কি অনুমান করিবে তাহা বুঝিতে কষ্ট নাই। মেট্‌ল্যাণ্ডকে চুরির অভিযোগে গ্রেপ্তার করা হইয়াছিল, পুলিশ তাহার বিরুদ্ধে অকাট্য প্রমাণ পাইয়াছে। আমরাই বহুচেষ্টায় তাহাকে জামিনে মুক্ত করিয়াছি; কিন্তু মামলার দিন উহাকে আসামীর কাঠরায় হাজির করিতে আমাদের সাহস হইত কি? ফরিয়াদী পক্ষের কৌন্সিলীর জেরায় মেট্‌ল্যাণ্ড বেসামাল হইয়া আমাদের সকল গুপ্তকথাই প্রকাশ করিত; নিজে ত মরিতই, আমাদের পর্য্যন্ত জড়াইত। (would incriminate us both,) তাহার পর আমাদিগকে আসামীর কাঠরায় উঠিতে হইত, এবং আমাদের ভাগ্যে কি ঘটিত তাহা অনুমান করা কঠিন নহে। এ অবস্থায় আমরা আত্মরক্ষার জন্য যে উপায় অবলম্বন করিলাম, তাহা অপেক্ষা নিরাপদ উপায় আর কি আছে?"

ঠিক সেই সময় ইন্‌স্পেক্টর লেনার্ড মিঃ ব্লেককে সঙ্গে লইয়া মেট্‌ল্যাণ্ডের দোকানে উপস্থিত হইয়াছিলেন। তখন লেনার্ডের দুইজন সহকারী দোকানের খাতা-পত্র পরীক্ষা করিতেছিল, এবং মেট্‌ল্যাণ্ডের কয়েকজন কর্ম্মচারী বিষণ্ন মনে দোকানের জিনিস-পত্র গুছাইয়া রাখিতেছিল।

ইন্‌স্পেক্টর লেনার্ড দোকানের একজন কর্ম্মচারীকে জিজ্ঞাসা করিলেন, "মিঃ মেট্‌ল্যাণ্ড দোকানে ফিরিয়া আসিয়াছেন কি?"

কর্ম্মচারী বলিল, "কিরূপে ফিরিয়া আসিবেন? পুলিশ যে তাঁহাকে গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছে।"

লেনার্ড বলিলেন, "কিন্তু তাঁহাকে ত জামিনে মুক্তিদান করা হইয়াছে। তিনি কোর্ট হইতে চলিয়া আসিয়াছেন; এখানেই তাঁহার আসিবার কথা।"

লেনার্ডের একজন সহকারী বলিল, "না, তাহাকে এখানে ফিরিতে দেখি নাই।"

সেই সময় টেলিফোন ঝণ্‌ঝণ্‌ শব্দে বাজিয়া উঠিল। ইন্‌স্পেক্টর লেনার্ডের সম্মুখেই দোকানের একজন কর্ম্মচারী সাড়া দিল; কিন্তু উত্তর শুনিয়া সে সভয়ে বলিয়া উঠিল, "কি সর্ব্বনাশ!"—সে থর-থর করিয়া কাঁপিতে লাগিল।

তাঁহার ভাবভঙ্গি দেখিয়া মিঃ ব্লেক অগ্রসর হইয়া বলিলেন, "ব্যাপার কি? কোন মন্দ সংবাদ আছে না কি?"

কর্ম্মচারী বলিল, "হাঁ মহাশয়, মিঃ মেট্ল্যাণ্ড ক্লাবে গিয়াছিলেন; সেখানে তিনি হঠাৎ অসুস্থ হইয়া—"

মিঃ ব্লেক বলিলেন, "এখানে না আসিয়া ক্লাবে গিয়াছিল! ক্লাবটা কোথায়?"

কর্ম্মচারী তাঁহার প্রশ্নের উত্তর দিলে মিঃ ব্লেক ইন্‌স্পেক্টর লেনার্ডকে বলিলেন, "আমার বিশ্বাস এখন ক্লাবে গিয়া আমাদিগকে হতাশ হইতে হইবে।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "হতাশ হইতে হইবে! আপনার এ কথার অর্থ কি?"

মিঃ ব্লেক কোন কথা না বলিয়া ব্যগ্রভাবে ক্লাবের দিকে দৌড়াইলেন, ইন্‌স্পেক্টর লেনার্ড কিছুই বুঝিতে না পারিলেও তাঁহার অনুসরণ করিলেন। ক্লাবে উপস্থিত হইয়া তাঁহারা আফিস-ঘরে অনেক লোকের ভীড় দেখিতে পাইলেন; তাহারা উত্তেজিত ভাবে তর্কবিতর্ক করিতেছিল। ক্লাবের ধূমপানের কক্ষের দ্বার রুদ্ধ। ক্লাবের সহকারী ম্যানেজার সেই রুদ্ধদ্বারের সম্মুখে দাঁড়াইয়া দ্বার রক্ষা করিতেছিল।

ইন্‌স্পেক্টর সেই দ্বারের দিকে অগ্রসর হইবামাত্র সে বলিল, "আপনি ও ঘরে যাইতে পারিবেন না মহাশয়!"

ইন্‌স্পেক্টর লেনার্ড সক্রোধে বলিলেন, "যাইতে পাইব না?—আমি স্কট্‌ল্যাণ্ড ইয়ার্ড হইতে আসিতেছি; আমার সঙ্গে যাঁহাকে দেখিতেছ—উনি আমার বন্ধু মিঃ ব্লেক, ডিটেক্‌টিভ রবার্ট ব্লেক।"

ইন্‌স্পেক্টর লেনার্ড ও মিঃ ব্লেককে আর বাধা দেওয়া হইল না; তাঁহারা ধূমপানের কক্ষে প্রবেশ করিয়া ক্লাবের ম্যানেজার ও ডাক্তারকে দুই জন আর্দ্দালী সহ মেট্ল্যাণ্ডের চেয়ারের নিকট দণ্ডায়মান দেখিলেন। মেট্ল্যাণ্ড তখনও চেয়ারে মাথা গুঁজিয়া বসিয়া ছিল, তাহার সর্ব্বাঙ্গ অসাড়।

ইন্‌স্পেক্টর লেনার্ডকে সম্মুখে দেখিয়া ডাক্তার বলিলেন, "আপনাদের আসিতে একটু বেশী বিলম্ব হইয়াছে। মিঃ মেট্ল্যাণ্ডের মৃত্যু হইয়াছে।"

মিঃ ব্লেক বলিলেন, "আমি এইরূপই আশঙ্কা করিয়াছিলাম।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "আত্মহত্যা করিয়াছে না কি?"

ডাক্তার মেট্‌ল্যাণ্ডের সম্মুখস্থ মদের গ্লাসটি পরীক্ষা করিয়া তাহার তলায় যেবিষ পাইয়াছিলেন, তাহা অত্যন্ত উগ্র। তাহার পকেটে একটি ক্ষুদ্র শিশি পাওয়া গেল। শিশিটি খালি। তাহা দেখিয়া সকলেরই অনুমান হইল মেট্‌ল্যাণ্ড ক্লাবে আসিয়া এক গ্লাস ব্র্যাণ্ডি লইয়া তাহা ঐ শিশির বিষমিশ্রিত করিয়া পান করিয়াছিল।"

মিঃ ব্লেক বলিলেন, "সে কি এখানে একাকী আসিয়াছিল?"

এক জন আর্দ্দালী বলিল, "হাঁ মহাশয়; উঁহার সঙ্গে আর কাহাকেও আসিতে দেখি নাই। মিঃ মেট্‌ল্যাণ্ডের গ্লাসে আমিই ব্র্যাণ্ডি ঢালিয়া দিয়াছিলাম। উনি আমাদের ক্লাবের 'মেম্বর।' আজ উঁহাকে দেখিয়া অত্যন্ত অসুস্থ মনে হইয়াছিল কিন্তু তখন আমি বুঝিতে পারি নাই যে উনি—"

ইন্‌স্পেক্টর লেনার্ড বাধা দিয়া বলিলেন, "কে উহাকে সর্ব্বপ্রথমে এই অবস্থায় দেখিতে পাইয়াছিল?"

দ্বিতীয় আর্দ্দালী বলিল, "আমিই দেখিয়াছিলাম। আমি এই ঘরের দরজায় আসিয়া দেখিলাম—মিঃ মেট্‌ল্যাণ্ড মাথা গুঁজিয়া চেয়ারে বসিয়া আছেন, শরীর যেন নিস্পন্দ! তাহা দেখিয়া আমার মনে হইল—উনি ঘুমাইয়া পড়িয়াছেন। আমি উঁহাকে দুই তিনবার ডাকিয়া সাড়া না পাওয়ায়, উঁহার গায়ে হাত দিয়া নাড়া দিলাম। তখন বুঝিতে পারিলাম, দেহে প্রাণ নাই! ম্যানেজার সাহেবকে তাড়াতাড়ি ডাকিয়া আনিলাম।"

ম্যানেজার বলিলেন, "আমি উঁহার মৃতদেহ পরীক্ষা করিয়া তৎক্ষণাৎ টেলিফোনে উঁহার দোকানে সংবাদ দিলাম; সঙ্গে সঙ্গে ডাক্তার ডাকিলাম। কিন্তু ডাক্তার আসিয়া কিছুই করিতে পারিলেন না।—আমাদের ক্লাবে আসিয়া উঁহার আত্মহত্যা করিবার কি প্রয়োজন ছিল? মরিবার ইচ্ছা হইয়াছিল, ঘরে বসিয়া মরিলেই পারিতেন। কে এখন হাঙ্গামা সহ্য করে? ক্লাবেরও দুর্নাম।"

ইন্‌স্পেক্টর লেনার্ড বলিলেন, "উহাকে জামিনে খালাস দেওয়াই অন্যায়

ছে। হতভাগাটা আত্মহত্যা করিয়া আমাদের মুঠার ভিতর হইতে সরিয়া পড়িল! কি আপশোষের বিষয়।"

স্মিথ বলিল, "এ রকম নরপিশাচেরা আত্মহত্যা করিতে পারে—ইহা না দেখিলে বিশ্বাস করিতাম না। সার রড্‌নে এখন বোধ হয় কতকটা নিশ্চিন্ত হইতে পারিবেন।"

মিঃ ব্লেক বলিলেন, "তুমিও ইহা আত্মহত্যা বলিয়া বিশ্বাস করিলে?"

স্মিথ বলিল, "তবে কি আপনার ধারণা—"

মিঃ ব্লেক বলিলেন, "মেট্‌ল্যাণ্ড কার্ণ ও রোর্‌কির সঙ্গে আদালত হইতে এখানে আসিয়াছিল। তাহারা বুঝিয়াছিল মেট্‌ল্যাণ্ডের অপরাধের বিচার আরম্ভ হইলে তাহাদের অনেক গলদ বাহির হইয়া পড়িবে; তখন তাহাদের বিপদের সীমা থাকিবে না। এই বিপদের আশঙ্কা দূর করিবার জন্য তাহারা কিরূপ উপায় অবলম্বন করিয়াছিল তাহা সপ্রমাণ করা আমার অসাধ্য; কিন্তু তাহা অনুমান করা কঠিন নহে। অতঃপর কেবল ওয়াল্‌ডোর উপর নহে, কার্ণ ও রোর্‌কির প্রতিও আমাকে দৃষ্টি রাখিতে হইবে।"

সেই দিন অপরাহ্নের কাগজে রুপার্ট ওয়াল্‌ডো মেট্‌ল্যাণ্ডের 'আত্মহত্যা'র সংবাদ পাঠ করিয়া অত্যন্ত বিস্মিত হইল। সে সোৎসাহে বলিল, "মেট্‌ল্যাণ্ডের আত্মহত্যা-টাত্মহত্যা সব মিথ্যা; ষাঁড়ের শত্রু বাঘে মারিয়াছে! যাহা হউক, আমার প্রথম চেষ্টা প্রকারান্তরে সফল হইয়াছে। ব্লেক আর আমাকে অপরাধী করিতে পারিবেন না। সার ড্রামণ্ডের এখনও দুই শত্রু বর্ত্তমান; কি কৌশলে তাহাদিগকে চূর্ণ করিব—তাহাই এখন স্থির করিতে হইবে।"

ওয়াল্‌ডো এই সঙ্কল্প সিদ্ধির জন্য পুনর্ব্বার কোন্ পথ অবলম্বন করিয়াছিল, পাঠক পাঠিকাগণ তাহা শীঘ্রই জানিতে পারিবেন।—'শনৈঃ পর্ব্বত-লঙ্ঘনম্।'

সমাপ্ত